মহাভারতম্

জন্মশতবার্ষিক-সংস্করণম্

মহর্ষি-শ্রীকৃষ্ণদ্বৈপায়নবেদব্যাস-প্রণীতম্

অনুশাসনপর্ব্ব

৩৯

দর্শনাচার্য্য-

শ্রীমন্নীলকণ্ঠকৃতয়া ভারতভাবদীপ-

সমাখ্যয়া টীকয়া

মহামহোপাধ্যায়-ভারতাচার্য্য-মহাকবি-পদ্মভূষণেন

শ্রীমদ্ হরিদাসসিদ্ধান্তবাগীশভট্টাচার্য্যেণ প্রণীতয়া

ভারতকৌমুদীসমাখ্যয়া টীকয়া তৎকৃত-

বঙ্গানুবাদেন চ সহিতম্

বিশ্ববাণী প্রকাশনী

কলিকাতা-৭০০০০৯

প্রকাশকের নিবেদন

'মহাভারতম্' মহামহোপাধ্যায়-ভারতাচার্য্য-মহাকবি-পদ্মভূষণ শ্রীমদ্ হরিদাস সিদ্ধান্তবাগীশ মহাশয়ের তপস্যালব্ধ অমৃতময় ফল। সে আশ্চর্য্য তপশ্চর্য্যার কাহিনী আজ সকলেই জানেন। প্রায় একুশ বছর তিনি ছিলেন 'মহাভারতম্'-এর তপস্যায় মগ্ন—এবং সে একক ও দুশ্চর তপস্যায় তাঁর পাণ্ডিত্য ও প্রজ্ঞার সঙ্গে মিলিত হয়েছিল অসীম ধৈর্য্য, অশেষ নিষ্ঠা ও অলৌকিক আয়াস। ফলে তিনি আমাদের জন্য রেখে গেছেন তাঁর 'মহাভারতম্'—এক আশ্চর্য্য ঐশ্বর্য্য। 'মহাভারতম্'-এর দ্বিতীয় সংস্করণ প্রকাশনার মূলে আছে আমাদের সেই জাতীয় ঐশ্বর্য্য সংরক্ষণের এবং জন্মশতবর্ষপূর্ত্তি উপলক্ষে ঋষি হরিদাসের প্রতি শ্রদ্ধাঞ্জলি নিবেদন করার পুণ্য প্রেরণা ও প্রয়াস। সুধীজনের সানন্দ সমর্থনে আমাদের প্রয়াস সার্থক হোক—এইমাত্র কামনা।

পঞ্চত্রিংশোঽধ্যায়ঃ

—:*:—

যুধিষ্ঠির উবাচ।

ইমে বৈ মানবা লোকে স্ত্রীষু সজ্জন্ত্যভীক্ষ্ণশঃ।
মোহেন পরমাবিষ্টা দেবসৃষ্টেন পার্থিব! ॥১॥
স্ত্রিয়শ্চ পুরুষেষ্বেব প্রত্যক্ষং লোকসাক্ষিকম্।
অত্র মে সংশয়স্তীব্রো হৃদি সম্পরিবর্ত্ততে ॥২॥
কথমাসাং নরাঃ সঙ্গং কুর্ব্বতে কুরুনন্দন!।
স্ত্রিয়ো বা কেষু রজ্যন্তে বিরজ্যন্তে চ তাঃ পুনঃ ॥৩॥

ভারতকৌমুদী

ইম ইতি। অভীক্ষ্ণশঃ পুনঃ পুনঃ। দেবসৃষ্টেন বিধাতৃবিহিতেন ॥১॥
স্ত্রিয় ইতি। স্ত্রিয়শ্চ পুরুষেষু সজ্জন্তীত্যনুবৃত্তিঃ। এতচ্চ প্রত্যক্ষমেব লোকসাক্ষিকমেব চ ॥২॥
কথমিতি। নরাঃ পুরুষাঃ। কেষু নিমিত্তেষু, পুরুষেষু রজ্যন্তে ॥৩॥

ভারতভাবদীপঃ

কাষ্ঠৈঃ ॥২৫—২৮॥ অন্তকাদিবৎ সত্ত্বোনাশকা ইত্যর্থঃ ॥২৯॥ যত ইতি। বহ্ন্যৌষ্ণ্যবৎ স্বাভাবিকা এতে স্ত্রীণাং দোষা ইত্যর্থঃ। যথোক্তং নীতৌ—"অনৃতং সাহসং মায়া মূর্খত্বমতিলোভতা। অশৌচং নির্দয়ত্বঞ্চ স্ত্রীণাং দোষাঃ স্বভাবজা" ইতি, "কামশ্চাষ্টগুণঃ স্মৃত" ইতি চ ॥৬॥
ইতি শ্রীমহাভারতে অনুশাসনপর্ব্বণি দানধর্ম্মে নৈলকণ্ঠীয়ে ভারতভাবদীপে চতুস্ত্রিংশোঽধ্যায়ঃ ॥৩৪॥

দেবর্ষি নারদ! বিধাতা যেমন পঞ্চমহাভূত ও সমস্ত লোক সৃষ্টি করিয়াছেন এবং স্ত্রী ও পুরুষ নির্ম্মাণ করিয়াছেন; তেমন বিধাতাই স্ত্রীলোকদিগের দোষসকল সৃষ্টি বা নির্ম্মাণ করিয়াছেন ॥৩০॥

—:*:—

যুধিষ্ঠির বলিলেন—'ক্ষত্রিয়শ্রেষ্ঠ! জগতে এই পুরুষেরা বিধাতৃবিহিত মোহে অত্যন্ত আবিষ্ট হইয়া, সর্ব্বদা স্ত্রীলোকে আসক্ত হয় ॥১॥

স্ত্রীলোকেরাও পুরুষে আসক্ত হইয়া থাকে; ইহা প্রত্যক্ষ এবং ইহার সাক্ষী সমস্ত লোক; এবিষয়ে আমার মনে গুরুতর সংশয় রহিয়াছে ॥২॥

কৌরবনন্দন! পুরুষেরা কিনিমিত্ত স্ত্রীলোকদিগের সংসর্গ করে, আবার স্ত্রীলোকেরাই বা কিজন্য পুরুষে অনুরক্ত হয়; আবার বিরক্ত হইয়া যায়? ॥৩॥

ইতি তাঃ পুরুষব্যাঘ্র ! কথং শক্যাস্তু রক্ষিতুম্ ।
প্রমদাঃ পুরুষেণেহ তন্মে ব্যাখ্যাতুমর্হসি ॥৪॥
এতা হি রমমাণাস্তু বঞ্চয়ন্তীহ মানবান্ ।
ন চাসাং মুচ্যতে কশ্চিৎ পুরুষো হস্তমাগতঃ ।
গাবো নবতৃণানীব গৃহ্লন্ত্যেতা নবং নবম্ ॥৫॥
শম্বরস্য চ যা মায়া মায়া যা নমুচেরপি ।
বলেঃ কুম্ভীনসেশ্চৈব সর্বাস্তা যোষিতো বিদুঃ ॥৬॥
হসন্তং প্রহসন্ত্যেতা রুদন্তং প্ররুদন্তি চ ।
অপ্রিয়ং প্রিয়বাক্যৈশ্চ গৃহ্লতে কালযোগতঃ ॥৭॥
উশনা বেদ যচ্ছাস্ত্রং যচ্চ বেদ বৃহস্পতিঃ ।
স্ত্রীবুদ্ধ্যা ন বিশিষ্যেতে তাস্তু রক্ষ্যাঃ কথং নরৈঃ ॥৮॥

ভারতকৌমুদী

ইতীতি। প্রমদাঃ স্ত্রিয়ঃ, ব্যাখ্যাতুং বক্তুম্ ॥৪॥
এতা ইতি। নবং নবং পুরুষম্। ষট্পাদঃ শ্লোকঃ ॥৫॥
শম্বরস্যেতি। মায়া বিবিধকূটকৌশলম্ ॥৬॥
হসন্তমিতি। হসন্তং পুরুষং লক্ষ্মীকৃত্য। গৃহ্লতে বশীকুর্ব্বন্তি ॥৭॥
উশনেতি। উশনা শুক্রঃ, শাস্ত্রং নীতিবিষয়ম্। স্ত্রীবুদ্ধ্যাঃ স্ত্রীণাং বুদ্ধিতঃ, ন বিশিষ্যেতে তৌ শুক্রবৃহস্পতী নাধিকীভবতঃ, তাঃ স্ত্রিয়ঃ ॥৮॥

নরশ্রেষ্ঠ ! পুরুষ কিপ্রকারে সেই স্ত্রীলোকদিগকে রক্ষা করিতে সমর্থ হয় ; তাহা আপনি আমার নিকট বলুন ॥৪॥

এই রমণীরা অনুরক্ত থাকিয়াই পুরুষগণকে বঞ্চনা করে, কোন পুরুষই ইহাদের হস্তে আসিয়া মুক্ত হইতে পারে না। গোগণ যেমন নূতন নূতন তৃণ গ্রহণ করে ; তেমন স্ত্রীগণও নূতন নূতন পুরুষ গ্রহণ করিয়া থাকে ॥৫॥

শম্বরাসুরের যে মায়া ছিল এবং নমুচি, বলি ও কুম্ভীনসির যে সকল মায়া বিদ্যমান ছিল ; স্ত্রীলোকেরা সে সমস্ত মায়াই জানে ॥৬॥

পুরুষ হাসিলে ইহারা হাস্য করে, পুরুষ রোদন করিলে, ইহারা রোদন করে এবং ইহারা অবসরক্রমে প্রিয় বাক্যদ্বারা অপ্রিয় পুরুষকে বশীভূত করিয়া থাকে ॥৭॥

শুক্রাচার্য্য যে নীতিশাস্ত্র জানেন এবং বৃহস্পতি যে নীতি অবগত আছেন ; স্ত্রীলোকেরা সে সমস্তই জানে। অতএব শুক্র ও বৃহস্পতি স্ত্রীবুদ্ধি হইতে অধিক বুদ্ধিশালী নহেন। সুতরাং পুরুষেরা কিপ্রকারে সেই স্ত্রীলোকদিগকে রক্ষা করিবে ? ॥৮॥

অনৃতং সত্যমিত্যাহুঃ সত্যং চাপি তথানৃতম্।
ইতি যাস্তাঃ কথং বীর! সংরক্ষ্যাঃ পুরুষৈরিহ ॥৯॥
স্ত্রীণাং বুদ্ধ্যর্থনিষ্কর্ষাদর্থশাস্ত্রাণি শত্রুহন্!।
বৃহস্পতিপ্রভৃতিভির্ম্মন্যে সদ্ভিঃ কৃতানি বৈ ॥১০॥
সম্পূজ্যমানাং পুরুষৈর্ব্বিকুর্বন্তি মনো নৃপ!।
অপাস্তাশ্চ তথা রাজন্! বিকুর্বন্তি মনঃ স্ত্রিয়ঃ ॥১১॥
ইমাঃ প্রজা মহাবাহো! ধার্ম্মিক্য ইতি নঃ শ্রুতম্।
সৎকৃতাসৎকৃতাশ্চাপি বিকুর্ব্বন্তি মনঃ সদা ॥১২॥
কস্তাঃ শক্তো রক্ষিতুং স্যাদিতি মে সংশয়ো মহান্।
তথা ব্রূহি মহাভাগ! কুরূণাং বংশবর্দ্ধন! ॥১৩॥

ভাবতকৌমুদী

অনৃতমিতি। অনৃতং মিথ্যা, যা আহুরিতি সম্বন্ধঃ ॥৯॥
স্ত্রীণামিতি। বুদ্ধ্যর্থানাং বুদ্ধিবিষয়াণাং নিষ্কর্ষাদাকর্ষণাৎ ॥১০॥
সম্পূজ্যেতি। বিকুর্বন্তি কামবিকারযুক্তং কুর্ব্বন্তি। অপাস্তা নিরাকৃতাঃ ॥১১॥
ইমা ইতি। প্রজাঃ স্ত্রীজনাঃ, শ্রুতং সীতাসাবিত্রীপ্রভৃত্যুপাখ্যানে ॥১২॥
ক ইতি। কঃ পুরুষঃ, তাঃ স্ত্রিযঃ রক্ষিতুং স্বমর্য্যাদায়াং চিরং স্থাপযিতুম্ ॥১৩॥

ভাবতভাবদীপঃ

ইম ইতি। এবং স্বভাবদুষ্টা অপি স্ত্রিযঃ পরেভ্যো দুঃসংরক্ষ্যা ইত্যাখ্যাযিকাতাৎপর্য্যম্ ॥১-৯॥

বীর! যাহারা মিথ্যাকে সত্য বলে এবং সত্যকে মিথ্যা বলিয়া থাকে; এই জগতে পুরুষেরা কিপ্রকারে সেই স্ত্রীলোকদিগকে রক্ষা করিবে ॥৯॥

শত্রুহন্তা পিতামহ! আমি মনে করি বৃহস্পতি প্রভৃতি পণ্ডিতেরা স্ত্রীলোক-দিগের বুদ্ধির বিষয়গুলি আকর্ষণ করিয়া আনিয়া নীতিশাস্ত্রসকল রচনা করিয়াছেন ॥১০॥

ক্ষত্রিয়শ্রেষ্ঠ! পুরুষেরা সম্মান করিলেও রমণীরা তাহাদের মন বিকৃত করে এবং প্রত্যাখ্যান করিলেও কামিনীরা তাহাদের মন বিকারযুক্ত করিয়া থাকে ॥১১॥

মহাবাহু! আমরা সীতা ও সাবিত্রী প্রভৃতির উপাখ্যানে শুনিয়া থাকি যে, এই স্ত্রীলোকেরা ধার্ম্মিক। কিন্তু, ইহারা আদৃত বা অনাদৃত হইলেও সর্ব্বদাই পুরুষের মন বিকৃত করিয়া থাকে ॥১২॥

কোন্ পুরুষ সেই স্ত্রীলোকদিগকে রক্ষা করিতে সমর্থ হয়; ইহাই আমার গুরুতর সংশয়। অতএব কুরুবংশবর্দ্ধন! মহাভাগ! আপনি তাহা বলুন ॥১৩॥

যদি শক্যা কুরুশ্রেষ্ঠ ! রক্ষা তাসাং কদাচন ।
কর্ত্তুং বা কৃতপূর্ব্বং বা তন্মে ব্যাখ্যাতুমর্হসি ॥১৪॥
ভীষ্ম উবাচ ।
এবমেব মহাবাহো ! নাত্র মিথ্যাস্তি কিঞ্চন ।
যথা ব্রবীষি কৌরব্য ! নারীং প্রতি জনাধিপ ! ॥১৫॥
অত্র তে বর্ত্তয়িষ্যামি ইতিহাসং পুরাতনম্ ।
যথা রক্ষা কৃতা পূর্ব্বং বিপুলেন মহাত্মনা ॥১৬॥
প্রমদাশ্চ যথা সৃষ্টা ব্রহ্মণা ভরতর্ষভ ! ।
যদর্থং তচ্চ তে তাত ! প্রবক্ষ্যামি নরাধিপ ! ॥১৭॥
ন হি স্ত্রীভ্যঃ পরং পুত্র ! পাপীয়ঃ কিঞ্চিদস্তি বৈ ।
অগ্নির্হি প্রমদা দীপ্তো মায়াশ্চ ময়জা বিভো ! ॥১৮॥

ভাবতকৌমুদী

যদীতি । কৃতপূর্ব্বং বা রক্ষণং কেনচিদিতি শেষঃ ॥১৪॥
এবমিতি । অত্র তব বাক্যসমূহে । নারীং প্রতি স্ত্রীবিষয়ে ॥১৫॥
অত্রেতি । বর্ত্তয়িষ্যামি উপস্থাপয়িষ্যামি । বিপুলেন তদাখ্যেন মুনিশিষ্যেন ॥১৬॥
প্রমদা ইতি । প্রমদাঃ স্ত্রিয়ঃ ॥১৭॥
নহীতি । পাপীয়ো গুরুতরপাপান্বিতং বস্তু । ময়জা ময়দানবাজ্জাতাঃ ॥১৮॥

ভাবতভাবদীপঃ

স্ত্রীণামিতি । স্ত্রীবুদ্ধিমনুসৃত্যৈব বৃহস্পত্যাদিভির্ব্বঞ্চনাশাস্ত্রং প্রবর্ত্তিতমিত্যুক্তিঃ ॥১০॥ এতাঃ পূজিতা ধিক্কৃতা বা তুল্যবদ্বিকারং জনয়ন্তীত্যর্থঃ ॥১১॥ এতদেবাহ—ইমা ইতি । ইমাঃ স্ত্রীরূপাঃ ধার্ম্মিক্য ইতি শ্রুতিমাত্রং সাবিত্র্যাদিষু দৃষ্টম্ । অনুভবস্তু ন তথেত্যাহ—সৎকৃতেতি ॥১২—১৪॥

কৌরবশ্রেষ্ঠ ! পুরুষেরা যদি স্ত্রীলোকদিগকে রক্ষা করিতে পারে, কিংবা পূর্ব্বে কোন সময়ে, তাহাদিগকে রক্ষা করিয়া থাকে ; তবে তাহা আপনি আমার নিকট বলুন ॥১৪॥

ভীষ্ম বলিলেন—'মহাবাহু ! ইহা এইরূপই বটে ; কৌরবনন্দন ! নরনাথ ! স্ত্রীলোকবিষয়ে তুমি যাহা বলিলে, তাহার কোন অংশই মিথ্যা নহে ॥১৫॥

যুধিষ্ঠির ! পূর্ব্বকালে মহাত্মা বিপুল যে ভাবে স্ত্রীলোককে রক্ষা করিয়াছিলেন ; সেই প্রাচীন বৃত্তান্ত এখন তোমার নিকট বলিতেছি ॥১৬॥

বৎস ! ভরতশ্রেষ্ঠ রাজা ! ব্রহ্মা যেভাবে এবং যে জন্য স্ত্রীলোক সৃষ্টি করিয়াছিলেন ; তাহা তোমার নিকট বলিতেছি ॥১৭॥

(১৪) শ্লোকাৎ পরং স্ত্রীস্বভাবকথনে 'একোনচত্বারিংশোঽধ্যায়ঃ'—বঙ্গ বর্দ্ধ, 'চতুঃসপ্ততিতমোঽধ্যায়ঃ'—নি ।

ক্ষুরধারা বিষং সর্পো বহ্নিরিত্যেকতঃ স্ত্রিয়ঃ।
প্রজা ইমা মহাবাহো! ধার্মিক্য ইতি নঃ শ্রুতম্ ॥১৯॥
স্বয়ং গচ্ছন্তি দেবত্বং ততো দেবানিয়াদ্ভয়ম্।
অথাভ্যগচ্ছন্ দেবাস্তে পিতামহমরিন্দম! ॥২০॥
নিবেদ্য মানসং চাপি তুষ্ণীমাসন্নধোমুখাঃ।
তেষামন্তর্গতং জ্ঞাত্বা দেবানাং স পিতামহঃ ॥২১॥
মানবানাং প্রমোহার্থং কৃত্যা নার্য্যোঽসৃজৎ প্রভুঃ।
পূর্ব্বসর্গে তু কৌন্তেয়! সাধ্ব্যো নার্য্য ইহাভবন্ ॥২২॥ (যুগ্মকম্)
অসাধ্ব্যস্তু সমুৎপন্নাঃ কৃত্যাঃ সর্গাৎ প্রজাপতেঃ।
তাভ্যঃ কামান্ যথাকামং প্রাদাদ্ধি স পিতামহঃ ॥২৩॥

ভারতকৌমুদী

ক্ষুরেতি। একতঃ ক্ষুরধারাদয়ঃ, একতশ্চ স্ত্রিয়ঃ, ক্ষুরধারাদিবদেব স্ত্রিয়ো বিষমা ইতি ভাবঃ ॥১৯॥

স্বয়মিতি। স্ত্রিয়ঃ স্বয়ং দেবত্বং গচ্ছন্তিস্ম ধার্ম্মিকত্বাদেব। ততো ভয়ং কর্তৃ দেবান্ ইয়াৎ অগমৎ স্বপরাভবসম্ভবাৎ। অত স্তে দেবাঃ পিতামহং ব্রহ্মাণমভ্যগচ্ছন্ ॥২০॥

নিবেদ্যেতি। মানসং মনোভাবম্। আসন্ দেবা ইত্যনুবৃত্তিঃ। কৃত্যা আভিচারিক-দেবতারূপাঃ, নার্য্যঃ নারীঃ। পূর্ব্বসর্গে আদিসৃষ্টৌ ॥২১—২২॥

অসাধ্ব্য ইতি। প্রজাপতের্ব্রহ্মণঃ সর্গাৎ তাদৃগ্‌ভাবেনৈব সৃষ্টিকরণাৎ, কৃত্যা আভি-চারিকদেবতারূপাঃ, অসাধ্ব্যঃ অসত্যো নার্য্যঃ সমুৎপন্নাঃ। যথাকামং যথেষ্টম্ ॥২৩॥

পুত্র! রাজা! স্ত্রীলোক হইতে অধিক পাপিষ্ঠ বস্তু কিছুই নাই। কারণ, স্ত্রীলোকেরা প্রজ্বলিত অগ্নিস্বরূপ এবং সাক্ষাৎ ময়দানবকৃত মায়ার তুল্য ॥১৮॥

ক্ষুরধারা, বিষ, সর্প ও অগ্নি একদিকে, আর একমাত্র স্ত্রীলোক একদিকে। অথচ মহাবাহু! এই স্ত্রীলোকেরাই ধার্ম্মিক, ইহাও আমরা শুনিয়াছি ॥১৯॥

শত্রুদমন রাজা! স্ত্রীলোকেরা ধার্ম্মিক বলিয়া নিজেরাই দেবত্বপ্রাপ্ত হইত; তাহার পর দেবগণের ভয় উপস্থিত হইয়াছিল; তদনন্তর সেই দেবতারা ব্রহ্মার নিকট গমন করিয়াছিলেন ॥২০॥

কুন্তিনন্দন! ক্রমে দেবতারা ইঙ্গিতে মনের ভাব জানাইয়া অধোমুখ হইয়া নীরবে রহিলেন। তখন প্রভাবশালী ব্রহ্মা সেই দেবগণের মনোভাব জানিয়া মানবগণের মোহের জন্য আভিচারিক দেবতারূপে নারীগণকে সৃষ্টি করিলেন। প্রথম সৃষ্টিতে এই জগতে নারীরা সাধ্বী ছিল ॥২১—২২॥

তদবধি ব্রহ্মার সেই সৃষ্টির গুণে নারীরা আভিচারিক দেবতার ন্যায়

তাঃ কামলুব্ধাঃ প্রমদাঃ প্রবাধন্তে নরান্ সদা।
ক্রোধং কামস্য দেবেশঃ সহায়ং চাসৃজৎ প্রভুঃ ॥২৪॥
অসজ্জন্ত প্রজাঃ সর্বাঃ কামক্রোধবশঙ্গতাঃ।
ন চ স্ত্রীণাং ক্রিয়া কাচিদিতি ধর্ম্মো ব্যবস্থিতঃ।
নিরিন্দ্রিয়া হ্যশাস্ত্রাশ্চ স্ত্রিয়োঽনৃতমিতি শ্রুতিঃ ॥২৫॥
শয্যাসনমলঙ্কারমন্নপানমনার্য্যতাম্।
দুর্বাগ্ভাবং রতিং চৈব দদৌ স্ত্রীভ্যঃ প্রজাপতিঃ ॥২৬॥
ন তাসাং রক্ষণং শক্যং কর্ত্তুং পুংসা কথঞ্চন।
অপি বিশ্বকৃতা তাত! কুতস্তু পুরুষৈরিহ ॥২৭॥

ভারতকৌমুদী

তা ইতি। প্রবাধন্তে পীড়য়ন্তি কামতৃপ্ত্যর্থমেবেতি ভাবঃ ॥২৪॥

অসজ্জন্ত ইতি। অসজ্জন্ত মোহাৎ স্ত্রীষু আসক্তা অভবন্, প্রজাঃ পুরুষাঃ। ক্রিয়াঃ পুরুষাকর্ষণার্থং কার্য্যম্। ইঙ্গিতাদিকং বিনাপি স্বরূপতঃ স্ত্রীভিরাকৃষ্যন্তে পুরুষা ইতি ভাবঃ। নিরিন্দ্রিয়া অপ্রশস্তমনসঃ, অশাস্ত্রাঃ শাস্ত্রবিহিতনিয়মশূন্যা অনৃতং মিথ্যাবাদিন্যঃ। ষট্পাদঃ শ্লোকঃ ॥২৫॥

শয্যেতি। অনার্য্যতামসাধুতাম্, দুর্ব্বাগ্ভাবং কটুভাষিত্বম্ ॥২৬॥

নেতি। বিশ্বকৃতা জগৎসৃষ্টিকারিণা ব্রহ্মণাপি ॥২৭॥

অসাধ্বীরূপে জন্মিতে লাগিল। কারণ, ব্রহ্মা তাহাদিগকে যথেষ্ট কামপ্রবৃত্তি দান করিয়াছিলেন ॥২৩॥

অতএব সেই নারীরা কামে লুব্ধ হইয়া সর্ব্বদাই পুরুষগণকে উৎপীড়ন করিতে লাগিল; পরে প্রভাবশালী ব্রহ্মা কামের সহায়রূপে ক্রোধকে সৃষ্টি করিলেন ॥২৪॥

সেই সময় হইতে সকল পুরুষই কাম ও ক্রোধের বশীভূত হইয়া নারীগণে আসক্ত হইতে থাকিল; কিন্তু এই আসক্তিবিষয়ে নারীগণের কোন ক্রিয়া রহিল না। ব্রহ্মা এইরূপ নিয়মই প্রবর্ত্তিত করিয়াছিলেন। আমাদের শুনা আছে যে তদবধি স্ত্রীলোকদের মন অপ্রশস্ত, কার্য্য অশাস্ত্রীয় এবং বাক্য ও ব্যবহার মিথ্যা হইয়া আসিতেছে ॥২৫॥

ব্রহ্মা স্ত্রীলোকদিগকে শয্যা, আসন, অলঙ্কার, অন্ন, পানীয়, অসাধুতা, কটুভাষিত্ব ও রতিশক্তি দান করিয়াছিলেন ॥২৬॥

বৎস! পুরুষ কোন প্রকারেই স্ত্রীলোকদিগকে রক্ষা করিতে সমর্থ হয় না; এমন কি, জগৎসৃষ্টিকর্ত্তা ব্রহ্মাও তাহাদিগকে রক্ষা করিতে পারেন না; মানুষেরা আর পারিবে কিপ্রকারে? ॥২৭॥

বাচা চ বধবন্ধৈর্ব্বা ক্লেশৈর্ব্বা বিবিধৈস্তথা।
ন শক্যা রক্ষিতুং নার্য্যস্তা হি নিত্যমসংযতাঃ ॥২৮॥
ইদং তু পুরুষব্যাঘ্র! পুরস্তাচ্ছ্রুতবানহম্।
যথা রক্ষা কৃতা পূর্ব্বং বিপুলেন গুরুস্ত্রিয়ঃ ॥২৯॥
ঋষিরাসীন্মহাভাগো দেবশর্ম্মেতি বিশ্রুতঃ।
তস্য ভার্য্যা রুচির্নাম রূপেণাসদৃশী ভুবি ॥৩০॥
তস্যা রূপেণ সংমত্তা দেবগন্ধর্ব্বদানবাঃ।
বিশেষেণ তু রাজেন্দ্র! বৃত্রহা পাকশাসনঃ ॥৩১॥
নারীণাং চরিতজ্ঞশ্চ দেবশর্ম্মা মহামুনিঃ।
যথাশক্তি যথোৎসাহং ভার্য্যাং তামভ্যরক্ষত ॥৩২॥
পুরন্দরঞ্চ জানীতে পরস্ত্রীকামচারিণম্।
তস্মাদ্বলেন ভার্য্যায়া রক্ষণং স চকার হ ॥৩৩॥

ভারতকৌমুদী

বাচেতি। অসংযতা অসংবৃতকামবেগাঃ ॥২৮॥
ইদমিতি। গুরুস্ত্রিয় ইতি বহুবচনং গৌরবাদেব ॥২৯॥
ঋষিরিতি। বিশ্রুতঃ প্রসিদ্ধঃ। অসদৃশী অতুলনীয়া ॥৩০॥
তস্যা ইতি। সংমত্তাঃ কামেনোন্মত্তাঃ। বৃত্রহা বৃত্রাসুরহন্তা ॥৩১॥
নারীণামিতি। উৎসাহমুত্তমমনতিক্রম্যেতি যথোৎসাহম্ ॥৩২॥
পুরন্দরমিতি। পরস্ত্রীষু কামেন চরতি গচ্ছতীতি তম্ ॥৩৩॥

বাক্য, বধ, বন্ধন এবং নানাবিধ ক্লেশদ্বারাও স্ত্রীগণকে রক্ষা করিতে পারা যায় না। কারণ, তাহারা সর্ব্বদাই অসংবৃতকামবেগা ॥২৮॥

নরশ্রেষ্ঠ! আমি ইহা পূর্ব্বে শুনিয়াছি যে, পূর্ব্বকালে মুনিশিষ্য বিপুল গুরুস্ত্রীকে রক্ষা করিয়াছিলেন ॥২৯॥

'দেবশর্ম্মা' নামে প্রসিদ্ধ এক মহাত্মা ঋষি ছিলেন এবং ভূমণ্ডলে রূপে অতুলনীয়া 'রুচি'নামে তাঁহার ভার্য্যা ছিল ॥৩০॥

রাজশ্রেষ্ঠ! দেবগণ, গন্ধর্ব্বগণ ও দানবগণ রুচির রূপে উন্মত্ত ছিলেন; কিন্তু বৃত্রহন্তা ইন্দ্র বিশেষভাবেই কামোন্মত্ত হইয়া পড়িয়াছিলেন ॥৩১॥

এদিকে নারীচরিত্রাভিজ্ঞ মহর্ষি দেবশর্ম্মা শক্তি ও উৎসাহ অনুসারে সেই ভার্য্যা রুচিকে রক্ষা করিতেন ॥৩২॥

দেবশর্ম্মা, ইন্দ্রকেও পরস্ত্রীকামুক বলিয়া জানিতেন। সুতরাং তিনি বলপূর্ব্বক ভার্য্যাকে রক্ষা করিতেছিলেন ॥৩৩॥

স কদাচিদৃষিস্তাত ! যজ্ঞং কর্ত্তুমনাস্তদা ।
ভার্য্যাসংরক্ষণং কার্য্যং কথং স্যাদিত্যচিন্তয়ৎ ॥৩৪॥
রক্ষাবিধানং মনসা স সঞ্চিন্ত্য মহাতপাঃ ।
আহূয় দয়িতং শিষ্যং বিপুলং প্রাহ ভার্গবম্ ॥৩৫॥

দেবশর্ম্মোবাচ ।

যজ্ঞকারো গমিষ্যামি রুচিং চেমাং সুরেশ্বরঃ ।
যতঃ প্রার্থযতে নিত্যং তাং রক্ষস্ব যথাবলম্ ॥৩৬॥
অপ্রমত্তেন তে ভাব্যং সদা প্রতি পুরন্দরম্ ।
স হি রূপাণি কুরুতে বিবিধানি ভৃগূত্তম ! ॥৩৭॥

ভীষ্ম উবাচ ।

ইত্যুক্তো বিপুলস্তেন তপস্বী নিযতেন্দ্রিয়ঃ ।
সদৈবোগ্রতপা রাজন্ ! অগ্ন্যর্কসদৃশদ্যুতিঃ ॥৩৮॥
ধর্ম্মজ্ঞঃ সত্যবাদী চ তথেতি প্রত্যভাষত ।
পুনশ্চেদং মহারাজ ! পপ্রচ্ছ প্রস্থিতং গুরুম্ ॥৩৯॥ (যুগ্মকম্)

ভারতকৌমুদী

স ইতি। যজ্ঞং কর্ত্তুমনা, অতএব স্থানান্তরগমনাভিলাষীত্যাশয়ঃ ॥৩৪॥
রক্ষেতি। দয়িতং প্রিয়ম্, ভার্গবং ভৃগুগোত্রম্ ॥৩৫॥
যজ্ঞেতি। সুরেশ্বর ইন্দ্রঃ। অতস্তাং রক্ষ ॥৩৬॥
অপ্রেতি। অপ্রমত্তেন সাবধানেন, তে ত্বয়া ॥৩৭॥
ইতীতি। নিয়তেন্দ্রিযঃ সংযতচিত্তোপস্থঃ। প্রস্থিতং প্রস্থাস্যমানম্ ॥৩৮—৩৯॥

বৎস ! কোন সময়ে সেই ঋষি দেবশর্ম্মা যজ্ঞ কবিবাব ইচ্ছা কবিলেন। তখন তিনি চিন্তা কবিলেন যে, কিপ্রকাবে ভার্যাকে বক্ষা কবা হইবে' ॥৩৪॥

সেই মহাতপা দেবশর্ম্মা ভার্য্যাকে বক্ষা করার বিষয মনে মনে চিন্তা করিয়া প্রিযশিষ্য ভৃগুগোত্র বিপুলকে ডাকিযা বলিলেন ॥৩৫॥

দেবশর্ম্মা বলিলেন—'বৎস ! আমি যজ্ঞ কবিবাব জন্য যাইব, কিন্তু এদিকে যেহেতু ইন্দ্র সর্ব্বদাই এই রুচিকে প্রার্থনা করে, অতএব তুমি শক্তি অনুসাবে তাহাকে বক্ষা কবিতে থাক ॥৩৬॥

ভৃগুশ্রেষ্ঠ ! তুমি সর্ব্বদাই ইন্দ্রের বিষয়ে সাবধান থাকিবে। কারণ, সে নানাবিধরূপ ধাবণ কবিযা থাকে ॥৩৭॥

ভীষ্ম বলিলেন—'বাজা ! দেবশর্ম্মা এইরূপ বলিলে—তপস্বী, জিতেন্দ্রিয, সর্ব্বদাই উগ্রতপা, অগ্নি ও সূর্য্যের তুল্য তেজস্বী, ধর্ম্মজ্ঞ এবং সত্যবাদী বিপুল

বিপুল উবাচ।

কানি রূপাণি শক্রস্য ভবন্ত্যাগচ্ছতো মুনে!।
বপুস্তেজশ্চ কীদৃগ্ বৈ তন্মে ব্যাখ্যাতুমর্হসি ॥৪০॥

ভীষ্ম উবাচ।

ততঃ স ভগবান্ তস্মৈ বিপুলায় মহাত্মনে।
আচচক্ষে যথাতত্ত্বং মায়াং শক্রস্য ভারত! ॥৪১॥

দেবশর্ম্মোবাচ।

বহুমায়ঃ স বিপ্রর্ষে। ভগবান্ পাকশাসনঃ।
তাংস্তান্ বিকুরুতে ভাবান্ বহূনথ মুহুর্ম্মুহুঃ ॥৪২॥
কিরীটী বজ্রধৃগ্ ধন্বী মুকুটী বদ্ধকুণ্ডলঃ।
ভবত্যথ মুহূর্ত্তেন চণ্ডালসমদর্শনঃ ॥৪৩॥
শিখী জটী চীরবাসাঃ পুনর্ভবতি পুত্রক!।
বৃহচ্ছরীরশ্চ পুনশ্চীরবাসাঃ পুনঃ কৃশঃ।
গৌরং শ্যামঞ্চ কৃষ্ণঞ্চ বর্ণং বিকুরুতে পুনঃ ॥৪৪॥

ভারতকৌমুদী

কানীতি। বপুস্তেজঃ শারীরিকং বলম্। ব্যাখ্যাতুং বক্তুম্ ॥৪০॥
তত ইতি। আচচক্ষে উবাচ, যথাতত্ত্বং সত্যানুসারেণ ॥৪১॥
বহ্বিতি। ভগবান্ মাহাত্ম্যবান্। ভাবান্ আকারান্ ॥৪২॥
কিরীটীতি। মুকুটী ভিন্নপ্রকারকিরীটযুক্তঃ ॥৪৩॥

প্রত্যুত্তর করিলেন, 'তাহাই হইবে'। মহারাজ! প্রস্থিত গুরুর নিকট তিনি পুনরায় এইরূপ প্রশ্ন করিলেন ॥৩৮—৩৯॥

বিপুল বলিলেন—'মুনি! আগত ইন্দ্রের কি কি রূপ হয়? শরীরের তেজই বা কিপ্রকার? তাহা আপনি আমার নিকট বলুন ॥৪০॥

ভীষ্ম বলিলেন—'ভরতনন্দন! তাহার পর ভগবান্ দেবশর্ম্মা মহাত্মা বিপুলের নিকটে যথার্থরূপে ইন্দ্রের মায়া বলিতে লাগিলেন ॥৪১॥

দেবশর্ম্মা বলিলেন—'ব্রহ্মর্ষি বিপুল! প্রভাবশালী ইন্দ্র বহুবিধ মায়াযুক্ত। সুতরাং তিনি মুহুর্ম্মুহু বহুবিধ আকারধারণ করিয়া থাকেন ॥৪২॥

কখনও কিরীট, বজ্র ও ধনুধারণ করেন, কখনও ভিন্ন প্রকারের কিরীট ও কুণ্ডলযুক্ত হন, আবার মুহূর্ত্তকালমধ্যেই চণ্ডালের তুল্য আকৃতিধারণ করিয়া থাকেন ॥৪৩॥

বিরূপো রূপবাংশ্চৈব যুবা বৃদ্ধস্তথৈব চ।
ব্রাহ্মণঃ ক্ষত্রিয়শ্চৈব বৈশ্যঃ শূদ্রস্তথৈব চ ॥৪৫॥
প্রতিলোমোঽনুলোমশ্চ ভবত্যথ শতক্রতুঃ।
শুকবায়সরূপী চ হংসকোকিলরূপবান্ ॥৭৬॥
সিংহব্যাঘ্রগজানাঞ্চ রূপং ধারয়তে পুনঃ।
দৈবং দৈত্যমথো রাজ্ঞাং বপুর্দ্ধারয়তেঽপি চ ॥৪৭॥
অকৃশো বায়ুভগ্নাঙ্গঃ শকুনির্ব্বিকৃতস্তথা।
চতুষ্পাদ্বহুরূপশ্চ পুনর্ভবতি বালিশঃ ॥৪৮॥
মক্ষিকামশকাদীনাং বপুর্দ্ধারয়তেঽপি চ।
ন শক্যমস্য গ্রহণং কর্ত্তুং বিপুল! কেনচিৎ ॥৪৯॥

ভাবতকৌমুদী

শিখীতি। চীরবাসাঃ কৌপীনবস্ত্রঃ। ষট্‌পাদঃ শ্লোকঃ ॥৪৪॥
বিরূপ ইতি। বিরূপঃ কুৎসিতঃ, রূপবান্ সুন্দরঃ ॥৪৫॥
প্রতীতি। প্রতিলোমঃ প্রতিকূলঃ, অনুলোমঃ অনুকূলশ্চ ॥৪৬॥
সিংহেতি। দেবস্যেদং দৈবম্, দৈত্যস্যেদং দৈত্যম্ ॥৪৭॥
অকৃশ ইতি। বায়ুনা ভগ্নানি অঙ্গানি যস্য সঃ, শকুনিঃ পক্ষী। বালিশো মূর্খঃ ॥৪৮॥
মক্ষিকেতি। অস্য ইন্দ্রস্য, গ্রহণং রূপাবধারণম্ ॥৪৯॥

পুত্র! কখনও তিনি শিখা, জটাও কৌপীনধারণ করেন; আবাব বিশাল শরীর হন, পুনরায় কৌপীনধাবী কৃশ হইয়া যান এবং তিনি একবার গৌর, আবার শ্যাম, পুনরায় কৃষ্ণবর্ণ গ্রহণ করেন ॥৪৪॥

কখনও বিরূপ, কখনও রূপবান্, কোন সময়ে যুবা, কোন সময়ে বৃদ্ধ, আবার ক্ষেত্রবিশেষে ব্রাহ্মণ, ক্ষত্রিয়, বৈশ্য ও শূদ্র হইয়া থাকেন ॥৪৫॥

ইন্দ্র, অনুকূল এবং প্রতিকূল হইতে পাবেন; আর তিনি শুকরূপী, কাক-রূপী, হংসরূপী এবং কোকিলরূপীও হইয়া থাকেন ॥৪৬॥

আবাব তিনি সিংহ, ব্যাঘ্র ও হস্তীর রূপধারণ করেন; কিংবা দেব, দৈত্য ও রাজার মূর্ত্তিধারণ করিয়া থাকেন ॥৪৭॥

ইন্দ্র স্থূল ও বায়ুভগ্নগাত্র, বিকৃত পক্ষী হন; আবার চতুষ্পাদ পশু, অন্য বহুরূপী, কিংবা মূর্খ মানুষ হইয়া থাকেন ॥৪৮॥

কখনও মক্ষিকা ও মশকপ্রভৃতির মূর্ত্তিধারণ কবেন। অতএব বিপুল! কোন লোকই ইন্দ্রেব স্বরূপ নিরূপণ কবিতে সমর্থ হয় না ॥৪৯॥

অপি বিশ্বকৃতা তাত ! যেন সৃষ্টমিদং জগৎ।
পুনরন্তর্হিতঃ শক্রো দৃশ্যতে জ্ঞানচক্ষুষা ॥৫০॥
বায়ুভূতশ্চ স পুনর্দ্দেবরাজো ভবত্যুত।
এবং রূপাণি সততং কুরুতে পাকশাসনঃ ॥৫১॥
তস্মাদ্বিপুল ! যত্নেন রক্ষেমাং তনুমধ্যমাম্।
যথা রুচিং নাবলিহেদ্দেবেন্দ্রো ভৃগুসত্তম ! ।
ক্রতাবুপহিতে ন্যস্তং হবিঃ শ্বেব দুরাত্মবান্ ॥৫২॥
এবমাখ্যায় স মুনির্যষ্টুকামোঽগমত্তদা।
দেবশর্ম্মা মহাভাগস্ততো ভরতসত্তম ! ॥৫৩॥
বিপুলস্তু বচঃ শ্রুত্বা গুরোশ্চিন্তামুপেযিবান্।
রক্ষাঞ্চ পরমাং চক্রে দেবরাজান্মহাবলাৎ ॥৫৪॥

ভাবতকৌমুদী

অপীতি। বিশ্বকৃতা ব্রহ্মণা, দৃশ্যতে যোগিনা ॥৫০॥

বাম্বিতি। দেবরাজস্তদ্বৎ কিরীটকুণ্ডলাদিমান্ ॥৫১॥

তস্মাদিতি। তনুমধ্যমাং কৃশকটীদেশাম্। নাবলিহেৎ নাস্বাদেত। ক্রতৌ যজ্ঞে উপহিতে অনুষ্ঠিতে, ন্যস্তং স্থাপিতং হবির্ঘৃতাদিকম্, শ্বা কুক্কুর ইব, দুরাত্মবান্ দুষ্টচিত্তঃ। ষট্‌পাদঃ শ্লোকঃ ॥৫২॥

এবমিতি। আখ্যায় উক্ত্বা। ততঃ স্বগৃহাৎ ॥৫৩॥

বিপুল ইতি। উপেযিবান্ প্রাপ্তবান্, রক্ষাং গুরুপত্ন্যাঃ ॥৫৪॥

বৎস ! যিনি এই জগৎ সৃষ্টি করিয়াছেন, সেই ব্রহ্মাও ইন্দ্রের রূপনির্ণয় করিতে পারেন না। আবার তিনি অন্তর্হিত হন; তখন যোগী জ্ঞানদৃষ্টি-দ্বারা তাঁহাকে দর্শন করেন ॥৫০॥

তিনি বায়ুরূপী হইয়া আবাব দেবরাজ হন। ইন্দ্র সর্ব্বদা এই প্রকার রূপ-ধাবণ করিয়া থাকেন ॥৫১॥

অতএব ভৃগুশ্রেষ্ঠ বিপুল ! তুমি যত্নপূর্ব্বক এই কৃশকটীদেশা রুচিকে রক্ষা কর; কুক্কুর যেমন আরব্ধযজ্ঞে স্থাপিত হবি লেহন করে; সেইরূপ দুরাত্মা ইন্দ্র যাহাতে ইহাকে লেহন করিতে না পারে' ॥৫২॥

ভরতশ্রেষ্ঠ ! মহাত্মা দেবশর্ম্মা এইরূপ বলিয়া যজ্ঞ করিবার জন্য তখনই নিজগৃহ হইতে চলিয়া গেলেন ॥৫৩॥

এদিকে বিপুল, গুরুর বাক্য শুনিয়া চিন্তান্বিত হইয়া মহাবল ইন্দ্র হইতে বিশেষভাবে গুরুপত্নীকে বক্ষা করিতে লাগিলেন ॥৫৪॥

কিংনু শক্যং ময়া কর্ত্তুং গুরুদারাভিরক্ষণে ।
মায়াবী হি সুরেন্দ্রোঽসৌ দুর্দ্ধর্ষশ্চাপি বীর্য্যবান্ ॥৫৫॥
নাপিধায়াশ্রমং শক্যো রক্ষিতুং পাকশাসনঃ ।
উটজং বা তথা হ্যস্য নানাবিধস্বরূপতা ॥৫৬॥
বায়ুরূপেণ বা শক্রো গুরুপত্নীং প্রধর্ষয়েৎ ।
তস্মাদিমাং সংপ্রবিশ্য রুচিং তিষ্ঠাম্যহমদ্য বৈ ॥৫৭॥
অথবা পৌরুষেণেয়ং ন শক্যা রক্ষিতুং ময়া ।
বহুরূপো হি ভগবান্ শ্রূয়তে পাকশাসনঃ ॥৫৮॥
সোঽহং যোগবলাদেনাং রক্ষিষ্যে পাকশাসনাৎ ।
গাত্রাণি গাত্রৈরস্যাহং সংপ্রবেক্ষ্যেঽভিরক্ষিতুম্ ॥৫৯॥
যদ্যুচ্ছিষ্টামিমাং পত্নীমদ্য পশ্যতি মে গুরুঃ ।
শপ্স্যত্যসংশয়ং কোপাদ্দিব্যজ্ঞানো মহাতপাঃ ॥৬০॥

ভারতকৌমুদী

কিমিতি। বীর্য্যবান্, অতো বলেনাপি নিবারয়িতুমশক্য ইতি ভাবঃ ॥৫৫॥

নেতি। আশ্রমং তপোবনম্, উটজং পর্ণশালাং বা, অপিধায় অনাচ্ছাদ্য পাকশাসন ইন্দ্রঃ, রক্ষিতুং বারয়িতুং ন শক্যঃ; তথা হি অস্য ইন্দ্রস্য নানাবিধস্বরূপতা বায়ুপ্রভৃতিবহুরূপধারণ যোগ্যতা বর্ত্ততে ॥৫৬॥

বাযিতি। ইমাং গুরুপত্নীম্, অস্যাঃ শরীরমিত্যর্থঃ ॥৫৭॥

অথবেতি। ভগবান্ দেবরাজত্বেন মাহাত্ম্যবান্ ॥৫৮॥

স ইতি। অস্যাহমিতি বিসর্গলোপেঽপি সন্ধিরার্ষঃ ॥৫৯॥

যদীতি। উচ্ছিষ্টাং পরভুক্তাম্। শপ্স্যতি শাপং দাস্যতি ॥৬০॥

তিনি তখন এইরূপ চিন্তা করিয়াছিলেন যে, আমি গুরুপত্নীর রক্ষাবিষয়ে কি করিতে পারিব? কারণ, ঐ ইন্দ্র মায়াবী, দুর্দ্ধর্ষ ও বলবান্ ॥৫৫॥

এই আশ্রম ও পর্ণশালা আবৃত না করিয়া ইন্দ্রকে বারণ করিতে পারা যাইবে না; কারণ, ইন্দ্রের নানাবিধরূপ ধারণ করিবার ক্ষমতা রহিয়াছে ॥৫৬॥

হয়ত, ইন্দ্র, বায়ুরূপে গুরুপত্নীকে ধর্ষণ করিবেন। অতএব আমি আজ গুরুপত্নীর শরীরে প্রবেশ করিয়া অবস্থান করিব ॥৫৭॥

অথবা পুরুষকার দ্বারা আমি ইহাকে রক্ষা করিতে পারিব না। কারণ, প্রভাবশালী ইন্দ্রকে বহুরূপী বলিয়া শুনিতে পাই ॥৫৮॥

আমি যোগবলে ইন্দ্র হইতে ইহাকে রক্ষা করিব। ইহাকে রক্ষা করিবার জন্য অঙ্গদ্বারা ইহার অঙ্গে প্রবেশ করিব ॥৫৯॥

ন চেযং রক্ষিতুং শক্যা যথান্যা প্রমদা নৃভিঃ।
মায়াবী হি সুরেন্দ্রোঽসাবহো প্রাপ্তোঽস্মি সংশয়ম্।
অবশ্যকরণীযং হি গুরোরিহ হি শাসনম্ ॥৬১॥
যদি ত্বেতদহং কুর্য্যামাশ্চর্য্যং স্যাৎ কৃতং ময়া।
যোগেনাথ প্রবেশো হি গুরুপত্ন্যাঃ কলেবরে ॥৬২॥
এবমেব শরীরেঽস্যা নিবৎস্যামি সমাহিতঃ।
অসক্তঃ পদ্মপত্রস্থো জলবিন্দুর্যথা চলঃ ॥৬৩॥
নির্ম্মুক্তস্য রজোরূপান্নাপরাধো ভবেন্মম।
যথা হি শূন্যাং পথিকঃ সভামধ্যাবসেৎ পথি ॥৬৪॥
তথাদ্যাবাসয়িষ্যামি গুরুপত্ন্যাঃ কলেবরম্।
এবমেব শরীরেঽস্যা নিবৎস্যামি সমাহিতঃ ॥৬৫॥ (যুগ্মকম্)

ভাবতকৌমুদী

নেতি। হি যস্মাৎ। সংশয়ং রক্ষাসন্দেহম্। শাসনমাদেশপালনম্। ষট্পাদঃ শ্লোকঃ ॥৬১॥
যদীতি। কুর্য্যাং কর্ত্তুং শক্নুয়াম্। প্রবেশঃ কর্ত্তব্য ইতি শেষঃ ॥৬২॥
এবমিতি। সমাহিতঃ সমাধিমান্। চলশ্চঞ্চলঃ ॥৬৩॥
নির্মুক্ত ইতি। রজোরূপাৎ আর্ত্তবভাবাৎ নির্ম্মুক্তস্য নির্গতস্য মম। আবাসয়িষ্যামি অধ্যবৎস্যামি ॥৬৪—৬৫॥

দিব্যজ্ঞানী ও মহাতপা আমার গুরুদেব যদি আজ এই পত্নীকে পরভুক্তা দর্শন করেন; তাহা হইলে নিশ্চয়ই ক্রোধবশতঃ আমাকে অভিসম্পাত করিবেন ॥৬০॥

পুরুষেরা অন্য স্ত্রীকে যেভাবে রক্ষা করে; আমি সেইভাবে এই গুরুপত্নীকে রক্ষা করিতে পারিব না। কারণ, ঐ ইন্দ্র মায়াবী। হায়! গুরুপত্নীকে রক্ষা করিবার বিষয়ে সন্দিগ্ধ হইযা পড়িলাম। সে যাহা হউক, এখন গুরুর আদেশপালন, আমার অবশ্য কর্ত্তব্য ॥৬১॥

যদি আমি ইহা করিতে পারি, তাহা হইলে আমার অদ্ভুত কার্য্যই করা হইবে; আমি যোগবলে গুরুপত্নীর দেহে প্রবেশ করিব ॥৬২॥

তারপর পদ্মপত্রস্থিত চঞ্চল জলবিন্দু যেমন অসংলগ্ন অবস্থায় থাকে, আমিও তেমনই গুরুপত্নীর শরীরে সমাহিত হইয়া থাকিব ॥৬৩॥

পরে রজোরূপে নির্গত হইয়া আসিলে আমার কোন অপরাধ হইবে না। সুতরাং পথিক যেমন পথিমধ্যে কোন শূন্য মহাগৃহে বাস করে; তেমন আমি আজ গুরুপত্নীর দেহে বাস করিব। এইভাবে আমি সমাহিত হইয়া গুরুপত্নীর দেহে থাকিব ॥৬৪—৬৫॥

ইত্যেবং ধর্ম্মমালোক্য বেদবেদাঙ্গপারগঃ।
তপশ্চ বিপুলং দৃষ্ট্বা গুরোরাত্মন এব চ ॥৬৬॥
ইতি নিশ্চিত্য মনসা রক্ষাং প্রতি স ভার্গবঃ।
অন্বতিষ্ঠৎ পরং যত্নং যথা তচ্ছৃণু পার্থিব! ॥৬৭॥ (যুগ্মকম্)
গুরুপত্নীমুপাসীনো বিপুলঃ স মহাতপাঃ।
উপাসীনামনিন্দ্যাঙ্গীং কথাভিঃ সমলোভয়ৎ ॥৬৮॥
নেত্রাভ্যাং নেত্রয়োরস্যা রশ্মিং সংযোজ্য রশ্মিভিঃ।
বিবেশ বিপুলঃ কায়মাকাশং পবনো যথা ॥৬৯॥
লক্ষণং লক্ষণেনৈব বদনং বদনেন চ।
অবিচেষ্টন্নতিষ্ঠদ্বৈ ছায়েবান্তর্হিতো মুনিঃ ॥৭০॥

ভারতকৌমুদী

ইতীতি। ধর্ম্মং ন্যায়ম্। রক্ষাং গুরুপত্ন্যাঃ ॥৬৬—৬৭॥

গুর্ব্বিতি। মহাতপাঃ স বিপুলঃ, উপাসীনাং সমীপোপবিষ্টাং অনিন্দ্যাঙ্গীং গুরুপত্নীং, উপাসীনঃ সন্তোষয়ন্ সন্, কথাভিঃ সমলোভয়ৎ ॥৬৮॥

নেত্রাভ্যামিতি। বিপুলো নেত্রাভ্যাং নিজনেত্রয়োঃ, রশ্মিভিঃ কিরণৈঃ অস্যা গুরুপত্ন্যা নেত্রয়োঃ রশ্মিং সংযোজ্য, যথা পবন আকাশম্, তথা তস্যাঃ কায়ং শরীরং বিবেশ ॥৬৯॥

লক্ষণমিতি। মুনিবিপুলঃ ছায়েব, গুরুপত্নীদেহে অন্তর্হিতঃ সন্, লক্ষণেন স্বদেহচিহ্নেন, লক্ষণং গুরুপত্নীদেহচিহ্নম্, নিজেন বদনেন চ গুরুপত্ন্যা বদনম্, অবিচেষ্টন্ অননুকুর্ব্বন্নতিষ্ঠৎ ॥৭০॥

রাজা! বেদ-বেদাঙ্গ-পারদর্শী ভৃগুবংশীয় বিপুল, এইরূপ ন্যায্য বিষয় আলোচনা করিয়া, গুরুর ও নিজের প্রচুর তপোবল দেখিয়া গুরুপত্নীর রক্ষা-বিষয়ে মনে মনে এইরূপ নিশ্চয় করিয়া, যেভাবে পরম যত্নের অনুষ্ঠান করিয়াছিলেন, তাহা তুমি শ্রবণ কর ॥৬৬—৬৭॥

একদা অনিন্দ্যসুন্দরী গুরুপত্নী নিকটে উপবিষ্ট ছিলেন তখন মহাতপা বিপুল তাঁহার সেবা করিতে যাইয়া তাঁহাকে নানা কথায় লুব্ধ করিতে লাগিলেন ॥৬৮॥

তখন বিপুল নিজনেত্রযুগলের কিরণের সহিত গুরুপত্নীর নেত্রযুগলের কিরণ সংযুক্ত করিয়া, বায়ু যেমন আকাশে প্রবেশ করে, তেমন গুরুপত্নীর শরীরে প্রবেশ করিলেন ॥৬৯॥

ক্রমে বিপুল গুরুপত্নীর শরীরে অন্তর্হিত থাকিয়া, ছায়ার ন্যায় নিজলক্ষণ-

---

(৬৬) বেদবেদাংশ্চ সর্ব্বশঃ বঙ্গ বর্দ্ধ।

(৬৮) গুরুপত্নীং সমাসীনঃ যথার্থে সমলোভয়ৎ—বঙ্গ বর্দ্ধ।

ততো বিষ্টভ্য বিপুলো গুরুপত্ন্যাঃ কলেবরম্।
উবাস রক্ষণে যুক্তো ন চ সা তমবুধ্যত ॥৭১॥
যং কালং নাগতো রাজন্! গুরুস্তস্য মহাত্মনঃ।
ক্রতুং সমাপ্য স্বগৃহং তং কালং সোঽভ্যরক্ষত ॥৭২॥
ভীষ্ম উবাচ।
ততঃ কদাচিদ্দেবেশো দিব্যরূপবপুর্দ্ধরঃ।
ইদমন্তরমিত্যেবমভ্যগাত্তমথাশ্রমম্ ॥৭৩॥
রূপমপ্রতিমং কৃত্বা লোভনীয়ং জনাধিপঃ।
দর্শনীয়তমো ভূত্বা প্রবিবেশ তমাশ্রমম্ ॥৭৪॥

ভারতকৌমুদী

তত ইতি। বিষ্টভ্য অধিষ্ঠায়। যুক্তো নিরতঃ ॥৭১॥
যমিতি। যং যাবন্তম্। তং তাবন্তম্, স বিপুলঃ ॥৭২॥
তত ইতি। দেবেশ ইন্দ্রঃ। অন্তরমবসরঃ ॥৭৩॥
রূপমিতি। জনাধিপঃ স্বর্গলোকাধিপতিরিন্দ্রঃ ॥৭৪॥

ভারতভাবদীপঃ

এবমেবেত্যধ্যায়স্য তাৎপর্য্যম্—নানারূপেভ্যো বিটেভ্যো যোগবলেনৈব স্বভাবচপলাঃ স্ত্রিয়ঃ সংরক্ষিতুং শক্যা নান্যথেতি ॥১৫—৭২॥ বিপুলস্থিত্যধ্যায়স্য তাৎপর্য্যম্—পদ্মপত্রাম্বুবদসঙ্গস্যাপি যোগিনো মাতুরপি স্পর্শমাত্রাদ্দোষো ভবতীতি গুরাবশুভমপি কর্ম্মানিবেদ্য ন স্থাতব্য-

---

দ্বারা গুরুপত্নীর লক্ষণের এবং নিজমুখদ্বারা গুরুপত্নীর মুখের অনুকরণ করিতে থাকিয়া অবস্থান করিতে থাকিলেন ॥৭০॥

তাহার পর বিপুল, গুরুপত্নীর দেহ আশ্রয় করিয়া তাঁহার রক্ষায় নিরত থাকিয়া, বাস করিতে লাগিলেন; কিন্তু গুরুপত্নী তাঁহাকে বুঝিতে পারিলেন না ॥৭১॥

রাজা! মহাত্মা বিপুলের গুরু দেবশর্ম্মা যজ্ঞ সমাপ্ত করিয়া যাবৎকাল গৃহে আগমন না করিলেন; তাবৎকাল বিপুল গুরুপত্নীকে রক্ষা করিতে থাকিলেন ॥৭২॥

তাহার পর কোন সময়ে 'ইহাই অবসর' এইরূপ ভাবিয়া দেবরাজ অলৌকিক রূপযুক্ত দেহধারণ করিয়া সেই আশ্রমে আগমন করিলেন ॥৭৩॥

ইন্দ্র, নিরূপম ও লোভনীয় রূপধারণ করিয়া পরম সুন্দর হইয়া সেই আশ্রমে প্রবেশ করিয়াছিলেন ॥৭৪॥

---

(৭২) শ্লোকাৎ পরং বিপুলোপাখ্যানে ' চত্বারিংশোঽধ্যায়ঃ'। ভীষ্ম উবাচ। বঙ্গ বর্দ্ধ, '...পঞ্চসপ্ততিতমোঽধ্যায়ঃ'। ভীষ্ম উবাচ—নি।

স দদর্শ তদাসীনং বিপুলস্য কলেবরম্ ।
নিশ্চেষ্টং স্তব্ধনয়নম্ যথালেখ্যগতং তথা ॥৭৫॥
রুচিঞ্চ রুচিরাপাঙ্গীং পীনশ্রোণিপয়োধরাম্ ।
পদ্মপত্রবিশালাক্ষীং সম্পূর্ণেন্দুনিভাননাম্ ॥৭৬॥ (যুগ্মকম্)
সা তমালোক্য সহসা প্রত্যুত্থাতুমিয়েষ হ ।
রূপেণ বিস্মিতা কোঽসীত্যথ বক্তুমিবেচ্ছতী ॥৭৭॥
উত্থাতুকামা তু সতী বিষ্টব্ধা বিপুলেন সা ।
নিগৃহীতা মনুষ্যেন্দ্র ! ন শশাক বিচেষ্টিতুম্ ॥৭৮॥
তামাবভাষে দেবেন্দ্রঃ সাম্না পরমবল্গুনা ।
ত্বদর্থমাগতং বিদ্ধি দেবেন্দ্রং মাং শুচিস্মিতে ! ॥৭৯॥
ক্লিশ্যমানমনঙ্গেন ত্বৎসঙ্কল্পভবেন হ ।
তৎ সম্প্রাপ্ত হি মাং সুভ্রু ! পুরা কালোঽতিবর্ত্ততে ॥৮০॥ (যুগ্মকম্)

ভাবতকৌমুদী

স ইতি। আসীনমুপবিষ্টম্। নিশ্চেষ্টং নিষ্ক্রিয়ম্। রুচিরাপাঙ্গীং সুন্দরনয়নপ্রান্তাং, পীনাঃ স্থূলাঃ শ্রোণিপয়োধরা নিতম্বস্তনা যস্যাস্তাম্, পদ্মপত্রবৎ বিশালে অক্ষিণী নয়নে যস্যাস্তাম্, সম্পূর্ণেন্দুনিভাননাং পূর্ণচন্দ্রতুল্যবদনাম্, রুচিঞ্চ দদর্শ ইত্যন্বয়ঃ ॥৭৫—৭৬॥

সেতি। ইচ্ছতীতি নকারলোপ আর্ষঃ ॥৭৭॥

উত্থাত্বিতি। বিষ্টব্ধা অধিষ্ঠিতা। নিগৃহীতা নিরুদ্ধা। বিচেষ্টিতুং পাদাদিকং চালয়িতুম্ ॥৭৮॥

ভাবতভাবদীপঃ

মিতি চ ॥৭৩—৭৬॥ আদীয়তেঽস্মিন্ বান্ধবৈর্দত্তম্ উপায়নাদিকং তদাদানং বিবাহাদ্যুৎসবঃ,

---

তখন তিনি দর্শন করিলেন—'চিত্রপটে চিত্রিত মূর্ত্তির ন্যায় নিষ্ক্রিয় ও নিশ্চলনয়ন বিপুলের দেহটী তখন সেই স্থানে উপবিষ্ট আছে এবং সুন্দরনয়না, পীবর নিতম্বস্তনী, পদ্মদলবিশালনেত্রা ও পূর্ণচন্দ্রতুল্যবদনা রুচিও সেখানে উপবিষ্ট রহিয়াছেন ॥৭৫—৭৬॥

রুচি সহসা ইন্দ্রকে দেখিয়া তাঁহার রূপে বিস্মিত হইয়া "আপনি কে" ইহা বলিবার ইচ্ছা করিযাই যেন প্রত্যুত্থান করিবার ইচ্ছা করিলেন ॥৭৭॥

নরনাথ! বিপুলকর্ত্তৃক অধিষ্ঠিতা রুচি গাত্রোত্থান করিবার ইচ্ছা করিবামাত্রই বিপুল তাঁহাকে নিরুদ্ধ করিলেন, সুতরাং রুচি আর অঙ্গসঞ্চালন করিতে সমর্থ হইলেন না ॥৭৮॥

---

(৮০) তৎ সমাপ্তং হি মাং বঙ্গ বর্দ্ধ, তৎ পর্য্যাপ্ত হি মাং—নি।

তমেবংবাদিনং শক্রং শুশ্রাব বিপুলো মুনিঃ।
গুরুপত্ন্যাঃ শরীরস্থো দদর্শ ত্রিদশাধিপম্ ॥৮১॥
ন শশাক চ সা রাজন্ প্রত্যুত্থাতুমনিন্দিতা।
বক্তুঞ্চ নাশকদ্রাজন্ বিষ্টব্ধা বিপুলেন সা ॥৮২॥
আকারং গুরুপত্ন্যাস্তু স বিজ্ঞায় ভৃগূদ্বহঃ।
নিজগ্রাহ মহাতেজা যোগেন বলবৎ প্রভো ॥৮৩॥
ববন্ধ যোগবন্ধৈশ্চ তস্যাঃ সর্বেন্দ্রিয়াণি সঃ।
তাং নির্বিকারাং দৃষ্ট্বা তু পুনরেব শচীপতিঃ ॥৮৪॥
উবাচ ব্রীড়িতো রাজংস্তাং যোগবলমোহিতাম্।
এহ্যেহীতি ততঃ সা তু প্রতিবক্তুমিয়েষ তম্ ॥৮৫॥ (যুগ্মকম্)

ভাবতকৌমুদী

তামিতি। সাম্না মধুরবাক্যেন, পরমবল্গুনা অতিসুন্দরেণ। শুচি শুভ্রং স্মিতং মন্দহাস্যং যস্যাস্তৎ সম্বোধনম্। অনঙ্গেন কামেন, তৎসঙ্কল্পভবেন তৎকামনাজাতেন। তৎ তস্মাৎ, মাং সম্প্রাপ্নুহি রমণায়াবলম্বস্ব। পুরা আগামী কালঃ, অতিবর্ত্ততে অনর্থকমতিক্রামতি ॥৭৯—৮০॥

তদিতি। শক্রং শক্রবচনম্। ত্রিদশাধিপমিন্দ্রম্ ॥৮১॥

নেতি। অনিন্দিতা রূপে। বিষ্টব্ধা অধিষ্ঠিতা ॥৮২॥

আকারমিতি। আকারং কামেন রোমাঞ্চিতামাকৃতিম্। বলবৎ সাতিশযম্ ॥৮৩॥

ববন্ধেতি। ববন্ধ নিরুরোধ, যোগবন্ধৈর্যোগবলপ্রকাশৈঃ। ব্রীড়িতো লজ্জিতঃ ॥৮৪—৮৫॥

তখন দেবরাজ অতি সুন্দর ও মধুরবাক্যে রুচিকে বলিলেন—'শুভ্র মন্দহাস্যে! আমি তোমার কামনাজাত কামে ক্লিষ্ট হইয়া তোমার জন্যই আসিয়াছি। তুমি আমাকে দেবরাজ বলিয়া অবগত হও; অতএব তুমি আমাকে আশ্রয় কর। সুভ্রু! কাল অনর্থক চলিয়া যাইতেছে ॥৭৯—৮০॥

ইন্দ্র এইরূপ বলিতে লাগিলে, গুরুপত্নীর শরীরস্থিত বিপুলমুনি, তাঁহার বাক্য শুনিলেন এবং তাঁহাকে দেখিলেন ॥৮১॥

রাজা! বিপুল দেহে অধিষ্ঠান করায় অনিন্দ্যসুন্দরী রুচি গাত্রোত্থান করিতেও পারিলেন না, কিছু বলিতেও সমর্থ হইলেন না ॥৮২॥

নরনাথ! মহাতেজা ও ভৃগুকুলশ্রেষ্ঠ বিপুল গুরুপত্নীর আকৃতি দেখিয়া যোগবলে গুরুতরভাবে তাঁহাকে নিরুদ্ধ করিলেন ॥৮৩॥

বিপুল যোগবলে রুচির সমস্ত ইন্দ্রিয় নিরুদ্ধ করিলেন। তখন ইন্দ্র রুচিকে যোগবলে মোহিত হওয়ায় নির্বিকার দেখিয়া, লজ্জিত হইয়া তাঁহাকে

স তাং বাচং গুরোঃ পত্ন্যা বিপুলঃ পর্য্যবর্ত্তয়ৎ।
ভোঃ! কিমাগমনে কৃত্যমিতি তস্যাস্তু নিঃসৃতা।
বক্ত্রাচ্ছশাঙ্কসদৃশাদ্বাণী সংস্কারভূষণা ॥৮৬॥
ব্রীড়িতা সা তু তদ্বাক্যমুক্ত্বা পরবশা তদা।
পুরন্দরশ্চ তত্রস্থো বভূব বিমনা ভৃশম্ ॥৮৭॥
স তদ্বৈকৃতমালক্ষ্য দেবরাজো বিশাম্পতে!।
অবৈক্ষত সহস্রাক্ষস্তদা দিব্যেন চক্ষুষা ॥৮৮॥
স দদর্শ মুনিং তস্যাঃ শরীরান্তরগোচরম্।
প্রতিবিম্বমিবাদর্শে গুরুপত্ন্যাঃ শরীরগম্ ॥৮৯॥

ভারতকৌমুদী

স ইতি। স বিপুলঃ, তামেবং বাচং এহ্যেহীতি বাক্যমেব পর্য্যবর্ত্তয়ৎ যোগবলেন বিপরীতাং কৃতবান্। কীদৃক্তয়া পর্য্যবর্ত্তয়দিত্যাহ ভো ইতি। ভোঃ হে ইন্দ্র! তব আগমনে কিং কৃত্যং কার্য্যং ভবেৎ। ত্বামহং নেচ্ছামীতি ভাবঃ। তস্যা গুরুপত্ন্যাস্তু শশাঙ্কসদৃশাৎ চন্দ্রতুল্যাৎ বক্ত্রান্মুখাৎ, সংস্কারভূষণা ব্যাকরণসংস্কারালঙ্কারা বাণী নিঃসৃতা। ষট্‌পাদঃ শ্লোকঃ ॥৮৬॥

ব্রীড়িতেতি। তদা পরবশা শিষ্যাধীনা সা গুরুপত্নী তদ্বাক্যমুক্ত্বা ব্রীড়িতা লজ্জিতা অভবৎ, পরপুরুষেণ সহ সংলাপাদিতি ভাব.। তত্রস্থঃ পুরন্দর ইন্দ্রশ্চ ভৃশং বিমনা বিষণ্ণচিত্তো বভূব, তয়া প্রত্যাখ্যানাদিত্যাশয়ঃ ॥৮৭॥

স ইতি। তস্যা বৈকৃতং বৈপরীত্যম্ ॥৮৮॥

স ইতি। স সহস্রাক্ষঃ, তস্যা গুরুপত্ন্যাঃ, শরীরান্তরং গোচরো বিষয়ো যস্য তম্, আদর্শে দর্পণে প্রতিবিম্বমিব, শরীরগং মুনিং বিপুলং দদর্শ ॥৮৯॥

বলিলেন—'আইস আইস'; তাহার পর রুচি ইন্দ্রের কথায় প্রত্যুত্তর করিবার ইচ্ছা করিলেন ॥৮৪—৮৫॥

গুরুপত্নী রুচিও 'আসুন আসুন' এইরূপ বাক্য বলিবার ইচ্ছা করিয়াছিলেন; কিন্তু বিপুল সেই বাক্য পরিবর্ত্তিত করিয়া ফেলিলেন। অর্থাৎ মহাশয়! আপনার এখানে আগমনে কি কার্য্য হইবে?' এইরূপ গুরুপত্নীর চন্দ্রতুল্য মুখ হইতে ব্যাকরণসংস্কারে অলঙ্কৃত বাক্য নির্গত হইল ॥৮৬॥

তখন পরাধীনা গুরুপত্নী সেই বাক্য বলিয়া লজ্জিতা হইলেন এবং তৎস্থানস্থিত ইন্দ্রও অত্যন্ত বিষণ্ণচিত্ত হইয়া গেলেন ॥৮৭॥

নরনাথ! তখন দেবরাজ ইন্দ্র রুচির সেই বৈপরীত্য লক্ষ্য করিয়া দিব্যচক্ষুদ্বারা দেখিতে লাগিলেন ॥৮৮॥

তিনি দেখিলেন, দর্পণের ভিতরে প্রতিবিম্বের ন্যায় বিপুল মুনি, গুরুপত্নীর শরীরের ভিতরে রহিয়াছেন ॥৮৯॥

স তং ঘোরেণ তপসা যুক্তং দৃষ্ট্বা পুরন্দরঃ।
প্রাবেপত সুসন্ত্রস্তঃ শাপভীতস্তদা বিভো! ॥৯০॥
বিমুচ্য গুরুপত্নীং তু বিপুলঃ সুমহাতপাঃ।
স্বকলেবরমাবিশ্য শক্রং ভীতমথাব্রবীৎ ॥৯১॥

বিপুল উবাচ।

অজিতেন্দ্রিয়! দুর্বুদ্ধে! পাপাত্মক! পুরন্দর!।
ন চিরং পূজয়িষ্যন্তি দেবাস্ত্বাং মানুষাস্তথা ॥৯২॥
কিংনু তদ্বিস্মৃতং শক্র! ন তন্মনসি তে স্থিতম্।
গৌতমেনাসি যন্মুক্তো ভগাঙ্কপরিচিহ্নিতঃ ॥৯৩॥
জানে ত্বাং বালিশমতিমকৃতাত্মানমস্থিরম্।
ময়েয়ং রক্ষ্যতে মূঢ়! গচ্ছ পাপ! যথাগতম্ ॥৯৪॥
নাহং ত্বামদ্য মূঢ়াত্মন্! দহেয়ং হি স্বতেজসা।
কৃপায়মাণস্তু ন তে দগ্ধুমিচ্ছামি বাসব! ॥৯৫॥

ভারতকৌমুদী

স ইতি। প্রাবেপত অতিশয়েনাকম্পত ॥৯০॥
বিমুচ্যেতি। স্বকলেবরং সন্নিহিতং নিজদেহম্ ॥৯১॥
অজিতেতি। হে অজিতেন্দ্রিয়! পরদারেষু প্রবৃত্তেরিতি ভাবঃ ॥৯২॥
কিমিতি। মুক্তঃ অহল্যাগমনানন্তরং ত্যক্তঃ ॥৯৩॥
জান ইতি। বালিশমতিং মূঢ়বুদ্ধিম্, অকৃতাত্মানমশিক্ষিতচিত্তম্ ॥৯৪॥

রাজা! তখন ইন্দ্র বিপুলমুনিকে ভীষণ তপস্যাযুক্ত দেখিয়া, শাপভয়ে ভীত ও অস্থির হইয়া অত্যন্ত কম্পিত হইতে লাগিলেন ॥৯০॥

অতিমহাতপা বিপুল, গুরুপত্নীর দেহ পরিত্যাগপূর্ব্বক নিজদেহে প্রবেশ করিয়া, ভীত ইন্দ্রকে বলিতে লাগিলেন ॥৯১॥

বিপুল বলিলেন—'অজিতেন্দ্রিয় দুর্বুদ্ধি পাপিষ্ঠ ইন্দ্র! দেবগণ ও মনুষ্যগণ আর দীর্ঘকাল তোমার পূজা করিবেন না ॥৯২॥

ইন্দ্র! মহর্ষি গৌতম যে তোমাকে ভগচিহ্নে চিহ্নিত করিয়া ছাড়িয়া দিয়াছিলেন; তাহা কি তুমি ভুলিয়া গিয়াছ? তাহা কি তোমার মনে নাই? ॥৯৩॥

আমি জানি যে, তুমি মূঢ়মতি, অশিক্ষিতচিত্ত ও অস্থিরপ্রকৃতি। মূঢ়! আমি ইঁহাকে রক্ষা করিতেছি। অতএব পাপিষ্ঠ! তুমি যেমন আসিয়াছ, তেমন চলিয়া যাও ॥৯৪॥

স চ ঘোরতমো ধীমান্ গুরুর্মে পাপচেতসম্।
দৃষ্ট্বা ত্বাং নির্দহেদদ্য ক্রোধদীপ্তেন চক্ষুষা ॥৯৬॥
নৈবং তু শক্র! কর্ত্তব্যং পুনর্মান্যাশ্চ তে দ্বিজাঃ।
মাগমঃ সসুতামাত্যঃ ক্ষয়ং ব্রহ্মবলার্দ্দিতঃ ॥৯৭॥
অমরোঽস্মীতি যদ্‌বুদ্ধিং সমাস্থায় প্রবর্ত্তসে।
মাবমংস্থা ন তপসা ন সাধ্যং নাম কিঞ্চন ॥৯৮॥

ভীষ্ম উবাচ।

এতচ্ছ্রুত্বা বচঃ শক্রো বিপুলস্য মহাত্মনঃ।
অকিঞ্চিদুক্ত্বা ব্রীড়ার্ত্তস্তত্রৈবান্তরধীয়ত ॥৯৯॥
মুহূর্ত্তযাতে তস্মিংস্তু দেবশর্ম্মা মহাতপাঃ।
কৃত্বা যজ্ঞং যথাকামমাজগাম স্বমাশ্রমম্ ॥১০০॥

ভারতকৌমুদী

নেতি। তে তবোপরি কৃপায়মাণঃ কৃপাং কুর্ব্বন্ ॥৯৫॥

স ইতি। ক্রোধদীপ্তেন কোপজ্বলিতেন ॥৯৬॥

মেতি। ক্ষয়ং ধ্বংসম্, ব্রহ্মবলার্দ্দিতো ব্রাহ্মণপ্রভাবপীড়িতঃ ॥৯৭॥

অমর ইতি। অমরো মৃত্যুহীনো দেবঃ। মাবমংস্থা ব্রাহ্মণং নাবজানীহি, তপসা কিঞ্চন নাম ন সাধ্যমিতি ন, কিন্তু তপসা সর্ব্বমেব সাধয়িতুং শক্যমিত্যর্থঃ। তেন চামরোঽপি ম্রিয়েথা ইতি ভাবঃ ॥৯৮॥

এতদিতি। ব্রীড়ার্ত্তো লজ্জাপীড়িতঃ ॥৯৯॥

মূঢ়মতি। আমি আজ নিজ তেজে তোমাকে দগ্ধ করিব না। কারণ, ইন্দ্র! তোমার উপরে দয়া করিয়া তোমাকে দগ্ধ করিতে ইচ্ছা করি না ॥৯৫॥

পাপিষ্ঠ! অতি ভীষণ ও জ্ঞানী আমার সেই গুরুদেব, তোমাকে দেখিয়া ক্রোধজ্বলিত নয়নদ্বারা নিশ্চয়ই আজ দগ্ধ করিবেন ॥৯৬॥

ইন্দ্র! তুমি আর এরূপ করিও না। কারণ, ব্রাহ্মণেরা তোমার মাননীয়। সুতরাং ব্রাহ্মণের তেজে অভিভূত হইয়া, পুত্র ও অমাত্যবর্গের সহিত ধ্বংস-প্রাপ্ত হইও না ॥৯৭॥

'আমি অমর' এইরূপ বুদ্ধি অবলম্বন করিয়া তুমি যে, দুষ্কার্য্যে প্রবৃত্ত হইতেছ, তাহা সঙ্গত নহে। তুমি ব্রাহ্মণগণকে অবজ্ঞা করিও না; জগতে তপস্যার অসাধ্য কিছুই নাই' ॥৯৮॥

ভীষ্ম বলিলেন—'ইন্দ্র, মহাত্মা বিপুলের এই সকল বাক্য শুনিয়া লজ্জিত হইয়া কিছু না বলিয়া, সেই স্থানেই অন্তর্হিত হইলেন ॥৯৯॥

আগতেঽথ গুরৌ রাজন্! বিপুলঃ প্রিয়কর্ম্মকৃৎ।
রক্ষিতাং গুরবে ভার্য্যাং ন্যবেদয়দনিন্দিতাম্ ॥১০১॥
অভিবাদ্য চ শান্তাত্মা স গুরুং গুরুবৎসলঃ।
বিপুলঃ পর্য্যুপাতিষ্ঠদ্ যথাপূর্ব্বমশঙ্কিতঃ ॥১০২॥
বিশ্রান্তায় ততস্তস্মৈ সহাসীনায় ভার্য্যয়া।
নিবেদয়ামাস তদা বিপুলঃ শক্রকর্ম্ম তৎ ॥১০৩॥
তচ্ছ্রুত্বা স মুনিশ্রেষ্ঠো বিপুলস্য প্রতাপবান্।
বভূব শীলবৃত্তাভ্যাং তপসা নিয়মেন চ ॥১০৪॥
বিপুলস্য গুরৌ বৃত্তিং ভক্তিমাত্মনি তাং প্রভুঃ।
ধর্ম্মে চ স্থিরতাং দৃষ্ট্বা সাধুসাধ্বিত্যভাষত ॥১০৫॥
প্রতিলভ্য চ ধর্ম্মাত্মা শিষ্যং ধর্ম্মপরায়ণম্।
বরেণ চ্ছন্দয়ামাস দেবশর্ম্মা মহামতিঃ ॥১০৬॥

ভারতকৌমুদী

মুহূর্ত্তেতি। তস্মিন্নিন্দ্রে মুহূর্ত্তযাতে কিয়ৎকালপ্রস্থিতে সতি ॥১০০॥
আগত ইতি। প্রিয়কর্ম্মকৃৎ তৎপত্ন্যা রক্ষণাদেবেতি ভাবঃ ॥১০১॥
অভীতি। শান্তাত্মা ন্যায্যকার্য্যকরণাৎ সুস্থচিত্তঃ। পর্য্যুপাতিষ্ঠৎ সমীপে স্থিতবান্ ॥১০২॥
বিশ্রান্তায়েতি। আসীনায়োপবিষ্টায়। শক্রকর্ম্ম ইন্দ্রকার্য্যম্ ॥১০৩॥
তদিতি। শীলং স্বভাবঃ বৃত্তং ব্যবহারশ্চ তাভ্যাং বভূব সন্তুষ্ট ইতি শেষঃ ॥১০৪॥
বিপুলস্যেতি। বৃত্তিং ব্যবহারম্, আত্মনি স্বং প্রতি ॥১০৫॥

ইন্দ্র চলিয়া গেলে, মুহূর্ত্তকাল পরে, মহাতপা দেবশর্ম্মা ইচ্ছানুসারে যজ্ঞ সমাপ্ত করিয়া নিজের আশ্রমে আগমন করিলেন ॥১০০॥

রাজা! গুরু আগমন করিলে প্রিয়কার্য্যকারী বিপুল গুরুর নিকটে তাঁহার অনিন্দিতা ভার্য্যার রক্ষার বিষয় জানাইলেন ॥১০১॥

ক্রমে গুরুবৎসল বিপুল সুস্থচিত্তে গুরুকে অভিবাদন করিয়া তাঁহার নিকটে পূর্ব্বের ন্যায় অশঙ্কিতভাবে অবস্থান করিলেন ॥১০২॥

তাহার পর গুরুদেব বিশ্রাম করিয়া ভার্য্যার সহিত উপবিষ্ট থাকিলে, তখন বিপুল ইন্দ্রের সেই কার্য্যের বিষয় জানাইলেন ॥১০৩॥

প্রতাপশালী মুনিশ্রেষ্ঠ দেবশর্ম্মা, বিপুলের সেই কথা শুনিয়া স্বভাব, ব্যবহার, তপস্যা ও নিয়মের গুণে বিপুলের উপরে সন্তুষ্ট হইলেন ॥১০৪॥

প্রভাবশালী গুরু বিপুলের গুরুর প্রতি ভক্তি ও ব্যবহার এবং ধর্ম্মবিষয়ে স্থিরতা দেখিয়া 'সাধু সাধু' এই কথা বলিলেন ॥১০৫॥

স্থিতিঞ্চ ধর্ম্মে জগ্রাহ স তস্মাদ্ গুরুবৎসলঃ।
অনুজ্ঞাতশ্চ গুরুণা চচারানুত্তমং তপঃ ॥১০৭॥
তথৈব দেবশর্ম্মাপি সভার্য্যঃ স মহাতপাঃ।
নির্ভয়ো বলবৃত্রঘ্নাচ্চচার বিজনে বনে ॥১০৮॥

ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যামনুশাসন-পর্ব্বণি দানধর্ম্মে বিপুলোপাখ্যানে পঞ্চত্রিংশোঽধ্যায়ঃ ॥০॥

—:•:—

ষট্‌ত্রিংশোঽধ্যায়ঃ।

—:•:—

ভীষ্ম উবাচ।
বিপুলস্ত্বকরোত্তীব্রং তপঃ কৃত্বা গুরোর্ব্বচঃ।
তপোযুক্তমথাত্মানমমন্যত স বীর্য্যবান্ ॥১॥

ভারতকৌমুদী

প্রতীতি। প্রতিলভ্য হস্তেন মস্তকে সংস্পৃশ্য। ছন্দয়ামাস সন্তোষয়ামাস ॥১০৬॥

স্থিতিমিতি। জগ্রাহ বরত্বেন, স বিপুলঃ, তস্মাৎ গুরোঃ ॥১০৭॥

তথেতি। বলবৃত্রঘ্নাদিন্দ্রাৎ, নির্ভয়ঃ বিপুলশাসনেন তস্য পুনরাগমনাসম্ভবাৎ ॥১০৮॥

ইতি মহামহোপাধ্যায়-ভারতাচার্য্য শ্রীহরিদাসসিদ্ধান্তবাগীশভট্টাচার্য্যবিরচিতায়াং মহাভারতটীকায়াং ভারতকৌমুদীসমাখ্যায়ামনুশাসনপর্ব্বণি দানধর্ম্মে পঞ্চত্রিংশোঽধ্যায়ঃ ॥০॥

—:•:—

বিপুল ইতি। কৃত্বা স্মৃতিপথগতং বিধায় ॥১॥

পরে ধর্ম্মাত্মা ও মহামতি দেবশর্ম্মা হস্তদ্বারা ধর্ম্মপরায়ণ শিষ্য বিপুলের মস্তক স্পর্শ করিয়া বর দানদ্বারা তাঁহাকে সন্তুষ্ট করিলেন ॥১০৬॥

তখন গুরুবৎসল বিপুল গুরুদেব দেবশর্ম্মার নিকট হইতে চিরদিন ধর্ম্মে স্থিতিরূপ বরগ্রহণ করিলেন এবং গুরুকর্তৃক অনুজ্ঞাত হইয়া সর্ব্বোত্তম তপস্যা করিতে লাগিলেন ॥১০৭॥

সেইরূপই মহাতপা দেবশর্ম্মাও ভার্য্যার সহিত ইন্দ্র হইতে ভয়শূন্য হইয়া নির্জ্জন বনে বিচরণ করিতে থাকিলেন ॥১০৮॥

---

* বিপুলোপাখ্যানে' ...একচত্বারিংশোঽধ্যায়ঃ'—বঙ্গবর্ণ, '... ষট্‌সপ্ততিতমোঽধ্যায়ঃ'—নি।

স তেন কর্ম্মণা স্পর্দ্ধন্ পৃথিবীং পৃথিবীপতে!।
চচার গতভীঃ প্রীতো লব্ধকীর্ত্তিবরো নৃপ! ॥২॥
উভৌ লোকৌ জিতৌ চাপি তথৈবামন্যত প্রভুঃ।
কর্ম্মণা তেন কৌরব্য! তপসা বিপুলেন চ ॥৩॥
অথ কালে ব্যতিক্রান্তে কস্মিংশ্চিৎ কুরুনন্দন!।
রুচ্যা ভগিন্যা আদানং প্রভূতধনধান্যবৎ ॥৪॥
এতস্মিন্নেব কালে তু দিব্যা কাচিদ্বরাঙ্গনা।
বিভ্রতী পরমং রূপং জগামাথ বিহায়সা ॥৫॥
তস্যাঃ শরীরাৎ পুষ্পাণি পতিতানি মহীতলে।
তস্যাশ্রমস্যাবিদূরে দিব্যগন্ধানি ভারত! ॥৬॥

ভারতকৌমুদী

স ইতি। স্পর্দ্ধন্ তপস্যাগর্ব্বং কুর্ব্বন্। গতভীর্নির্ভয়ঃ ॥২॥
উভাবিতি। উভৌ লোকৌ স্বর্গমর্ত্ত্যৌ। বিপুলেন প্রচুরেণ ॥৩॥
অথেতি। আদানং পাণিগ্রহণম্, তদুৎসব আগত ইতি শেষঃ ॥৪॥
এতস্মিন্নিতি॥ দিব্যা স্বর্গীয়া। বিহায়সা আকাশপথেন ॥৫॥

ভারতভাবদীপঃ

বিপুলস্থিত্যধ্যায়স্য তাৎপর্য্যম্—পদ্মপত্রাম্বুবদসঙ্গস্যাপি যোগিনো মাতুরপি স্পর্শমাত্রাদ্দোষো ভবতীতি গুরাবশুভমপি কর্ম্মানিবেদ্য ন স্থাতব্যমিতি চ ॥১—৩॥
আদীয়তেঽস্মিন্ বান্ধবৈর্দত্তম্ উপায়নাদিকং তদাদানং বিবাহাদ্যুৎসবঃ, প্রভূতং বহুধনাদিকং

ভীষ্ম বলিলেন—'ক্রমে শক্তিশালী বিপুল গুরুবাক্য স্মরণ করিয়া গুরুতর তপস্যা করিলেন, তাহাতে তিনি আপনাকে তপস্বী বলিয়া মনে করিতে লাগিলেন ॥১॥

পৃথিবীপতি রাজা! বিপুল সেই তপস্যাদ্বারা মনে মনে গর্ব্ব করিতে থাকিয়া এবং নির্ভয়, সন্তুষ্ট ও লব্ধকীর্ত্তি হইয়া পৃথিবী বিচরণ করিতে থাকিলেন ॥২॥

কৌরবনন্দন! প্রভাবশালী বিপুল সেই প্রচুর তপস্যাদ্বারা ইহলোক ও পরলোক জয় করিয়াছেন বলিয়া মনে করিতে থাকিলেন ॥৩॥

কৌরবনন্দন! তাহার পর কিছুকাল অতীত হইলে, রুচির ভগিনীর পাণিগ্রহণোৎসব উপস্থিত হইল; তাহাতে প্রচুর ধন ও ধান্য যৌতুক ছিল ॥৪॥

এই সময়েই কোন দিব্যা বরবর্ণিনী পরমরূপ ধারণ করিয়া আকাশপথে গমন করিল ॥৫॥

তান্যগৃহ্লাত্ততো রাজন্! রুচির্ললিতলোচনা।
তদা নিমন্ত্রকস্তস্যা অঙ্গেভ্যঃ ক্ষিপ্রমাগমৎ ॥৭॥
তস্যা হি ভগিনী তাত! জ্যেষ্ঠা নাম্না প্রভাবতী।
ভার্য্যা চিত্ররথস্যাথ বভূবাঙ্গেশ্বরস্য বৈ ॥৮॥
পিনহ্য তানি পুষ্পাণি কেশেষু বরবর্ণিনী।
আমন্ত্রিতা ততোঽগচ্ছদ্রুচিরঙ্গপতের্গৃহম্ ॥৯॥
পুষ্পাণি তানি দৃষ্ট্বা তু তদাঙ্গেন্দ্রবরাঙ্গনা।
ভগিনীং চোদয়ামাস পুষ্পার্থে চারুলোচনা ॥১০॥
সা ভর্ত্রে সর্ব্বমাচষ্ট রুচিঃ সুরুচিরাননা।
ভগিন্যা ভাষিতং সর্বমৃষিস্তচ্চাভ্যনন্দত ॥১১॥

ভাবতকৌমুদী

তস্যা ইতি। অবিদূরে সন্নিধানে ॥৬॥

তানীতি। ললিতলোচনা সুন্দরনয়না। নিমন্ত্রক আহ্বায়কো দূত, তস্যা রুচেঃ সমীপে, অঙ্গেভ্যঃ অঙ্গদেশাৎ ॥৭॥

তস্যা ইতি। চিত্ররথস্য তদাখ্যস্য, অঙ্গেশ্বরস্য অঙ্গরাজস্য ॥৮॥

পিনহ্যেতি। । পিনহ্য বদ্ধা। আমন্ত্রিতা তেন নিমন্ত্রকেনাহূতা ॥৯॥

পুষ্পাণীতি। অঙ্গেন্দ্রস্য অঙ্গরাজস্য বরাঙ্গনা প্রধানা স্ত্রী প্রভাবতী, ভগিনীং রুচিম্, চোদয়ামাস আদিদেশ ॥১০॥

সেতি। ঋষির্দেবশর্ম্মা, অভ্যনন্দত আনন্দেনান্বমোদত ॥১১॥

ভাবতভাবদীপঃ

বত্র ॥৪—৬॥ নিমন্ত্রকঃ আকারণার্থং দূতঃ ॥৭—৯॥ চোদয়ামাস মদর্থমপ্যেতানি

ভবতনন্দন! অলৌকিক সৌবভযুক্ত বহুতব পুষ্প সেই আকাশগামিনী মহিলাব শবীব হইতে সেই আশ্রমেব নিকটে ভূতলে পতিত হইল ॥৬॥

রাজা! তাহাব পব সুন্দবনয়না রুচি সেই পুষ্পসকল গ্রহণ কবিলেন। সেই সময়ে নিমন্ত্রণকাবী একজন দূত সত্বব রুচিব নিকটে অঙ্গদেশ হইতে আগমন করিল ॥৭॥

বৎস! রুচিব জ্যেষ্ঠা ভগিনী প্রভাবতী অঙ্গরাজ চিত্ররথেব ভার্য্যা ছিলেন। (তিনিই রুচিকে নিমন্ত্রণ কবিবাব জন্য দূত পাঠাইয়াছিলেন) ॥৮॥

তাহার পব সেই দূত নিমন্ত্রণ কবিলে ববর্ণিনী রুচি, সেই সকল পুষ্প আপন কেশে বন্ধন করিয়া অঙ্গরাজেব ভবনে গমন করিলেন ॥৯॥

তখন অঙ্গরাজেব ভার্য্যা সুন্দবনয়না প্রভাবতী সেই পুষ্পসকল দেখিয়া, তাহা আনিবার জন্য ভগিনী রুচিকে আদেশ করিলেন ॥১০॥

ততো বিপুলমানায্য দেবশর্ম্মা মহাতপাঃ।
পুষ্পার্থে চোদয়ামাস গচ্ছ গচ্ছেতি ভারত! ॥১২॥
বিপুলস্তু গুরোর্ব্বাক্যমবিচার্য্য মহাতপাঃ।
স তথেত্যব্রবীদ্ রাজন্! তঞ্চ দেশং জগাম হ ॥১৩॥
যস্মিন্ দেশে তু তান্যাসন্ পতিতানি নভস্তলাৎ।
অম্লানান্যপি তত্রাসন্ কুসুমান্যপরাণ্যপি ॥১৪॥
স ততস্তানি জগ্রাহ দিব্যানি রুচিরাণি চ।
প্রাপ্তানি স্বেন তপসা দিব্যগন্ধানি ভারত! ॥১৫॥
সম্প্রাপ্য তানি প্রীতাত্মা গুরোর্বচনকারকঃ।
তদা জগাম তূর্ণং চ চম্পাং চম্পকমালিনীম্ ॥১৬॥

ভাবতকৌমুদী

তত ইতি। অন্যেন শিষ্যেন আনায্য। চোদযামাস প্রেবয়ামাস ॥১২॥
বিপুল ইতি। তথা পুষ্পমানেতুং গচ্ছামীত্যর্থঃ ॥১৩॥
যস্মিন্নিতি। নভস্তলাদাকাশাৎ। অম্লানানি অপর্য্যুষিতানি ॥১৪॥
স ইতি॥ দিব্যানি স্বর্গীযানি। দিব্যগন্ধানি অলৌকিকসৌরভাণি ॥১৫॥
সম্প্রাপ্যেতি। চম্পাং তদাখ্যামঙ্গবাজধানীম্, চম্পকমালিনীং বহুতরচম্পকপুষ্পযুক্তাম্ ॥১৬॥

সুন্দববদনা রুচি ভগিনীব কথাগুলি সমস্তই ভর্ত্তাব নিকট বলিলেন; ভর্ত্তা দেবশর্ম্মাও আনন্দেব সহিত সেই সমস্ত অনুমোদন কবিলেন ॥১১॥

ভরতনন্দন! তাহাব পব মহাতপা দেবশর্ম্মা বিপুলকে আনাইয়া, সেই পুষ্পেব জন্য 'যাও যাও' বলিয়া প্রেবণ কবিলেন ॥১২॥

রাজা! তখন মহাতপা বিপুল গুরুবাক্যেব কোন বিচাব না কবিয়া বলিলেন—'তাহাই হইবে' পবে বিপুল সেই স্থানে গমন করিলেন ॥১৩॥

যে স্থানে সেই সকল পুষ্প আকাশ হইতে পতিত হইয়াছিল; সেই স্থানে অম্লান অন্যও সেই পুষ্প বহুতবই ছিল ॥১৪॥

ভবতনন্দন! তাহাব পব বিপুল স্বর্গীয়, সুন্দর সেই সকল পুষ্পগ্রহণ কবিলেন। তিনি নিজেব তপস্যাব ফলেই দিব্যগন্ধ সেই পুষ্পসকল পাইয়াছিলেন ॥১৫॥

গুরুব আদেশকাবী বিপুল সেই পুষ্পসকল পাইয়া সন্তুষ্ট হইয়া, তখনই চম্পকপুষ্পসমূহযুক্ত চম্পানগবীতে সত্বব গমন কবিলেন ॥১৬॥

স বনে নির্জ্জনে তাত ! দদর্শ মিথুনং নৃণাম্ ।
চক্রবৎ পরিবর্ত্তন্তং গৃহীত্বা পাণিনা করম্ ॥১৭॥
তত্রৈকস্তূর্ণমগমত্তৎপদে চ বিবর্ত্তয়ন্ ।
একস্তু ন তদা রাজংশ্চক্রতুঃ কলহং ততঃ ॥১৮॥
ত্বং শীঘ্রং গচ্ছসীত্যেকোঽব্রবীন্নেতি তথাপরঃ ।
নেতি নেতি চ তৌ রাজন্ ! পরস্পরমথোচতুঃ ॥১৯॥
তয়োর্ব্বিস্পর্দ্ধতোরেবং শপথোঽয়মভূত্তদা ।
সহসোদ্দিশ্য বিপুলং ততো বাক্যমথোচতুঃ ॥২০॥

ভাবতকৌমুদী

স ইতি। স বিপুলঃ, বনে গমনমার্গস্থে, মিথুনং স্ত্রীপুরুষরূপযুগলম্। পরিবর্ত্তন্তং ঘূর্ণমানম্ ॥১৭॥

তত্রেতি। একঃ পুরুষঃ, তৎপদে দ্বিতীযস্য চরণে, বিবর্ত্তয়ন্ স্বপদেন ঘট্টনয়া ব্যথয়ন্। একস্তু দ্বিতীয়ঃ স্ত্রীজনঃ তথা ন তূর্ণমগমদিতি শেষঃ ॥১৮॥

ত্বমিতি। ন গচ্ছামি ॥১৯॥

তয়োরিতি। বিস্পর্দ্ধতোঃ স্পর্দ্ধয়া বিবদতোঃ, অযং বক্ষ্যমাণঃ ॥২০॥

ভাবতভাবদীপঃ

পুষ্পাণ্যানয়েতি প্রেরিতবতী ॥১০—১৬॥ পবিবর্ত্তন্তমিতি পুংস্ত্বমাত্মনেপদাভাবশ্চার্ষঃ ॥১৭॥ তৎপদে ইতরস্য পদে পাংশুষু ব্যক্তে আকর্ষণেন বিবর্ত্তযন্ বিষমতাং নয়ন্ ॥১৮॥ নেতি নেত্যন্যোন্যবচনং দূষয়ন্তাবিত্যর্থঃ। অয়ং ভাবঃ—মিথুনস্থেঽর্কে শীঘ্রং গচ্ছন্তী রাত্রিমহর্দেবতা শীঘ্রং গচ্ছসীতি লোকদৃষ্ট্যা পর্য্যনুযুঙ্ক্তে, রাত্রিস্তু স্বমানেনৈবাহং

বৎস! বিপুল গমন কবিবাব সময়ে পথে নির্জ্জন বনে দেখিলেন—দুইটী মানুষ একজনেব হাত অপব জন হাত দিযা ধবিয়া চক্রেব ন্যায় ঘুবিতেছে ॥১৭॥

তাহাদেব মধ্যে একজন নিজেব পদদ্বারা অন্যেব পদে আঘাত করিয়া সত্বব গমন কবিতে লাগিল ; কিন্তু অপর জন সেইরূপ পারিল না। রাজা ! তাহার পব তাহারা দুইজনে বিবাদ কবিতে লাগিল ॥১৮॥

বাজা ! তাহাদেব মধ্যে একজন বলিল—'তুমি সত্বব যাইতেছ ? অপর জন বলিল—'তাহা নহে ! এইভাবে তাহারা 'না—না' বলিযা পরস্পর কলহের বাক্য বলিতে লাগিল ॥১৯॥

তখন তাহারা স্পর্দ্ধাপূর্ব্বক বিবাদ কবিতে থাকিল ; ক্রমে বিপুলকে লক্ষ্য কবিযা তাহাদের এইরূপ শপথ হইল। পরে তাহারা এইবাক্য বলিল ॥২০॥

আবয়োরনৃতং প্রাহ যস্তস্যাভূদ্‌দ্বিজস্য বৈ।
বিপুলস্য পরে লোকে যা গতিঃ সা ভবেদিতি ॥২১॥
এতচ্ছ্রুত্বা চ বিপুলো বিষণ্ণবদনোঽভবৎ।
এবং তীব্রতপাশ্চাহং কষ্টশ্চায়ং পরিশ্রমঃ ॥২২॥
মিথুনস্যাস্য কিং মে স্যাৎ কৃতং পাপং যথাগতিঃ।
অনিষ্টা সর্ব্বভূতানাং কীর্ত্তিতানেন মেঽদ্য বৈ ॥২৩॥
এবং সঞ্চিন্তয়ন্নেব বিপুলো রাজসত্তম ।
অবাঙ্মুখো দীনমনা দধ্যৌ দুষ্কৃতমাত্মনঃ ॥২৪॥
ততঃ ষড়ন্যান্ পুরুষানক্ষৈঃ কাঞ্চনরাজতৈঃ।
অপশ্যদ্দীব্যমানান্ বৈ লোভহর্ষান্বিতাংস্তথা ॥২৫॥
কুর্বতঃ শপথং তেন যঃ কৃতো মিথুনেন তু।
বিপুলং বৈ সমুদ্দিশ্য তেঽপি বাক্যমথাব্রুবন্ ॥২৬॥ (যুগ্মকম্)

ভারতকৌমুদী

আবয়োরিতি। আবয়োর্মধ্যে, যঃ অনৃতং মিথ্যা, প্রাহ ব্রবীতি, তস্য দ্বিজস্য বিপুলস্য পরে লোকে যা গতির্নির্দ্দিষ্টাভূৎ, সাগতির্ভবেৎ। ইতি শব্দো বাক্যসমাপ্ত্যর্থঃ ॥২১॥

এতদিতি। বিষণ্ণবদনো বিষাদেন ম্লানমুখঃ। অয়ং তপশ্চরণবিষয়কঃ পরিশ্রমঃ, কষ্টঃ কষ্টকরো বর্ত্ততে ॥২২॥

মিথুনস্যেতি। মে ময়া অস্য মিথুনস্য মানুষদ্বয়স্য সম্বন্ধে কিং পাপং কৃতং স্যাৎ, যথা, অনেন মিথুনেন সর্ব্বভূতানামনিষ্টা মে গতিরদ্য কীর্ত্তিতা ॥২৩॥

এবমিতি। আত্মনো দুষ্কৃতং পাপং দধ্যৌ চিন্তয়ামাস ॥২৪॥

ভারতভাবদীপঃ

গচ্ছামি ন শীঘ্রমিতি পরিহরতি। এবমুভাবপি সত্যবাদিনৌ নানৃতং শপথং চক্রতুরিতি ॥১৯—২১॥ অয়ং মিথুনস্য পরিশ্রমঃ কষ্ট ইত্যন্বয়ঃ। গতিরনিষ্টেতি সার্দ্ধঃ ॥২২—২৪॥ ষড়্ঋতবো

'ব্রাহ্মণ বিপুলের পরলোকে যে গতি নির্দ্দিষ্ট হইয়াছে, আমাদের মধ্যে যিনি মিথ্যা বলিতেছেন, তাঁহার সেই গতি হইবে' ॥২১॥

বিপুল এই কথা শুনিয়া বিষাদে ম্লানমুখ হইলেন এবং ভাবিলেন আমি এইরূপ গুরুতর তপস্যা করিতেছি; তাহা হইলে কি এই তপস্যা করার পরিশ্রম কষ্টমাত্রই হইল ? ॥২২॥

আমি এই মানুষ দুইটীর সাক্ষাতে কি পাপ করিলাম ? যে, আজ আমার সম্বন্ধে সমস্ত প্রাণীর অনিষ্ট গতির কথা ইহারা বলিল' ॥২৩॥

রাজশ্রেষ্ঠ ! বিপুল এইরূপ ভাবিয়াই অধোমুখ ও বিষণ্ণচিত্ত হইয়া নিজের দুষ্কৃতির বিষয় চিন্তা করিতে লাগিলেন ॥২৪॥

লোভমাস্থায় যোঽস্মাকং বিষমং কর্ত্তুমুৎসহেৎ।
বিপুলস্য পরে লোকে যা গতিস্তামবাপ্নুয়াৎ ॥২৭॥
এতচ্ছ্রুত্বা তু বিপুলো নাপশ্যদ্ধর্ম্মসঙ্করম্।
জন্মপ্রভৃতি কৌরব্য ! কৃতপূর্বমথাত্মনঃ ॥২৮॥
স প্রদধ্যৌ তথা রাজন্ ! অগ্নাবাগ্নিরিবাহিতঃ।
দহ্যমানেন মনসা শাপং শ্রুত্বা তথাবিধম্ ॥২৯॥
তস্য চিন্তয়তস্তাত ! বহ্ব্যো দিননিশা যযুঃ।
ইদমাসীন্মনসি চ রুচ্যা রক্ষণকারিতম্ ॥৩০॥

ভাবতকৌমুদী

তত ইতি। অক্ষৈঃ পাশকৈঃ, কাঞ্চনরাজতৈঃ স্বর্ণরৌপ্যময়ৈঃ। দীব্যমানান্ ক্রীডতঃ। তেন মিথুনেন বিপুলং সমুদ্দিশ্য যঃ শপথঃ কৃতঃ, তমেব শপথং কুর্ব্বতঃ অন্যান্ ষট্পুরুষানপশ্য-দিতি সম্বন্ধঃ ॥২৫—২৬॥

লোভমিতি। লোভং জয়েন ধনলিপ্সাম্, বিষমং নিয়মবৈপরীত্যম্ ॥২৭॥

এতদিতি। ধর্ম্মসঙ্করং পাপেণ সহ ধর্ম্মস্য মিশ্রণম্ ॥২৮॥

স ইতি। প্রদধ্যৌ নিজকর্ম্ম চিন্তয়ামাস, অগ্নৌ নিদাঘোত্তাপে আহিতঃ স্থাপিতঃ, শপথ-শ্রবণেন চিত্তোত্তাপকঃ সন্। শাপং শপথম্ ॥২৯॥

তস্যেতি। রুচ্যাস্তদাখ্যগুরুভার্য্যায়াঃ ॥৩০॥

ভাবতভাবদীপঃ

দীব্যমানান্ অন্যোন্যং জেতুমিচ্ছন্তঃ বসন্তাদয়ো হি বৃষাদীন্ সমরাশীনভিসন্ধায়ায়ং মদীয়োঽয়ং মদীয় ইতি বিবদন্তে তেঽপি মতভেদান্নানৃতবাদিনঃ। মীনাদির্ব্বসন্ত ইতি পক্ষে হি বৃষো গ্রীষ্মান্তর্গতঃ, মেষাদিপক্ষে বসন্তান্তর্গত ইতি ॥২৫—২৯॥ রুচ্যা গুরুভার্য্যায়াঃ ॥৩০॥

তাহার পর বিপুল আবার দেখিলেন, লোভ ও হর্ষযুক্ত অন্য ছয়টী পুরুষ স্বর্ণময় ও রৌপ্যময় পাশকদ্বারা খেলা করিতেছে; পূর্ব্বে সেই মানুষ দুইটী যে শপথ করিয়াছিল, সেই ছয়টী পুরুষও বিপুলকে লক্ষ্য করিয়া সেই শপথই করিতেছে। তাহারাও এইরূপ বাক্য বলিল ॥২৫—২৬॥

'আমাদের মধ্যে যিনি লোভ অবলম্বন করিয়া খেলার নিয়মের বৈপরীত্য করিবার ইচ্ছা করিবেন; তিনি, পরলোকে বিপুলের যে গতি হইবে; সেইরূপ গতিলাভ করিবেন ॥২৭॥

কৌরবনন্দন! বিপুল এই কথা শুনিয়া জন্মাবধি পূর্ব্বকৃত নিজের পাপের সহিত ধর্ম্মের মিশ্রণ দেখিতে পাইলেন না ॥২৮॥

রাজা! বিপুল সেইরূপ শপথ শুনিয়া গ্রীষ্মোত্তাপে স্থাপিত অগ্নির ন্যায় হৃদয়োত্তাপক হইয়া সন্তপ্তচিত্তে চিন্তা করিতে লাগিলেন ॥২৯॥

লক্ষণং লক্ষণেনৈব বদনং বদনেন চ।
বিধায় ন ময়া চোক্তং সত্যমেতদ্ গুরোস্তথা ॥৩১॥
এতদাত্মনি কৌরব্য ! দুষ্কৃতং বিপুলস্তদা।
অমন্যত মহাভাগ ! তথা তচ্চ ন সংশয়ঃ ॥৩২॥
স চম্পাং নগরীমেত্য পুষ্পাণি গুরবে দদৌ।
পূজয়ামাস চ গুরুং বিধিবৎ স গুরুপ্রিয়ঃ ॥৩৩॥
তমাগতমভিপ্রেক্ষ্য শিষ্যং বাক্যমথাব্রবীৎ।
দেবশর্ম্মা মহাতেজা যত্তচ্ছৃণু জনাধিপ ! ॥৩৪॥

দেবশর্ম্মোবাচ।

কিং তে বিপুল ! দৃষ্টং বৈ তস্মিন্ শিষ্য ! মহাবনে।
তে ত্বাং জানন্তি বিপুল ! আত্মা চ রুচিরেব চ ॥৩৫॥

ভারতকৌমুদী

লক্ষণমিতি। বিধায় গুরুভার্য্যা রক্ষিতা ইতি। গুরোঃ সমীপে ॥৩১॥
এতদিতি। সত্যানভিধানস্য মিথ্যাভিধানতুল্যত্বাদিতি ভাবঃ ॥৩২॥
স ইতি। গুরবে বিবাহোৎসবদর্শনার্থং গতায় দেবশর্ম্মণে ॥৩৩॥
তমিতি। তং বিপুলম্, অভিপ্রেক্ষ্য আলক্ষ্য ॥৩৪॥
কিমিতি। তে ত্বয়া। তে বনস্থা জনাঃ, আত্মা স্বয়ং রুচিশ্চ আবামপি জানন্তীত্যর্থঃ ॥৩৫॥

ভারতভাবদীপঃ

লক্ষণং স্ত্রীপুংসয়োরসাধারণং চিহ্নম্, বিধায়ৈকীকৃত্য, পিধায়েতি পাঠেঽপি স এবার্থঃ ॥৩১—৩৩॥

বৎস ! বিপুল নিজের চরিত্র চিন্তা করিতেছিলেন। এমন অবস্থায় বহু-দিন ও রাত্রি অতীত হইল। পরে একদা রুচিকে রক্ষা করার বিষয় তাঁহার মনে পড়িল ॥৩০॥

'আমি চিহ্নদ্বারা গুরুপত্নীর চিহ্ন এবং মুখদ্বারা তাঁহার মুখ করিয়া তাঁহাকে রক্ষা করিয়াছিলাম, এই সত্য বাক্য আমি গুরুদেবের নিকট বলি নাই ॥৩১॥

মহাভাগ ! কৌরবনন্দন ! তখন বিপুল উক্ত সত্য বাক্য 'না বলাই' নিজের পাপ বলিয়া মনে করিলেন; এবিষয়ে কোন সন্দেহ নাই ॥৩২॥

ক্রমে গুরুপ্রিয় বিপুল চম্পানগরীতে যাইয়া ফুলগুলি গুরুকে দিলেন এবং যথাবিধানে তাঁহার পূজা করিলেন ॥৩৩॥

নরনাথ ! তখন মহাতেজা দেবশর্ম্মা শিষ্য বিপুলকে আগত দেখিয়া যে বাক্য বলিয়াছিলেন; তাহা তুমি শ্রবণ কর ॥৩৪॥

(৩৩) শ্লোকাৎ পরং 'দ্বিচত্বারিংশোঽধ্যায়ঃ'—বঙ্গ বর্দ্ধ, 'সপ্তসপ্ততিতমোঽধ্যায়ঃ'—নি।

বিপুল উবাচ।

ব্রহ্মর্ষে! মিথুনং কিং তৎ কে চ তে পুরুষা বিভো!।
যে মাং জানন্তি তত্ত্বেন যন্মাং ত্বং পরিপৃচ্ছসি ॥৩৬॥

দেবশর্ম্মোবাচ।

যদ্বৈ তন্মিথুনং ব্রহ্মন্! অহোরাত্রং হি বিদ্ধি তৎ।
চক্রবৎ পরিবর্ত্তেত তত্তে জানাতি দুষ্কৃতম্ ॥৩৭॥
যে চ তে পুরুষা, বিপ্র! অক্ষৈর্দীব্যন্তি হৃষ্টবৎ।
ঋতূংস্তানভিজানীহি তে তে জানন্তি দুষ্কৃতম্ ॥৩৮॥
ন মাং কশ্চিদ্বিজানীত ইতি কৃত্বা ন বিশ্বসেৎ।
নরো রহসি পাপাত্মা পাপকং কর্ম্ম বৈ দ্বিজ! ॥৩৯॥
কুর্ব্বাণং হি নরং কর্ম্ম পাপং রহসি সর্ব্বদা।
পশ্যন্তি ঋতবশ্চাপি তথা দিননিশেঽপ্যনু ॥৪০॥

ভাবতকৌমুদী

ব্রহ্মেতি। মিথুনং স্ত্রীপুরুষযুগম্, তে ষট্পুরুষাঃ ॥৩৬॥
যদিতি। অহশ্চ রাত্রিশ্চেতি অহোরাত্রম্। পরিবর্ত্তেত ঘূর্ণেত ॥৩৭॥
য ইতি। তে ষট্পুরুষাঃ, তে তব ॥৩৮॥
নেতি। রহসি নির্জ্জনে, পাপকং কর্ম্ম কুর্ব্বন্নিতি শেষঃ ॥৩৯॥
কুর্ব্বাণমিতি। দিননিশে দিনরাত্রী, অনু সর্ব্বদা ॥৪০॥

দেবশর্ম্মা বলিলেন—'শিষ্য বিপুল! তুমি সেই মহাবনে কি দেখিলে? বিপুল! তাঁহারা তোমাকে, আমাকে ও রুচিকে জানেন ॥৩৫॥

বিপুল বলিলেন—'প্রভু ব্রহ্মর্ষি! সেই স্ত্রী ও পুরুষ দুইটী কাহারা এবং সেই ছয়টী পুরুষেরাই বা কাহারা? যাহারা যথার্থভাবে আমাকে জানে এবং আপনি যাহাদের বিষয় জিজ্ঞাসা করিতেছেন' ॥৩৬॥

দেবশর্ম্মা বলিলেন—'ব্রাহ্মণ! সেই যে স্ত্রী ও পুরুষ দুইটী—তুমি তাহাদিগকে রাত্রি ও দিন বলিয়া অবগত হও; তাহারা চক্রের ন্যায় পরিবর্ত্তিত হয় এবং তোমার পাপ জানে ॥৩৭॥

ব্রাহ্মণ! সেই যে ছয়টী পুরুষ আনন্দিতের ন্যায় অক্ষক্রীড়া করিতেছে, তুমি তাহাদিগকে ছয়টী ঋতু বলিয়া অবগত হও; তাহারা তোমার পাপ জানে ॥৩৮॥

সুতরাং ব্রাহ্মণ! পাপাত্মা মানুষ নির্জ্জনে পাপকর্ম্ম করিতে থাকিয়া 'কেহ আমাকে জানিতেছে না' ইহা ভাবিয়া বিশ্বাস করিবে না ॥৩৯॥

তথৈব হি ভবেয়ুস্তে লোকাঃ পাপকৃতো যথা।
কৃত্বা নাচক্ষতঃ কর্ম্ম মম তচ্চ যথাকৃতম্ ॥৪১॥
তে ত্বাং হর্ষান্বিতং দৃষ্ট্বা গুরোঃ কর্ম্মানিবেদকম্।
স্মারয়ন্তস্তথা প্রাহুস্তে যথা শ্রুতবান্ ভবান্ ॥৪২॥
অহোরাত্রং বিজানাতি ঋতবশ্চাপি নিত্যশঃ।
পুরুষে পাপকং কর্ম্ম শুভং বা শুভকর্ম্মিণঃ ॥৪৩॥
তত্ত্বয়া মম যৎ কর্ম্ম ব্যভিচারাদ্ভয়াত্মকম্।
নাখ্যাতমিতি জানন্তস্তে ত্বামাহুস্তথাদ্বিজ ! ॥৪৪॥

ভাবতকৌমুদী

তথেতি। পুণ্যং বা পাপং বা কর্ম কৃত্বা অনাচক্ষতঃ শুশ্রূষোরন্তিকে অকথয়তো জনস্য, পাপকৃতো জনস্য যথা লোকা ভবেয়ুঃ, তস্যাপি তথৈব লোকা ভবেয়ুঃ। মমান্তিকে ত্বয়া যথা তচ্চ কৃতম্ ॥৪১॥

ত ইতি। তে মিথুনাদয়ঃ আত্মনা কৃতস্য কর্ম্মণঃ অনিবেদকমপি ত্বাং হর্ষান্বিতং দৃষ্ট্বা তৎ স্মারয়ন্তঃ, তে তব সমীপে তথা প্রাহুঃ ব্রুবন্তি স্ম, ভবান্ যথা শ্রুতবান্ ॥৪২॥

অহরিতি। শুভং পুণ্যং বা শুভকর্ম্মিণঃ পুণ্যকৃতঃ ॥৪৩॥

ভাবতভাবদীপঃ

তমাগতমিত্যধ্যায়েন পূর্ব্বোক্তার্থবিবরণপূর্ব্বকমাখ্যায়িকার্থমুপসংহরতি ॥৩৪॥ তে ত্বথা ॥৩৫-৪০॥ ত্বয়া যথা গুরুপত্নীরক্ষণং কৃতং তথা ন কল্পিতমিতি পাপকৃতো যথা লোকাস্তথা তব ভবিষ্যন্তী-

---

কারণ, মানুষ নির্জ্জনে পাপকর্ম্ম করিলেও ঋতু, দিন ও রাত্রি সর্ব্বদাই তাহাকে দেখিতে পায় ॥৪০॥

বিপুল ! তুমি কার্য্য করিয়া তাহা যেমন আমার নিকট বল নাই, সেইরূপ কর্ম্ম করিয়া তাহা জিজ্ঞাসুর নিকটে যে না বলে, পাপকারীর যেমন লোক হয়; তাহারও তেমনই লোক হইয়া থাকে ॥৪১॥

তুমি কার্য্য করিয়া তাহা গুরুর নিকট জানাও নাই; অথচ গর্ব্বে হর্ষান্বিত হইয়াছ, ইহা দেখিয়া সেই স্ত্রীপুরুষ যুগলপ্রভৃতি তোমাকে তাহা স্মরণ করাইয়া দিবার জন্য, তুমি যেমন শুনিয়াছ, তেমন বলিয়াছেন ॥৪২॥

দিন, রাত্রি ও ঋতুসকল পুরুষের পাপকার্য্য ও পুণ্যকারীর পুণ্যকার্য্য সর্বদা অবগত হইয়া থাকেন ॥৪৩॥

এবমুক্তস্তথেত্যেনং প্রত্যুক্ত্বা চ্যবনো মুনিঃ।
অভ্যনুজ্ঞায় নৃপতিং তীর্থযাত্রাং যযৌ তদা ॥১৮॥

ভারতকৌমুদী

পিতেতি। পিতামহস্য ব্রহ্মণঃ নিযোগাদাদেশাৎ সম্বন্ধী বিবাহনিবন্ধনসম্বন্ধযুক্তঃ। ষট্‌-পাদঃ শ্লোকঃ ॥১৪॥

কুশিক ইতি। হৃষ্টোঽভবৎ, নিজবংশে ব্রাহ্মণোৎপত্তিসম্ভবাৎ। ষট্‌পাদঃ শ্লোকঃ ॥১৫॥

চ্যবন ইতি। বরার্থং বরগ্রহণার্থম্, চোদয়ামাস প্রেরযামাস ॥১৬॥

বাঢ়মিতি। এবং বরগ্রহণম্। ব্রহ্মভূতং ব্রাহ্মণরূপম্ ॥১৭॥

এবমিতি। প্রত্যুক্ত্বেতি যবাদেশাভাব আর্ষঃ ॥১৮॥

রাজা! ব্রহ্মার আদেশে ইহার অন্যথা হইবে না। তোমার তৃতীয় পুরুষে ব্রাহ্মণত্ব আসিবে এবং তুমি, তপস্বী ভৃগুবংশের সম্বন্ধী হইবে' ॥১৪॥

ভীষ্ম বলিলেন—'ভরতশ্রেষ্ঠ! ধর্ম্মাত্মা কুশিকরাজা মহাত্মা চ্যবনমুনির এই বাক্য শুনিযা আনন্দিত হইলেন এবং তখন এই কথা বলিলেন—'এইরূপই হউক ॥১৫॥

মহাতেজা চ্যবন বরগ্রহণের জন্য পুনর্বার কুশিকরাজাকে অনুরোধ করিলেন; তখন কুশিকরাজা চ্যবনকে বলিলেন—॥১৬॥

'মহর্ষি! আমি নিশ্চযই আপনার নিকট হইতে অভীষ্ট বরগ্রহণ করিব—আমার বংশ ব্রাহ্মণ হউক এবং ধর্ম্মে তাহার মন থাকুক ॥১৭॥

এতত্তে কথিতং সর্ব্বমশেষেণ মহানৃপ ! ।
ভৃগূণাং কুশিকানাঞ্চ অভিসম্বন্ধকারণম্ ॥১৯॥
যথোক্তমৃষিণা চাপি তদা তদভবন্নৃপ ! ।
জন্ম রামস্য চ মুনের্ব্বিশ্বামিত্রস্য চৈব হি ॥২০॥

ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যামনুশাসন-
পর্ব্বণি দানধর্ম্মে কুশিকচ্যবনসংবাদে পঞ্চচত্বারিংশোঽধ্যায়ঃ ॥০॥

ভারতকৌমুদী

এতদিতি। অভিসম্বন্ধকারণং পরস্পরসম্বন্ধবীজম্ ॥১৯॥

যথেতি। ঋষিণা চ্যবনেন, তদা যথাকালে ॥২০॥

ইতি মহামহোপাধ্যায়-ভারতাচার্য্য-শ্রীহরিদাসসিদ্ধান্তবাগীশভট্টাচার্য্যবিরচিতায়াং মহা-ভারতটীকায়াং ভারতকৌমুদীসমাখ্যায়ামনুশাসনপর্ব্বণি দানধর্ম্মে পঞ্চচত্বারিংশোঽধ্যায়ঃ ॥০॥

ভারতভাবদীপঃ

অবশ্যমিতি। আধ্যাত্মিকাতাৎপর্য্যং সংগৃহ্লাতি—যথোক্তমিতি। ব্রাহ্মণস্যাপি রামস্য ক্রৌর্য্যং ক্ষত্রিয়স্যাপি বিশ্বামিত্রস্য ব্রাহ্মণ্যমিতি বৈপরীত্যং প্রাকৃতঋষিসঙ্কল্পানুসারাদেব ন ত্বন্যথা স্বভাববিপর্য্যয়োঽস্তীতি ভাবঃ ॥১—২০॥

ইতি শ্রীমহাভারতে অনুশাসনপর্ব্বণি দানধর্ম্মে নৈলকণ্ঠীয়ে ভারতভাবদীপে
পঞ্চচত্বারিংশোঽধ্যায়ঃ ॥৪৬॥

রাজা এইরূপ বলিলে, 'তাহাই হইবে', এই কথা বলিয়া, রাজার অনুমতি লইয়া, তখনই চ্যবনমুনি তীর্থযাত্রায় চলিয়া গেলেন ॥১৮॥

মহারাজ ! এই আমি তোমার নিকট শেষ না রাখিয়া ভৃগুবংশও কুশিক-বংশের পরস্পর সম্পর্কের কারণ সমস্ত বলিলাম ॥১৯॥

রাজা। চ্যবন যেমন বলিয়াছিলেন, তেমনই যথাকালে পরশুরামের ও বিশ্বামিত্রমুনির জন্ম হইয়াছিল' ॥২০॥

---

* 'ষট্পঞ্চাশোঽধ্যায়ঃ'—বঙ্গ বর্দ্ধ।

ষট্‌চত্বারিংশোঽধ্যায়ঃ।

—ঃ❋ঃ—

যুধিষ্ঠির উবাচ।

মুহ্যামীব নিশম্যাদ্য চিন্তযানঃ পুনঃ পুনঃ।
হীনাং পার্থিবসঙ্ঘাতৈঃ শ্রীমদ্ভিঃ পৃথিবীমিমাম্‌ ॥১॥
প্রাপ্য রাজ্যানি শতশো মহীং জিত্বাথ ভারত !।
কোটিশঃ পুরুষান্‌ হত্বা পরিতপ্যে পিতামহ ! ॥২॥
কা নু তাসাং বরস্ত্রীণাং সমবস্থা ভবিষ্যতি।
যা হীনাঃ পতিভিঃ পুত্রৈর্ম্মাতুলৈর্ভ্রাতৃভিস্তথা ॥৩॥
বযং হি তান্‌ কুরূন্‌ হত্বা জ্ঞাতীংশ্চ সুহৃদোঽপি বা।
অবাক্‌শীর্ষাঃ পতিষ্যামো নরকে নাত্র সংশয়ঃ ॥৪॥
শরীরং যোক্তুমিচ্ছামি তপসোগ্রেণ ভারত !।
উপদিষ্টমিহেচ্ছামি তত্ত্বতোঽহং বিশাম্পতে ॥৫॥

ভারতকৌমুদী

মুহ্যামীতি। নিশম্য বিলোক্য। শ্রীমদ্ভিঃ সম্পদ্‌যুক্তৈঃ ॥১॥
প্রাপ্যেতি। পুরুষান্‌ হত্বা অস্মিন্‌ কুরুক্ষেত্রযুদ্ধে ॥২॥
কেতি। সমবস্থা জীবনদশা ॥৩॥
বয়মিতি। কুরূন্‌ কৌরবান্‌। অবাক্‌শীর্ষা অধোমস্তকাঃ ॥৪॥

ভারতভাবদীপঃ

এবং ব্রাহ্মণ্যস্যাতিশ্রেষ্ঠত্বেঽপি দৌর্ভ্যাং ক্ষত্রিয়ধর্ম্মস্য হিংস্রত্বেন স্বস্য নিন্দ্যত্বং মন্বানঃ

যুধিষ্ঠিব বলিলেন—'বাজলক্ষ্মীসম্পন্ন বাজাবা এই পৃথিবীকে পবিত্যাগ কবিয়া গিয়াছেন, ইহা দেখিযা এবং বাব বাব এই বিষয় চিন্তা কবিযা, আমি আজ যেন মুগ্ধ হইতেছি ॥১॥

ভরতনন্দন পিতামহ ! যুদ্ধে কোটি কোটি পুরুষকে সংহাব কবিযা পৃথিবীকে আযত্তে আনিয়া এবং শত শত বাজ্য পাইযা এখন পবিতপ্ত হইতেছি ॥২॥

যাঁহাবা পতি, পুত্র, মাতুল ও ভ্রাতৃহীন হইযাছেন, সেই উত্তম স্ত্রীদিগেব কি অবস্থা হইবে ? ॥৩॥

আমরা সেই কৌববগণ, জ্ঞাতিগণ ও বন্ধুগণকে বধ কবিযা অধোমস্তক হইযা নবকে পতিত হইব , এবিষযে কোন সন্দেহ নাই ॥৪॥

বৈশম্পায়ন উবাচ।

যুধিষ্ঠিরস্য তদ্বাক্যং শ্রুত্বা ভীষ্মো মহামনাঃ।
পরীক্ষ্য নিপুণং বুদ্ধ্যা যুধিষ্ঠিরমভাষত ॥৬॥
রহস্যমদ্ভুতং চৈব শৃণু বক্ষ্যামি যত্ত্বয়ি।
যা গতিঃ প্রাপ্যতে যেন প্রেত্যভাবে বিশাম্পতে! ॥৭॥
তপসা প্রাপ্যতে স্বর্গস্তপসা প্রাপ্যতে যশঃ।
আয়ুঃপ্রকর্ষো ভোগাশ্চ লভ্যন্তে তপসা বিভো! ॥৮॥
জ্ঞানং বিজ্ঞানমারোগ্যং রূপং সম্পত্তথৈব চ।
সৌভাগ্যং চৈব তপসা প্রাপ্যতে ভরতর্ষভ! ॥৯॥
ধনং প্রাপ্নোতি তপসা মৌনেনাজ্ঞাং প্রযচ্ছতি।
উপভোগাংস্তু দানেন ব্রহ্মচর্য্যেণ জীবিতম্ ॥১০॥

ভাবতকৌমুদী

শরীরমিতি। যোক্তুং যোজয়িতুম্। উপদিষ্টং ভবতেতি শেষঃ ॥৫॥
যুধীতি। পরীক্ষ্য পর্য্যালোচ্য, নিপুণং সবিশেষম্ ॥৬॥
রহস্যমিতি। রহস্যং গুপ্তম্। প্রেত্যভাবে পরলোকবর্ত্তিত্বে ॥৭॥
তপসেতি। আয়ুষঃ প্রকর্ষো বাহুল্যম্, ভোগাঃ সুখানি ॥৮॥
জ্ঞানমিতি। "মোক্ষে ধীর্জ্ঞানমন্যত্র বিজ্ঞানং শিল্পশাস্ত্রয়োঃ"রিত্যমরঃ ॥৯॥

ভারতভাবদীপঃ

শক্তে—মুহ্যামীত্যাদিনা। স্বয়ুক্তং নিশম্য তস্য তাৎপর্য্যং চিন্তয়ানঃ ॥১—৬॥ বীরধর্ম্মস্য শ্রৈষ্ঠ্যং বিবক্ষুস্তপআদীনাং তাবৎ প্রাশস্ত্যং দর্শয়ন্ ভীষ্ম উবাচ—রহস্যমিত্যাদিনা। যা গতিঃ

ভরতনন্দন নরনাথ! আমি আমার এই শরীরকে ভীষণ তপস্যায় নিযুক্ত করিতে ইচ্ছা করি এবং এখন ইহাও ইচ্ছা করি যে, আপনি এবিষয়ে আমাকে যথার্থ উপদেশ দেন ॥৫॥

বৈশম্পায়ন বলিলেন—মহামনা ভীষ্ম যুধিষ্ঠিরের সেই সকল বাক্য শুনিয়া, বুদ্ধিদ্বারা বিশেষভাবে পর্য্যালোচনা করিয়া যুধিষ্ঠিরকে বলিলেন—॥৬॥

'নরনাথ! মানুষ পরলোকে যে কারণে যে গতিলাভ করে সেই বিষয়ে তোমাকে যাহা বলিব, সেই গুপ্ত ও অদ্ভুত বিষয় শ্রবণ কর ॥৭॥

রাজা! মানুষ তপস্যাদ্বারা স্বর্গলাভ করে, তপস্যার গুণে যশ পায় এবং তপস্যার ফলে প্রচুর আয়ু ও সুখ পাইয়া থাকে ॥৮॥

ভরতশ্রেষ্ঠ! মানুষ তপস্যার ফলে জ্ঞান, বিজ্ঞান, আরোগ্য, রূপ, সম্পদ ও সৌভাগ্যলাভ করিয়া থাকে ॥৯॥

অহিংসায়াঃ ফলং রূপং দীক্ষায়া জন্ম বৈ কুলে।
ফলমূলাশিনাং রাজ্যং স্বর্গঃ পর্ণাশিনাং ভবেৎ ॥১১॥
পয়োভক্ষো দিবং যাতি দানেন দ্রবিণাধিকঃ।
গুরুশুশ্রূষয়া বিদ্যা নিত্যশ্রাদ্ধেন সন্ততিঃ ॥১২॥
গবাঢ্যঃ শাকদীক্ষাভিঃ স্বর্গমাহুস্তৃণাশিনাম্।
স্ত্রিয়স্ত্রিষবণং স্নাত্বা বায়ুং পীত্বা ক্রতুং লভেৎ ॥১৩॥
নিত্যস্নায়ী ভবেদ্দক্ষঃ সন্ধ্যে তু দ্বে জপন্ দ্বিজঃ।
মরুং সাধয়তো রাজন্নাকপৃষ্ঠমনাশকে ॥১৪॥

ভাবতকৌমুদী

ধনমিতি। আজ্ঞাং সর্ব্বেষেণ আজ্ঞাদানশক্তিং, প্রযচ্ছতি বিধাতা দদাতি, জীবিতম্ আয়ুঃ ॥১০॥

অহিংসায়া ইতি। দীক্ষায়া যজ্ঞারম্ভস্য ফলং কুলে সদ্বংশে জন্ম ॥১১॥

পয় ইতি। পয়োভক্ষো জলমাত্রপায়ী। দ্রবিণং ধনমধিকং যস্য সঃ ॥১২॥

গবাঢ্য ইতি। শাকদীক্ষাভিঃ শাকমাত্রভোজনাবৃত্তৈঃ। ত্রিষবণং ত্রিসন্ধ্যম্, ক্রতুং যজ্ঞ-ফলম্ ॥১৩॥

নিত্যেতি। দক্ষঃ কার্য্যনিপুণঃ, দ্বে সন্ধ্যে প্রাতঃসায়ংকালয়োঃ, মরুং জলশূন্যদেশম্, সাধয়তো গচ্ছতঃ, অনাশকে নিত্যোপবাসিনি জনে চ নাকপৃষ্ঠং স্বর্গোপরি স্থানলাভঃ ॥১৪॥

ভাবতভাবদীপঃ

ফলম্, যেন সাধনেন, প্রেত্যভাবে মরণানন্তরম্ ॥৭—৯॥ মৌনেন জগদাজ্ঞাকারী ভবতীত্যর্থঃ। জীবিতমায়ুঃ ॥১০—১২॥ ক্রতুং প্রজাপতিম্, প্রাণায়ামৈঃ প্রজাপতিলোকং প্রাপ্নোতীত্যর্থঃ ॥১৩॥

তপস্যার ফলে ধন, মৌনের ফলে আদেশদান করিবার ক্ষমতা, দানের ফলে ভোগ এবং ব্রহ্মচর্য্যের ফলে মানুষ দীর্ঘজীবন লাভ করে ॥১০॥

হিংসা না করার ফল রূপ ও যজ্ঞ করবার ফল সৎকুলে জন্ম, আর ফলমূল-মাত্র ভোজীর রাজত্ব এবং পত্রমাত্র ভোজীর স্বর্গ হইয়া থাকে ॥১১॥

জলমাত্রপায়ী স্বর্গে যায়, দানের ফলে ধনী হয়, গুরুশুশ্রূষায় বিদ্যা জন্মে এবং নিত্য শ্রাদ্ধের ফলে বংশবৃদ্ধি হইয়া থাকে ॥১২॥

শাকমাত্রভোজনে গোসম্পত্তি হয় এবং তৃণমাত্রভোজীর স্বর্গ হইয়া থাকে ; আর তিন বেলা স্নান করিয়া বহু স্ত্রী লাভ করে ও বায়ুমাত্র পান করিয়া যজ্ঞের ফল পাইয়া থাকে ॥১৩॥

রাজা। নিত্যস্নায়ী কার্য্যনিপুণ হয়, প্রাতঃকালে ও সন্ধ্যাকালে জপ করিয়া ব্রাহ্মণ হইয়া থাকে, আর মরুভূমিতে বিচরণ করিয়া বা নিত্যোপবাসী হইয়া স্বর্গলাভ করে ॥১৪॥

স্থণ্ডিলে শযমানানাং গৃহাণি শয়নানি চ।
চীরবল্কলবাসোভির্ব্বাসাংস্যাভরণানি চ ॥১৫॥
শয্যাসনানি যানানি যোগযুক্তে তপোধনে।
অগ্নিপ্রবেশে নিয়তং ব্রহ্মলোকে মহীয়তে ॥১৬॥
রসানাং প্রতিসংহারাৎ সৌভাগ্যমিহ বিন্দতি।
আমিষপ্রতিসংহারাৎ প্রজাস্যায়ুষ্মতী ভবেৎ ॥১৭॥
উদবাসং বসেদ্ যস্তু স নরাধিপতির্ভবেৎ।
সত্যবাদী নরশ্রেষ্ঠ! দৈবতৈঃ সহ মোদতে ॥১৮॥
কীর্ত্তির্ভবতি দানেন তথারোগ্যমহিংসযা।
দ্বিজশুশ্রূষয়া রাজ্যং দ্বিজত্বং চাপি পুষ্কলম্ ॥১৯॥

ভাবতকৌমুদী

স্থণ্ডিল ইতি। স্থণ্ডিলে অগ্নিস্থাপনদেশে শয়নানি শয্যাঃ ॥১৫॥

শয্যেতি। যোগযুক্তে তপোধনে পরলোকে স্যুরিতি শেষঃ ॥১৬॥

রসানামিতি। রসানাং খর্জ্জরনির্য্যাসাদীনাম্, প্রতিসংহারাৎ পরিত্যাগাৎ, বিন্দতি লভতে। আমিষপ্রতিসংহারাৎ মাংসবর্জ্জনাৎ, অস্য আমিষপ্রতিসংহর্ত্তুঃ, প্রজা সন্তানঃ আয়ুষ্মতী দীর্ঘায়ুষ্কা ভবেৎ ॥১৭॥

উদেতি। উদবাসং জপাদিকরণায় জলস্থিতিং বসেৎ কুর্য্যাৎ ॥১৮॥

কীর্ত্তিরিতি। পুষ্কলং প্রচুরং রাজ্যম্, দ্বিজত্বং ব্রাহ্মণত্বম্ ॥১৯॥

ভাবতভাবদীপঃ

দক্ষোঽপি প্রজাপতিবিশেষঃ, গকমমুদকম্, অনাশকমনাহারঃ ॥১৪—১৬॥ প্রতিসংহারা-

স্থণ্ডিলশায়ীর গৃহ ও শয্যা হয় এবং কৌপীন ও বল্কলপরিধায়ীর বস্ত্র ও অলঙ্কার হইয়া থাকে ॥১৫॥

মানুষ যোগী ও তপস্বী হইলে পরলোকে তাহার শয্যা, আসন ও যান হইয়া থাকে এবং অগ্নিপ্রবেশে মৃত্যু হইলে মানুষ নিশ্চয়ই ব্রহ্মলোকে বাস করে ॥১৬॥

রসবর্জ্জন করিলে মানুষ ইহলোকে সৌভাগ্যলাভ করে এবং মাংসবর্জ্জন করিলে তাহার সন্তান দীর্ঘায়ু হয় ॥১৭॥

নরশ্রেষ্ঠ! যে লোক ধ্যান ও জপাদি করিবার জন্য জলে অবস্থান করে, সেই লোক পরলোকে রাজা হয় এবং সত্যবাদী মানুষ পরলোকে দেবগণের সহিত আমোদ করিতে পারে ॥১৮॥

দানে কীর্ত্তি, হিংসা না করায় আরোগ্য এবং ব্রাহ্মণশুশ্রূষায় প্রচুর রাজ্য ও ব্রাহ্মণত্ব হইয়া থাকে ॥১৯॥

পানীয়স্য প্রদানেন কীর্ত্তির্ভবতি শাশ্বতী।
অন্নস্য তু প্রদানেন তৃপ্যতে কামভোগতঃ ॥২০॥
সান্ত্বদঃ সর্ব্বভূতানাং সর্বশোকৈর্বিমুচ্যতে।
দেবশুশ্রূষয়া রাজ্যং দিব্যং রূপং নিয়চ্ছতি ॥২১॥
দীপালোকপ্রদানেন চক্ষুষ্মান্ ভবতে নরঃ।
প্রেক্ষণীযপ্রদানেন স্মৃতিং মেধাঞ্চ বিন্দতি ॥২২॥
গন্ধমাল্যপ্রদানেন কীর্ত্তির্ভবতি পুষ্কলা।
কেশশ্মশ্রুধারয়তামগ্র্যা ভবতি সন্ততিঃ ॥২৩॥
উপবাসঞ্চ দীক্ষাঞ্চ অভিষেকঞ্চ পার্থিব।।
কৃত্বা দ্বাদশবর্ষাণি বরস্থানাদ্বিশিষ্যতে ॥২৪॥

ভাবতকৌমুদী

পানীয়স্যেতি। শাশ্বতী চিরন্তনী ॥২০॥
সান্ত্বদ ইতি। সান্ত্বদঃ সুখজনকবাক্যবক্তা। নিয়চ্ছতি প্রাপ্নোতি ॥২১॥
দীপেতি। প্রেক্ষতেঽস্মিন্নিতি প্রেক্ষণীয়ো দর্পণস্তস্য প্রদানেন ॥২২॥
গন্ধেতি। পুষ্কলা প্রচুরা, অগ্র্যা উত্তমা ॥২৩॥
উপেতি। দীক্ষাং যাগারম্ভম্। বরস্থানাৎ উত্তমস্থানং প্রাপ্য ॥২৪॥

ভারতভাবদীপঃ

ত্যাগাৎ ॥১৭—২৩॥ উপবাসঃ সর্ব্বভোগত্যাগঃ, দীক্ষা জপাদিনিয়মস্বীকারঃ, অভিষেকস্ত্রিষবণং

পানীয় দান করিলে চিরন্তনী কীর্ত্তি হয় এবং অন্নদান করিলে মানুষ কাম-ভোগ করিয়া তৃপ্তিলাভ করে ॥২০॥

মানুষ সমস্ত প্রাণীর সুখজনক বাক্য বলিয়া সমস্ত শোক হইতে মুক্ত হয় এবং দেবতাবিগ্রহের পরিচর্য্যা করিয়া, রাজ্য ও অলৌকিক রূপলাভ করে ॥২১॥

মানুষ দীপের আলোক দান করিয়া চক্ষুষ্মান্ হয় এবং দর্পণদান করিয়া স্মরণ ও মেধালাভ করে ॥২২॥

গন্ধ ও মাল্য দান করায় প্রচুর কীর্ত্তি হয় এবং কেশ ও শ্মশ্রু ধারণকারী-দিগের উৎকৃষ্ট সন্তান জন্মে ॥২৩॥

রাজা! মানুষ দ্বাদশ বৎসর পর্য্যন্ত নিয়মিত উপবাস, যজ্ঞ ও স্নান করিয়া উত্তম স্থানে যাইয়া শ্রেষ্ঠত্ব লাভ করে ॥২৪॥

(২১) শান্তিদঃ সর্ব্বভূতানাম্· ·পি।
(২৪) বীরস্থানাদ্বিশিষ্যতে—বঙ্গ বর্দ্ধ।

দাসীদাসমলঙ্কারান্ ক্ষেত্রাণি চ গৃহাণি চ।
ব্রহ্মদেযাং সুতাং দত্ত্বা প্রাপ্নোতি মনুজর্ষভ ॥২৫॥
ক্রতুভিশ্চোপবাসৈশ্চ ত্রিদিবং যাতি ভারত।
লভতে চ শিবং জ্ঞানং ফলপুষ্পপ্রদো নরঃ ॥২৬॥
সুবর্ণশৃঙ্গৈস্তু বিরাজিতানাং গবাং সহস্রস্য নরঃ প্রদানাৎ।
প্রাপ্নোতি পুণ্যং দিবি দেবলোকমিত্যেবমাহুর্দিবি দেবসঙ্ঘাঃ ॥২৭॥
প্রযচ্ছতে যঃ কপিলাং সবৎসাং কাংস্যোপদোহাং কনকাগ্রশৃঙ্গীম্।
তৈস্তৈর্গুণৈঃ কামদুঘাস্য ভূত্বা নরং প্রদাতারমুপৈতি সা গৌঃ ॥২৮॥
যাবন্তি রোমাণি ভবন্তি ধেন্বাস্তাবৎ ফলং প্রাপ্য স গোপ্রদানাৎ।
পুত্রাংশ্চ পৌত্রাংশ্চ কুলঞ্চ সর্ব্বমাসপ্তমং তারয়তে পরত্র ॥২৯॥

ভাবতকৌমুদী

দাসীতি। দাস্যাদিকং দত্ত্বা ব্রহ্মণে ব্রাহ্মণায দেযাং সুতাং প্রাপ্নোতি ॥২৫॥
ক্রতুভিরিতি। ক্রতুভিরগ্নিহোত্রাদিভির্যজ্ঞৈঃ। শিবং শুভকরম্ ॥২৬॥
সুবর্ণেতি। বিরাজিতানাং শোভিতানাম্, দেবলোকং দেবতাসমাজম্ ॥২৭॥
প্রযচ্ছত ইতি। কাংস্যস্য উপদোহো দোহনপাত্রং যস্যাস্তাম্, কনকং স্বর্ণমগ্রযোযয়োস্তে তাদৃশে শৃঙ্গে যস্যাস্তাম্, গুণৈঃ উৎকর্ষৈঃ, কামদুঘা অভীষ্টদাত্রী ॥২৮॥
যাবন্তীতি। আসপ্তমং আত্মনঃ সপ্তমপুরুষপর্য্যন্তম্ ॥২৯॥

ভাবতভাবদীপঃ

স্নানং ত্রযাণাং সমুচ্চযঃ ॥২৪—২৫॥ শিবং বন্ধবিচ্ছেদহেতুর্জ্ঞানং ফলপুষ্পাদিনা পরমেশ্বরারাধনাৎ

নবশ্রেষ্ঠ! দাসী, দাস, অলঙ্কার, ক্ষেত্র ও গৃহদান করিয়া মানুষ উত্তম কন্যা লাভ করিয়া থাকে ॥২৫॥

ভবতনন্দন! মানুষ যজ্ঞ ও উপবাসদ্বারা স্বর্গে গমন করে এবং ফল ও পুষ্প দান করিয়া মঙ্গলজনক জ্ঞানলাভ করিয়া থাকে ॥২৬॥

মানুষ স্বর্ণশৃঙ্গশোভিত সহস্র গোদান করিয়া স্বর্গে পবিত্র দেবসমাজ লাভ করে; স্বর্গে দেবগণ এইরূপ বলিয়া থাকেন ॥২৭॥

যে লোক সবৎসা, কাংস্যময়, দোহনপাত্রযুক্তা ও স্বর্ণশৃঙ্গসমন্বিতা কপিলা ধেনুদান করে—পরজন্মে সেই দাতার নিকটে সেই ধেনু সেই সেই গুণে তাহার অভীষ্টদায়িনী হইয়া উপস্থিত হয় ॥২৮॥

সেই কপিলা ধেনুদাতা, সেই কপিলার যতগুলি লোম থাকে, তত ফল লাভ করিযা পরলোকে পুত্র, পৌত্রপ্রভৃতি সপ্তম পুরুষ পর্য্যন্ত সমস্ত বংশ উদ্ধার করে ॥২৯॥

সদক্ষিণাং কাঞ্চনচারুশৃঙ্গীং কাংস্যোপদোহাং দ্রবিণোত্তরীয়াম্।
ধেনুং তিলানাং দদতো দ্বিজায় লোকা বসূনাং সুলভা ভবন্তি ॥৩০॥
স্বকর্ম্মভির্মানবং সন্নিরুদ্ধং তীব্রান্ধকারে নরকে পতন্তম্।
মহার্ণবে নৌরিব বায়ুযুক্তা দানং গবাং তারয়তে পরত্র ॥৩১॥
যো ব্রহ্মদেয়াং তু দদাতি কন্যাং ভূমিপ্রদানঞ্চ করোতি বিপ্রে।
দদাতি চান্নং বিধিবচ্চ যশ্চ স লোকমাপ্নোতি পুরন্দরস্য ॥৩২॥
নৈবেশিকং সর্ব্বগুণোপপন্নং দদাতি বৈ যস্তু নরো দ্বিজায়।
স্বাধ্যায়চারিত্রগুণান্বিতায় তস্যাপি লোকাঃ কুরুষূত্তরেষু ॥৩৩॥
ধুর্য্যপ্রদানেন গবাং তথা বৈ লোকানবাপ্নোতি নরো বসূনাম্।
স্বর্গায় চাহুস্তু হিরণ্যদানং ততো বিশিষ্টং কনকপ্রদানম্ ॥৩৪॥

ভারতকৌমুদী

সদক্ষিণামিতি। দ্রবিণং ধনম্ উত্তরীয়মুপরিস্থং যস্যাস্তাম্ ॥৩০॥

স্বেতি। স্বকর্মভির্নিজপাপকার্য্যৈঃ, সন্নিরুদ্ধং স্থানান্তরগমনে বাধিতম্। গবাং দানং কর্তৃ ॥৩১॥

য ইতি। ব্রহ্মদেয়াং ব্রাহ্মবিবাহবিধিনা দাতব্যাম্ ॥৩২॥

নৈবেশিকমিতি। নিবেশেন গৃহেণ সংসৃষ্টমিতি নৈবেশিকম্ পর্য্যঙ্কাদিকম্, উত্তরেষু কুরুষু উত্তরকুরুদেশে। স দেশঃ স্বর্গতুল্য ইতি প্রসিদ্ধিঃ ॥৩৩॥

যে লোক দক্ষিণাযুক্ত এবং সুন্দর স্বর্ণশৃঙ্গ, কাংস্যময় দোহনপাত্র ও ধন-সমন্বিত তিলধেনু ব্রাহ্মণকে দান করে; সেই লোকের পক্ষে বসুলোক সুলভ হয় ॥৩০॥

মানুষ যখন নিজের দুষ্কার্য্যের ফলে স্বর্গাদিগমনে নিরুদ্ধ হইয়া ঘোরান্ধকারযুক্ত নরকে পতিত হইতে থাকে; তখন মহাসমুদ্রে বায়ুপ্রেরিত নৌকার ন্যায় নিজকৃত গোদানের পুণ্য সেই মানুষকে পরলোকে উদ্ধার করে ॥৩১॥

যে লোক ব্রাহ্মবিধানে কন্যাদান করে, যে মানুষ ব্রাহ্মণকে ভূমিদান করে এবং যে ব্যক্তি যথাবিধানে অন্নদান করে, তাহারা ইন্দ্রলোক প্রাপ্ত হয় ॥৩২॥

যে লোক বেদাধ্যায়ী, সচ্চরিত্র ও অন্যান্য গুণযুক্ত ব্রাহ্মণকে সর্ব্বগুণসম্পন্ন গৃহোপকরণ দান করে, তাহারও উত্তর কুরুদেশে বসতি হইয়া থাকে ॥৩৩॥

ছত্রপ্রদানেন গৃহং বরিষ্ঠং যানং তথোপানহসম্প্রদানে।
বস্ত্রপ্রদানেন ফলং স্বরূপং গন্ধপ্রদানাৎ সুরভির্নরঃ স্যাৎ ॥৩৫॥
পুষ্পোপগং বাথ ফলোপগং বা যঃ পাদপং স্পর্শয়তে দ্বিজায়।
সশ্রীকমৃদ্ধং বহুরত্নপূর্ণং লভত্যযত্নোপগতং গৃহং বৈ ॥৩৬॥
ভক্ষ্যান্নপানীয়রসপ্রদাতা সর্ব্বান্ সমাপ্নোতি রসান্ প্রকামম্।
প্রতিশ্রয়াচ্ছাদনসম্প্রদাতা প্রাপ্নোতি তান্যেব ন সংশয়োঽত্র ॥৩৭॥
স্রগ্ধূপ গন্ধানমুলেপনানি স্নানানি মাল্যানি চ মানবো যঃ।
দদ্যাদ্দ্বিজেভ্যঃ স ভবেদরোগস্তথাভিরূপশ্চ নরেন্দ্র! লোকে ॥৩৮॥

ভাবতকৌমুদী

ধুর্য্যেতি। ধূর্য্যস্য ভারবাহিনো বৃষস্য প্রদানেন, গবাং ধেনূনাং তথা প্রদানেন চ। হিরণ্যদানং ধনবিতরণম্ ॥৩৪॥

ছত্রেতি। উপানহশ্চর্ম্মপাদুকাযাঃ সম্প্রদানে। "উপানহ ইত্যদন্তত্বমার্ষমিতি" নীলকণ্ঠঃ। স্বরূপং সৌন্দর্য্যলাভঃ। সুরভির্দেহসৌগন্ধ্যবান্ ॥৩৫॥

পুষ্পেতি। পুষ্পোপগম্ পুষ্পযুক্তম্, ফলোপগং ফলান্বিতম্, পাদপং বৃক্ষম্, স্পর্শয়তে দদাতি। "ত্যাগো বিহাপনং দানং স্পর্শনং প্রতিপাদন"মিত্যমরঃ। সশ্রীকং শোভাযুক্তম্, ঋদ্ধং উত্তমোপকরণসম্পন্নম্ ॥৩৬॥

ভক্ষ্যেতি। প্রকামং পর্য্যাপ্তং যথাস্যত্তথা। প্রতিশ্রয়ো গৃহম্ আচ্ছাদনং বস্ত্রঞ্চ তযোঃ সম্প্রদাতা ॥৩৭॥

স্রগিতি। স্রক্ পুষ্পমাল্যম্ স্নানানি তৈলহরিদ্রাদীনি স্নানীয়দ্রব্যাণি মাল্যাণি মুক্তাহারান্ অভিরূপঃ সুন্দরঃ ॥৩৮॥

ভারতভাবদীপঃ

প্রাপ্যত ইত্যর্থঃ ॥২৬—৩২॥ নৈবেশিকং গৃহোপস্করং শয্যাদি ॥৩৩—৩৪॥ উপানহেত্য-

মানুষ, বৃষ বা ধেনুদানের ফলে বসুলোক লাভ করে এবং মুনিরা বলেন—ধনদান স্বর্গ উৎপাদন করে; আর স্বর্ণদান তদপেক্ষাও উৎকৃষ্ট ॥৩৪॥

ছত্রদানে উত্তম গৃহ এবং পাদুকাদানে উৎকৃষ্ট যান লাভ হইয়া থাকে, আর মানুষ বস্ত্রদানের ফলে সৌন্দর্য্যলাভ করে এবং গন্ধদ্রব্যদানে সৌরভশালী হয় ॥৩৫॥

যে লোক ব্রাহ্মণকে পুষ্পযুক্ত বা ফলযুক্ত বৃক্ষদান করে, সে লোক বহুরত্নপূর্ণ, শোভান্বিত ও সমৃদ্ধিযুক্ত অযত্নোপস্থিত গৃহলাভ করিয়া থাকে ॥৩৬॥

অন্ন, পানীয়, অন্য খাদ্য ও রসদানকারী লোক যথেষ্ট পরিমাণে সমস্ত রস লাভ করে এবং গৃহ ও বস্ত্রদাতা, সেই গৃহপ্রভৃতিই লাভ করিয়া থাকে, এবিষয়ে সন্দেহ নাই ॥৩৭॥

বীজৈরশূন্যং শয়নৈরুপেতং দদ্যাদ্‌গৃহং যঃ পুরুষো দ্বিজায়।
পুণ্যাভিরামং বহুরত্নপূর্ণং লভত্যধিষ্ঠানবরং স রাজন্‌! ॥৩৯॥
সুগন্ধচিত্রাস্তরণোপধানং দদ্যান্নরো যঃ শয়নং দ্বিজায়।
রূপান্বিতাং পক্ষবতীং মনোজ্ঞাং ভার্য্যামযত্নোপগতাং লভেৎ সঃ ॥৪০॥
পিতামহস্থানবরো বীরশায়ী ভবেন্নরঃ।
নাধিকং বিদ্যতে যস্মাদিত্যাহুঃ পরমর্ষয়ঃ ॥৪১॥
বৈশম্পায়ন উবাচ।
তস্য তদ্বচনং শ্রুত্বা প্রীতাত্মা কুরুনন্দনঃ।
নাশ্রমে রোচয়দ্বাসং বীরমার্গাভিকাঙ্ক্ষয়া ॥৪২॥

ভারতকৌমুদী

বীজৈরিতি। অশূন্যং যুক্তম্‌, শয়নৈঃ শয্যাভিঃ। পুণ্যং পবিত্রঞ্চ তৎ, অভিরামং সুন্দরঞ্চেতি তৎ, অধিষ্ঠানবরমুৎকৃষ্টং গৃহম্‌ ॥৩৯॥

সুগন্ধেতি। সুগন্ধানি চিত্রাণি চ আস্তরণানি উপধানানি উপবর্হাণি চ যস্য তৎ, শয়নং শয্যাম্‌, পক্ষবতীং সুন্দরকেশপাশযুক্তাম্‌। "কেশে পক্ষঃসমূহার্থ" ইতি শাশ্বতঃ ॥৪০॥

পিতেতি। যো নরঃ বীরশায়ী বীর ইব ধরাশায়ী ভবেৎ, স নরঃ, যস্মাদধিকং শ্রেষ্ঠং দৈবতং ন বিদ্যতে, তস্য পিতামহস্য ব্রহ্মণঃ অনবরঃ অন্যূনঃ, ইতি পরমর্ষয় আহুঃ ॥৪১॥

তস্যেতি। কুরুনন্দনো যুধিষ্ঠিরঃ। বীরমার্গাভিকাঙ্ক্ষয়া বীরগতিলিপ্সয়া ॥৪২॥

ভারতভাবদীপঃ

দন্তত্বমার্বম্‌ ॥৩৫—৩৮॥ অধিষ্ঠানবরং ধ্রুবপদম্‌ ॥৩৯॥ পক্ষবতীং মহাকুলোদ্ভবাম্‌ ॥৪০॥ তাৎ-

---

নরনাথ! যে লোক ব্রাহ্মণগণকে পুষ্পমাল্য, ধূপ, গন্ধদ্রব্য, অনুলেপন স্নানীয়দ্রব্য ও মুক্তাদিমাল্য দান করে; সেই লোক জগতে নীরোগ ও সুন্দর হইয়া থাকে ॥৩৮॥

রাজা! যে মানুষ ব্রাহ্মণকে ধান্যাদিবীজ ও শয্যাযুক্ত গৃহদান করে; সেই লোক পবিত্র, সুন্দর ও বহুরত্নপূর্ণ উত্তম গৃহলাভ করিয়া থাকে ॥৩৯॥

যে লোক ব্রাহ্মণকে সুগন্ধ ও বিচিত্র আস্তরণ ও উপধান (বালিশযুক্ত) শয্যাদান করে; সেই লোক বিনা চেষ্টায় রূপবতী, সুকেশী ও মনোহারিণী ভার্য্যালাভ করিয়া থাকে ॥৪০॥

মহর্ষিরা বলেন—বীরের ন্যায় ভূমিশায়ী মানুষ—যাহা হইতে শ্রেষ্ঠ দেবতা নাই, সেই ব্রহ্মার সমান হইয়া থাকেন' ॥৪১॥

বৈশম্পায়ন বলিলেন—'যুধিষ্ঠির ভীষ্মের সেই কথা শুনিয়া সন্তুষ্ট হইয়া বীরের গতিলাভ করিবার ইচ্ছা করিয়া আর গৃহস্থাশ্রমে বাস করিবার ইচ্ছা করিলেন না ॥৪২॥

ততো যুধিষ্ঠিরঃ প্রাহ পাণ্ডবান্ পুরুষর্ষভ ! ।
পিতামহস্য যদ্বাক্যং তদ্বো রোচত্বিতি প্রভুঃ ॥৪৩॥
ততস্তু পাণ্ডবাঃ সর্বে দ্রৌপদী চ যশস্বিনী ।
যুধিষ্ঠিরস্য তদ্বাক্যং বাঢ়মিত্যভ্যপূজয়ন্ ॥৪৪॥

ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যামনুশাসন-
পর্ব্বণি দানধর্ম্মে ষট্চত্বারিংশোঽধ্যায়ঃ ॥০॥

সপ্তচত্বারিংশোঽধ্যায়ঃ।*

—ঃ❋ঃ—

যুধিষ্ঠির উবাচ।
আরামাণাং তড়াগানাং যৎ ফলং কুরুপুঙ্গব ! ।
তদহং শ্রোতুমিচ্ছামি ত্বত্তোঽদ্য ভরতর্ষভ ! ॥১॥

ভারতকৌমুদী

তত ইতি। বো যুষ্মভ্যং রোচতু রোচতাম্ ॥৪৩॥

তত ইতি। বাঢ়মবশ্যং কর্ত্তব্যমিত্যুক্ত্বা অভ্যপূজয়ন্ প্রাশংসন্ ॥৪৪॥

ইতি মহামহোপাধ্যায় ভারতাচার্য্য শ্রীহরিদাসসিদ্ধান্তবাগীশভট্টাচার্য্যবিরচিতায়াং মহা-
ভারতটীকায়াং ভারতকৌমুদীসমাখ্যায়ামনুশাসনপর্ব্বণি দানধর্ম্মে ষট্চত্বারিংশোঽধ্যায়ঃ ॥০॥

ভারতভাবদীপঃ

পর্য্যমাহ—পিতামহস্যেতি। অনবরঃ সমানঃ। যস্মাৎ পিতামহাৎ ॥৪১॥ তস্যেতি যজ্ঞাদিষ-
রুচিং বীরমার্গে চাপেক্ষাং লেভে ইত্যর্থঃ ॥৪২—৪৪॥

ইতি শ্রীমহাভারতে অনুশাসনপর্ব্বণি দানধর্ম্মে নৈলকণ্ঠীয়ে ভারতভাবদীপে
ষট্চত্বারিংশোঽধ্যায়ঃ ॥৪৬॥

নরশ্রেষ্ঠ ! তারপর রাজা যুধিষ্ঠির পাণ্ডবগণকে বলিলেন—'পিতামহ' যে বাক্য বলিয়াছেন, তাহা তোমাদের অভিপ্রেত হউক' ॥৪৩॥

তদনন্তর পাণ্ডবেরা সকলে ও যশস্বিনী দ্রৌপদী 'অবশ্যই হইবে' এই কথা বলিয়া যুধিষ্ঠিরের সেই বাক্যের প্রশংসা করিলেন' ॥৪৪॥

---

* '...সপ্তপঞ্চাশোঽধ্যায়ঃ'—বঙ্গ বর্দ্ধ।

ভীষ্ম উবাচ।

সুপ্রদর্শা বলবতী চিত্রা ধাতুবিভূষিতা।
উপেতা সর্ব্বভূতৈশ্চ শ্রেষ্ঠা ভূমিরিহোচ্যতে ॥২॥
তস্যাঃ ক্ষেত্রবিশেষাশ্চ তড়াগানাঞ্চ বন্ধনম্।
ঔদকানি চ সর্বাণি প্রবক্ষ্যাম্যনুপূর্বশঃ ॥৩॥
তড়াগানাঞ্চ বক্ষ্যামি কৃতানাঞ্চাপি যে গুণাঃ।
ত্রিষু লোকেষু সর্বত্র পূজনীয়স্তড়াগবান্ ॥৪॥
অথবা মিত্রসদনং মৈত্রং মিত্রবিবর্দ্ধনম্।
কীর্ত্তিসঞ্জননং শ্রেষ্ঠং তড়াগানাং নিবেশনম্ ॥৫॥

ভারতকৌমুদী

আরামাণামিতি। আরামাণামুপবনানাম্, তড়াগানাং জলাশয়বিশেষাণাম্ ॥১॥
সুপ্রদর্শেতি। বলবতী শস্যোৎপাদনে শক্তিমতী, ধাতুভির্গৈরিকাদিভির্বিভূষিতা ॥২॥
তস্যা ইতি। বন্ধনং নির্ম্মাণম্, ঔদকানি উদকসম্বন্ধীনি কূপাদীনি ॥৩॥
তড়াগানামিতি। গুণা উৎকর্ষাঃ। তড়াগবান্ তদাখ্যজলাশয়যুক্তঃ ॥৪॥
অথবেতি। মিত্রস্য সূর্য্যস্যেদমিতি মৈত্রঞ্চ তৎ সদনঞ্চেতি মৈত্রসদনম্ প্রতিবিম্বরূপেণ সূর্য্যস্যাবস্থানস্থানম্, মৈত্রং প্রাণিনাং মিত্রতাসাধনম্, মিত্রবিবর্দ্ধনং জলেন সৌহার্দ্দজননাৎ। নিবেশনং নির্ম্মাণম্ ॥৫॥

ভাবতভাবদীপঃ

এবং বিশোকীকৃতঃ স্বস্থশ্চ রাজা সর্ব্ববর্ণসাধারণান্ ধনসাধ্যান্ ধর্ম্মাংস্তাবৎ পৃচ্ছতি—আরামাণামিতি ॥১॥ বলবতী বহুশস্যোৎপাদিকা ॥২॥ ঔদকানি খাতানি তড়াগানি ॥৩॥ ত্রিষু পৃথিব্যন্তরিক্ষস্বর্গেষু, তড়াগবান্ তড়াগকৃৎ ॥৪॥ মিত্রাণাং সদনমিবোপকারকং শস্যোৎপাদনাদিনা, মৈত্রং মিত্রস্য সূর্য্যস্যেদং প্রীতিকরম্, মিত্রাণাং দেবানাং বিবর্দ্ধনং পোষকম্ ॥৫॥

যুধিষ্ঠির বলিলেন—'ভরতশ্রেষ্ঠ কৌরবপ্রধান! উপবন ও জলাশয়ের যে ফল, তাহা আমি আজ আপনার নিকট শুনিতে ইচ্ছা করি' ॥১॥

ভীষ্ম বলিলেন—'সুদৃশ্যা শস্যোৎপাদিনী, বিচিত্রা গৈরিকাদি ধাতুশোভিতা ও সমস্ত প্রাণিসমন্বিতা ভূমিকেই এই জগতে শ্রেষ্ঠ বলা হয় ॥২॥

সেই ভূমিসম্বন্ধী বিশেষ বিশেষ ক্ষেত্র ও জলাশয়নির্ম্মাণ এবং জলের আধার কূপাদি সমস্তই আনুপূর্ব্বিক বলিব ॥৩॥

নির্ম্মিত জলাশয়ের যে সকল গুণ আছে তাহাও বলিব; জলাশয়যুক্ত মানুষ ত্রিভুবনের সর্ব্বত্রই পূজনীয় হইয়া থাকেন—॥৪॥

অথবা জলাশয়নির্ম্মাণ, সূর্য্যের গৃহনির্ম্মাণের তুল্য, প্রাণিগণের সৌহার্দ্দজনক, মিত্রবর্দ্ধক, কীর্ত্তিজনক ও সর্ব্বশ্রেষ্ঠ কার্য্য ॥৫॥

ধর্ম্মস্যার্থস্য কামস্য ফলমাহুর্ম্মনীষিণঃ।
তড়াগসুকৃতং দেশে ক্ষেত্রমেকং মহাশ্রয়ম্ ॥৬॥
চতুর্বিধানাং ভূতানাং তড়াগমুপলক্ষয়েৎ।
তড়াগানি চ সর্বাণি দিশন্তি শ্রিয়মুত্তমাম্ ॥৭॥
দেবমনুষ্যগন্ধর্বাঃ পিতরো যক্ষরাক্ষসাঃ।
স্থাবরাণি চ ভূতানি সংশ্রয়ন্তি জলাশয়ম্ ॥৮॥
তস্মাত্তাংস্তে প্রবক্ষ্যামি তড়াগে যে গুণাঃ স্মৃতাঃ।
যা চ তত্র ফলাবাপ্তিঋর্ষিভিঃ সমুদাহৃতা ॥৯॥
বর্ষাকালে তড়াগে তু সলিলং যস্য তিষ্ঠতি।
অগ্নিহোত্রফলং তস্য ফলমাহুর্ম্মনীষিণঃ ॥১০॥

ভারতকৌমুদী

ধর্ম্মস্যেতি। ধর্ম্মাদীনাং জনকমিত্যর্থঃ। তড়াগেন সুকৃতং সুখাস্পদীকৃতম্। মহাশ্রয়ং প্রাণিনামুত্তমমাশ্রয়স্থানমাহুঃ ॥৬॥

চতুরিতি। চতুর্বিধানাং জরায়ুজাণ্ডজস্বেদজোদ্ভিজ্জানাম্। উপলক্ষয়েদুপকারকত্বেন সর্ব্বএব পশ্যেৎ। দিশন্তি সর্ব্বএব ক্রবন্তি ॥৭॥

দেবা ইতি। স্থাবরাণি ভূতানি তরুলতাদীনি ॥৮॥

তস্মাদিতি। গুণা উৎকর্ষাঃ ॥৯॥

বর্ষেতি। যস্য জনস্য তড়াগ ইতি সম্বন্ধঃ ॥১০॥

পণ্ডিতগণ বলেন—এক জলাশয়নির্ম্মাণেরই ফল ধর্ম্ম, অর্থ ও কাম এবং দেশে এক জলাশয়শোভিত স্থানই প্রাণিগণের উৎকৃষ্ট আশ্রয় ॥৬॥

এক জলাশয়ই জরায়ুজ, অণ্ডজ, স্বেদজ ও উদ্ভিজ্জ, এই চতুর্বিধ প্রাণীর উপকারক বলিয়া লক্ষ্য করিবে এবং পণ্ডিতেরা বলেন—সকল জলাশয়ই উত্তম সম্পদ ॥৭॥

দেবগণ, মনুষ্যগণ, গন্ধর্ব্বগণ, পিতৃগণ, যক্ষগণ, রাক্ষসগণ এবং স্থাবর সমস্ত প্রাণী জলাশয়কে আশ্রয় করিয়া থাকে ॥৮॥

অতএব যুধিষ্ঠির! জলাশয়ে যে সকল গুণ আছে এবং ঋষিরা জলাশয়-নির্ম্মাণে যে ফলপ্রাপ্তি বলিয়াছেন; তাহা আমি তোমার নিকট বলিব ॥৯॥

যে লোকের জলাশয়ে বর্ষাকালে জল থাকে, তাহার অগ্নিহোত্রযাগের ফলের ন্যায় ফল হয়, ইহা জ্ঞানীরা বলেন ॥১০॥

---

(৮) পিতরোরগরাক্ষসাঃ··· বঙ্গ বর্দ্ধ।

শরৎকালে তু সলিলং তড়াগে যস্য তিষ্ঠতি।
গোসহস্রস্য স প্রেত্য লভতে ফলমুত্তমম্ ॥১১॥
হেমন্তকালে সলিলং তড়াগে যস্য তিষ্ঠতি।
স বৈ বহুসুবর্ণস্য যজ্ঞস্য লভতে ফলম্ ॥১২॥
যস্য বৈ শৈশিরে কালে তড়াগে সলিলং ভবেৎ।
তস্যাগ্নিষ্টোমযজ্ঞস্য ফলমাহুর্মনীষিণঃ ॥১৩॥
তড়াগং সুকৃতং যস্য বসন্তে তু মহাশ্রয়ম্।
অতিরাত্রস্য যজ্ঞস্য ফলং স সমুপাশ্নুতে ॥১৪॥
নিদাঘকালে পানীয়ং তড়াগে যস্য তিষ্ঠতি।
বাজিমেধফলং তস্য ফলং বৈ মুনয়ো বিদুঃ ॥১৫॥
স কুলং তারয়েৎ সর্বং যস্য খাতে জলাশয়ে।
গাবঃ পিবন্তি সলিলং সাধবশ্চ নরাঃ সদা ॥১৬॥

ভারতকৌমুদী

শরদিতি। গোসহস্রস্য গোসহস্রদানস্য, প্রেত্য পরলোকে ॥১১॥
হেমন্তেতি। বহুসুবর্ণস্য বহুসুবর্ণদক্ষিণাযুক্তস্য ॥১২॥
যস্যেতি। শৈশিরে শীতসম্বন্ধিনি ॥১৩॥
তড়াগমিতি। সুকৃতং সুষ্ঠুনির্ম্মিতম্, মহাশ্রয়ং প্রচুরজলাধারভূতম্ ॥১৪॥
নিদাঘেতি। নিদাঘকালে গ্রীষ্মসময়ে ॥১৫॥
স ইতি। কুলং বংশম্। খাতে খননাস্পদীকৃতে ॥১৬॥

যাঁহার জলাশয়ে শরৎকালে জল থাকে; তিনি পরলোকে যাইয়া সহস্র-গোদানের উত্তম ফললাভ করেন ॥১১॥

যাঁহার জলাশয়ে হেমন্তকালে জল থাকে; তিনি বহুসুবর্ণদক্ষিণাযুক্ত যজ্ঞের ফললাভ করিয়া থাকেন ॥১২॥

যাঁহার জলাশয়ে শীতকালে জল থাকে, তাঁহার অগ্নিষ্টোম যজ্ঞের ফল হয়; এই কথা পণ্ডিতেরা বলেন' ॥১৩॥

যাঁহার সুনির্ম্মিত জলাশয় বসন্তকালে বহু জলের আশ্রয় হয়; তিনি অতি-রাত্র যজ্ঞের ফলভোগ করেন ॥১৪॥

গ্রীষ্মকালে যাঁহার জলাশয়ে জল থাকে; তাঁহার অশ্বমেধযজ্ঞের ফলের ন্যায় ফল হয়; ইহা মুনিরা মনে করেন ॥১৫॥

যাঁহার নির্ম্মিত জলাশয়ে গোগণ ও সজ্জনগণ সর্ব্বদা জলপান করেন সেই ব্যক্তি সমস্ত বংশ উদ্ধার করেন ॥১৬॥

তড়াগে যস্য গাবস্তু পিবন্তি তৃষিতা জলম্।
মৃগপক্ষিমনুষ্যাশ্চ সোঽশ্বমেধফলং লভেৎ ॥১৭॥
যৎ পিবন্তি জলং তত্র স্নায়ন্তে বিশ্রমন্তি চ।
তড়াগে যস্য তৎ সর্ব্বং প্রেত্যানন্ত্যায় কল্পতে ॥১৮॥
দুর্লভং সলিলং তাত! বিশেষেণ পরত্র বৈ।
পানীয়স্য প্রদানেন প্রীতির্ভবতি শাশ্বতী ॥১৯॥
তিলান্ দদত পানীয়ং দীপান্ দদত জাগৃত।
জ্ঞাতিভিঃ সহ মোদধ্বমেতৎ প্রেত্য সুদুর্লভম্ ॥২০॥
সর্ব্বদানৈর্গুরুতরং সর্বদানৈর্বিশিষ্যতে।
পানীয়ং নরশার্দূল! তস্মাদ্দাতব্যমেব হি ॥২১॥

ভাবতকৌমুদী

তড়াগ ইতি। মৃগাঃ পশবঃ "পশবোঽপি মৃগা" ইত্যমরঃ ॥১৭॥

যদিতি। স্নায়ন্তে স্নান্তি, বিশ্রমন্তি বিশ্রাম্যন্তি। প্রেত্য পরলোকে ॥১৮॥

দুর্লভমিতি। পরত্র পরলোকে। ইহলোকে পানীয়স্য প্রদানেন, পরলোকে শাশ্বতী চিরন্তনী, প্রীতির্ভবতি ॥১৯॥

তিলানিতি। জাগৃত ধর্ম্মানুষ্ঠানে যূয়ং সতর্কা ভবত। এতৎ উক্তসকলজনিতং ফলম্ ॥২০॥

সর্ব্বেতি। সর্ব্বেষামেব দ্রব্যাণাং দানৈর্গুরুতরং ফলং লভ্যতে, তৈঃ সর্ব্বদানৈরপি বিশিষ্যতে জলদানমুৎকৃষ্যতে ॥২১॥

যাঁহাব জলাশয়ে গো, অন্যান্য পশু, পক্ষী ও মনুষ্যেবা তৃষ্ণার্ত্ত হইয়া জল পান কবে; সেই লোক অশ্বমেধ যজ্ঞেব ফললাভ কবে ॥১৭॥

যাঁহার সেই জলাশয়ে উক্ত প্রাণীবা যে জল পান কবে, স্নান কবে ও তীরে বিশ্রাম করে; সেই সকল কার্য্য পবলোকে তাঁহাব অনন্ত ফল উৎপাদন কবিয়া থাকে ॥১৮॥

বৎস! ইহলোকেই জল দুর্লভ, পবলোকে ত অত্যন্ত দুর্লভ; সুতরাং ইহ-লোকে জলদান করায় পবলোকে সর্ব্বদা প্রীতি হইয়া থাকে ॥১৯॥

অতএব তোমবা তিল বিতবণ কব, জল ও দীপ দান কব, সর্ব্বদা ধর্ম্মানু-ষ্ঠানে সতর্ক থাক এবং জ্ঞাতিগণেব সহিত ধর্ম্মকার্য্যদ্বাবা আমোদ অনুভব কর; তাহা হইলে এই সমস্ত কার্য্যই পবলোকে তোমাদের অত্যন্ত দুর্লভ ফল উৎপাদন করিবে ॥২০॥

নরশ্রেষ্ঠ! সর্ব্বপ্রকার দ্রব্যদানেই গুরুতব ফল হয়; সেই সর্ব্বপ্রকার দ্রব্য-দান অপেক্ষাও জলদানে অধিক ফল হইয়া থাকে। অতএব অবশ্যই জলদান কর্ত্তব্য ॥২১॥

এবমেতত্তড়াগস্য কীর্ত্তিতং ফলমুত্তমম্।
অত ঊর্দ্ধং প্রবক্ষ্যামি বৃক্ষাণামবরোপণম্ ॥২২॥
স্থাবরাণাং চ ভূতানাং জাতয়ঃ ষট্ প্রকীর্ত্তিতাঃ।
বৃক্ষগুল্মলতাবল্ল্যস্ত্বক্সারাস্তৃণজাতয়ঃ ॥২৩॥
এতা জাত্যস্তু বৃক্ষাণাং তেষাং রোপে গুণাস্ত্বিমে।
কীর্ত্তিশ্চ মানুষে লোকে প্রেত্য চৈব ফলং শুভম্ ॥২৪॥
লভতে নাম লোকে চ পিতৃভিশ্চ মহীযতে।
দেবলোকে গতস্যাপি নাম তস্য ন নশ্যতি ॥২৫॥
অতীতানাগতে চোভে পিতৃবংশঞ্চ ভারত!।
তারয়েদ্ বৃক্ষরোপী চ তস্মাদ্ বৃক্ষাংশ্চ রোপয়েৎ ॥২৬॥

ভারতকৌমুদী

এবমিতি। অবরোপণম্ অবরোপণফলম্ ॥২২॥

স্থাবরাণামিতি। স্থাবরাণাং স্থিরতরাণাং গন্তমশক্তানামিত্যর্থঃ, ভূতানাং প্রাণিনাম্। এতেন বৃক্ষাদীনাং প্রাণাদিমত্তা সূচিতা ॥২৩॥

এতা ইতি। জাত্যো জাতয়ঃ। প্রেত্য পরলোকে ॥২৪॥

লভত ইতি। পিতৃভিশ্চ সহ মহীয়তে অবতিষ্ঠতে ॥২৫॥

অতীতেতি। উভে মাতৃকুলশ্বশুরকুলে, তথৈব পিতৃবংশঞ্চ ॥২৬॥

ভাবতভাবদীপঃ

ক্ষেত্রবৃদ্ধিহেতুত্বাত্তড়াগং মহাশ্রয়মুপলক্ষয়েদিত্যুক্তরেণাভিসম্বন্ধঃ ॥৬—২২॥ বৃক্ষা বটাদয়ঃ, গুল্মাঃ কুশস্তম্বাদয়ঃ, লতা বৃক্ষান্তারূঢ়াঃ পাটল্যাদয়ঃ, বল্ল্যো ভূম্যাং প্রততাঃ কুষ্মাণ্ডাদয়ঃ, ত্বক্সারা

এইরূপেই এই জলাশয়নির্ম্মাণেব উত্তম ফল বলিলাম; ইহার পর বৃক্ষ-বোপণের ফল বলিতেছি ॥২২॥

মুনিরা স্থাবব প্রাণীব ছযটী জাতি বলিয়াছেন; বৃক্ষ, গুল্ম, লতা, বল্লী, ত্বক্সাব ও তৃণ এই ছয়টী বৃক্ষজাতি ॥২৩॥

এইগুলি বৃক্ষজাতি, সেগুলি রোপণ কবিলে এই সকল গুণ হয় অর্থাৎ মনুষ্যলোকে কীর্ত্তি এবং পবলোকে মঙ্গলময় ফল হইয়া থাকে ॥২৪॥

বৃক্ষরোপী মর্ত্ত্যলোকে নাম লাভ কবে এবং পিতৃলোকে পিতৃগণের সহিত অবস্থান করে, তারপব দেবলোকে গেলেও তাহার নাম লুপ্ত হয় না ॥২৫॥

ভরতনন্দন! বৃক্ষরূপী মানুষ, ভূত ও ভবিষ্যৎ মাতামহবংশ, শ্বশুরবংশ ও পিতৃবংশ উদ্ধাব কবে। অতএব মানুষ বৃক্ষবোপণ কবিবে ॥২৬॥

তস্য পুত্রা ভবন্ত্যেতে পাদপা নাত্র সংশয়ঃ।
পরলোকগতঃ স্বর্গং লোকাংশ্চাপ্নোতি সোঽব্যয়ান্ ॥২৭॥
পুষ্পৈঃ সুরগণান্ বৃক্ষাঃ ফলৈশ্চাপি তথা পিতৄন্।
ছায়য়া চাতিথিং তাত! পূজয়ন্তি মহীরুহঃ ॥২৮॥
কিন্নরোরগরক্ষাংসি দেবগন্ধর্ব্বমানবাঃ।
তথা ঋষিগণাশ্চৈব সংশ্রয়ন্তি মহীরুহান্ ॥২৯॥
পুষ্পিতাঃ ফলবন্তশ্চ তর্পয়ন্তীহ মানবান্।
বৃক্ষদং পুত্রবদ্বৃক্ষাস্তারয়ন্তি পরত্র তু ॥৩০॥
তস্মাত্তড়াগে সদ্বৃক্ষা রোপ্যাঃ শ্রেয়োঽর্থিনা সদা।
পুত্রবৎ পরিপাল্যাশ্চ পুত্রাস্তে ধর্ম্মতঃ স্মৃতাঃ ॥৩১॥

ভাবতকৌমুদী

তস্যেতি। তস্য রোপণকর্ত্তুঃ। অব্যযান্ অনশ্বরান্ লোকান্ ব্রহ্মলোকাদীংশ্চ ॥২৭॥

পুষ্পৈরিতি। পূজযন্তি তোষয়ন্তি, মহীরুহঃ ভূমিজাতাঃ ॥২৮॥

কিন্নরেতি। সংশ্রয়ন্তি পুষ্পাদ্যর্থমাশ্রয়ন্তি ॥২৯॥

পুষ্পিতা ইতি। বৃক্ষা স্ত এব দত্তাস্তরবঃ। পবত্র লোকে ॥৩০॥

তস্মাদিতি। তড়াগে তডাগতীরে। তে বৃক্ষা ধর্ম্মতো ন্যাযতঃ পুত্রাঃ স্মৃতাঃ, স্বয়মুৎপাদিতত্বাৎ ॥৩১॥

ভাবতভাবদীপঃ

বেধাদয়ঃ, তৃণজাতয়ঃ উলপাদয়ঃ ॥২৩—৩০॥ পুত্রাস্তে ধর্ম্মতঃ স্মৃতা ইতি অপুত্রেণাবশ্যং পুত্রফলার্থিনা তডাগা আরামাশ্চ কর্ত্তব্যা ইতি দর্শিতম্ ॥৩১—৩৩॥

ইতি শ্রীমহাভারতে অনুশাসনপর্ব্বণি দানধর্ম্মে নৈলকণ্ঠীযে ভারতভাবদীপে
সপ্তচত্বারিংশোঽধ্যায়ঃ ॥৪৭॥

এই সকল বৃক্ষ, বোপণকর্ত্তাব পুত্রস্থানীয় হয়, এবিষয়ে কোন সন্দেহ নাই; আর বৃক্ষরূপী মানুষ পরলোকে যাইয়া স্বর্গলাভ কবে এবং অবিনশ্বব ব্রহ্মলোকপ্রভৃতিও লাভ কবিয়া থাকে ॥২৭॥

বৎস! ভূমিজাত বৃক্ষসকল পুষ্পদ্বাবা দেবগণকে, ফলদ্বাবা পিতৃগণকে এবং ছায়াদ্বারা অতিথিদিগকে সন্তুষ্ট কবিয়া থাকে ॥২৮॥

দেবতা, গন্ধর্ব্ব, মানুষ, কিন্নব, সর্প, বাক্ষস ও ঋষিগণ বৃক্ষসকলকে আশ্রয় করিয়া থাকেন ॥২৯॥

পুষ্পবান্ ও ফলবান্ বৃক্ষসকল ইহলোকে মনুষ্যগণকে সন্তুষ্ট করে এবং বৃক্ষদাতাকে পুত্রেব ন্যায পবলোকে উদ্ধার কবিয়া থাকে ॥৩০॥

তড়াগকৃদ্‌বৃক্ষরোপী ইষ্টযজ্ঞশ্চ যো দ্বিজঃ।
এতে স্বর্গে মহীয়ন্তে যে চান্যে সত্যবাদিনঃ ॥৩২॥
তস্মাত্তড়াগং কুর্ব্বীত আরামাংশ্চৈব রোপয়েৎ।
যজেচ্চ বিবিধৈর্যজ্ঞৈঃ সত্যঞ্চ সততং বদেৎ ॥৩৩॥

ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যামনুশাসন-পর্ব্বণি দানধর্ম্মে তড়াগারামমাহাত্ম্যবর্ণনে সপ্তচত্বারিংশোঽধ্যায়ঃ ॥০॥

অষ্টচত্বারিংশোঽধ্যায়ঃ।

—ঃ*ঃ—

যুধিষ্ঠির উবাচ।
যানীমানি বহির্ব্বেদ্যাং দানানি পরিচক্ষতে।
তেভ্যো বিশিষ্টং কিং দানং মতং তে কুরুপুঙ্গব ! ॥১॥

ভারতকৌমুদী

তড়াগকৃদিতি। ইষ্টযজ্ঞঃ সম্পাদিতযাগঃ ॥৩২॥

তস্মাদিতি। আরামান্ উপবনানি তদ্‌বৃক্ষানিত্যর্থঃ ॥৩৩॥

ইতি মহামহোপাধ্যায়-ভারতাচার্য্য-শ্রীহরিদাসসিদ্ধান্তবাগীশভট্টাচার্য্যবিরচিতায়াং মহা-ভারতটীকায়াং ভারতকৌমুদীসমাখ্যায়ামনুশাসনপর্ব্বণি দানধর্ম্মে সপ্তচত্বারিংশোঽধ্যায়ঃ ॥০॥

—ঃ*ঃ—

যানীতি। বহির্ব্বেদ্যাং যজ্ঞবেদীভিন্নস্থানে। বিশিষ্টং শ্রেষ্ঠম্ ॥১॥

অতএব মঙ্গলার্থী মানুষ, জলাশয়ের তীরে উৎকৃষ্ট বৃক্ষসকল রোপণ করিবে এবং সেগুলিকে পুত্রের ন্যায় সর্বদা পরিপালন করিবে। কারণ, সেই বৃক্ষসকল ধর্ম্মানুসারে রোপয়িতার পুত্রই হয় ॥৩১॥

যে লোক জলাশয়নির্ম্মাণ, বৃক্ষরোপণ বা যজ্ঞানুষ্ঠান করে এবং অন্য যাহারা সত্য বলে ; তাহারা স্বর্গে যাইয়া থাকে ॥৩২॥

অতএব মানুষ, জলাশয়নির্ম্মাণ, উদ্যানে বৃক্ষরোপণ ও নানাবিধ যজ্ঞানুষ্ঠান করিবে এবং সর্ব্বদা সত্যবাক্য বলিবে ॥৩৩॥

---

* '..অষ্টপঞ্চাশোঽধ্যায়ঃ'—বঙ্গ বৰ্দ্ধ, ' ত্রিনবতিতমোঽধ্যায়ঃ'—নি।

কৌতূহলং হি পরমং তত্র মে বিদ্যতে প্রভো!।
দাতারং দত্তমন্বেতি যদ্দানং তৎ প্রচক্ষ্ব মে ॥২॥
ভীষ্ম উবাচ।
অভয়ং সর্ব্বভূতেভ্যো ব্যসনে চাপ্যনুগ্রহঃ।
যচ্চাভিলষিতং দদ্যাত্তৃষিতায়াভিযাচতে ॥৩॥
দত্তং মন্যেত যদ্দত্ত্বা তদ্দানং শ্রেষ্ঠমুচ্যতে।
দত্তং দাতারমন্বেতি তদ্দানং ভরতর্ষভ! ॥৪॥

ভারতকৌমুদী

কৌতূহলমিতি। দত্তং কৃতং যদ্দানং পরলোকে দাতারমন্বেতি ॥২॥

অভয়মিতি। ব্যসনে বিপদি। অভিযাচতে আভিমুখ্যেন যাচমানায় তদ্দানং বিশিষ্টমিত্যর্থঃ ॥৩॥

দত্তমিতি। দত্তমুৎকৃষ্টং দানং কৃতমিতি দাতা মন্যেত। দত্তং কৃতং তদ্দানং কর্ত্তৃ পরলোকে দাতারমন্বেতি ॥৪॥

ভারতভাবদীপঃ

দাতারং কথং দানমন্বেতীতি পৃচ্ছতি—যানীতি। দাতৃপ্রতিগ্রহীত্রোঃ পরলোকে সম্বন্ধাভাবাদিতি ভাবঃ ॥১—২॥ অভয়মিতি। যথা স্বয়ং কস্মৈচিদভয়ং দীয়তে ব্যসনে বাহনুগ্রহঃ ক্রিয়তে স পুনঃ কালে সতি সামর্থ্যে আনৃণ্যার্থং স্বস্মৈ অভয়ং দদাত্যনুগ্রহং চ করোতি এবং পরত্রাপীত্যর্থঃ ॥৩॥ যদ্দত্ত্বা দত্তং মন্যেত ন ত্বিদং মদীয়ং দানমিতি মন্যতে স আস্তিকঃ শ্রদ্ধাবান্

যুধিষ্ঠির বলিলেন—'কৌরবশ্রেষ্ঠ! যজ্ঞবেদী ভিন্ন অন্য স্থানে এই যে সকল দানের কথা মুনিরা বলেন; সেইগুলি অপেক্ষা কোন্ দানকে আপনি শ্রেষ্ঠ বলিয়া মনে করেন? ॥১॥

প্রভু! তাহা শুনিবার জন্য আমার বিশেষ কৌতুক জন্মিয়াছে। আর যে দান পরলোকে দাতার অনুসরণ করে, সেই দানের বিষয় আমার নিকট বলুন' ॥২॥

ভীষ্ম বলিলেন—বিপদের সময়ে সমস্ত প্রাণীকে অভয়দান ও তৎকালে অনুগ্রহদান এবং তৃষ্ণার্ত্ত প্রার্থী ব্যক্তিকে যে অভীষ্ট বস্তুদান; এইগুলিই শ্রেষ্ঠ দান ॥৩॥

ভরতশ্রেষ্ঠ! দাতা যাহা দান করিয়া 'একটা বস্তু দান করিয়াছি, এইরূপ মনে করেন; সেই দানও শ্রেষ্ঠদান এবং সেই দানও পরলোকে দাতার অনুসরণ করিয়া থাকে ॥৪॥

---

(৪) যদ্দানং ভরতর্ষভ! বঙ্গ বর্দ্ধ।

হিরণ্যদানং গোদানং পৃথিবীদানমেব চ।
এতানি বৈ পবিত্রাণি তারয়ন্ত্যপি দুষ্কৃতম্ ॥৫॥
এতানি পুরুষব্যাঘ্র! সাধুভ্যো দেহি নিত্যদা।
দানানি হি নরং পাপান্মোক্ষয়ন্তি ন সংশয়ঃ ॥৬॥
যদ্‌যদিষ্টতমং লোকে যচ্চাস্য দয়িতং গৃহে।
তত্তদ্‌গুণবতে দেয়ং তদেবাক্ষয়মিচ্ছতা ॥৭॥
প্রিয়াণি লভতে নিত্যং প্রিয়দঃ প্রিয়কৃত্তথা।
প্রিয়ো ভবতি ভূতানামিহ চৈব পরত্র চ ॥৮॥
যাচমানমভীমানাদনাসক্তমকিঞ্চনম্।
যো নার্চ্চতি যথাশক্তি স নৃশংসো যুধিষ্ঠির! ॥৯॥

ভারতকৌমুদী

হিরণ্যেতি। হিরণ্যস্য স্বর্ণস্য দানম্। দুষ্কৃতং পাপিনম্ ॥৫॥
এতানীতি। এতানি দানানি, নরং দাতারং পুরুষম্ ॥৬॥
যদিতি। দয়িতং প্রিয়ম্। তদেব বস্তু পরলোকে অক্ষয়মিচ্ছতা ॥৭॥
প্রিয়াণীতি। গ্রহীতুঃ প্রিয়ং বস্তু দদাতীতি সঃ। ভূতানাং প্রাণিনাম্ ॥৮॥
যাচেতি। অভিমানাদ্ গর্ব্বাৎ। "হ্রস্বস্য দীর্ঘতে"তি দীর্ঘঃ। অনাসক্তং বিষয়বিরাগিনম্ ॥৯॥

ভারতভাবদীপঃ

দানফলং লভত ইত্যর্থঃ ॥৪—৮॥ অভীমানাদিতি। স মদর্থোঽয়মিত্যভিমানং ক্ষমনস্তেব

স্বর্ণদান, গোদান ও ভূমিদান; এই পবিত্র দানগুলি পাপীকেও উদ্ধার করিয়া থাকে ॥৫॥

নরশ্রেষ্ঠ! তুমি সর্ব্বদা সজ্জনগণকে এই সকল বস্তু দান কর। কারণ, এই দানগুলি মানুষকে পাপ হইতে মুক্ত করে; এবিষয়ে কোন সন্দেহ নাই ॥৬॥

জগতে যে যে বস্তু, গৃহস্থের বিশেষ প্রিয় এবং গৃহে ইহার যে প্রিয় বস্তু থাকে; তাহাই অক্ষয়রূপে অভিলিপ্সু লোক গুণবানকে সেই সেই বস্তু দান করিবে ॥৭॥

যে লোক অন্যকে তাহার প্রিয়বস্তু দান করে, কিংবা তাহার প্রিয়কার্য্য করে; সেই লোক সর্ব্বদা নিজের প্রিয়বস্তু লাভ করিয়া থাকে এবং ইহলোকে ও পরলোকে প্রাণিগণের প্রিয় হয় ॥৮॥

যুধিষ্ঠির! বিষয়বিরাগী ও দরিদ্র কোন লোক আসিয়া প্রার্থনা করিলে, যে ব্যক্তি অহঙ্কারবশতঃ শক্তি অনুসারে তাহার সম্মান না করে, সেই ব্যক্তি নৃশংস বলিয়া গণ্য হয় ॥৯॥

অমিত্রমপি চেদ্দীনং শরণৈষিণমাগতম্।
ব্যসনে যোঽনুগৃহ্লাতি স বৈ পুরুষসত্তমঃ ॥১০॥
কৃশায় কৃতবিদ্যায় বৃত্তিক্ষীণায় সীদতে।
অপহন্যাৎ ক্ষুধাং যস্তু ন তেন পুরুষঃ সমঃ ॥১১॥
ক্রিয়ানিয়মিতান্ সাধূন্ পুত্রদারৈশ্চ কর্শিতান্।
অযাচমানান্ কৌন্তেয ! সর্ব্বোপায়ৈর্নিমন্ত্রয়েৎ ॥১২॥
আশিষং যে ন দেবেষু ন চ মর্ত্ত্যেষু কুর্ব্বতে।
অর্হন্তো নিত্যসন্তুষ্টাস্তথা লব্ধোপজীবিনঃ ॥১৩॥
আশীবিষসমেভ্যশ্চ তেভ্যো রক্ষস্ব ভারত ! ।
তান্ যুক্তৈরুপজিজ্ঞাস্য তথা দ্বিজবরোত্তমান্ ॥১৪॥
কৃতৈরাবসথৈর্নিত্যং সপ্রেষ্যৈঃ সপরিচ্ছদৈঃ।
নিমন্ত্রয়েথাঃ কৌরব্য ! সর্ব্বকামসুখাবহৈঃ ॥১৫॥ (বিশেষকম্)

ভাবতকৌমুদী

অমিত্রমিতি। হীনং সম্বলশূন্যম্। ব্যসনে বিপদি ॥১০॥

কৃশাযেতি। কৃশায় উপযুক্তখাদ্যাভাবাৎ ক্ষীণদেহায়, সীদতে অবসন্নায় জনায়, খাদ্যং দত্তেতি শেষঃ। তেন জনেন সমঃ পুরুষো নাস্তি ॥১১॥

ক্রিয়েতি। ক্রিয়াভির্যজ্ঞাদিভিঃ নিযমিতান্ ধনার্জ্জনচেষ্টায়াং নিরুদ্ধান্, পুত্রদারৈস্তেষাং ভরণপোষণৈঃ, কর্শিতান্ ক্লেশিতান্ ॥১২॥

আশিষমিতি। আশিষং ধনাদ্যাশাম্। অর্হন্তঃ পূজনীযাঃ লব্ধৈরেব স্বল্পৈরপি উপজীবন্তীতি তে ॥ আশীবিষসমেভ্যো দংশনতুল্যেন শাপেন সর্পতুল্যেভ্যঃ, তেভ্যো ব্রাহ্মণেভ্যঃ, আত্মানং

ভাবতভাবদীপঃ

কৃত্বা যাচমানম্ ॥৯—১০॥ কৃশায়েত্যাদি চতুর্থী ষষ্ঠ্যর্থে ॥১১॥ ক্রিযানিযমিতান্ স্বধর্ম্মযন্ত্রিতান্ ॥১২—১৩॥ যেঽস্মার্থং দেবাদীন্নার্থযন্তে তেভ্য আত্মানং রক্ষযেত্যুক্তম্, তত্র রক্ষণপ্রকার-

---

সম্বলশূন্য শত্রুও শবণার্থী হইয়া আসিলে, সেই বিপদে, যে লোক তাহাব প্রতি অনুগ্রহ কবে, তাহাকে পুরুষশ্রেষ্ঠ বলা হয ॥১০॥

কৃতবিদ্য, ক্ষীণবৃত্তি, কৃশদেহ ও অবসন্ন ব্যক্তিকে খাদ্যদান কবিয়া যিনি তাহার ক্ষুধানিবৃত্তি কবেন ; তাঁহাব তুল্য মানুষ জগতে নাই ॥১১॥

কুন্তিনন্দন ! যাঁহাবা বৈধকার্য্যে আবদ্ধ থাকায় ধনোপার্জ্জন কবিবাব চেষ্টা করিতে পাবেন না এবং স্ত্রী ও পুত্র প্রভৃতিব ভবণপোষণেব কষ্ট পান ; অথচ কাহাবও নিকটে প্রার্থনা কবেন না ; তুমি সর্ব্বোপায়ে দান করিবাব জন্য তাঁহাদিগকে নিমন্ত্রণ কবিবে ॥১২॥

যদি তে প্রতিগৃহ্ণীয়ুঃ শ্রদ্ধাপূতং যুধিষ্ঠির!।
কার্য্যমিত্যেব মন্বানা ধার্ম্মিকাঃ পুণ্যকর্ম্মিণঃ ॥১৬॥
বিদ্যাস্নাতা ব্রতস্নাতা যে ব্যপাশ্রিত্য জীবিনঃ।
গূঢ়স্বাধ্যায়তপসো ব্রাহ্মণাঃ সংশিতব্রতাঃ ॥১৭॥
তেষু শুদ্ধেষু দান্তেষু স্বদারপরিতোষিষু।
যৎ করিষ্যসি কল্যাণং তত্তে লোকে যুধাম্পতে! ॥১৮॥ (বিশেষকম্)

ভারতকৌমুদী

রক্ষস্ব। যুক্তৈস্তত্তৎকার্য্যে ব্যাপারিতৈঃ পুরুষৈঃ তান্ দ্বিজবরোত্তমান্ উপজিজ্ঞাস্য ভবতাং তত্র বাসেচ্ছা বর্ত্ততে নবেতি সংপৃচ্ছ্য, কৃতৈর্নিজনির্ম্মিতৈঃ, সপ্রেষ্যৈর্দাসাদিযুক্তৈঃ, সপরিচ্ছদৈর্বসনাদিযুক্তৈঃ সর্ব্বকামসুখাবহৈঃ সকলকাম্যসুখজনকৈশ্চ আবসথৈর্গৃহৈস্তাদৃশগৃহপ্রদানৈরিত্যর্থঃ, নিমন্ত্রয়েথা বাসকরণায় আহ্বয়েঃ ॥১৩—১৫॥

যদীতি। শ্রদ্ধয়া ধর্ম্মবিশ্বাসেন, পূতং পবিত্রীকৃতং ত্বয়া দত্তং দ্রব্যম্। কার্য্যং প্রতিগ্রহণং কর্ত্তব্যমিত্যেবং মন্বানা মন্যমানাঃ। বিদ্যয়া স্নাতাঃ পবিত্রীকৃতাঃ, ব্রতৈর্বৈরোপবাসাদিভিঃ স্নাতা নির্ম্মলীকৃতাঃ, ব্যপাশ্রিত্য আত্মবৃত্তিমেবাবলম্ব্য জীবিনো জীবন্তি, গূঢ়ানি সংবৃতস্থানে গুপ্তানি স্বাধ্যায়তপাংসি যেষাং তে, সংশিতব্রতা দৃঢ়নিয়মাঃ। দান্তেষু জিতেন্দ্রিয়েষু স্বদারৈর্নিজভার্য্যয়ৈব পরিতোষিষু, যদ্দানং করিষ্যসি তদ্দানং তে ইহলোক এব কল্যাণং মঙ্গলকরং ভবিষ্যতি, হে যুধাম্পতে! বহুযুদ্ধনির্ব্বাহক। ॥১৬—১৮॥

ভারতভাবদীপঃ

মাহ—তানিতি। যুক্তৈশ্চারৈঃ মুক্তৈরিতি পাঠে নিস্পৃহৈর্নরৈঃ, উপজিজ্ঞাস্য নিমন্ত্রয়েথা ইতি সম্বন্ধঃ ॥১৪॥ আবসথৈরাবসথার্দসমর্পণেন ॥১৫॥ কার্য্যমিতি ধর্ম্মার্থমেব ধর্ম্মং কুর্ব্বন্তি ন তু

ভরতনন্দন! যাঁহারা দেবগণ ও মনুষ্যগণের নিকটে কোন বস্তু লাভ করিবার আশা করেন না, বিশেষ পূজনীয়, সর্ব্বদা সন্তুষ্ট এবং যাহা লাভ করেন, তাহাদ্বারাই জীবিকানির্ব্বাহ করেন, বিষধর সর্পের তুল্য সেই সকল ব্রাহ্মণগণ হইতে, তুমি আত্মরক্ষা কর। কৌরবনন্দন! তুমি অনুচরগণদ্বারা সেই ব্রাহ্মণশ্রেষ্ঠগণের মত লইয়া দাসযুক্ত, পরিচ্ছদসমন্বিত ও সর্ব্বসুখজনক গৃহসকল নির্ম্মাণ করিয়া তাহাতে বাস করাইবার জন্য তাঁহাদিগকে নিমন্ত্রণ করিবে ॥১৩—১৫॥

যুদ্ধনিপুণ যুধিষ্ঠির! যাঁহারা ধার্ম্মিক, পুণ্যকার্য্যকারী, বিদ্যা ও ব্রতদ্বারা পবিত্র, নিজের বৃত্তি অবলম্বন করিয়া জীবনধারণ করেন এবং গুপ্তস্থানে বেদপাঠ ও তপস্যা করিয়া থাকেন; সেই দৃঢ়ব্রত ব্রাহ্মণেরা, 'ইহা গ্রহণ করা কর্ত্তব্য' এইরূপ মনে করিয়া যদি তোমার শ্রদ্ধাপ্রদত্ত দ্রব্য প্রতিগ্রহ করেন; তাহা হইলে, সেই শুদ্ধ, জিতেন্দ্রিয় ও স্বদারসন্তুষ্ট ব্রাহ্মণগণকে তুমি যাহা দান করিবে তাহা ইহলোকেই তোমার মঙ্গলসাধন করিবে ॥১৬—১৮॥

যথাগ্নিহোত্রং সুহুতং সায়ম্প্রাতর্দ্বিজাতিনা।
তথা দত্তং দ্বিজাতিভ্যো ভবত্যথ যথাত্মসু ॥১৯॥
এষ তে বিততো যজ্ঞঃ শ্রদ্ধাপূতঃ সদক্ষিণঃ।
বিশিষ্টঃ সর্ব্বযজ্ঞেভ্যো দদতস্তাত ! বর্ত্ততাম্ ॥২০॥
নিবাপদানসলিলস্তাদৃশেষু যুধিষ্ঠির ! ।
নিবসন্ পূজয়ংশ্চৈব তেষানৃণ্যং নিয়চ্ছতি ॥২১॥
য এবং নৈব কুপ্যন্তে ন লুভ্যন্তি তৃণেষ্বপি।
ত এব নঃ পূজ্যতমা যে চাপি প্রিয়বাদিনঃ ॥২২॥

ভারতকৌমুদী

যথেতি। আত্মসু দত্তং খাদ্যাদিকং যথা আত্মনঃ সুখকরং তথা তেভ্যো দত্তমপি সুখকরমিত্যর্থঃ ॥১৯॥

এষ ইতি। হে তাত! তে ত্বয়া বিততো বিস্তারেণ কৃতঃ, এষ দানাত্মকঃ, শ্রদ্ধাপূতঃ-সদক্ষিণশ্চ যজ্ঞঃ, সর্ব্বযজ্ঞেভ্যো বিশিষ্টঃ শ্রেষ্ঠঃ। অতএব ঈদৃশো যজ্ঞঃ, দদতো দানং কুর্ব্বতস্তব, বর্ত্ততাং সর্ব্বদা ভবতু ॥২০॥

নিবাপেতি। হে যুধিষ্ঠির! তাদৃশেষু গুণবৎসু ব্রাহ্মণেষু, নিবাপঃ পিতৃতর্পণম্ তদ্বদ্ দানসলিলম্ উৎসর্গজলং যস্য স দানযজ্ঞঃ। "পিতৃদানং নিবাপঃ" স্যাদিত্যমরঃ। গুণবদ্ব্রাহ্মণে দানং তর্পণবদেব পিতৄণাং পরিতোষকমিত্যর্থঃ। তাদৃশব্রাহ্মণান্তিকে নিবসন্, তান্ পূজয়ংশ্চ জনঃ, তেষু ব্রাহ্মণেষু বিষয়েষু, আনৃণ্যং নিযচ্ছতি নিয়মেন লভতে ॥২১॥

ভারতভাবদীপঃ

ফলান্তরার্থমিতি ভাবঃ ॥১৬॥ ব্যপাশ্রিত্য প্রভোরাশ্রয়মকৃত্বা জীবিতুংস্বভাবাঃ ॥১৭—১৯॥ দদতঃ দাতুস্তব বর্ত্ততাং সর্ব্বদাস্ত ॥২০॥ যজ্ঞবিশেষণং—নিবাপদানসলিল ইতি। নিবাপঃ পিতৃতর্পণং তদ্বদেব দানাদি যস্মিন্ স তথা তাদৃশেষু নিবসংস্তানাশ্রিত্য স্থিতঃ সন্, আনৃণ্যং

দ্বিজাতিকর্ত্তৃক প্রাতঃকালে ও সায়ংকালে সুসম্পাদিত অগ্নিহোত্র যেমন, ধর্ম্ম উৎপাদন করে এবং ক্ষুধা নিবৃত্তির জন্য আপনাকে খাদ্যদান যেমন সুখ-সম্পাদন করিয়া থাকে ; ব্রাহ্মণগণকে দান করিলে, সেই দানও তেমন ধর্ম্ম ও সুখ উৎপাদন করিয়া থাকে ॥১৯॥

বৎস! তোমার এই দানাত্মক, শ্রদ্ধাপূত ও দক্ষিণাযুক্ত বিস্তৃত যজ্ঞ, সমস্ত যজ্ঞ হইতে শ্রেষ্ঠ। অতএব তুমি দাতা বলিয়া তোমার এইরূপ দানযজ্ঞ সর্ব্বদা হইতে থাকুক ॥২০॥

যুধিষ্ঠির! সেইরূপ গুণসম্পন্ন ব্রাহ্মণকে দান করা তর্পণ করারই তুল্য, পিতৃলোকের সন্তোষজনক ; আর মানুষ সেইরূপ ব্রাহ্মণগণের নিকটে থাকিয়া এবং তাঁহাদের পূজা করিয়া তাঁহাদের ঋণশূন্য হইয়া থাকে ॥২১॥

এতে ন বহুমন্যন্তে ন প্রবর্ত্তন্তি চাপরে ।
পুত্রবৎ পরিপাল্যাস্তে নমস্তেভ্যস্তথাভয়ম্ ॥২৩॥
ঋত্বিক্‌পুরোহিতাচার্য্যা মৃদুব্রহ্মধরা হি তে ।
ক্ষাত্রেণাপি হি সংসৃষ্টং তেজঃ শাম্যতি বৈ দ্বিজে ॥২৪॥
অস্তি মে বলবানস্মি রাজাস্মীতি যুধিষ্ঠির ! ।
ব্রাহ্মণান্মাস্ম পর্য্যশ্নীর্বাসোভিরশনেন চ ॥২৫॥

ভারতকৌমুদী

য ইতি। যে ব্রাহ্মণাঃ, নৈব কুপ্যন্তে দোষদর্শনেঽপি ॥২২॥

এত ইতি। এতে ব্রাহ্মণা অভীষ্টং লব্ধাপি ন বহুমন্যন্তে, অপরে ব্রাহ্মণা গ্রহীতুমেব ন প্রবর্ত্তন্তি প্রবর্ত্তন্তে। তেভ্যঃ অস্মাকম্ অভয়ং ভবতু ॥২৩॥

ঋত্বিগিতি। বৈদিককার্য্যকারিণ ঋত্বিজঃ, স্মার্ত্তাদিকার্য্যকারিণঃ পুরোহিতাঃ, অধ্যাপকা আচার্য্যাশ্চ তে, মৃদবঃ কোমলস্বভাবাশ্চ তে, ব্রহ্মধরাস্তপস্বিনশ্চেতি তে। দ্বিজে তেষামন্যতমস্মিন্ ব্রাহ্মণে, ক্ষত্রেণ সংসৃষ্টং নিক্ষিপ্তমপি তেজঃ, শাম্যতি পরিলুপ্যতে। অতঃ ক্ষত্রিয়েণ তাদৃশব্রাহ্মণে তেজঃ প্রকাশো ন কার্য্য ইতি ভাবঃ ॥২৪॥

অস্তীতি। হে যুধিষ্ঠির! মে ধনমস্তি, অহং বলবানস্মি রাজা চাস্মীতি মত্বা ত্বম্, ব্রাহ্মণান্ পরিবর্জ্জয়িত্বা, বাসোভিঃ অশনেন খাদ্যবস্তুনা চ, মাস্ম অশ্নীঃ ভোগং ন কুরু। তেভ্যো দত্ত্বৈব ভুঙ্‌ক্ষ্বেত্যাশয়ঃ ॥২৫॥

ভারতভাবদীপঃ

দেবাদীনাম্, নিবাপো দানসদৃশ ইতি পাঠে দানং মহাদানম্ ॥২১—২২॥ এতে দাতারং ন বহুমন্যন্তে নিঃস্পৃহত্বাৎ, তেভ্যো নমোঽস্তু তথাভয়মস্তু। তথোভয়মিতি পাঠে তেভ্যস্তুষ্টেভ্যো রুষ্টেভ্যশ্চ উভয়ং স্বর্গো নরকশ্চ ভবতীতি শেষঃ ॥২৩॥ মৃদবঃ শিষ্যেষু স্নেহাত্তে চ তে ব্রহ্মধরাশ্চ বেদধরাঃ, ক্ষাত্রেণ সংসৃষ্টমপি শাক্তং তেজঃ শাম্যতি, শান্তে দ্বিজেঽদীপ্যমানমস্ত্যেবে-

যাঁহারা দোষ দেখিলেও ক্রুদ্ধ হন না; তৃণের প্রতিও লোভ করেন না এবং যাঁহারা প্রিয় বাক্য বলেন; সেই ব্রাহ্মণেরাই আমাদের প্রধান পূজনীয় ॥২২॥

এই ব্রাহ্মণেরা অভীষ্ট বস্তু লাভ করিয়াও বহু মনে করেন না এবং অনেকে প্রতিগ্রহেই প্রবৃত্ত হন না; সেই ব্রাহ্মণগণ পুত্রগণের ন্যায় পরিপালনীয়। আমি সেই ব্রাহ্মণগণকে নমস্কার করি এবং তাঁহাদের নিকটে অভয়প্রার্থনা করি ॥২৩॥

ঋত্বিক্, পুরোহিত ও আচার্য্য ব্রাহ্মণেরা কোমলস্বভাব ও তপস্বী হইয়া থাকেন। সুতরাং সেইরূপ ব্রাহ্মণের প্রতি ক্ষত্রিয়তেজ প্রকাশ করিলে, সে তেজ লুপ্ত হইয়া যায় ॥২৪॥

যচ্ছোভার্থং বলার্থঞ্চ বিত্তমস্তি তবানঘ ! ।
তেন তে ব্রাহ্মণাঃ পূজ্যাঃ স্বধর্ম্মমনুতিষ্ঠতা ॥২৬॥
নমস্কার্য্যাস্তথা বিপ্রা বর্ত্তমানা যথাতথম্ ।
যথাসুখং যথোৎসাহং ললন্তু ত্বযি পুত্রবৎ ॥২৭॥
কো হ্যক্ষযপ্রসাদানাং সুহৃদামল্পতোষিণাম্ ।
বৃত্তিমর্হত্যবক্ষেপ্তুং ত্বদন্যঃ কুরুসত্তম ! ॥২৮॥
যথা পত্যাশ্রয়ো ধর্ম্মঃ স্ত্রীণাং লোকে সনাতনঃ ।
সদৈব সা গতির্নান্যা তথাস্মাকং দ্বিজাতয়ঃ ॥২৯॥
যদি নো ব্রাহ্মণাস্তাত ! সন্ত্যজেয়ুরপূজিতাঃ ।
পশ্যন্তো দারুণং কর্ম্ম সততং ক্ষত্রিয়ে স্থিতম্ ॥৩০॥

ভাবতকৌমুদী

যদিতি। শোভার্থং দেহভবনাদিসৌন্দর্য্যবিধানার্থম্, বিত্তং ধনম্ ॥২৬॥
নম ইতি। যথাতথং নিজবৃত্ত্যনুসারেণ। ললন্তু স্নিহ্যন্তু ॥২৭॥
ক ইতি। বৃত্তিং জীবনোপাযভূতং ধনম্, অবক্ষেপ্তুং দাতুম্ ॥২৮॥
যথেতি। সা পতিরূপা ব্যক্তিঃ স্ত্রীণাং গতিঃ ॥২৯॥
যদীতি। নঃ অস্মান্, দারুণং হিংসাত্মকম্। অতস্তান্ পূজয়েতি শেষঃ ॥৩০॥

ভাবতভাবদীপঃ

ত্যর্থঃ ॥২৪॥ মা পর্য্যশ্নাঃ পরিত্যজ্য মা ভুঙ্ক্ষ্ব ॥২৫॥ তে ত্বযা ॥২৬॥ ললন্তু রমতাম্ ॥২৭॥

যুধিষ্ঠিব ! আমাব ধন আছে, আমি বলবান্ এবং আমি রাজা, 'এইরূপ মনে করিয়া তুমি ব্রাহ্মণগণকে না দিযা অন্ন ও বস্ত্র ভোগ কবিও না ॥২৫॥

নিষ্পাপ যুধিষ্ঠিব ! শোভাসম্পাদন ও বলবৃদ্ধিব জন্য তোমাব যে ধন আছে, তাহাদ্বারা তুমি স্বধর্ম্মানুষ্ঠানে নিবত থাকিয়া ব্রাহ্মণগণেব পূজা কর ॥২৬॥

নিজবৃত্তিতে অবস্থিত ব্রাহ্মণগণকে তুমি নমস্কাব কবিবে ; তাঁহাবাও পুত্রেব ন্যায় তোমাব উপবে সুখ ও উৎসাহ অনুসাবে স্নেহ কবিবেন ॥২৭॥

কৌববশ্রেষ্ঠ ! তুমি ভিন্ন অন্য কোন্ ব্যক্তি সর্ব্বদা অনুগ্রহকাবী, সুহৃদ ও স্বল্পসন্তোষী ব্রাহ্মণদিগকে বৃত্তিদান কবিতে সমর্থ হইবে ? ॥২৮॥

জগতে স্ত্রীলোকদেব যেমন একমাত্র পতিসেবারূপ ধর্ম্মই সনাতন ধর্ম্ম এবং একমাত্র পতিই সর্ব্বদা স্ত্রীলোকদেব গতি; সেইরূপ আমাদেবও ব্রাহ্মণগণ ॥২৯॥

বৎস ! ব্রাহ্মণগণ ক্ষত্রিয়গণেব দারুণ কর্ম্ম সর্ব্বদা দেখিতে থাকিযা আমাদের নিকট পূজা না পাইয়া যদি আমাদিগকে ত্যাগ করেন, সুতবাং তাঁহাদের পূজা করা আমাদের কর্ত্তব্য ॥৩০॥

অবেদানামযজ্ঞানামলোকানামবর্ত্তিনাম্।
কস্তেষাং জীবিতেনার্থস্ত্বাং বিনা ব্রাহ্মণাশ্রয়ম্ ॥৩১॥
অত্র তে বর্ত্তয়িষ্যামি যথা ধর্ম্মং সনাতনম্।
রাজন্যো ব্রাহ্মণান্ রাজন্! পুরা পরিচচার হ ॥৩২॥
বৈশ্যো রাজন্যমিত্যেব শূদ্রো বৈশ্যমিতি শ্রুতিঃ।
দূরাচ্ছূদ্রেণোপচর্য্যো ব্রাহ্মণোঽগ্নিরিব জ্বলন্ ॥৩৩॥
সংস্পৃশ্য পরিচর্য্যস্তু বৈশ্যেন ক্ষত্রিয়েণ চ।
মৃদুভাবান্ সত্যশীলান্ সত্যধর্ম্মানুপালনান্ ॥৩৪॥
আশীবিষানিব ক্রুদ্ধাংস্তানুপাচরত দ্বিজান্।
অপরেষাং পরেষাঞ্চ পরেভ্যশ্চাপি যে পরে ॥৩৫॥ (যুগ্মকম্)

ভারতকৌমুদী

অবেদানামিতি। অবেদানাং বেদাধ্যয়নরহিতানাম্। অতএব অযজ্ঞানাম্, অলোকানাং সহায়ীভূতলোকশূন্যানাম্ অবর্ত্তিনাং বৃত্তিশূন্যানাং তেষাং ব্রাহ্মণানাং জীবিতেন জীবনেন ব্রাহ্মণাশ্রয়ং ত্বাং বিনা কঃ অর্থঃ প্রয়োজনম্ জীবনস্য উপায় ইত্যর্থঃ ॥৩১॥

অত্রেতি। বর্ত্তয়িষ্যামি উপস্থাপয়িষ্যামি বক্ষ্যামীত্যর্থঃ ॥৩২॥

বৈশ্য ইতি। পরিচচারেত্যনুবৃত্তিঃ ॥৩৩॥

সংস্পৃশ্যেতি। পরিচার্য্যো ব্রাহ্মণঃ। অপরেষাং নিকৃষ্টানাং পরেষামুৎকৃষ্টানাঞ্চ মধ্যে, পরেভ্য উৎকৃষ্টেভ্যশ্চাপি, পরে উৎকৃষ্টাঃ ॥৩৪—৩৫॥

ভারতভাবদীপঃ

অবক্ষেপ্তুং সমর্পয়িতুম্ ॥২৮—৩০॥ অবর্ত্তিনামবৃত্তীনাম্ আর্ষো গুণঃ, অকীর্ত্তিনামিতি পাঠে ব্রীহ্যাদিত্বাদিনিঃ; অকীর্ত্তিমতাম্ ॥৩১॥ পুরা পূর্ব্বম্ ॥৩২—৪১॥

ইতি শ্রীমহাভারতে অনুশাসনপর্ব্বণি দানধর্ম্মে নৈলকণ্ঠীয়ে ভারতভাবদীপে অষ্টচত্বারিংশোঽধ্যায়ঃ ॥৪৮॥

যাঁহারা বেদ অধ্যয়ন করেন নাই, তাঁহাদের যজ্ঞ নাই, সহায় নাই এবং বৃত্তিও নাই; অথচ তুমি ব্রাহ্মণদিগের অবলম্বন, এই অবস্থায় তোমা ব্যতীত সেই সকল ব্রাহ্মণের জীবনের উপায় কি? ॥৩১॥

রাজা! এখন আমি তোমার নিকটে সনাতন ধর্ম্ম অনুসারে বলিতেছি, পূর্ব্বকালে ক্ষত্রিয়েরা ব্রাহ্মণগণের সেবা করিতেন ॥৩২॥

আর আমাদের শুনা আছে যে, বৈশ্য ক্ষত্রিয়ের ও শূদ্র বৈশ্যের পরিচর্য্যা করিত এবং শূদ্র দূর হইতে অগ্নির ন্যায় প্রজ্বলিত ব্রাহ্মণের সেবা করিত ॥৩৩॥

আর ক্ষত্রিয় ও বৈশ্য স্পর্শ করিয়া ব্রাহ্মণের পরিচর্য্যা করিবেন। সুতরাং যুধিষ্ঠির! যাঁহারা নিকৃষ্ট ও উৎকৃষ্টগণের মধ্যে উৎকৃষ্ট হইতে ও উৎকৃষ্ট; সেই

ক্ষত্রিয়াণাং প্রতপতাং তেজসা চ বলেন চ।
ব্রাহ্মণেষ্বেব শাম্যন্তি তেজাংসি চ তপাংসি চ ॥৩৬॥
ন মে পিতা প্রিয়তরো ন বা মাতা তথা প্রিয়ঃ।
ন মে পিতুঃ পিতা রাজন্! ন চাত্মা ন চ জীবিতম্ ॥৩৭॥
ত্বত্তশ্চ মে প্রিয়তরঃ পৃথিব্যাং নাস্তি কশ্চন।
ত্বত্তোঽপি মে প্রিয়তরা ব্রাহ্মণা ভরতর্ষভ! ॥৩৮॥
ব্রবীমি সত্যমেতচ্চ যথাহং পাণ্ডুনন্দন!।
তেন সত্যেন গচ্ছেয়ং লোকান্ যত্র চ শান্তনুঃ ॥৩৯॥
পশ্যেয়ঞ্চ সতাং লোকাঞ্ছুচীন্ ব্রহ্মপুরস্কৃতান্।
তত্র মে তাত! গন্তব্যমহ্নায় চ চিরায় চ ॥৪০॥
সোঽহমেতাদৃশাল্লোঁকান্ দৃষ্ট্বা ভরতসত্তম!।
যন্মে কৃতং ব্রাহ্মণেষু ন তপ্যে তেন পার্থিব! ॥৪১॥
ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যামনুশাসন-
পর্ব্বণি দানধর্ম্মে অষ্টচত্বারিংশোঽধ্যায়ঃ ॥০॥

ভাবতকৌমুদী

ক্ষত্রিয়াণামিতি। শাম্যন্তি তপোবলেন তিরোভবন্তি ॥৩৬॥
নেতি। প্রিয়ো জনঃ। আত্মা দেহঃ ॥৩৭॥
ত্বত্ত ইতি। ব্রাহ্মণাঃ প্রিয়তরাঃ, তপোবলেনাধিকোপকারসাধনাৎ ॥৩৮॥
ব্রবীমীতি। লোকান্ স্বর্গান্, যত্র যেষু লোকেষু শান্তনুর্মৎপিতা বর্ত্ততে ॥৩৯॥
পশ্যেয়মিতি। ব্রহ্মণা বিরিঞ্চিনা পুরস্কৃতান্ শ্রেষ্ঠীকৃতান্। অহ্নায় দ্রুতম্ ॥৪০॥

কোমলস্বভাব সত্যশীল, সত্যধর্ম্মরক্ষক এবং বিষধর সর্পের ন্যায় ক্রোধী ব্রাহ্মণগণের তোমরা সেবা কর ॥৩৪—৩৫॥

তেজ ও শক্তির গুণে প্রতাপশালী ক্ষত্রিয়গণের সেই তেজ ও তপস্যা ব্রাহ্মণে যাইয়া লয় পাইয়া থাকে ॥৩৬॥

রাজা! আমার পিতা সেরূপ প্রিয় নহেন, কিংবা মাতা, পিতামহ, দেহ বা জীবনও আমার সেরূপ প্রিয় নহে ॥৩৭॥

ভরতশ্রেষ্ঠ! এই পৃথিবীতে তোমা হইতে আমার অধিক প্রিয় কেহ নাই; কিন্তু ব্রাহ্মণেরা তোমা অপেক্ষাও আমার অধিক প্রিয় ॥৩৮॥

পাণ্ডুনন্দন! আমি যে এই সত্য বলিতেছি, সেই সত্যের ফলে—যে স্বর্গে আমার পিতা শান্তনু রহিয়াছেন, আমিও সেই স্বর্গেই যাইব ॥৩৯॥

বৎস! ব্রহ্মার অধিষ্ঠিত ও পবিত্র সজ্জনগণের সেই ব্রহ্মলোক দেখিব এবং সেই স্থানে আমি সত্বর চিরকালের জন্য যাইব ॥৪০॥

ঊনপঞ্চাশত্তমোঽধ্যায়ঃ।

—:*:—

যুধিষ্ঠির উবাচ।

যৌ চ স্যাতাং চরণেনোপপন্নৌ যৌ বিদ্যয়া সদৃশৌ জন্মনা চ।
তাভ্যাং দানং কতমস্মৈ বিশিষ্টমযাচমানায় চ যাচতে চ ॥১॥

ভীষ্ম উবাচ।

শ্রেয়ো বৈ যাচতঃ পার্থ! দানমাহুরযাচতে।
অর্হত্তমো বৈ ধৃতিমান্ কৃপণাদধৃতাত্মনঃ ॥২॥

ভাবতকৌমুদী

স ইতি। যৎ দানাদিকং, মে মযা ॥৪১॥

ইতি মহামহোপাধ্যায়-ভারতাচার্য্য-শ্রীহরিদাসসিদ্ধান্তবাগীশভট্টাচার্য্যবিরচিতায়াং মহা-ভারতটীকায়াং ভারতকৌমুদীসমাখ্যায়ামনুশাসনপর্ব্বণি দানধর্ম্মে অষ্টচত্বারিংশোঽধ্যায়ঃ ॥০॥

—:*:—

যাবিতি। চরণেন সদাচারেণ। জন্মনা কুলেন। তাভ্যাং তয়োর্মধ্যে কতমস্মৈ দানং বিশিষ্টং শ্রেষ্ঠম্ ॥১॥

শ্রেয় ইতি। হে পার্থ! যাচতো যামানাপেক্ষযা অযাচতে দানং শ্রেয়ঃ শ্রেষ্ঠমাহুর্ম্নয়ঃ। অধৃতাত্মনঃ অধীরাৎ কৃপণাৎ ক্ষুদ্রাৎ, ধৃতিমান্ ধৈর্য্যশীলঃ, অর্হত্তমঃ শ্রেষ্ঠতরঃ। অতস্তস্মৈ দানমপি শ্রেষ্ঠমিতি ভাবঃ ॥২॥

ভরতশ্রেষ্ঠ রাজা! ব্রাহ্মণগণেব বিষয়ে যাহা করিয়াছি তাহাব ফলে সেই আমি এই সকল লোক দেখিয়া সন্তপ্ত হইব না ॥৪১॥

—:*:—

যুধিষ্ঠির বলিলেন—'যে দুইজনই সদাচারসম্পন্ন এবং বিদ্যায় ও বংশে সমান, তাঁহাদের মধ্যে একজন প্রার্থনা কবিতেছেন না, অপর জন প্রার্থনা কবিতেছেন ; ইহাতে কাঁহাকে দান কবায অধিক ফল হয় ?' ॥১॥

ভীষ্ম বলিলেন—'পৃথানন্দন! পণ্ডিতেবা বলেন, প্রার্থনাকাবী অপেক্ষায় অপ্রার্থনাকারীকে দান করা অধিক ফলজনক। কাবণ, ধৈর্য্যশীল ব্যক্তি অধীর ক্ষুদ্র ব্যক্তি অপেক্ষা শ্রেষ্ঠ ॥২॥

---

* '...একোনষষ্টিতমোঽধ্যায়ঃ'· বঙ্গ বৰ্দ্ধ, চতুর্নবতিতমোঽধ্যায়ঃ'—নি।

ক্ষত্রিয়ো রক্ষণধৃতির্ব্রাহ্মণোঽনর্থনাধৃতিঃ।
ব্রাহ্মণো ধৃতিমান্ বিদ্বন্! দেবান্ প্রীণাতি তুষ্টিমান্ ॥৩॥
যাচ্যমাহুরনীশস্য অভিহারঞ্চ ভারত!।
উদ্বেজয়ন্তি যাচন্তি যদা ভূতানি দস্যুবৎ ॥৪॥
ম্রিয়তে যাচমানো বৈ ন জাতু ম্রিয়তে দদৎ।
দদৎ সঞ্জীবয়ত্যেনমাত্মানঞ্চ যুধিষ্ঠির! ॥৫॥
আনৃশংস্যং পরো ধর্ম্মো যাচতে যৎ প্রদীয়তে।
অযাচতঃ সীদমানান্ সর্ব্বোপায়ৈর্নিমন্ত্রয়েৎ ॥৬॥

ভারতকৌমুদী

ক্ষত্রিয় ইতি। হে বিদ্বন্! যুধিষ্ঠির! রক্ষণে প্রজাপালনে ধৃতির্ধৈর্য্যং যস্য সঃ, অনর্থনায়াং অযাচ্ঞায়াং ধৃতির্ধৈর্য্যং যস্য সঃ ॥৩॥

যাচ্যমিতি। হে ভারত! অনীশস্য অধনস্য জনস্য সমীপে যাচ্যং যাচনম্, অভিহারং তিরস্কারমাহুর্ম্মুনয়ঃ। যদা যতঃ যাচন্তি যাচমানানি ভূতানি মানবাঃ দস্যুবদেব যাচ্যমানমুদ্বেজয়ন্তি ॥৪॥

ম্রিয়ত ইতি। যাচমানো জনঃ ম্রিয়তে অপমানেন মৃত ইব জায়তে, কিন্তু দদৎ দানকারী জনো জাতু কদাপি ন ম্রিয়তে। যেন হি দদজ্জনঃ, এনং যাচমানম্ আত্মানঞ্চ সঞ্জীবয়তি, দানেন প্রসাদনাদিত্যুভয়ত্রাপি ভাবঃ ॥৫॥

আনৃশংস্যমিতি। আনৃশংস্যং দয়া। সীদমানান্ দারিদ্র্যেণ ক্লিশ্যমানান্ ॥৬॥

ভারতভাবদীপঃ

যৌ চেতি। চরণেনাচরণেন ॥১॥ অযাচতঃ শ্রেষ্ঠ্যমাহ দ্বাভ্যাম্—শ্রেয় ইতি ॥২॥ অনর্থনা অযাচ্ঞা ॥৩॥ যাচ্যং যাচনারূপং কর্ম্ম অনীশস্য দরিদ্রস্যাভিহারং তিরস্কারমাহুঃ, যদা যতঃ

ক্ষত্রিয় প্রজাপালনে ধৈর্য্যশীল হইবেন এবং ব্রাহ্মণ প্রার্থনা না করার বিষয়ে ধৈর্য্যবান্ থাকিবেন। কারণ, জ্ঞানী যুধিষ্ঠির! ধৈর্য্যশীল ও সন্তুষ্ট ব্রাহ্মণ স্বভাবতই দেবগণকে সন্তুষ্ট করিয়া থাকেন ॥৩॥

ভরতনন্দন! দরিদ্রের নিকটে প্রার্থনা করায় তাহাকে তিরস্কারই করা হয়। কারণ, প্রার্থনাকারী মানুষেরা দস্যুর ন্যায় মানুষকে উদ্বিগ্ন করিয়া থাকে ॥৪॥

যুধিষ্ঠির! প্রার্থী মৃতের তুল্য হয়; কিন্তু দাতা কখনও মৃতের তুল্য হন না; বরং দাতা প্রার্থীকে ও নিজেকে সঞ্জীবিতই করিয়া থাকেন ॥৫॥

প্রার্থীকে যে দান করা হয়, তাহা দয়াপ্রণোদিত বলিয়া পরম ধর্ম্মজনক; আর প্রার্থনাও করেন না, অথচ দারিদ্র্যের কষ্টভোগ করেন, এইরূপ ব্রাহ্মণগণকে দান করিবার জন্য সর্ব্বোপায়ে নিমন্ত্রণ করিবে ॥৬॥

যদি বৈ তাদৃশা রাষ্ট্রান্ বসেয়ুস্তে দ্বিজোত্তমাঃ।
ভস্মচ্ছন্নানিবাগ্নীংস্তান্ বুধ্যেথাস্ত্বং প্রযত্নতঃ ॥৭॥
তপসা দীপ্যমানাস্তে দহেয়ুঃ পৃথিবীমপি।
অপূজ্যমানাঃ কৌরব্য! পূজার্হাস্তু তথাবিধাঃ ॥৮॥
পূজ্যা হি জ্ঞানবিজ্ঞানতপোযোগসমন্বিতাঃ।
তেভ্যঃ পূজ্যাং প্রযুঞ্জীথা ব্রাহ্মণেভ্যঃ পরন্তপ!।
দদদ্বহুবিধান্ দায়ানুপাগচ্ছন্নযাচতাম্ ॥৯॥
যদগ্নিহোত্রে সুহুতে সায়ং প্রাতর্ভবেৎ ফলম্।
বিদ্যাবেদব্রতবতি তদ্দানফলমুচ্যতে ॥১০॥
বিদ্যাবেদব্রতস্নাতানব্যপাশ্রয়জীবিনঃ।
গূঢ়স্বাধ্যায়তপসো ব্রাহ্মণান্ সংশিতব্রতান্ ॥১১॥
কৃতৈরাবসথৈর্হৃদ্যৈঃ সপ্রেষ্যৈঃ সপরিচ্ছদৈঃ।
নিমন্ত্রয়েথাঃ কৌন্তেয়! কামৈশ্চান্যৈর্দ্বিজোত্তমান্ ॥১২॥ (যুগ্মকম্)

ভাবতকৌমুদী

যদীতি। রাষ্ট্রান্ দেশান্ আশ্রিত্য। অতস্তেভ্যো দাতব্যমিতি ভাবঃ ॥৭॥
তপসেতি। পূজার্হা দানমানভ্যাং পূজাযোগ্যাঃ ॥৮॥
পূজ্যা ইতি। প্রযুঞ্জীথাঃ কুর্ব্বীথাঃ। দীযন্ত ইতি দায়া ধনানি তান্। ষট্পাদঃ শ্লোকঃ ॥৯॥
যদিতি। বিদ্যাবেদব্রতবতি ব্রাহ্মণে, তত্তাদৃশম্ ॥১০॥

ভাবতভাবদীপঃ

যাচন্তি যাচমানানি ভূতানি দস্যুবল্লোকান্নুদ্বেজযন্তি ॥৪—৬॥ রাষ্ট্রান্ রাষ্ট্রম্ ॥৭—৯॥ দদদিত্যর্দ্ধঃ। অযাচতামযাচমানানাম্ উপাগচ্ছন্ সমীপমুপসর্পন্ দায়ান্ ধনাদীন্ দদৎ দাতা ভবেতি

যুধিষ্ঠিব! সেইরূপ ব্রাহ্মণেবা যদি তোমাব বাজ্যে বাস কবেন; তাহা হইলে তুমি, যত্নপূর্ব্বক তাহাদিগকে ভস্মাচ্ছন্ন অগ্নিব ন্যায় মনে কবিবে ॥৭॥

কৌববনন্দন। তপস্যাব প্রভাবে দীপ্যমান সেই ব্রাহ্মণেরা অপূজিত থাকিয়া পৃথিবীও দগ্ধ কবিতে পারেন। সুতবাং সেইরূপ ব্রাহ্মণেরাই পূজাব যোগ্য ॥৮॥

শত্রুসন্তাপক! জ্ঞান, বিজ্ঞান, তপস্যা ও যোগযুক্ত ব্রাহ্মণেবা অবশ্য পূজনীয়, অতএব সেই ব্রাহ্মণদিগকে পূজা করিবে। তাঁহারা প্রার্থনা না কবিলেও তুমি নিজে তাঁহাদেব নিকটে যাইযা নানাবিধ ধন দান করিবে ॥৯॥

প্রাতঃকালে ও সাযংকালে সমীচীনভাবে অগ্নিহোত্র হোম করিলে যে ফল হয; বিদ্যা, বেদ ও ব্রতসম্পন্ন ব্রাহ্মণকে দান কবিলে, তাদৃশ ফল হয বলিযা কথিত হইয়া থাকে ॥১০॥

অপি তে প্রতিগৃহ্নীয়ুঃ শ্রদ্ধোপেতং যুধিষ্ঠির ! ।
কার্য্যমিত্যেব মন্বানা ধর্ম্মজ্ঞাঃ সূক্ষ্মদর্শিনঃ ॥১৩॥
অপি তে ব্রাহ্মণা ভুক্ত্বা গতাঃ সোদ্ধরণান্ গৃহান্ ।
যেষাং দারাঃ প্রতীক্ষন্তে পর্জ্জন্যমিব কর্ষকাঃ ॥১৪॥
অন্নানি প্রাতঃসবনে নিয়তা ব্রহ্মচারিণঃ ।
ব্রাহ্মণাস্তাত ! ভুঞ্জানাস্ত্রেতাগ্নিং প্রীণয়ন্ত্যত ॥১৫॥

ভারতকৌমুদী

বিত্তেতি। অব্যপাশ্রয়েণ কস্যাপ্যনবলম্বনেন জীবন্তীতি তান্, গূঢ়ানি গুপ্তানি স্বাধ্যায়তপাংসি যেষাং তান্, সংশিতব্রতান্ দৃঢ়নিয়মান্। আবসথৈর্গৃহৈঃ, হৃদ্যৈঃ সুন্দরতয়া প্রিয়ৈঃ, সপ্রেষ্যৈর্দাসযুক্তৈঃ, সপরিচ্ছদৈর্বসনাদিসমন্বিতৈঃ, তাদৃশগৃহদানাঙ্গীকারৈরিত্যর্থঃ ॥১১—১২॥

অপীতি। অপিঃ সম্ভাবনায়াং পরত্রাপ্যেবম্। কার্য্যম্ এতদাবসথগ্রহণং কর্ত্তব্যম্ ॥১৩॥

অপীতি। উদ্ধরণেন স্বামিহস্তাৎ খাদ্যাস্যাহরণেন সহেতি তান্, ভর্ত্তরি সমাগতে তদীয়হস্তাৎ খাদ্যাদিকমানীয় যুষ্মভ্যং দাস্যামীতি শিশুসন্তানান্ সমাশ্বাস্য যেষু ব্রাহ্মণভার্য্যা তিষ্ঠন্তি তান্, গৃহানিত্যর্থঃ। কর্ষকাঃ কৃষকাঃ, পর্জ্জন্যং মেঘমিব যান্ প্রতীক্ষন্তে ॥১৪॥

অন্নানীতি। প্রাতঃসবনে তব প্রাতঃকালীনযজ্ঞকালে, নিয়তা ব্রতনিষ্ঠাঃ। ত্রেতাগ্নিং দক্ষিণাগ্নিগার্হপত্যাহবনীয়রূপমগ্নিত্রয়ম্ ॥১৫॥

ভাবতভাবদীপঃ

শেষঃ ॥১০—১৩॥ অপীতি। সোদ্ধরণান্, স্বামিন্যাগতে দাস্যামীতি যাচমানেভ্যো বালকেভ্য আশাপ্রদর্শনমুদ্ধরণং তৎসহিতান্, অতএব দারাস্তেষাং প্রতীক্ষন্ত ইত্যুক্তম্ ॥১৪॥ এব তে

ঘৃতং মে হৃদযে নিত্যং ঘৃতং নাভ্যাং প্রতিষ্ঠিতম্।
ঘৃতং সর্ব্বেষু গাত্রেষু ঘৃতং মে মনসি স্থিতম্ ॥২॥
গাবো মমাগ্রতো নিত্যং গাবঃ পৃষ্ঠত এব চ।
গাবো মে সর্বতশ্চৈব গবাং মধ্যে বসাম্যহম্ ॥৩॥

ভাবতকৌমুদী

যাবন্তীতি। মহীয়তে স্বর্গে তিষ্ঠতি। স গোদাতা স্বর্গচ্যুতো ভোগেন স্বর্গাদ্ভ্রষ্টঃ, প্রসূযতে উৎপদ্যতে, বিপুলে গৃহে ধনিনো বিশালে ভবনে ॥২৭॥

ইতি মহামহোপাধ্যায়-ভারতাচার্য্য-শ্রীহরিদাসসিদ্ধান্তবাগীশভট্টাচার্য্যবিরচিতায়াং মহাভারতটীকায়াং ভারতকৌমুদীসমাখ্যায়ামনুশাসনপর্ব্বণি দানধর্ম্মে চতুঃষষ্টিতমোঽধ্যায়ঃ ॥০॥

—ঃ*ঃ—

ঘৃতেতি। ঘৃতযোন্যো ঘৃতহেতবঃ, ঘৃতমুদ্ভবত্যাভ্য ইতি ঘৃতোদ্ভবাঃ ॥১॥

ঘৃতমিতি। হৃদযে বক্ষসি। সর্ব্বত্র তেজোরূপত্বাদিতি ভাবঃ ॥২॥

গাব ইতি। সর্ব্বত্র তিষ্ঠন্ত্বিতি শেষঃ ॥৩॥

ধেনুব যতগুলি লোম থাকে, তত বৎসব গোদাতা স্বর্গে সম্মানিত হইয়া বাস কবেন; তাহাব পব আবাব তিনি স্বর্গচ্যুত হইয়া মর্ত্ত্যলোকে আসিয়া ধনবানেব বিশাল ভবনে উৎপন্ন হন' ॥২৭॥

—ঃ*ঃ—

বসিষ্ঠ বলিলেন—'ঘৃত ও দুগ্ধদায়িনী, ঘৃতের কারণ, ঘৃতোৎপত্তির হেতু, ঘৃতেব নদীস্বরূপা এবং ঘৃতেব আবর্ত্ত-(ঘোলা) রূপা সেই গো সকল আমার গৃহে সর্ব্বদা বিদ্যমান থাকুক ॥১॥

সর্ব্বদা আমাব বক্ষে ঘৃত আছে, নাভিতে ঘৃত প্রতিষ্ঠিত রহিয়াছে, সমস্ত অঙ্গে ঘৃত আছে এবং আমাব মনেও ঘৃত বহিয়াছে ॥২॥

গোগণ আমাব সম্মুখে, গো সকল আমাব পৃষ্ঠভাগে এবং গো সমূহ আমার সকল দিকে সর্ব্বদা অবস্থান করুক; আবাব আমিও যেন গোসকলের মধ্যে বাস করি ॥৩॥

ইত্যাচম্য জপেৎ সায়ং প্রাতশ্চ পুরুষঃ সদা।
যদহ্না কুরুতে পাপং তস্মাৎ স পরিমুচ্যতে ॥৪॥
প্রাসাদা যত্র সৌবর্ণা বসোর্ধারা চ যত্র সা।
গন্ধর্ব্বাপ্সরসো যত্র তত্র যান্তি সহস্রদাঃ ॥৫॥
নবনীতপঙ্কাঃ ক্ষীরোদা দধিশৈবলসঙ্কুলাঃ।
বহন্তি যত্র বৈ নদ্যস্তত্র যান্তি সহস্রদাঃ ॥৬॥
গবাং শতসহস্রন্তু যঃ প্রযচ্ছেদ্‌যথাবিধি।
পরাং বৃদ্ধিমবাপ্যাথ স্বর্গলোকে মহীয়তে ॥৭॥
দশ চোভযতঃ পুত্রো মাতাপিত্রোঃ পিতামহান্।
দধাতি সুকৃতাল্লোঁকান্ পুনাতি চ কুলং নরঃ ॥৮॥

ভাবতকৌমুদী

ইতীতি। প্রাতর্জপে চ রাত্র্যা যৎ পাপং কুরুতে, তস্মাৎ পরিমুচ্যত ইত্যপি বোধ্যম্ ॥৪॥

প্রাসাদা ইতি। সহস্রদাঃ প্রকরণাৎ গবাং সহস্রদাতারঃ ॥৫॥

নবেতি। নবনীতমেব পঙ্কঃ কর্দ্দমো যাসাং তাঃ, ক্ষীরমেব উদকং যাসাং তাঃ, অক্ষরাধিক্যমার্ষম্। দধীন্যেব শৈবলানি তৈঃ সঙ্কুলা ব্যাপ্তাঃ ॥৬॥

গবামিতি। শতসহস্রং লক্ষম্। বৃদ্ধিং সম্পদম্ ॥৭॥

দশেতি। পুত্রো গাং দত্ত্বেতি শেষঃ, মাতাপিত্রোরুভয়ত ঊর্দ্ধাধঃস্থিতান্ দশ পুরুষান্, পিতামহান্ দত্তকপক্ষে জনয়িতুঃ পিতৄংশ্চ, সুকৃতান্ পুণ্যময়ান্ লোকান্ দধাতি নয়তি। কিং বহুনা, গোদাতা নরশ্চ কুলমেব পুনাতি ॥৮॥

মানুষ প্রত্যহ সায়ংকালে ও প্রাতঃকালে আচমন করিয়া এই শ্লোক তিনটী পাঠ করিবে; তাহা হইলে মানুষ দিনে ও রাত্রিতে যে সকল পাপ করিবে, তাহা হইতে মুক্ত হইবে ॥৪॥

যে স্থানে স্বর্ণময় অট্টালিকা রহিয়াছে, যে স্থানে সেই বসুধারা পতিত হইতেছে এবং যে স্থানে গন্ধর্ব্বগণ ও অপ্সরাগণ বিচরণ করে; সহস্র গোদাতৃগণ সেইস্থানে গমন করিয়া থাকেন ॥৫॥

নবনীত যেগুলির কর্দ্দম এবং দুগ্ধ যে সকলের জল, সেই দধি-শৈবলযুক্ত নদীসমূহ যে স্থানে বহিত হয়, সহস্র গোদাতা সেইস্থানে যাইয়া থাকেন ॥৬॥

যে মানুষ যথাবিধানে লক্ষ গোদান করে, সেই মানুষ ইহলোকে পরম সম্পদ্ লাভ করিয়া স্বর্গে যাইয়া সম্মানিত হয় ॥৭॥

পুত্র গোদান করিয়া মাতৃকুল ও পিতৃকুলের উপরের দিকে দশ পুরুষ ও নীচের দিকে দশ পুরুষকে এবং দত্তকপুত্রের পক্ষে জনয়িতার পিতৃগণকে পুণ্যময়

ধেন্বাঃ প্রমাণেন সমপ্রমাণাং ধেনুং তিলানামপি চ প্রদায়।
পানীয়দাতা চ যমস্য লোকে ন যাতনাং কাঞ্চিদুপৈতি তত্র ॥৯॥
পবিত্রমগ্র্যং জগতঃ প্রতিষ্ঠা দিবৌকসাং মাতরোঽথাপ্রমেয়াঃ।
অন্বালভেদ্দক্ষিণতো ব্রজেচ্চ দদ্যাচ্চ পাত্রে প্রসমীক্ষ্য কালম্ ॥১০॥
ধেনুং সবৎসাং কপিলাং ভূরিশৃঙ্গীং কাংস্যোপদোহাং বসনোত্তরীয়াম্।
প্রদায় তাং গাহতি দুর্ব্বিগাহ্যাং যাম্যাং সভাং বীতভয়ো মনুষ্যঃ ॥১১॥
সুরূপা বহুরূপাশ্চ বিশ্বরূপাশ্চ মাতরঃ।
গাবো মামুপতিষ্ঠন্তামিতি নিত্যং প্রকীর্ত্তয়েৎ ॥১২॥
নাতঃ পুণ্যতরং দানং নাতঃ পুণ্যতরং ফলম্।
নাতো বিশিষ্টং লোকেষু ভূতং ভবিতুমর্হতি ॥১৩॥

ভাবতকৌমুদী

ধেন্বা ইতি। পানীয়স্য জলস্য দাতা, উপৈতি প্রাপ্নোতি, এতেন দানে ধেনুরূপৈব তিল-ধেনুং কর্ত্তব্যেতি বোধ্যম্ ॥৯॥

পবিত্রমিতি। গাবঃ অগ্র্যং শ্রেষ্ঠং পবিত্রং দ্রব্যম্, জগতঃ প্রতিষ্ঠা আশ্রয়স্থানম্, দিবৌকসাং দেবানামপি মাতরঃ, মাহাত্ম্যেঽপি অপ্রমেয়াশ্চ। অতএব তা গা দক্ষিণতঃ অন্বালভেৎ স্পৃশেৎ ব্রজেচ্চ, কালং পুণ্যাহং প্রসমীক্ষ্য পাত্রে দদ্যাচ্চ ॥১০॥

ধেনুমিতি। ভূরিশৃঙ্গীম্ অভগ্নশৃঙ্গাম্, বসনোত্তরীযাং বস্ত্রাবৃতাম্, গাহতি প্রবিশতি, যাম্যাং যমাধিষ্ঠিতাম্, বীতভয়ো নির্ভয়ঃ ॥১১॥

সুরূপা ইতি। বিশ্বরূপা লক্ষ্মীরূপত্বাৎ সর্ব্বরূপাঃ ॥১২॥

নেতি। অতো গোদানাৎ। অতো গোঃ, বিশিষ্টং শ্রেষ্ঠং বস্তু ॥১৩॥

লোকে প্রেরণ করে; এমন কি মানুষ গোদান করিয়া নিজবংশকেই পবিত্র করিতে পারে ॥৮॥

প্রকৃত ধেনুর প্রমাণের তুল্য প্রমাণ তিলধেনু দান করিয়া এবং জল দান করিয়া মানুষ সেই যমলোকে যাইয়াও কোন যাতনা ভোগ করে না ॥৯॥

গো সকল শ্রেষ্ঠ পবিত্র দ্রব্য, জগতের আশ্রয়, দেবগণেরও মাতা এবং মাহাত্ম্যে অপরিমেয়া; অতএব মানুষ গোগণকে দক্ষিণ দিকে রাখিয়া স্পর্শ করিবে ও গমন করিবে এবং পুণ্যকাল দেখিয়া সৎপাত্রে দান করিবে ॥১০॥

সবৎসা, পূর্ণশৃঙ্গা, কাংস্যদোহনা ও বস্ত্রাবৃতা কপিলা ধেনু দান করিয়া, মানুষ নির্ভয় চিত্তে দুর্গম সেই যমের সভায় বিচরণ করিতে পারে ॥১১॥

'সুরূপা, বহুরূপা ও বিশ্বরূপা গোমাতারা আমার নিকট উপস্থিত থাকুন' এইরূপ মানুষ সর্ব্বদা কীর্ত্তন করিবে ॥১২॥

ত্বচা লোম্নাথ শৃঙ্গৈর্ব্বা বালৈঃ ক্ষীরেণ মেদসা।
যজ্ঞং বহতি সম্ভূয় কিমস্ত্যভ্যধিকং ততঃ ॥১৪॥
যয়া সর্ব্বমিদং ব্যাপ্তং জগৎ স্থাবরজঙ্গমম্।
তাং ধেনুং শিরসা বন্দে ভূতভব্যস্য মাতরম্ ॥১৫॥
গুণবচনসমুচ্চয়ৈকদেশো নৃবর। ময়ৈষ গবাং প্রকীর্ত্তিতস্তে।
ন চ পরমিহ দানমস্তি গোভ্যো ভবতি ন চাপি পরায়ণং তথান্যৎ ॥১৬॥

ভীষ্ম উবাচ।

বরমিদমিতি ভূমিপো বিচিন্ত্য প্রবরমৃষের্ব্বচনং ততো মহাত্মা।
ব্যসৃজত নিয়তাত্মবান্ দ্বিজেভ্যঃ সুবহু চ গোধনমাপ্তবাংশ্চ লোকান্ ॥১৭॥

ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যামনুশাসন পর্ব্বণি দানধর্ম্মে দানধর্ম্মকথনে পঞ্চষষ্টিতমোঽধ্যায়ঃ ॥০॥ *

ভাবতকৌমুদী

ত্বচেতি। বালৈঃ পুচ্ছৈঃ। বহতি সম্পাদয়তি, সম্ভূয় মিলিত্বা ॥১৪॥
যয়েতি। ভূতভব্যস্য সন্দংশপাতন্যায়াৎ বর্ত্তমানস্যাপি প্রাণিগণস্য ॥১৫॥
গুণেতি। গোভ্যো গোদানেভ্যঃ, পরায়ণং পরমোপকারকম্ ॥১৬॥
বরমিতি। ভূমিপঃ সৌদাসঃ। ব্যসৃজত গা দত্তবান্। লোকান্ স্বর্গান্ ॥১৭॥

ইতি মহামহোপাধ্যায-ভারতাচার্য্য-শ্রীহরিদাসসিদ্ধান্তবাগীশভট্টাচার্য্যবিরচিতায়াং মহাভারতটীকায়াং ভাবতকৌমুদীসমাখ্যায়ামনুশাসনপর্ব্বণি দানধর্ম্মে পঞ্চষষ্টিতমোঽধ্যায়ঃ ॥০॥

গোদান অপেক্ষা অধিক পুণ্যজনক দান নাই, গোদান-ফল অপেক্ষা অধিক পুণ্যময় ফল আর নাই এবং গো অপেক্ষা শ্রেষ্ঠ বস্তু ত্রিভুবনে হয় নাই, হইতেও পারে না ॥১৩॥

ত্বক্, লোম, শৃঙ্গ, পুচ্ছ, দুগ্ধ ও মেদের সহিত মিলিত হইয়া গোগণ যজ্ঞ সম্পাদন করে, সুতরাং সেই গো হইতে শ্রেষ্ঠ বস্তু আর কি আছে ॥১৪॥

যে গো স্থাবর-জঙ্গমাত্মক এই সমস্ত জগৎ ব্যাপ্ত করিয়া রহিয়াছে; ভূত, ভবিষ্যৎ ও বর্ত্তমান প্রাণিগণের মাতৃস্বরূপা সেই গোকে আমি মস্তকদ্বারা নমস্কার করি ॥১৫॥

নরশ্রেষ্ঠ! আমি তোমার নিকটে এই গোগণের গুণ বাক্যসমূহের একদেশ মাত্র বলিলাম। এই জগতে গোদান অপেক্ষা উৎকৃষ্ট দান আর নাই এবং গো অপেক্ষা উপকারী বস্তু আর হইতেও পারে না' ॥১৬॥

---

(১৭) ভূমিদো বিচিন্ত্য বঙ্গ বর্দ্ধ। * 'অশীতিতমোঽধ্যায়ঃ'—বঙ্গ বর্দ্ধ, 'পঞ্চদশাধিকশততমোঽধ্যায়ঃ'—নি।

ষট্‌ষষ্টিতমোঽধ্যায়ঃ।

—:*:—

যুধিষ্ঠির উবাচ।

পবিত্রাণাং পবিত্রং যচ্ছিষ্টং লোকে চ যদ্ভবেৎ।

পাবনং পরমঞ্চৈব তন্মে ব্রূহি পিতামহ!॥১॥

ভীষ্ম উবাচ।

গাবো মহার্থাঃ পুণ্যাশ্চ তারয়ন্তি চ মানবান্‌।

ধারয়ন্তি প্রজাশ্চেমা হবিষা পয়সা তথা॥২॥

নহি পুণ্যতমং কিঞ্চিদ্‌গোভ্যো ভরতসত্তম!।

এতাঃ পুণ্যাঃ পবিত্রাশ্চ ত্রিষু লোকেষু সত্তমাঃ॥৩॥

ভারতকৌমুদী

পবিত্রাণামিতি। শিষ্টং পবিত্রতয়ানুমোদিতম্‌॥১॥

গাব ইতি। মহার্থাঃ প্রশস্তদ্রব্যাণি। ধারয়ন্তি পুষ্ণন্তি॥২॥

ভাবতভাবদীপঃ

ঘৃতেতি। ঘৃতযোন্যোঃ ঘৃতযোনয়ঃ॥১—৪॥ বসোর্ধারা মন্দাকিনী॥৫—৮॥ পানীয়দাতা জলধেনুদাতা॥৯—১৬॥ ভূমিদঃ সৌদাসো নাম রাজা॥১৭॥

ইতি শ্রীমহাভারতে অনুশাসনপর্ব্বণি দানধর্ম্মে নৈলকণ্ঠীয়ে ভারতভাবদীপে পঞ্চষষ্টিতমোঽধ্যায়ঃ॥৬৫॥

—:*:—

ভীষ্ম বলিলেন—'মহাত্মা রাজা সৌদাস বসিষ্ঠের এই উত্তম বাক্যকে বর মনে করিয়া তদবধি সংযত চিত্ত হইয়া ব্রাহ্মণগণকে গোদান করিতে লাগিলেন; তাহার ফলে বহুতর গোধন লাভ করিতে থাকিলেন এবং অন্তিমে অনন্ত স্বর্গ লাভ করিলেন'॥১৭॥

—:*:—

যুধিষ্ঠির বলিলেন—'পিতামহ! যাহা পবিত্রের মধ্যেও পবিত্র এবং জগতেও যাহা পবিত্র বলিয়া অনুমোদিত; সেই পরম পবিত্র বস্তু আপনি আমার নিকট বলুন'॥১॥

ভীষ্ম বলিলেন—'অতিপ্রশস্ত গোসকল পবিত্র, মনুষ্যগণকে উদ্ধার করে এবং ঘৃত ও দুগ্ধপ্রভৃতিদ্বারা এই সকল লোককে পোষণ করিয়া থাকে॥২॥

দেবানামুপরিষ্টাচ্চ গাবঃ প্রতিবসন্তি বৈ।
দত্ত্বা চৈতাস্তারয়ন্তে যান্তি স্বর্গং মনীষিণঃ ॥৪॥
মান্ধাতা যৌবনাশ্বশ্চ যযাতির্নহুষস্তথা।
গা বৈ দদন্তঃ সততং সহস্রশতসম্মিতাঃ ॥৫॥
গতাঃ পরমকং স্থানং দেবৈরপি সুদুর্লভম্।
অপি চাত্র পুরা গীতাং কথয়িষ্যামি তেঽনঘ! ॥৬॥ (যুগ্মকম্)
ঋষীণামুত্তমং ধীমান্ কৃষ্ণদ্বৈপায়নং শুকঃ।
অভিবাদ্যাহ্নিককৃতঃ শুচিঃ প্রযতমানসঃ ॥৭॥
পিতরং পরিপপ্রচ্ছ দৃষ্টলোকপরাবরম্।
কো যজ্ঞঃ সর্ব্বযজ্ঞানাং বরিষ্ঠো হ্যুপলক্ষ্যতে ॥৮॥ (যুগ্মকম্)
কিঞ্চ কৃত্বা পরং স্থানং প্রাপ্নুবন্তি মনীষিণঃ।
কেন দেবাঃ পবিত্রেণ স্বর্গমশ্নন্তি বা বিভো! ॥৯॥

ভারতকৌমুদী

নহীতি। পুণ্যা যজ্ঞার্থে ঘৃতদানাদিনা পুণ্যজনিকাঃ। সত্তমাঃ শ্রেষ্ঠাঃ ॥৩॥

দেবানামিতি। তারয়ন্তে বংশং পাপাদুদ্ধরন্তি ॥৪॥

মান্ধাতেতি। দদন্তো দদতঃ। পুরা গীতাং পূর্ব্বোক্তাং কথাম্ ॥৫—৬॥

ঋষীণামিতি। কৃতমাহ্নিকং সন্ধ্যাবন্দনাদিকং যেন স আহ্নিককৃতঃ, অগ্ন্যাহিতাদিবৎ বিশেষণস্য পরনিপাতঃ। দৃষ্টৌ লোকে জগতি পরাবরৌ উৎকর্ষাপকর্ষৌ যেন তম্। উপলক্ষ্যতে ভবতা দৃশ্যতে ॥৭—৮॥

কিমিতি। কেন কর্ম্মণা অশ্নন্তি ভুঞ্জন্তি ॥৯॥

ভরতশ্রেষ্ঠ! গো হইতে অধিক পবিত্র কোন বস্তু নাই এবং এই গোসমূহ পুণ্যজনক, পবিত্র ও ত্রিভুবনের মধ্যে শ্রেষ্ঠ ॥৩॥

গো সকল দেবগণেরও উপরে বাস করে এবং জ্ঞানিগণ এই গো দান করিয়া বংশ উদ্ধার করেন, নিজেরাও স্বর্গে যান ॥৪॥

মান্ধাতা, যৌবনাশ্ব, যযাতি ও নহুষ রাজা সর্ব্বদা শত ও সহস্র পরিমিত গো দান করিয়া দেবগণেরও অতি দুর্লভ পরম স্থান লাভ করিয়াছেন। নিষ্পাপ যুধিষ্ঠির! এই বিষয়ে আরও পূর্ব্বোক্ত কথা তোমার নিকট বলিতেছি ॥৫—৬॥

একদা জ্ঞানী, সংযত চিত্ত ও পবিত্র শুকদেব আহ্নিক কার্য্য সমাপন করিয়া ঋষিশ্রেষ্ঠ, জগতে উৎকর্ষাপকর্ষদর্শী পিতা কৃষ্ণদ্বৈপায়নকে অভিবাদন করিয়া জিজ্ঞাসা করিলেন—'আপনি সমস্ত যজ্ঞের মধ্যে কোন্ যজ্ঞকে শ্রেষ্ঠ বলিয়া জানেন? ॥৭—৮॥

কিং চ যজ্ঞস্য যজ্ঞত্বং ক্ব চ যজ্ঞঃ প্রতিষ্ঠিতঃ।
দেবানামুত্তমং কিং চ কিং চ সত্ত্বমিতঃ পরম্।
পবিত্রাণাং পবিত্রঞ্চ যত্তদ্‌ব্রূহি পিতর্ম্মম ॥১০॥
এতচ্ছ্রুত্বা তু বচনং ব্যাসঃ পরমধর্ম্মবিৎ।
পুত্রায়াকথয়ৎ সর্বং তত্ত্বেন ভরতর্ষভ ! ॥১১॥

ব্যাস উবাচ।

গাবঃ প্রতিষ্ঠা ভূতানাং তথা গাবঃ পরায়ণম্।
গাবঃ পুণ্যাঃ পবিত্রাশ্চ গোধনং পাবনং তথা ॥১২॥
পূর্বমাসন্নশৃঙ্গা বৈ গাব ইত্যনুশুশ্রুম।
শৃঙ্গার্থে সমুপাসন্ত তাঃ কিল প্রভুমব্যয়ম্ ॥১৩॥

ভারতকৌমুদী

কিমিতি। সত্ত্বমুৎকর্ষঃ। ষট্‌পাদোঽয়ং শ্লোকঃ ॥১০॥
এতদিতি। তত্ত্বেন যথাযথভাবেন ॥১১॥
গাব ইতি। প্রতিষ্ঠা আশ্রয়স্থানম্, পরায়ণং প্রধানশরণ্যাঃ ॥১২॥
পূর্ব্বমিতি। শৃঙ্গার্থে শৃঙ্গোৎপত্তিনিমিত্তম্, প্রভুং ব্রহ্মাণম্ ॥১৩॥

ভাবতভাবদীপঃ

পবিত্রাণামিতি। শিষ্টম্ উক্তাদন্যৎ ॥১—৫॥ পুরা গীতাং পৌরাণীং কথাম্ ॥৬॥ আহ্নিক-কৃতঃ কৃতাহ্নিকঃ ॥৭—১২॥ অশৃঙ্গা ইত্যখুরা ইত্যস্যাপ্যুপলক্ষণম্। "গাবো বৈ সত্রমাসত শফান্

প্রভু! বুদ্ধিমান্ লোকেরা কোন্ কার্য্য করিয়া পরম স্থান লাভ করেন এবং দেবগণই বা কোন্ পবিত্র কার্য্যের ফলে স্বর্গ ভোগ করিতেছেন? ॥৯॥

পিতা! যজ্ঞের যজ্ঞত্ব কি? যজ্ঞ কোথায় প্রতিষ্ঠিত আছে? দেবগণের পক্ষে উত্তম কি? ইহা হইতেই বা শ্রেষ্ঠ কোন্ বস্তু এবং পবিত্রের মধ্যে যাহা পবিত্র, তাহা আপনি আমার নিকট বলুন' ॥১০॥

ভরতশ্রেষ্ঠ! এই বাক্য শুনিয়া পরম ধর্ম্মজ্ঞ বেদব্যাস পুত্রের নিকটে যথা-যথভাবে সমস্ত বলিতে লাগিলেন ॥১১॥

বেদব্যাস বলিলেন—'গো সকল প্রাণিগণের আশ্রয়স্থান, গো সকল প্রধান রক্ষার কারণ, গো সমূহ পুণ্যজনক ও পবিত্র এবং গোধন পবিত্রতাজনক ॥১২॥

আমরা শুনিয়াছি যে, পূর্ব্বকালে গোসকল শৃঙ্গশূন্য ছিল; তাহার পর তাহারা শৃঙ্গোৎপত্তির নিমিত্ত অবিনশ্বর ও প্রভাবশালী ব্রহ্মার উপাসনা করিয়াছিল ॥১৩॥

তেতো ব্রহ্মা তু গাঃ প্রায়মুপবিষ্টাঃ সমীক্ষ্য হ।
ঈপ্সিতং প্রদদৌ তাভ্যো গোভ্যঃ প্রত্যেকশঃ প্রভুঃ ॥১৪॥
তাসাং শৃঙ্গাণ্যজায়ন্ত যস্যা যাদৃঙ্‌মনোগতম্‌।
নানাবর্ণাঃ শৃঙ্গবত্যস্তা ব্যরোচন্ত পুত্রক! ॥১৫॥
ব্রহ্মণা বরদত্তাস্তা হব্যকব্যপ্রদাঃ শুভাঃ।
পুণ্যাঃ পবিত্রাঃ সুভগা দিব্যসংস্থানলক্ষণাঃ ॥১৬॥
গাবস্তেজো মহদ্দিব্যং গবাং দানং প্রশস্যতে।
যে বৈ তাঃ সম্প্রযচ্ছন্তি সাধবো বীতমৎসরাঃ ॥১৭॥
তে বৈ সুকৃতিনঃ প্রোক্তাঃ সর্ব্বদানপ্রদাশ্চ তে।
গবাং লোকং তথা পুণ্যমাপ্নুবন্তি চ তেঽনঘ! ॥১৮॥ (যুগ্মকম্)
যত্র বৃক্ষা মধুফলা দিব্যপুষ্পফলোপগাঃ।
পুষ্পাণি চ সুগন্ধীনি দিব্যানি দ্বিজসত্তম! ॥১৯॥

ভারতকৌমুদী

তত ইতি। প্রায়ম্‌ অন্তগমনং যাবৎ ॥১৪॥

তাসামিতি। ব্যরোচন্ত অশোভন্ত ॥১৫॥

ব্রহ্মণেতি। বরো দত্তো যাভ্যস্তাঃ। দিব্যানি অলৌকিকানি সংস্থানানি অঙ্গানি লক্ষণানি চিহ্নানি যাসাং তাঃ ॥১৬॥

গাব ইতি। বীতমৎসরাস্ত্যক্তবিদ্বেষঃ। গবাং লোকং গোলোকাখ্যং স্থানম্‌ ॥১৭—১৮॥

তাহার পর প্রভাবশালী ব্রহ্মা গোদিগকে প্রায়োপবিষ্ট দেখিয়া সেই গোগণের প্রত্যেককে অভীষ্ট শৃঙ্গ দান করিয়াছিলেন ॥১৪॥

পুত্র! তখন যে গরুর যে প্রকার শৃঙ্গ অভীষ্ট ছিল, তাহার সেই প্রকার শৃঙ্গ জন্মিয়াছিল। তদনন্তর নানাবর্ণ গো সকল শৃঙ্গসমন্বিত হইয়া শোভা পাইতে থাকিল ॥১৫॥

গো সকল ব্রহ্মার বরদানের ফলে হব্য ও কব্য দান করে, মঙ্গল সম্পাদন করে, পুণ্য উৎপাদন করে, সর্ব্বদা পবিত্র ও সুশ্রী থাকে এবং উহাদের অঙ্গ সকলও অলৌকিক লক্ষণসম্পন্ন ॥১৬॥

নিষ্পাপ পুত্র! গো সকল অলৌকিক মহাতেজ এবং গো দানকে প্রশস্ত বলা হয়। যে সকল সাধু বিদ্বেষ পরিত্যাগ করিয়া গো দান করেন, তাঁহাদিগকে পুণ্যবান্‌ বলা হয়, তাঁহারা সমস্ত বস্তুই দান করেন; আর তাঁহারা পুণ্যময় গোলোক লাভ করিয়া থাকেন ॥১৭—১৮॥

সর্বা মণিময়ী ভূমিঃ সর্বকাঞ্চনবালুকাঃ।
সর্বর্ত্তুসুখসংস্পর্শা নিষ্পঙ্কা নীরজাঃ শুভাঃ ॥২০॥
রক্তোৎপলবনৈশ্চৈব মণিখণ্ডৈর্হিরণ্ময়ৈঃ।
তরুণাদিত্যসঙ্কাশৈর্ভান্তি তত্র জলাশয়াঃ ॥২১॥ (বিশেষকম্)
মহার্হমণিপত্রৈশ্চ কাঞ্চনপ্রভকেসরৈঃ।
নীলোৎপলবিমিশ্রৈশ্চ সরোভির্বহুপঙ্কজৈঃ ॥২২॥
করবীরবনৈঃ ফুল্লৈঃ সহস্রাবর্ত্তসংবৃতৈঃ।
সন্তানকবনৈঃ ফুল্লৈর্বৃক্ষৈশ্চ সমলঙ্কৃতাঃ ॥২৩॥
নির্ম্মলাভিশ্চ মুক্তাভির্ম্মণিভিশ্চ মহাপ্রভৈঃ।
উদ্ভূতপুলিনাস্তত্র জাতরূপৈশ্চ নিম্নগাঃ ॥২৪॥ (বিশেষকম্)

ভাবতকৌমুদী

যত্রেতি। মধূনি মধুবৎ সুস্বাদূনি ফলানি যেষাং তে। নিষ্পঙ্কাঃ কর্দ্দমশূন্যা নীরজা ধূলিশূন্যাশ্চ দেশা ইতি শেষঃ। রজঃশব্দস্যাদন্তত্বমাষম্। তরুণাদিত্যসঙ্কাশৈঃ নবোদিতসূর্য্যবদরুণবর্ণৈঃ ॥১৯—২১॥

মহার্হেতি। মহার্হাণি মহামূল্যানি মণিপত্রাণি যেষাং তৈঃ। সহস্রাবর্ত্তৈঃ বহুতরাবর্ত্তবদ্‌গোলাকারৈরালবালৈঃ সংবৃতৈঃ, সন্তানকানাং তদাখ্যানাং দেববৃক্ষাণাং বনৈঃ। জাতরূপৈঃ স্বর্ণৈঃ, উদ্ভূতং পুলিনং যাসু তাঃ, তত্র নিম্নগা নদ্যঃ সন্তি ॥২২—২৪॥

ভাবতভাবদীপঃ

শৃঙ্গাণি সিষাসন্ত্যস্তাসাং দশমে মাসি শফাঃ শৃঙ্গাণ্যজায়ন্তে"তি শ্রুতেঃ ॥১৩—২৩॥ উদ্ভূত-

ব্রাহ্মণশ্রেষ্ঠ! যে স্থানে বৃক্ষ সকল সুস্বাদু ফলযুক্ত ও অলৌকিক পুষ্পফলশালী এবং দিব্য ও সুগন্ধি পুষ্প সকল বিদ্যমান আছে, যে স্থানের সমস্ত ভূমিই মণিময়ী, অন্যান্য দেশ স্বর্ণবালুকাযুক্ত, সকল ঋতুতেই সুখসংস্পর্শ, কর্দ্দম ও ধূলিশূন্য এবং মঙ্গলময়, সেইস্থানে বহুতর জলাশয় শোভা পাইতেছে, সেই জলাশয়গুলিতে রক্তোৎপলের বন, স্বর্ণময় তীর এবং নবোদিত সূর্য্যের ন্যায় মণিখণ্ড সকল বিদ্যমান আছে ॥১৯—২১॥

যে স্থানে বহুতর সরোবর আছে এবং নীলোৎপলযুক্ত বহুতর পদ্ম সেই সরোবরগুলিতে শোভা পাইতেছে, সেই পদ্মগুলির পত্র সকল মহামূল্য, মণিময় এবং কেশরগুলি স্বর্ণবর্ণ; সেইস্থানে বহুতর নদী আছে, সেগুলির তীরে প্রস্ফুটিত করবীর পুষ্পের বন ও সন্তানকবৃক্ষের বন রহিয়াছে, সেগুলির মূল সকল গোলাকার আলবালে আবৃত থাকে এবং প্রস্ফুটিত পুষ্প, অন্যান্য বৃক্ষও রহিয়াছে; আর সেই নদীগুলির পুলিনদেশে নির্ম্মল মুক্তা, অত্যুজ্জ্বল মণি ও সুবর্ণসমূহ শোভা পাইতেছে ॥২২—২৪॥

সর্ব্বরত্নময়ৈশ্চিত্রৈরবগাঢ়া দ্রুমোত্তমৈঃ।
জাতরূপময়ৈশ্চান্যৈর্হুতাশনসমপ্রভৈঃ ॥২৫॥
সৌবর্ণা গিরয়স্তত্র মণিরত্নশিলোচ্চযাঃ।
সর্ব্বরত্নময়ৈর্ভান্তি শৃঙ্গৈশ্চারুভিরুচ্ছ্রিতৈঃ ॥২৬॥ (যুগ্মকম্)
নিত্যপুষ্পফলাস্তত্র নগাঃ পত্ররথাকুলাঃ।
দিব্যগন্ধরসৈঃ পুষ্পৈঃ ফলৈশ্চ ভরতর্ষভ ! ॥২৭॥
রমন্তে পুণ্যকর্ম্মাণস্তত্র নিত্যং যুধিষ্ঠির !।
সর্ব্বকামসমৃদ্ধার্থা নিঃশোকা গতমন্যবঃ ॥২৮॥
বিমানেষু বিচিত্রেষু রমণীয়েষু ভারত !।
মোদন্তে পুণ্যকর্ম্মাণো বিহরন্তো যশস্বিনঃ ॥২৯॥
উপক্রীড়ন্তি তান্ রাজন্! শুভাশ্চাপ্সরসাং গণাঃ।
এতান্ লোকানবাপ্নোতি গাং দত্ত্বা বৈ যুধিষ্ঠির ! ॥৩০॥

ভাবতকৌমুদী

সর্ব্বেতি। অবগাঢা মূলদেশৈরাশ্রিতাঃ, মণিরত্নানাং শিলোচ্চযাঃ প্রস্তরসমূহা যেষু তে। উচ্ছ্রিতৈরুন্নতৈঃ ॥২৫—২৬॥

ভীষ্ম আহ স্ম নিত্যেতি। নগা বৃক্ষাঃ, পত্ররথৈঃ পক্ষিভিরাকুলা ব্যাপ্তাঃ ॥২৭॥

রমন্ত ইতি। সর্ব্বৈঃ কামৈঃ কাম্যফললাভৈঃ, সমৃদ্ধাঃ পূর্ণা অর্থাঃ প্রয়োজনানি যেষাং তে, গতমন্যবস্তিরোহিতদৈন্যাঃ ॥২৮॥

বিমানেম্বিতি। পুণ্যকর্ম্মাণো জনাঃ, বিহরন্তো বিচরন্তঃ ॥২৯॥

উপেতি। উপ লক্ষ্মীকৃত্য, তান্ পুণ্যকর্ম্মণঃ ॥৩০॥

সেই দেশে স্বর্ণময় পর্ব্বত সকল শোভা পাইতেছে, তাহাব প্রস্তবগুলি মণিময় ও রত্নময়, শৃঙ্গ সকল সর্ব্ববত্নময়, সুন্দব ও উচ্চ সেই পর্ব্বতসমূহে সর্বরত্নময়, স্বর্ণময়, বিচিত্র ও অগ্নিব ন্যায উজ্জ্বল বর্ণ বৃক্ষ সকল উৎপন্ন হইয়াছে ॥২৫-২৬॥

ভরতশ্রেষ্ঠ! সেই লোকে যে সকল বৃক্ষ আছে, তাহাতে সর্ব্বদা ফল, ফুল ও পক্ষী থাকে এবং অলৌকিক গন্ধ ও বসযুক্ত পুষ্প ও ফল বিদ্যমান আছে ॥২৭॥

যুধিষ্ঠির! সেই লোকে, ধার্ম্মিক লোকেবা সকল মনোরথ, শোকশূন্য ও দৈন্যবিহীন হইয়া সর্ব্বদা আমোদ কবেন ॥২৮॥

ভরতনন্দন! যশস্বী ধার্ম্মিকেবা বমণীয ও বিচিত্র বিমানে আরোহণ করিয়া বিচবণ করিতে থাকিযা আনন্দ অনুভব কবিযা থাকেন ॥২৯॥

রাজা! শুভলক্ষণা অপ্সরারা সেই ধার্ম্মিকগণেব সম্মুখে লীলাখেলা করিযা থাকে। যুধিষ্ঠির! সজ্জনগণ গোদান কবিয়া এই সকল লোক লাভ করেন ॥৩০॥

যেষামধিপতিঃ পূষা মারুতো বলবান্ বলী।
ঐশ্বর্য্যে বরুণো রাজা নামমাত্রং যুগন্ধরাঃ ॥৩১॥
সুরূপা বহুরূপাশ্চ বিশ্বরূপাশ্চ মাতরঃ।
প্রাজাপত্যমিতি ব্রহ্মন্! জপেন্নিত্যং যতব্রতঃ ॥৩২॥ (যুগ্মকম্)
গাশ্চ শুশ্রূষতে যশ্চ সমন্বেতি চ সর্ব্বশঃ।
তস্মৈ তুষ্টাঃ প্রযচ্ছন্তি বরানপি সুদুর্লভান্ ॥৩৩॥
দ্রুহ্যেন্ন মনসা বাপি গোষু নিত্যং সুখপ্রদঃ।
অর্চ্চয়েত সদা চৈব নমস্কারৈশ্চ পূজয়েৎ ॥৩৪॥
দান্তঃ প্রীতমনা নিত্যং গবাং ব্যুষ্টিং তথাশ্নুতে।
ত্র্যহমুষ্ণং পিবেন্মূত্রং ত্র্যহমুষ্ণং পিবেৎ পয়ঃ ॥৩৫॥

ভাবতকৌমুদী

যেষামিতি। বলবান্ পূষা সূর্য্যঃ, বলী মারুতো বায়ুশ্চ ঐশ্বর্য্যে বরুণো রাজা চ যেষাং লোকানামধিপতিঃ, এতান্ লোকানবাপ্নোতীতি সম্বন্ধঃ। মাতরো গাবঃ, যুগন্ধরাঃ সত্যাদি-যুগরক্ষিকাঃ, তাসাং গবাম্, প্রাজাপত্যং ব্রহ্মণা কল্পিতং নামমাত্রং কেবলং "নমো গোভ্যঃ শ্রীমতীভ্যঃ" ইত্যাদিকং নাম, যতব্রতঃ সন্, নিত্যং জপেৎ ॥৩১—৩২॥

গা ইতি। সমন্বেতি অনুগচ্ছতি। তুষ্টা গাবঃ ॥৩৩॥

দ্রুহ্যেদিতি। সুখপ্রদো দংশমশকাদিনিবারণৈঃ সুখদাতা ভবেৎ ॥৩৪॥

দান্ত ইতি। দান্ত ইন্দ্রিয়দমনশীলঃ। ব্যুষ্টিং সমৃদ্ধিম্ ॥৩৫॥

ভারতভাবদীপঃ

পুলিনাঃ অঙ্কুরিততীরাঃ ॥২৪—২৬॥ নগাঃ বৃক্ষাঃ, পত্ররথাঃ পক্ষিণঃ ॥২৭—৩০॥ নামমাত্রং জপেদিতি সম্বন্ধঃ। যুগন্ধরাঃ সত্যাদিযুগং ধারয়ন্তি তাঃ ॥৩১॥ প্রাজাপত্যং প্রজাপতি-

---

ব্রাহ্মণ! শক্তিশালী সূর্য্য ও বলবান্ বায়ু যে সকল লোকেব অধিপতি এবং বরুণ যে লোকের ঐশ্বর্য্যেব বাজা; মানুষ গো দান কবিয়া সেই সকল লোক লাভ কবে। গো সকল যুগন্ধরা, সুরূপা, বহুরূপা, বিশ্বরূপা ও মাতৃস্বরূপা; মানুষ সংযত হইয়া প্রত্যহ ব্রহ্মকল্পিত গো সকলের নামমাত্র জপ কবিবে ॥৩১—৩২॥

যে লোক সর্ব্বপ্রকারে গরুব পবিচর্য্যা ও অনুসরণ কবে, গোগণ সন্তুষ্ট হইয়া তাহাকে অতিদুর্লভ বরও দিয়া থাকেন ॥৩৩॥

মানুষ মনে মনেও গরুব অপকার কবিবে না; সর্ব্বদা গরুর সুখ সম্পাদন, সেবা ও নমস্কার কবিবে ॥৩৪॥

মানুষ সংযত ও সন্তুষ্ট হইয়া গো সেবা কবিয়া সমৃদ্ধি ভোগ কবে। মানুষ তিন দিন উষ্ণ গোমূত্র এবং উষ্ণ গোদুগ্ধ পান কবিবে ॥৩৫॥

গবামুষ্ণং পয়ঃ পীত্বা ত্র্যহমুষ্ণং ঘৃতং পিবেৎ।
ত্র্যহমুষ্ণং ঘৃতং পীত্বা বায়ুভক্ষো ভবেৎ ত্র্যহম্ ॥৩৬॥
যেন দেবাঃ পবিত্রেণ ভুঞ্জতে লোকমুত্তমম্।
যৎ পবিত্রং পবিত্রাণাং তদ্ঘৃতং শিরসা বহেৎ ॥৩৭॥
ঘৃতেন জুহুয়াদগ্নিং ঘৃতেন স্বস্তি বাচয়েৎ।
ঘৃতং প্রাশেদ্ঘৃতং দদ্যাদ্গবাং পুষ্টিং তথাশ্নুতে ॥৩৮॥
নির্হৃতৈশ্চ যবৈর্গোভির্মাসং প্রাশিতযাবকঃ।
ব্রহ্মহত্যাসমং পাপং সর্বমেতেন শুধ্যতে ॥৩৯॥
পরাভবাচ্চ দৈত্যানাং দেবৈঃ শৌচমিদং কৃতম্।
তে দেবত্বমপি প্রাপ্তাঃ সংসিদ্ধাশ্চ মহাবলাঃ ॥৪০॥

ভারতকৌমুদী

গবামিতি। পয়ো দুগ্ধম্। বায়ুভক্ষ ইতি পরিসংখ্যা ॥৩৬॥
যেনেতি। উত্তমং যথা স্যাত্তথা ভুঞ্জতে পালয়ন্তি ॥৩৭॥
ঘৃতেনেতি। প্রাশেৎ প্রাশ্নীয়াৎ, পুষ্টিং বৃদ্ধিম্ ॥৩৮॥
নির্হৃতৈরিতি। নির্হৃতৈর্গোময়ান্নিঃসারিতৈঃ, গোভির্ভক্ষিতৈরিতি শেষঃ, প্রাশিতং ভুক্তং যাবকং পক্বযবমণ্ডং যেন সঃ ॥৩৯॥
পরেতি। শৌচং পাপক্ষালনম্। সংসিদ্ধাঃ সঞ্জাতাঃ ॥৪০॥

মানুষ গরুর উষ্ণ দুগ্ধ পান করিয়া তিন দিন উষ্ণ ঘৃত পান করিবে; তিন দিন উষ্ণ ঘৃত পান করিয়া তিন দিন বায়ুমাত্র ভোজী হইয়া থাকিবে ॥৩৬॥

দেবগণ যে পবিত্র ঘৃতের গুণে উত্তমভাবে জগৎ পালন করিতেছেন এবং যে ঘৃত সমস্ত পবিত্র দ্রব্যের মধ্যে প্রধান পবিত্র, মানুষ সেই ঘৃত মস্তকে বহন করিবে ॥৩৭॥

মানুষ ঘৃতদ্বারা অগ্নিতে হোম করিবে, ঘৃত দান করিয়া ব্রাহ্মণগণের দ্বারা স্বস্তিবাচন করাইবে, ঘৃত ভোজন করিবে এবং এবং ঘৃত দান করিবে, তাহা হইলে গোসমৃদ্ধি লাভ করিতে পারিবে ॥৩৮॥

গোগণ যব ভক্ষণ করিয়া গোময় ত্যাগ করিলে, সেই গোময় হইতে যব নিষ্কাশন করিয়া আনিবে; পরে সেই যবদ্বারা যবাগু পাক করিয়া একমাস যাবৎ তাহা খাইয়া থাকিবে; তাহা হইলে সেই ব্রতের ফলে মানুষ ব্রহ্মহত্যার তুল্য পাপ নষ্ট করিতে পারিবে ॥৩৯॥

দেবগণ দৈত্যগণের হস্তে পরাজিত হইয়া এই ব্রত করিয়াছিলেন; তাহাতে তাঁহারা দেবত্বও লাভ করিয়াছিলেন, মহাবলও হইয়াছিলেন ॥৪০॥

গাবঃ পবিত্রাঃ পুণ্যাশ্চ পাবনং পরমং মহৎ।
তাশ্চ দত্ত্বা দ্বিজাতিভ্যো নবঃ স্বর্গমুপাশ্নুতে ॥৪১॥
গবাং মধ্যে শুচির্ভূত্বা গোমতীং মনসা জপেৎ।
পূতাভিরদ্ভিরাচম্য শুচির্ভবতি নির্ম্মলঃ ॥৪২॥
অগ্নিমধ্যে গবাং মধ্যে ব্রাহ্মণানাঞ্চ সংসদি।
বিদ্যাবেদব্রতস্নাতা ব্রাহ্মণাঃ পুণ্যকর্ম্মিণঃ ॥৪৩॥
অধ্যাপয়েরন্ শিষ্যান্ বৈ গোমতীং যজ্ঞসম্মিতাম্।
ত্রিরাত্রোপোষিতো ভূত্বা গোমতীং লভতে বরম্ ॥৪৪॥ (যুগ্মকম্)
পুত্রকামশ্চ লভতে পুত্রং ধনমথাপি বা।
পতিকামা চ ভর্ত্তারং সর্বকামাংশ্চ মানবঃ।
গাবস্তুষ্টাঃ প্রয়চ্ছন্তি সেবিতা বৈ ন সংশয়ঃ ॥৪৫॥

ভাবতকৌমুদী

গাব ইতি। পুণ্যাঃ পুণ্যজনিকাঃ। দ্বিজাতিভ্যো ব্রাহ্মণেভ্যঃ ॥৪১॥

গবামিতি। গোমতীং বিদ্যাম্, "নমো গোভ্য" ইত্যাদিমন্ত্রম্ ॥৪২॥

অগ্নীতি। বিদ্যাবেদব্রতৈঃ স্নাতাঃ পবিত্রীকৃতাঃ। যজ্ঞেন সম্মিতাং তুল্যাম্, গোমতীং বিদ্যাং পঠন্নিতি শেষঃ ॥৪৩—৪৪॥

পুত্রেতি। পতিকামা স্ত্রীতি শেষঃ। ষট্পাদোঽয়ং শ্লোকঃ ॥৪৫॥

ভাবতভাবদীপঃ

নোক্তম্ ॥৩২—৩৭॥ জুহুয়াৎ পূর্ব্বোক্তগোমত্যা ॥৩৮॥ নির্হ্রতৈঃ গোময়নির্গতৈঃ ॥৩৯—৪৩॥ গোমতীং গোমত্যা ঋচা প্রকাশিতমর্থং বরং লভতে ॥৪৪—৪৭॥

ইতি শ্রীমহাভারতে অনুশাসনপর্ব্বণি দানধর্ম্মে নৈলকণ্ঠীয়ে
ভারতভাবদীপে ষট্ষষ্টিতমোঽধ্যায়ঃ ॥৬৬॥

গোসমূহ পবিত্র, পুণ্যজনক এবং মহাপবিত্রতার উৎপাদক, অতএব মানুষ ব্রাহ্মণগণকে সেই গো দান করিয়া স্বর্গলাভ করে ॥৪১॥

মানুষ পবিত্র হইয়া গোসমূহের মধ্যে থাকিয়া মনে মনে গোমতী বিদ্যা জপ করিবে; আর পবিত্র জলে আচমন করিয়া, বিশেষ পবিত্র ও নির্ম্মল হইবে ॥৪২॥

বিদ্যাভ্যাস, বেদাধ্যয়ন ও ব্রতানুষ্ঠানের গুণে পবিত্র ও পুণ্যকর্ম্মা ব্রাহ্মণগণ অগ্নিমধ্যে, গোগণের মধ্যে এবং ব্রাহ্মণগণের সভায় যজ্ঞতুল্য গোমতীবিদ্যা শিষ্যগণকে শিক্ষা দিবেন। আর মানুষ তিন দিন উপবাসী থাকিয়া গোমতী বিদ্যা জপ করিয়া বরলাভ করে ॥৪৩—৪৪॥

এবমেতা মহাভাগা যজ্ঞিযাঃ সর্বকামদাঃ।
রোহিণ্য ইতি জানীহি নৈতাভ্যো বিদ্যতে পরম্‌ ॥৪৬॥
ভীষ্ম উবাচ।
ইত্যুক্তঃ স মহাতেজাঃ শুকঃ পিত্রা মহাত্মনা।
পূজযামাস গাং নিত্যং তস্মাত্ত্বমপি পূজয ॥৪৭॥

ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যামনুশাসন-
পর্ব্বণি দানধর্ম্মে দানধর্ম্মকথনে ষট্‌ষষ্টিতমোঽধ্যায়ঃ ॥০॥ *

ভারতকৌমুদী

এবমিতি। যজ্ঞিয়া যজ্ঞসম্পাদিকাঃ। পরমুৎকৃষ্টং বস্তু ॥৪৬॥
ইতীতি। পিত্রা কৃষ্ণদ্বৈপায়নেন। ত্বং যুধিষ্ঠিরোঽপি ॥৪৭॥

ইতি মহামহোপাধ্যায-ভারতাচার্য্য-শ্রীহরিদাসসিদ্ধান্তবাগীশভট্টাচার্য্যবিরচিতায়াং
মহাভারতটীকায়াং ভারতকৌমুদীসমাখ্যায়ামনুশাসনপর্ব্বণি
দানধর্ম্মে ষট্‌ষষ্টিতমোঽধ্যায়ঃ ॥০॥

মানুষ পুত্র ও ধন কামনা করিয়া, পুত্র ও ধন লাভ করে; স্ত্রী পতিকামনা করিয়া পতি পায়, এমন কি মানুষ সমস্ত অভীষ্টই লাভ করিতে পারে। কারণ, গোগণের সেবা করিলে গোগণ সন্তুষ্ট হইয়া এই সকল দান করেন; এবিষয়ে কোন সন্দেহ নাই ॥৪৫॥

এইভাবে এই মহাভাগ্যবতী গো সকল যজ্ঞসম্পাদিকা, সর্বকামদায়িনী ও রোহিণীনাম্নী এবং এই গো সকল হইতে উৎকৃষ্ট বস্তু আর নাই; ইহা তুমি অবগত হও' ॥৪৬॥

ভীষ্ম বলিলেন—'যুধিষ্ঠির! মহাত্মা পিতা বেদব্যাস এইরূপ বলিলে, মহা-তেজা শুকদেব সর্বদা গরুর পূজা করিতে লাগিলেন, অতএব তুমিও গরুর পূজা করিতে থাক' ॥৪৭॥

* '·একাশীতিতমোঽধ্যায়ঃ'—বঙ্গ বর্দ্ধ, ' ষোড়শাধিকশততমোঽধ্যায়ঃ'—নি।

সপ্তষষ্টিতমোঽধ্যায়ঃ।

—ঃ❋ঃ—

যুধিষ্ঠির উবাচ।

সুরাণামসুরাণাঞ্চ ভূতানাঞ্চ পিতামহ!।
প্রভুঃ স্রষ্টা চ ভগবান্ মুনিভিঃ স্তূয়তে ভুবি ॥১॥
তস্যোপরি কথং হ্যেষ গোলোকঃ স্থানতাং গতঃ।
সংশয়ো মে মহানেষ তন্মে ব্যাখ্যাতুমর্হসি ॥২॥

ভীষ্ম উবাচ।

মনোবাগ্‌বুদ্ধয়স্তাবদেকস্থাঃ কুরুসত্তম!।
ততো মে শৃণু কাৎস্ন্যেন গোমহাভাগ্যমুত্তমম্ ॥৩॥
পুণ্যং যশস্যমায়ুষ্যং তথা স্বস্ত্যয়নং মহৎ।
কীর্ত্তির্বিহরতাং লোকে গবাং যো গোষু ভক্তিমান্ ॥৪॥

ভাবতকৌমুদী

সুরাণামিতি। ভূতানাং মনুষ্যাদিপ্রাণিনাম্। স্রষ্টা ব্রহ্মা ॥১॥

তস্যেতি। স্থানতাং স্থিতিম্। ব্যাখ্যাতুং বক্তুম্ ॥২॥

মন ইতি। একস্থা একবিষয়া বর্ত্তন্তামিতি শেষঃ ॥৩॥

পুণ্যমিতি। যো জনো গোষু বিহরতাং বিচরতাং গবাং লোকে গোলোকে চ ভক্তিমান্, তস্য কর্ম্ম পুণ্যং যশস্যমায়ুষ্যঞ্চ এতৎ সর্ব্বজনকমিত্যর্থঃ, মহৎ স্বস্ত্যয়নং মঙ্গলসাধনং কীর্ত্তিশ্চ ভবেৎ ॥৪॥

যুধিষ্ঠির বলিলেন—'পিতামহ! দেবগণ, অসুবগণ ও মনুষ্যাদি প্রাণিগণের সৃষ্টিকর্তা ভগবান্ ব্রহ্মাকে মুনিবা জগতেব অধীশ্বব বলিয়া পৃথিবীতে স্তব করিয়া থাকেন ॥১॥

সেই ব্রহ্মাব উপবে এই গোলোক কি কবিয়া স্থান লাভ করিল; ইহাই আমার গুরুতব সংশয়; অতএব্ তাহা আপনি আমাব নিকট বলুন' ॥২॥

ভীষ্ম বলিলেন—'কৌববশ্রেষ্ঠ! তোমাব মন, বাক্য ও বুদ্ধি এক বিষয়স্থ হউক (তুমি একাগ্রচিত্ত হও)। তাহার পব তুমি আমার নিকট উত্তম সমস্ত গোমাহাত্ম্য শ্রবণ কর ॥৩॥

যে লোক গোগণে ও গোলোকে ভক্তিশালী হয়, তাহার সকল কার্য্যই পুণ্য, যশ, আয়ু ও মঙ্গলজনক হইয়া থাকে এবং কীর্ত্তিও বিস্তৃত হয় ॥৪॥

শ্রূয়তে হি পুরাণেষু মহর্ষীণাং মহাত্মনাম্।
সংস্থানে সর্ব্বলোকানাং দেবানাং চাপি সম্ভবে ॥৫॥
দেবতার্থেঽমৃতার্থে চ যজ্ঞার্থে চৈব ভারত!।
সুরভির্নাম বিখ্যাতা রোহিণী কামরূপিণী ॥৬॥
সঙ্কল্প্য মনসা পূর্ব্বং রোহিণী হ্যমৃতাত্মনা।
ঘোরং তপঃ সমাস্থায় নির্ম্মিতা বিশ্বকর্ম্মণা ॥৭॥
পুরুষং চাসৃজদ্ভূয়স্তেজসা তপসা চ হ।
দেদীপ্যমানং বপুষা সমিদ্ধমিব পাবকম্ ॥৮॥
সোঽপশ্যদিষ্টরূপাং তাং সুরভিং রোহিণীং তদা।
দৃষ্ট্বৈব চাতিবিমনাঃ সোঽভবৎ কামমোহিতঃ ॥৯॥
তং কামার্ত্তমথো জ্ঞাত্বা স্বয়ম্ভুর্লোকভাবনঃ।
মার্ত্তো ভব তথা চৈষ ভগবানভ্যভাষত ॥১০॥

ভারতকৌমুদী

শ্রূয়ত ইতি। সংস্থানে সংসদি। সম্ভবে সম্মেলনে ॥৫॥
দেবতেতি। সুরভির্ব্বর্ত্তত ইতি শেষঃ, রোহিণী লোহিতবর্ণা ॥৬॥
সঙ্কল্প্যেতি। রোহিণী সা সুরভিঃ। বিশ্বং কর্ম্ম যস্য তেন ব্রহ্মণা ॥৭॥
পুরুষমিতি। সমিদ্ধং প্রজ্বলিতম্, পাবকমগ্নিম্ ॥৮॥
স ইতি। অতিবিমনা অতীববিকৃতচিত্তঃ ॥৯॥
তমিতি। লোকভাবনো জগৎস্রষ্টা। আর্ত্তঃ কামপীড়িতঃ ॥১০॥

পুরাণে, মহাত্মা মহর্ষিদের নিকটে, সমস্ত লোকের সভায় এবং দেবগণের সম্মেলনে ইহাই শুনিতে পাই ॥৫॥

ভরতনন্দন! দেবগণের নিমিত্ত, অমৃতের জন্য এবং যজ্ঞ সম্পাদনার্থ রক্ত-বর্ণা ও কামরূপিণী সুরভি নামে বিখ্যাত একটী ধেনু ছিল ॥৬॥

পূর্ব্বকালে জগতের সৃষ্টিকর্ত্তা ব্রহ্মা ভয়ঙ্কর তপস্যা করিয়া মনে মনে কল্পনা-পূর্ব্বক অমৃতদ্বারা রক্তবর্ণা সেই সুরভিকে সৃষ্টি করিয়াছিলেন ॥৭॥

তিনি পুনরায় তেজ ও তপস্যার প্রভাবে প্রজ্বলিত অগ্নির ন্যায় দেহের তেজে দেদীপ্যমান একটী পুরুষও আবার সৃষ্টি করিয়াছিলেন ॥৮॥

তখন সেই পুরুষ আশানুরূপ সৌন্দর্য্যশালিনী রক্তবর্ণা সেই সুরভিকে দর্শন করিল; দেখিয়াই সেই পুরুষ কামে মোহিত হইয়া অত্যন্ত বিকৃতচিত্ত হইয়া পড়িল ॥৯॥

ততঃ স ভগবাংস্তত্র মার্ত্তাণ্ড ইতি বিশ্রুতঃ।
চকার নাম তং দৃষ্ট্বা তস্যার্ত্তীভাবমুত্তমম্ ॥১১॥
সোঽদদাদ্ভগবাংস্তস্মৈ মার্ত্তাণ্ডায় মহাত্মনে।
সুরূপাং সুরভিং কন্যাং তপস্তেজময়ী শুভাম্ ॥১২॥
যথা ময়ৈষ চোদ্ভূতস্ত্বং চৈবৈষা চ রোহিণী।
মৈথুনং গতবন্তৌ চ তথা চোৎপৎস্যতি প্রজা ॥১৩॥
প্রজা ভবিষ্যতে পুণ্যা পবিত্রং পরমঞ্চ বাম্।
ন চাপ্যগম্যাগমনাদ্দোষং প্রাপ্স্যসি কর্হিচিৎ ॥১৪॥
ত্বৎপ্রজাসম্ভবং ক্ষীরং ভবিষ্যতি পরং হবিঃ।
যজ্ঞেষু চাজ্যভাগানাং ত্বৎ প্রজামূলজো বিধিঃ ॥১৫॥

ভারতকৌমুদী

তত ইতি। ততো ব্রহ্মণস্তাদৃশভাবণাদেব, ভগবান্ কামবান্ স পুরুষঃ মার্ত্তাণ্ড ইতি বিশ্রুতঃ খ্যাতো বভূব। ব্রহ্মাপি তস্য পুরুষস্য উত্তমমধিকম্ আর্ত্তীভাবং কামপীড়িতত্বং দৃষ্ট্বা নাম নাম্না তং মার্ত্তাণ্ডং চকার, হে অণ্ড! অণ্ডবদ্‌গোলাকার! মা কামেনার্ত্তো ভবেতি ব্যুৎপত্তেঃ। শব্দোঽয়ং পৃষোদরাদিত্বাৎ সাধুঃ ॥১১॥

স ইতি। ভগবান্ ব্রহ্মা। শুভাং শুভলক্ষণাম্ ॥১২॥

যথেতি। উদ্ভূত উৎপন্নঃ। প্রজা যুবয়োরপত্যম্ ॥১৩॥

প্রজেতি। একস্মান্মত্তো জাতত্বেন ভগিনীরূপত্বাৎ অগম্যায়াঃ সুরভের্গমনাৎ দোষং পাপং ন প্রাপ্স্যসি সঙ্কল্পজাতত্বেন রক্তসম্বন্ধাভাবাদিতি ভাবঃ ॥১৪॥

তদিতি। ত্বৎপ্রজা তবাপত্যং গৌরেব মূলং তস্মাজ্জাযত ইতি সঃ ॥১৫॥

তাহার পর জগতের সৃষ্টিকর্ত্তা ভগবান্ ব্রহ্মা সেই পুরুষকে কামার্ত্ত জানিয়া তাহাকে বলিলেন—'তুমি কামার্ত্ত হইও না' ॥১০॥

ব্রহ্মা ঐরূপ বলিলেন বলিয়াই তখন সেই কামার্ত্ত পুরুষ 'মার্ত্তাণ্ড' এই নামে প্রসিদ্ধ হইল এবং ব্রহ্মাও তাহার গুরুতর কামার্ত্ত ভাব দেখিয়া তাহার 'মার্ত্তাণ্ড' এই নামই অনুমোদন করিলেন ॥১১॥

তখন ভগবান্ ব্রহ্মা সেই মহাত্মা মার্ত্তাণ্ডের হস্তে সুরূপা, শুভলক্ষণা ও তপস্তেজময়ী কন্যা সুরভিকে দান করিলেন (এবং বলিলেন—) ॥১২॥

'এই তুমি এবং এই রক্তবর্ণা সুরভি আমা হইতে উৎপন্ন হইয়া যখন মিথুন ভাব প্রাপ্ত হইলে, তখন তোমাদের সন্তান উৎপন্ন হইবে ॥১৩॥

তোমাদের পরম পবিত্র ও পুণ্যজনক সন্তান উৎপন্ন হইবে; কিন্তু অগম্যা গমনে কখনও তোমার দোষ হইবে না ॥১৪॥

প্রজাশুশ্রূষবশ্চৈব যে ভবিষ্যন্তি রোহিণি ! ।
তব তেনৈব পুণ্যেন গোলোকং যান্তু মানবাঃ ॥১৬॥
ইদং পবিত্রং পরমমৃষভং নাম কর্হিচিৎ।
যদ্বৈ জ্ঞাত্বা দ্বিজা লোকে মোক্ষ্যন্তে যোনিসঙ্করাৎ ॥১৭॥
এতৎ ক্রিয়াঃ প্রবর্ত্তন্তে মন্ত্রব্রাহ্মণসংস্কৃতাঃ।
দেবতানাং পিতৃণাঞ্চ হব্যকব্যপুরোগমাঃ ॥১৮॥
তত এতেন পুণ্যেন প্রজাস্তব তু রোহিণি ! ।
ঊর্দ্ধং মমাপি লোকস্য বৎস্যন্তে নিরুপদ্রবাঃ ॥১৯॥
ভদ্রং তেভ্যশ্চ ভদ্রং তে যে প্রজাসু ভবন্তি বৈ।
যুগন্ধরাশ্চ তে পুত্রাঃ সন্তু লোকস্য ধারণে ॥২০॥

ভারতকৌমুদী

প্রজেতি। প্রজাশুশ্রূষবো লোকপরিচর্য্যাকারিণঃ ॥১৬॥

ইদমিতি। ঋষভং বৃষং নাম বস্তু। যোনিসঙ্করাদগম্যাগমনদোষাৎ ॥১৭॥

এতদিতি। হব্যকব্যপুরোগমাঃ পূজাশ্রাদ্ধপ্রভৃতয়ঃ ॥১৮॥

তত ইতি। তব প্রজাঃ সন্তানা গাবঃ। মমাপি লোকস্য ব্রহ্মলোকস্য ॥১৯॥

ভদ্রমিতি। প্রজাসু তব সন্তানেষু মধ্যে যে ভবন্তি ভবিষ্যন্তি, তেভ্যস্তেষাং ভদ্রং মঙ্গলমস্তু, তে তব চ ভদ্রমস্তু। লোকস্য ধারণে পোষণে প্রবৃত্তা ইতি শেষঃ। তে পুত্রা যুগন্ধরা নাম সন্তু ॥২০॥

তোমার সন্তান হইতে উৎপন্ন দুগ্ধ উত্তম হবি হইবে এবং যজ্ঞে আজ্যভাগের যে কিছু বিধান আছে, তাহা তোমাদের সন্তান হইতেই সম্ভবপর হইবে ॥১৫॥

রোহিণি ! যাহারা লোকের শুশ্রূষাকারী হইবে, সেই সকল মানুষ তোমারই সেই পুণ্যে গোলোকে গমন করিবে ॥১৬॥

'ঋষভ' নামে এই একটী পরম পবিত্র বস্তু ; ব্রাহ্মণেরা কোন সময়ে যাহার স্বরূপ জানিয়া জগতে যোনিসঙ্কর দোষ হইতে মুক্ত হইবেন ॥১৭॥

ব্রাহ্মণ কর্ত্তৃক মন্ত্রদ্বারা সংস্কৃত হব্য দান ও কব্য দানপ্রভৃতি দেবকার্য্য ও পিতৃকার্য্য ইহাদের গুণেই প্রবৃত্ত হইবে ॥১৮॥

রোহিণি ! তাহার পর তোমার সন্তানেরা এই পুণ্যের ফলেই আমার লোকেরও অর্থাৎ ব্রহ্মলোকেরও উপরে নিরুপদ্রবে বাস করিবে ॥১৯॥

তোমার সন্তানদের মধ্যে যাহারা উৎপন্ন হইবে, তাহাদের ও তোমার মঙ্গল হউক। আর জগতের পরিপোষণে প্রবৃত্ত তোমার পুত্রগণ 'যুগন্ধর' নামে প্রসিদ্ধ হইবে ॥২০॥

যান্ যান্ কাময়সে লোকাংস্তাল্লোঁকাননুঃ স্থসি।
সর্ব্বদেবগণাশ্চৈব তব যাস্যন্তি পুত্রতাম্।
তব স্তনসমুদ্ভূতং পিবন্তোঽমৃতমুত্তমম্ ॥২১॥
এবমেতান্ বরান্ সর্ব্বান্ অগৃহ্লাৎ সুরভিস্তদা।
ব্রুবতঃ সর্ব্বলোকেশান্নির্ব্বৃতিং চাগমৎ পরাম্ ॥২২॥
সৃষ্ট্বা প্রজাশ্চ বিপুলা লোকসংধারণায় বৈ।
ব্রহ্মণা সমনুজ্ঞাতা সুরভির্লোকমাবিশৎ ॥২৩॥
এবং বরপ্রদানেন স্বয়ম্ভোরেব ভারত!।
উপরিষ্টাদ্গবাং লোকঃ প্রোক্তস্তে সর্ব্বমাদিতঃ ॥২৪॥

ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যামনুশাসন-পর্ব্বণি দানধর্ম্মে সপ্তষষ্টিতমোঽধ্যায়ঃ ॥০॥ *

ভারতকৌমুদী

যানিতি। তব পুত্রতাং যাস্যন্তি। তত্র হেতুমাহ তবেতি। ষট্পাদোঽয়ং শ্লোকঃ ॥২১॥

এবমিতি। সর্ব্বলোকেশাদ্ব্রহ্মণঃ, নির্ব্বৃতিং সুখম্ ॥২২॥

সৃষ্ট্বেতি। লোকানাং সংধারণায পোষণায। লোকং গোলোকম্ ॥২৩॥

এবমিতি। স্বয়ম্ভোর্ব্রহ্মণ এব ॥২৪॥

ইতি মহামহোপাধ্যায়-ভারতাচার্য্য-শ্রীহরিদাসসিদ্ধান্তবাগীশভট্টাচার্য্যবিরচিতায়াং মহাভারতটীকায়াং ভারতকৌমুদীসমাখ্যায়ামনুশাসনপর্ব্বণি দানধর্ম্মে সপ্তষষ্টিতমোঽধ্যায়ঃ ॥০॥

তুমি যে যে লোক কামনা করিবে, সেই সেই লোকে গমন করিতে পারিবে এবং সকল দেবগণ তোমার স্তনসম্ভূত উত্তম অমৃত পান করিয়া তোমার পুত্রত্ব প্রাপ্ত হইবেন' ॥২১॥

সমস্ত জগতের অধিপতি ব্রহ্মা এইরূপ বলিতে লাগিলে, তখন সুরভি তাঁহার নিকট হইতে সমস্ত বরই গ্রহণ করিলেন এবং অত্যন্ত নির্ব্বৃতি প্রাপ্ত হইলেন ॥২২॥

ব্রহ্মা প্রচুর প্রাণী সৃষ্টি করিয়া আদেশ করিলে, সুরভি লোক রক্ষার জন্য গোলোকে চলিয়া গেলেন ॥২৩॥

ভরতনন্দন! স্বয়ং ব্রহ্মারই এইরূপ বরদানের গুণে গোলোক ব্রহ্মলোকেরও উপরে রহিয়াছে। এই আমি তোমার নিকট গোলোকের বিষয় প্রথম হইতে সমস্ত বলিলাম' ॥২৪॥

---

* ইত্যাদয়শ্চত্বারোঽধ্যায়াঃ—পি বঙ্গ বর্দ্ধ ন সন্তি। '.. সপ্তদশাধিকশততমোঽধ্যায়ঃ' নি।

অষ্টষষ্টিতমোঽধ্যায়ঃ।

—ঃ*ঃ—

যুধিষ্ঠির উবাচ।

সুরভেঃ কাঃ প্রজাঃ পূর্ব্বং মার্ত্তাণ্ডাদভবন্ পুরা।
এতন্মে শংস তত্ত্বেন গোষু মে প্রীয়তে মনঃ ॥১॥

ভীষ্ম উবাচ।

শৃণু নামানি দিব্যানি গোমাতৄণাং বিশেষতঃ।
যাভির্ব্ব্যাপ্তাস্ত্রয়ো লোকাঃ কল্যাণীভির্জ্জনাধিপ! ॥২॥
সুরভ্যঃ প্রথমোদ্ভূতা যাশ্চ স্যুঃ প্রথমাঃ প্রজাঃ।
ময়োচ্যমানাঃ শৃণু তাঃ প্রাপ্স্যসে বিপুলং যশঃ ॥৩॥
তপ্ত্বা তপো ঘোরতপাঃ সুরভির্দীপ্ততেজসঃ।
সুষাবৈকাদশ সুতান্ রুদ্রা যে ছন্দসি স্তুতাঃ ॥৪॥

ভাবতকৌমুদী

সুরভেরিতি। প্রজাঃ সন্তানাঃ, মার্ত্তাণ্ডাৎ প্রাগুক্তাদ্বৃষভাৎ ॥১॥
শৃণ্বিতি। দিব্যানি উৎকৃষ্টানি। কল্যাণীভির্মঙ্গলকরীভিঃ ॥২॥
সুরভ্য ইতি। স্যুরাসন্নিত্যর্থঃ। প্রাপ্স্যসে তদবগমাদেব ॥৩॥
তপ্ত্বেতি। ছন্দসি বেদে ॥৪॥

যুধিষ্ঠিব বলিলেন—'পিতামহ! পূর্ব্বকালে প্রথম অবস্থায় সেই মার্ত্তাণ্ড নামক বৃষ হইতে কাহাবা সুবভিব সন্তান হইয়াছিল; ইহা আপনি আমাব নিকট যথাযথভাবে বলুন; কাবণ, আমাব মন গো বিষযে আকৃষ্ট হইয়াছে' ॥১॥

ভীষ্ম বলিলেন—'নবনাথ! যে কল্যাণীবা ত্রিভুবন ব্যাপ্ত কবিয়া বহিযাছেন; সেই গো মাতৃগণেব অলৌকিক নাম সকল তুমি বিশেষভাবে শ্রবণ কব ॥২॥

যে সকল সুবভি প্রথমে উৎপন্ন হইয়াছিলেন এবং তাঁহাদের যাঁহাবা প্রথম সন্তান হইয়াছিলেন; আমি তাঁহাদিগেব বিষয বলিতেছি, তুমি শ্রবণ কব; ইহাতে বিপুল যশ লাভ কবিবে ॥৩॥

ঘোরতপা সুরভি তপস্যা করিয়া উজ্জ্বলতেজা একাদশ পুত্র প্রথমে প্রসব করেন; যাঁহারা বেদে রুদ্র বলিয়া কথিত হইযাছেন ॥৪॥

অজৈকপাদহির্ব্ধ্ন্যস্ত্র্যম্বকশ্চ মহাযশাঃ।
বৃষাকপিশ্চ শম্ভুশ্চ কপালী রৈবতস্তথা ॥৫॥
হরশ্চ বহুরূপশ্চ উগ্র উগ্রোঽথ বীর্য্যবান্।
তস্য চৈবাত্মজঃ শ্রীমান্ বিশ্বরূপো মহাযশাঃ ॥৬॥ (যুগ্মকম্)
একাদশৈতে কথিতা রুদ্রাস্তে নাম নামতঃ।
মহাত্মানো মহাযোগাস্তেজযুক্তা মহাবলাঃ ॥৭॥
এতে বরিষ্ঠজন্মানো দেবানাং ব্রহ্মবাদিনাম্।
বিপ্রাণাং প্রকৃতির্লোকে এত এব হি বিশ্রুতাঃ ॥৮॥
এত একাদশ প্রোক্তা রুদ্রাস্ত্রিভুবনেশ্বরাঃ।
শতং ত্বেতৎ সমাখ্যাতং শতরুদ্রং মহাত্মনাম্ ॥৯॥
সুষুবে প্রথমাং কন্যাং সুরভিঃ পৃথিবীং তদা।
বিশ্বকামদুঘা ধেনুর্যা ধারয়তি দেহিনঃ ॥১০॥

ভারতকৌমুদী

অজেতি। অহিব্রধ্ন্য ইত্যেকঃ। বহুরূপ উগ্র ইতি কশ্চিৎ, বীর্য্যবানুগ্রশ্চাপরঃ। তস্য মার্ত্তাণ্ডস্য ॥৫—৬॥

একেতি। মহান্ যোগশ্চিত্তবৃত্তিনিরোধো যেষাং তে ॥৭॥

এত ইতি। বরিষ্ঠং শ্রেষ্ঠং জন্ম যেষাং তে। প্রকৃতির্মূলম্ ॥৮॥

এত ইতি। মহাত্মনাং রুদ্রাণাম্ এতৎ শতং শতরুদ্রং সমাখ্যাতম্ ॥৯॥

সুষুব ইতি। বিশ্বেষাং সর্ব্বেষামেব কামান্ দোগ্ধি পূরয়তীতি সা ॥১০॥

অজৈকপাৎ, অহির্ব্ধ্ন্য, মহাযশা ত্র্যম্বক, বৃষাকপি, শম্ভু, কপালী, রৈবত, হর, বহুরূপ উগ্র, বীর্য্যবান্ উগ্র এবং সেই বৃষের পুত্র মহাযশা শ্রীমান্ বিশ্বরূপ ॥৫—৬॥

মহাত্মা, মহাযোগী, তেজস্বী ও মহাবল এই এগার জনকে নামানুসারে সেই রুদ্র বলা হইয়া থাকে ॥৭॥

এই একাদশ রুদ্র দেবগণের মধ্যে জ্যেষ্ঠ এবং এই বিখ্যাত একাদশ রুদ্রই জগতে বেদবাদী ব্রাহ্মণগণের মূল ॥৮॥

এই একাদশ রুদ্রকেই ত্রিভুবনের অধীশ্বর বলা হইয়াছে এবং মহাত্মা রুদ্রদেব একশতকেই শতরুদ্র বলা হইয়া থাকে ॥৯॥

তৎকালে সুরভি পৃথিবীকে প্রথমা কন্যারূপে প্রসব করেন; সকলের অভীষ্টপূরণকারিণী ধেনুরূপা যে পৃথিবী প্রাণিগণকে ধারণ করিতেছেন ॥১০॥

সুতং গোব্রাহ্মণং রাজন্! একমিত্যভিধীযতে।
গোব্রাহ্মণস্য জননী সুরভিঃ পরিকীর্ত্ত্যতে ॥১১॥
সৃষ্ট্বা তু প্রথমং রুদ্রান্ বরদান্ রুদ্রসম্ভবান্।
পশ্চাৎ প্রভুং গ্রহপতিং সুষুবে লোকসম্মতম্ ॥১২॥
সোমরাজানমমৃতং যজ্ঞসর্বস্বমুত্তমম্।
ওষধীনাং রসানাঞ্চ দেবানাং জীবিতস্য চ ॥১৩॥ (যুগ্মকম্)
ততঃ শ্রিয়ঞ্চ মেধাঞ্চ কীর্ত্তিং দেবীং সরস্বতীম্।
চতস্রঃ সুষুবে কন্যা যোগেষু নিযতাঃ স্থিতাঃ ॥১৪॥
এতাঃ সৃষ্ট্বা প্রজা এষা সুরভিঃ কামরূপিণী।
সুষুবে পরমং ভূয়ো দিব্যা গোমাতরঃ শুভাঃ ॥১৫॥
পুণ্যাং মাযাং মধুশ্চ্যোতাং শিবাং শীঘ্রাং সরিদ্বরাম্।
হিরণ্যবর্ণাং সুভগাং গব্যাং পৃশ্নীং কুথাবতীম্ ॥১৬॥
অঙ্গাবতীং ঘৃতবতীং দধিক্ষীরপয়োবতীম্।
অমোঘাং সুরসাং সত্যাং রেবতীং মারুতীং রসাম্ ॥১৭॥

ভারতকৌমুদী

সুতমিতি। গোব্রাহ্মণমিতি সমাহারদ্বন্দ্বৈকবদ্ভাবঃ। একম্ একজাতত্বাদভিন্নং পরোপকারসাম্যাদিতি ভাবঃ ॥১১॥

সৃষ্ট্বেতি। রুদ্রো বৃষভস্তস্মাৎ সম্ভবন্তীতি তান্ "রুদ্রো বৃষভে" ইতি হলায়ুধঃ। গ্রহপতিং সূর্য্যম্, সুষুবে সুরভিরেব প্রকরণাৎ। ওষধিরসয়োর্নিযন্তারমিত্যর্থঃ সোমরাজানং চন্দ্রম্, যজ্ঞসর্ব্বস্বং ঘৃতঞ্চ সুষুবে ॥১২—১৩॥

তত ইতি। যোগেষু বিভিন্নব্যাপারোপায়েষু ॥১৪॥

এতা ইতি। গোমাতর ইতি কর্ম্মণি প্রথমা বিভক্তিরার্ষী ॥১৫॥

রাজা! গো ও ব্রাহ্মণরূপ দুই পুত্রকে একই বলা হয় এবং এক সুরভিই সেই গো ও ব্রাহ্মণের জননী বলিয়া কথিত হইয়া থাকেন ॥১১॥

সুরভি প্রথমে বরদাতা ও বৃষসঞ্জাত একাদশ রুদ্রকে সৃষ্টি করিয়া পরে প্রভাবশালী সূর্য্য, ওষধী ও রসের অধিপতি জগৎপ্রিয় চন্দ্র, দেবগণের জীবনরক্ষক অমৃত এবং যজ্ঞের সর্ব্বস্ব উত্তম হবি সৃষ্টি করিয়াছিলেন ॥১২—১৩॥

তাহার পর জগতের নানাকার্য্যের উপায়রূপে নিরূপিত শ্রী, মেধা, কীর্ত্তি ও সরস্বতীদেবীরূপ চারিটী কন্যাকে সুরভি প্রসব করেন ॥১৪॥

এই কামরূপিণী সুরভি, এই সন্তানগণকে সৃষ্টি করিযা পুনরায় মঙ্গলময়ী দিব্য গোমাতৃগণকে প্রসব করিযাছিলেন ॥১৫॥

অজাঞ্চ সিকতাঞ্চৈব শুদ্ধধূমামধারিণীম্ ।
জীবাং প্রাণবতীং ধন্যাং শুদ্ধাং ধেনুং ধনাবহাম্ ॥১৮॥
ইন্দ্রামৃদ্ধিঞ্চ শান্তিঞ্চ শান্তপাপাং সরিদ্বরাম্ ।
চত্বারিংশতিমেকাঞ্চ ধন্যাস্তা দিবি পূজিতাঃ ॥১৯॥ (কলাপকম্)
ভূয়ো জজ্ঞে সুরভ্যাশ্চ শ্রীমাংশ্চন্দ্রাংশুসপ্রভঃ ।
বৃষো দক্ষ ইতি খ্যাতঃ কণ্ঠে মণিতলপ্রভঃ ॥২০॥
স্রগ্বীককুদ্মান্ দ্যুতিমান্ মৃণালসদৃশপ্রভঃ ।
সুরভ্যনুমতে দত্তো ধ্বজো মাহেশ্বরস্তু সঃ ॥২১॥
সুরভ্যঃ কামরূপিণ্যো গাবঃ পুণ্যার্থমুৎকটাঃ ।
আদিত্যেভ্যো বসুভ্যশ্চ বিশ্বেভ্যশ্চ দদৌ বরান্ ॥২২॥

ভারতকৌমুদী

পুণ্যামিতি। মধুশ্চ্যোতাং মধুনিঃসারিণীম্। দধিক্ষীরপযোবতীং দধিমতীং ক্ষীরবতীং পযোবতীঞ্চেত্যর্থঃ। অধারিণীং শৈবালমলানাম্। এতা নদীঃ অপরাঞ্চ চত্বারিংশতিং চত্বারিংশৎসংখ্যাম্ একাঞ্চ নদীং সুরভিরেব সুষুবে ইত্যনুবৃত্তিঃ ॥১৬—১৯॥

ভূয় ইতি। চন্দ্রাংশোঃ সমানা প্রভা যস্য সঃ। মণিতলস্য চন্দ্রকান্তমণেরিব প্রভা যস্য সঃ ॥২০॥

স্রগ্বীতি। স্রগ্বী মালাবান্, ককুদ্মান্ স্কন্ধে বিশালমাংসযুক্তঃ ॥২১॥

সুরভ্য ইতি। উৎকটা মহত্যঃ। তা গা এব বরান্ দদৌ ॥২২॥

পুণ্যা, মায়া, মধুশ্চ্যোতা, শিবা, নদীশ্রেষ্ঠা, শীঘ্রা, স্বর্ণবর্ণা ও মনোহরা গব্যা, পৃশ্নী, কুথাবতী, অঙ্গাবতী, ঘৃতবতী, দধিমতী, ক্ষীরবতী, জলবতী, অমোঘা, সুবসা, সত্যা, রেবতী, মারুতী, রসা, অজা, সিকতা, শুদ্ধধূমা, অধারিণী, জীবা, প্রাণবতী, ধন্যা, শুদ্ধা, ধেনু, ধনাবহা, ইন্দ্রা, ঋদ্ধি, শান্তি ও নদীশ্রেষ্ঠা শান্তপাপা এবং আরও একচত্বারিংশৎ নদী সুরভিই সৃষ্টি করিয়াছিলেন ; সেই ধন্য নদী সকল স্বর্গে পূজিত হইয়া থাকে ॥১৬—১৯॥

শ্রীমান্, চন্দ্রকিরণের ন্যায় শুভ্রবর্ণ এবং চন্দ্রকান্তমণির ন্যায় উজ্জ্বল কণ্ঠদেশযুক্ত একটী বৃষ পুনরায় সুরভি হইতে উৎপন্ন হইয়াছিল ; সেই বৃষটী 'দক্ষ' নামে বিখ্যাত হইয়াছে ॥২০॥

মাল্যভূষিত, ঘাড়ের উপরে উচ্চ মাংসস্তম্ভযুক্ত, কান্তিসমন্বিত ও মৃণালের ন্যায় শুভ্রবর্ণ সেই বৃষটীকে ব্রহ্মা সুরভির অনুমতিক্রমে মহাদেবের ধ্বজরূপে দান করিয়াছিলেন ॥২১॥

কামরূপিণী ও বিশালাঙ্গী সুরভিতনয়া গো সকল পুণ্যের জন্যই উৎপন্ন

সুরভিস্তু তপস্তপ্ত্বা সুষুবে গাস্ততঃ পুনঃ।
যা দত্তা লোকপালানামিন্দ্রাদীনাং যুধিষ্ঠির। ॥২৩॥
সুষ্টুতাং কপিলাঞ্চৈব রোহিণীঞ্চ যশস্বিনীম্।
সর্ব্বকামদুঘাঞ্চৈব মরুতাং কামরূপিণীম্ ॥২৪॥
গাবো মৃষ্টদুঘা হ্যেতাস্তাশ্চতস্রোঽত্র সংস্তুতাঃ।
যাসাং ভূত্বা পুরা বৎসাঃ পিবন্ত্যমৃতমুত্তমম্ ॥২৫॥
সুষ্টুতাং দেবরাজায় বাসবায় মহাত্মনে।।
কপিলাং ধর্ম্মরাজায় বরুণায় চ রোহিণীম্ ॥২৬॥
সর্বকামদুঘাং ধেনুং রাজ্ঞে বৈশ্রবণায় চ।
ইত্যেতা লোকমহিতা বিশ্রুতাঃ সুরভেঃ প্রজাঃ ॥২৭॥ (যুগ্মকম্)

ভারতকৌমুদী

সুরভিরিতি। দত্তা সুরভ্যৈবেতি শেষঃ ॥২৩॥

সুষ্টুতামিতি। সুষ্টুতামতীবপ্রশস্তাম্। মরুতাং দেবানাং সর্ব্বকামদুঘাং সমস্তাভীষ্ট-পূরণকারিণীম্। সুরভিঃ সুষুবে ইত্যনুবৃত্তিঃ ॥২৪॥

গাব ইতি। মৃষ্টং শুদ্ধিং দুহন্তি জনয়ন্তীতি তা মৃষ্টদুঘাঃ। সংস্তুতাঃ প্রশস্তাঃ ॥২৫॥

সুষ্টুতামিতি। বাসবায় ইন্দ্রায়। বৈশ্রবণায় কুবেরায়, ব্রহ্মা দদাবিতি শেষঃ। লোকৈর্মহিতাঃ পূজিতাঃ। প্রজাস্তনয়াঃ ॥২৬—২৭॥

হইয়াছিল। ব্রহ্মা আদিত্যগণ, বসুগণ ও বিশ্বেদেবগণকে বররূপে সেই সকল গো দান করিয়াছিলেন ॥২২॥

যুধিষ্ঠির! তাহার পর আবার সুরভি তপস্যা করিয়া বহুতর গো প্রসব করেন; ব্রহ্মা ইন্দ্রাদি লোকপালগণকে যে সকল গো দান করিয়াছিলেন ॥২৩॥

সুষ্টুতা, কপিলা, যশস্বিনী রোহিণী এবং কামরূপিণী সর্ব্বকামদুঘা—এই চারিটী তনয়াকে দেবগণের নিমিত্ত সুরভি পুনরায় প্রসব করিয়াছিলেন ॥২৪॥

এই চারিটী গো বিশেষ শুদ্ধি উৎপাদন করিত এবং তাহারা তৎকালে সকলেরই প্রশংসার পাত্রী ছিল; সেই পূর্ব্বকালে যাহাদের বৎসগণ জন্মিয়া-উত্তম অমৃত (অমৃত তুল্য দুগ্ধ) পান করিত ॥২৫॥

ব্রহ্মা মহাত্মা দেবরাজ ইন্দ্রকে সুষ্টুতা, ধর্ম্মরাজকে কপিলা, বরুণকে রোহিণী এবং রাজা কুবেরকে সর্ব্বকামদুঘা ধেনু দান করিয়াছিলেন। সুরভিতনয়া জগৎপূজিতা এই চারিটী ধেনু বিখ্যাত ॥২৬—২৭॥

এতাসাং প্রজয়া পূর্ণা পৃথিবী মুনিপুঙ্গব ! ।
গোভ্যঃ প্রভবতে সর্ব্বং যৎ কিঞ্চিদিহ শোভনম্ ॥২৮॥
সুরভ্যপত্যমিত্যেতন্নামতস্তেঽনুপূর্ব্বশঃ ।
কীর্ত্তিতং ব্রূহি রাজেন্দ্র ! কি ভূয়ঃ কথযামি তে ॥২৯॥
ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতাযাং বৈয়াসিক্যামনুশাসন-
পর্ব্বণি দানধর্ম্মে অষ্টষষ্টিতমোঽধ্যায়ঃ ॥০॥ *

—ঃ*ঃ—

ঊনসপ্ততিতমোঽধ্যায়ঃ ।

—ঃ*ঃ—

যুধিষ্ঠির উবাচ ।
সুরভ্যাস্তু তদা দেব্যাঃ কীর্ত্তির্লক্ষ্মীঃ সরস্বতী ।
মেধা চ প্রবরা দেবী যাশ্চতস্রোঽভিবিশ্রুতাঃ ॥১॥
পৃথগ্ গোভ্যঃ কিমেতাঃ স্যুরুতাহো গোষু সংশ্রিতাঃ ।
দেবাঃ কে বা শ্রিতা গোষু তন্মে ব্রূহি পিতামহ ! ॥২॥ (যুগ্মকম্)

ভাবতকৌমুদী

এতাসামিতি। মুনিপুঙ্গবেতি যুধিষ্ঠিরস্যৈব সম্বোধনম্, তদ্বদ্ধর্ম্মপরায়ণত্বাৎ। প্রভবতে প্রভবতি। শোভনং ধর্ম্মকার্য্যাদি ॥২৮॥

সুরভীতি। সুরভেরপত্যং সন্তানঃ ॥২৯॥

ইতি মহামহোপাধ্যায়-ভারতাচার্য্য-শ্রীহরিদাসসিদ্ধান্তবাগীশভট্টাচার্য্যবিরচিতায়াং মহাভারতটীকায়াং ভারতকৌমুদীসমাখ্যায়ামনুশাসনপর্ব্বণি দানধর্ম্মে অষ্টষষ্টিতমোঽধ্যায়ঃ ॥০॥

—ঃ*ঃ—

সুরভ্যা ইতি। সুরভ্যা জাতা ইতি শেষঃ। গোভ্যঃ পৃথগ্ ভিন্নাঃ, গোষু গোজাত্যাম্ ॥১—২॥

মুনিশ্রেষ্ঠ যুধিষ্ঠির ! এই চারিটী ধেনুর সন্তানে পৃথিবী পরিপূর্ণ হইয়াছে। এই জগতে যে কিছু শোভন কার্য্য আছে, তাহা গো হইতেই উৎপন্ন হয় ॥২৮॥

রাজশ্রেষ্ঠ ! এই আমি তোমার নিকট নামানুসারে আনুপূর্ব্বীক সুরভি-সন্তান সকল কীর্ত্তন করিলাম ; এখন আবার তোমার নিকট কি বলিব, তাহা বল' ॥২৯॥

* '...অষ্টাদশাধিকশততমোঽধ্যায়ঃ'—নি ।

ভীষ্ম উবাচ।

যং দেবং সংশ্রিতা গাবস্তং দেবং দেবসংজ্ঞিতম্।
যদ্‌যদ্দেবাশ্রিতং দৈবং তত্তদ্দৈবং দ্বিজা বিদুঃ ॥৩॥
সর্ব্বেষামেব দেবানাং পূর্ব্বং কিল সমুদ্ভবে।
অমৃতার্থে সুরপতিঃ সুরভিং সমুপস্থিতঃ ॥৪॥

ইন্দ্র উবাচ।

ইচ্ছেয়মমৃতং দত্তং ত্বয়া দেবি ! রসাধিকম্।
ত্বৎ প্রসাদাচ্ছিবং মহ্যমমরত্বং ভবেদিতি ॥৫॥

সুরভিরুবাচ।

বৎসো ভূত্বা সুরপতে ! পিবস্ব প্রস্রবং মম।
ততোঽমরত্বমপি তৎস্থানমৈন্দ্রমবাপ্স্যসি ॥৬॥

ভাবতকৌমুদী

যমিতি। গাবঃ সৃষ্টা তাদৃষঃ। দেবসংজ্ঞিতং তত্তদ্দেবতাসংজ্ঞাযুক্তম্। যদ্বস্তু, যদ্দেবাশ্রিতং তদ্বস্তু তদ্দৈবং দ্বিজা বিদুঃ। এতেন সৃষ্টা ঐন্দ্রী, কপিলা যাম্যা, রোহিণী বারুণী, কামদুঘা চ কৌবেরীতি, তথা ইন্দ্রাদয়োঽপি সৌষ্টাদয ইতি চ বোধ্যম্ ॥৩॥

সর্ব্বেষামিতি। সমুদ্ভবে উৎপত্তৌ সত্যাম্। সুরপতিরিন্দ্রঃ ॥৪॥

ইচ্ছেয়মিতি। রসেন স্বাদেন অধিকম্। শিবং মঙ্গলকরম্, মহ্যং মম ॥৫॥

যুধিষ্ঠিব বলিলেন—'পিতামহ! তৎকালে সুরভিদেবী হইতে কীর্ত্তি, লক্ষ্মী, সরস্বতী ও প্রধানা দেবী মেধা—এই অতিবিখ্যাত যে চারিটী কন্যা জন্মিয়াছিলেন; ইঁহারা কি গোজাতি হইতে ভিন্ন? না, গোজাতির মধ্যে গণ্য? এবং কোন্ কোন্ দেবতা গো আশ্রয় করিয়া রহিয়াছেন, তাহা আপনি আমার নিকট বলুন' ॥১—২॥

ভীষ্ম বলিলেন—'গোগণ যে দেবতাকে আশ্রয় করিয়া রহিয়াছে, সেই দেবতা সেই নামেই কথিত হইয়া থাকেন; আর যে বস্তু যে দেবতাকে আশ্রয় করিয়া থাকে, সেই বস্তু সেই দেবতার নামেই প্রসিদ্ধ হয়, ইহা ব্রাহ্মণেরা জানেন ॥৩॥

পূর্ব্বকালে সমস্ত দেবতার উৎপত্তি হইলে, ইন্দ্র অমৃতের জন্য সুরভির নিকট গিয়াছিলেন ॥৪॥

তখন ইন্দ্র বলিয়াছিলেন—'দেবি! আপনি সুস্বাদু অমৃত দান করেন, ইহা আমি ইচ্ছা করি এবং আপনার অনুগ্রহে আমার মঙ্গলময় অমরত্ব হউক, ইহাও কামনা করি' ॥৫॥

ন চ তে বৃত্রহন্! যুদ্ধে ব্যথারিভ্যো ভবিষ্যতি।
বলার্থমাত্মনঃ শক্র! প্রস্রবং পিব মে বিভো! ॥৭॥
ভীষ্ম উবাচ।
ততোঽপিবৎ স্তনং তস্যাঃ সুরভ্যাঃ সুরসত্তমঃ।
অমরত্বং সুরূপত্বং বলং চাপদনুত্তমম্ ॥৮॥
পুরন্দরোঽমৃতং পীত্বা প্রহৃষ্টঃ সমুপস্থিতঃ।
পুত্রোঽহং তব ভদ্রং তে ব্রূহি কিং করবাণি তে ॥৯॥
সুরভিরুবাচ।
কৃতং পুত্র! ত্বয়া সর্ব্বমুপযাহি ত্রিবিষ্টপম্।
পালয়স্ব সুরান্ সর্ব্বান্ জহি যে সুরশত্রবঃ ॥১০॥
ন চ গোব্রাহ্মণেঽবজ্ঞা কার্য্যা তে শান্তিমিচ্ছতা।
গোব্রাহ্মণস্য নিঃশ্বাসঃ শোষযেদপি দেবতাঃ ॥১১॥

ভারতকৌমুদী

বৎস ইতি। প্রস্রবং দুগ্ধম্। তৎ প্রসিদ্ধং স্থানং পদম্ ॥৬॥
নেতি। হে বৃত্রহন্! বৃত্রাসুরহন্তঃ! আত্মনো বলার্থং শক্তিজননার্থম্ ॥৭॥
তত ইতি। আপৎ প্রাপ্তবান্, ন বিদ্যতে উত্তমং যস্মাত্তৎ ॥৮॥
পুরন্দর ইতি। ভদ্রং মঙ্গলমস্তু ॥৯॥
কৃতমিতি। ত্রিবিষ্টপং স্বর্গম্ ॥১০॥

সুরভি বলিলেন—'দেবরাজ! আপনি বৎস হইয়া আমার দুগ্ধ পান করুন। তাহাতে আপনি অমরত্ব ও সেই ইন্দ্রের পদ লাভ করিবেন ॥৬॥

বৃত্রহন্তা দেবরাজ ইন্দ্র! যুদ্ধে শত্রুগণ হইতে আপনার কোন পীড়া হইবে না; অতএব আপনি নিজের শক্তির জন্য আমার দুগ্ধ পান করুন' ॥৭॥

ভীষ্ম বলিলেন—'তাহার পর ইন্দ্র সেই সুরভির স্তন পান করিলেন এবং তাহাতে অমরত্ব, সুরূপত্ব ও অসাধারণ বল লাভ করিলেন ॥৮॥

ইন্দ্র অমৃত পান করিয়া সন্তুষ্ট হইয়া সেই স্থানে থাকিয়া বলিলেন—'দেবি! আমি আপনার পুত্র'; আপনার মঙ্গল হউক, বলুন, আমি আপনার কি করিব' ॥৯॥

সুরভি বলিলেন—'পুত্র! তুমি সমস্তই করিয়াছ; এখন স্বর্গে যাও, সেখানে যাইয়া সমস্ত দেবতাকে পালন কর এবং যাহারা দেবগণের শত্রু, তাহাদিগকে সংহার কর ॥১০॥

গোব্রাহ্মণপ্রিয়ো নিত্যং স্বস্তিশব্দমুদাহরন্।
পৃথিব্যামন্তরিক্ষো চ নাকপৃষ্ঠে চ বিক্রমেৎ ॥১২॥
যচ্চ তেঽন্যদ্ভবেৎ কৃত্যং তন্মে ব্রূযাঃ সমাসতঃ।
তত্তে সর্বং করিষ্যামি সত্যেনৈতদ্ব্রবীমি তে ॥১৩॥

ইন্দ্র উবাচ।

ইচ্ছেয়ং গোষু নিয়তং বস্তুং দেবি! ব্রবীমি তে।
এভিঃ সুরগণৈঃ সার্দ্ধং মমানুগ্রহমাচর ॥১৪॥

সুরভিরুবাচ।

গবাং শরীরং প্রত্যক্ষমেতৎ কৌশিক! লক্ষয়ে।
যো যত্রোৎসহতে বস্তুং স তত্র বসতাং সুরঃ ॥১৫॥
সর্বং পবিত্রং পরমং গবাং গাত্রং সুপূজিতম্।
তথা কুরুষ্ব ভদ্রং তে যথা ত্বং শক্র! মন্যসে ॥১৬॥

ভারতকৌমুদী

নেতি। তে ত্বযা। নিঃশ্বাসো দুঃখনিঃশ্বাসত্যাগঃ ॥১১॥
গবিতি। উদাহরন্নুচ্চারয়ন্। নাকপৃষ্ঠে স্বর্গে ॥১২॥
যদিতি। কৃত্যং কার্য্যম্, সমাসতঃ সংক্ষেপেণ ॥১৩॥
ইচ্ছেযমিতি। গোষু গোগণমধ্যে, বস্তুং বাসং কর্ত্তুম্ ॥১৪॥
গবামিতি। হে কৌশিক! ইন্দ্র। উৎসহতে ইচ্ছতি ॥১৫॥

ইন্দ্র! তুমি শান্তি ইচ্ছা করিলে গো এবং ব্রাহ্মণে অবজ্ঞা করিও না। কারণ, গো ও ব্রাহ্মণের দুঃখ-নিঃশ্বাস দেবগণকেও শোষণ করিয়া থাকে ॥১১॥

তুমি সর্ব্বদা গো ও ব্রাহ্মণের প্রিয় হইয়া স্বস্তিশব্দ উচ্চারণ করিয়া পৃথিবী, আকাশ ও স্বর্গে বিক্রম প্রকাশ করিতে পারিবে ॥১২॥

ইন্দ্র! তোমার অন্য যে কার্য্য আছে, তাহা আমার নিকট সংক্ষেপে বলিবে, আমি তোমার সে সমস্তই করিব, ইহা আমি তোমার নিকট সত্য বলিতেছি' ॥১৩॥

ইন্দ্র বলিলেন—'দেবি! আমি আপনার নিকট বলিতেছি, আমি এই দেবগণের সহিত গোগণের মধ্যে নিয়ত বাস করিতে ইচ্ছা করি, আপনি এই বিষয়ে অনুমতি দিয়া আমার প্রতি অনুগ্রহ করুন' ॥১৪॥

সুরভি বলিলেন—'ইন্দ্র! এই গোগণের শরীর প্রত্যক্ষ দেখা যাইতেছে; অতএব যে দেবতা যেখানে বাস করিবার ইচ্ছা করেন, তিনি সেই স্থানে বাস করুন ॥১৫॥

ভীষ্ম উবাচ।

তস্যাস্তদ্বচনং শ্রুত্বা সুরভ্যাঃ সুরসত্তমঃ।
সহ সর্বৈঃ সুরগণৈরভজৎ সৌরভীঃ প্রজাম্ ॥১৭॥
শৃঙ্গে বক্ত্রে চ জিহ্বায়াং দেবরাজঃ সমাবিশৎ।
সর্বচ্ছিদ্রেষু পবনঃ পাদেষু মরুতাং গণাঃ ॥১৮॥
ককুদং সর্বগো রুদ্রঃ কুক্ষৌ চৈব হুতাশনঃ।
সরস্বতী স্তনেষগ্র্যা শ্রীঃ পুরীষে জগৎপ্রিয়া ॥১৯॥
মূত্রে কীর্ত্তিশ্চ গঙ্গা চ মেধা পয়সি শাশ্বতী।
বক্ত্রে সোমশ্চ বৈ দেবো হৃদয়ে ভগবান্ যমঃ ॥২০॥ (বিশেষকম্)
ধর্ম্মঃ পুচ্ছে ক্রিয়া লোম্নি ভাস্করশ্চক্ষুষী শ্রিতঃ।
সিদ্ধাঃ সন্ধিষু সিদ্ধিশ্চ তপস্তেজশ্চ চেষ্টনে ॥২১॥
এবং সর্বে সুরগণা নিয়তা গাত্রবর্ত্মসু।
মহত্যো দেবতা গাবো ব্রাহ্মণৈঃ পরিসংস্কৃতাঃ ॥২২॥

ভারতকৌমুদী

সর্ব্বমিতি। সুপূজিতং সর্ব্বৈরাদৃতম্ ॥১৬॥

তস্যা ইতি। অভজদসেবত, সৌরভীং প্রজাং সুরভেঃ সুতাং গাম্ ॥১৭॥

শৃঙ্গ ইতি। মরুতামন্যেষাং দেবানাম্। ককুদং স্কন্ধস্থমাংসপিণ্ডম্, অগ্র্যা শ্রেষ্ঠা, পয়সি দুগ্ধে ॥১৮—২০॥

ধর্ম্ম ইতি। সন্ধিষু অঙ্গসংযোগস্থানেষু, চেষ্টনে গবাং গমনাদৌ ব্যাপারে ॥২১॥

এবমিতি। নিয়তা নিয়মেন স্থিতাঃ, গাত্রবর্ত্মসু গবামঙ্গেষু ॥২২॥

গরুর সকল অঙ্গ পরম পবিত্র এবং সকলের আদৃত; অতএব ইন্দ্র! তুমি যাহা ভাল মনে কর, তাহাই কর, তোমার মঙ্গল হউক' ॥১৬॥

ভীষ্ম বলিলেন—'দেবরাজ সেই সুরভির সেই কথা শুনিয়া সকল দেবগণের সহিত সুরভির সন্তানগণকে আশ্রয় করিলেন' ॥১৭॥

দেবরাজ গরুর শৃঙ্গ, বক্ত্র ও জিহ্বায় প্রবেশ করিলেন; আর বায়ু সমস্ত ছিদ্রে, অন্যান্য দেবগণ চরণে, সর্ব্বগামী রুদ্র ককুদে (ঝুঁটে), অগ্নি উদরে, সরস্বতী স্তনে, শ্রেষ্ঠা ও জগৎপ্রিয়া লক্ষ্মী গোময়ে, কীর্ত্তি ও গঙ্গা মূত্রে, চিরন্তনী মেধা দুগ্ধে, চন্দ্র মুখমধ্যে এবং ভগবান্ যম হৃদয়ে আশ্রয় লইলেন ॥১৮—২০॥

ধর্ম্ম লাঙ্গুলে, ক্রিয়া লোমে, সূর্য্য চক্ষুতে, সিদ্ধগণ অঙ্গসন্ধিস্থানে এবং সিদ্ধি, তপস্যা ও তেজ গরুর গমন ও ভোজনাদি কার্য্যে আশ্রয় করিয়াছিলেন ॥২১॥

গামাশ্রয়ন্তি সহিতা দেবা হি প্রভবিষ্ণবঃ।
কিমাসাং সর্বভাবেন বিদধ্যাদ্ভগবান্ প্রিয়ম্ ॥২৩॥
ভবাংশ্চ পরয়া ভক্ত্যা পূজয়স্ব নরেশ্বর ! ।
গাবস্তু পরমং লোকে পবিত্রং পাবনং হবিঃ ॥২৪॥
নিপাত্য ভক্ষিতঃ স্বর্গাদ্ভার্গবঃ ফেনপঃ কিল।
স চ প্রাণান্ পুনর্লব্ধ্বা ততো গোলোকমাশ্রিতঃ ॥২৫॥
ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যামনুশাসন-
পর্ব্বণি দানধর্ম্মে ঊনসপ্ততিতমোঽধ্যায়ঃ ॥০॥ *

ভারতকৌমুদী

গামিতি। সহিতা মিলিতাঃ, প্রভবিষ্ণবঃ প্রভাবশালিনঃ ॥২৩॥

ভবানিতি। হবির্হোমসাধনং দ্রব্যং ঘৃতং তজ্জনিকা ইত্যর্থঃ ॥২৪॥

নিপাত্যেতি। ফেনপো নাম ভার্গবঃ সুমিত্রঃ, স্বর্গাৎ স্বর্গতুল্যগোসেবাসুখাৎ, নিপাত্য বিভ্রংশ্য, ভক্ষিতো ভক্ষণেনৈব শৃঙ্গাঘাতাদিনা গোর্ভির্নাশিতঃ। স চ সুমিত্রঃ পুণ্যাতিরেকাৎ লিঙ্গদেহে পুনঃ প্রাণান্ লব্ধ্বা ততো গোলোকমাশ্রিতঃ। অয়মর্থঃ পরাধ্যায়েষু স্ফুটী-ভবিষ্যতি ॥২৫॥

ইতি মহামহোপাধ্যায-ভারতাচার্য্য-শ্রীহরিদাসসিদ্ধান্তবাগীশভট্টাচার্য্যবিরচিতায়াং
মহাভারতটীকায়াং ভারতকৌমুদীসমাখ্যায়ামনুশাসনপর্ব্বণি
দানধর্ম্মে ঊনসপ্ততিতমোঽধ্যায়ঃ ॥০॥

এইভাবে সমস্ত দেবগণ গোগণের অঙ্গসমূহে নিয়তভাবে অবস্থিত আছেন; অতএব ব্রাহ্মণেরা গোগণকে মহাদেবতারূপে নিরূপণ করিয়াছেন ॥২২॥

প্রভাবশালী দেবগণ সম্মিলিত হইয়া গোগণকে আশ্রয় করিয়া আছেন; অতএব ভগবান্ ব্রহ্মা সর্ব্বপ্রকারেই কি গোগণের প্রিয়কার্য্য বিধান করেন ? ॥২৩॥

নরনাথ! তুমি পরম ভক্তিসহকারে গোগণের পূজা কর। কারণ, জগতে গোগণ পরম পবিত্র বস্তু এবং পবিত্র হবির উৎপাদক ॥২৪॥

গোগণ ভৃগুবংশীয় ফেনপ সুমিত্রকে গোসেবারূপ স্বর্গসুখ হইতে বিচ্যুত করিয়া শৃঙ্গাঘাতপ্রভৃতিদ্বারা বিনাশ করিয়াছিল। তাহার পর তিনি পুণ্যের বলে নিজ দেহে পুনরায় প্রাণ লাভ করিয়া গোলোকে গিয়াছিলেন' ॥২৫॥

---

* 'একোনবিংশত্যধিকশততমোঽধ্যায়ঃ'—নি।

সপ্ততিতমোঽধ্যায়ঃ।

—:•:—

যুধিষ্ঠির উবাচ।

কঃ ফেনপেতি নাম্নাসৌ কথং বা ভক্ষিতঃ পুরা।
মৃত উজ্জীবিতঃ কস্মাৎ কথং গোলোকমাশ্রিতঃ ॥১॥
বিরুদ্ধে মানুষে লোকে তথা সময়বর্ত্মসু।
ঋতে দৈবং হি দুষ্প্রাপং মানুষেষু বিশেষতঃ।
সংশয়ো মে মহানত্র তন্মে ব্যাখ্যাতুমর্হসি ॥২॥

ভীষ্ম উবাচ।

শ্রূয়তে ভার্গবে বংশে সুমিত্রো নাম ভারত!।
বেদাধ্যয়নসম্পন্নো বিপুলে তপসি স্থিতঃ ॥৩॥
বানপ্রস্থাশ্রমে যুক্তঃ স্বকর্ম্মনিরতঃ সদা।
বিনয়াচারতত্ত্বজ্ঞঃ সর্বধর্ম্মার্থকোবিদঃ ॥৪॥

ভাবতকৌমুদী

ক ইতি। নাম্না বিশিষ্টঃ ॥১॥

বিরুদ্ধ ইতি। বিরুদ্ধে দুঃখবাহুল্যাদিনা বিলক্ষণে, সময়বর্ত্মসু আচারপদ্ধতিষপি, তথা বিরুদ্ধেষু, দৈবম্ ঋতে বিনা, মানুষেষু বিশেষতো দুষ্প্রাপং পুনর্জ্জীবনং দুর্লভম্। ব্যাখ্যাতুং বক্তুম্। ষট্পাদোঽয়ং শ্লোকঃ ॥২॥

শ্রূয়ত ইতি। ভৃগোরয়ং ভার্গবস্তস্মিন্ ॥৩॥

বানেতি। স্বকর্ম্মসু যজনাদিব্রাহ্মণকার্য্যেষু নিরতঃ ॥৪॥

যুধিষ্ঠির বলিলেন—'ফেনপ নামে তিনি কে? কি জন্যই বা পূর্ব্বকালে উহাকে ভক্ষণ করিয়াছিলেন? কি প্রকারেই বা তিনি মরিয়া আবার জীবন লাভ করিয়াছিলেন এবং কি করিযাই বা তিনি গোলোকে গিয়াছিলেন ॥১॥

মনুষ্যলোক, গোলোক অপেক্ষা বিভিন্ন প্রকার এবং আচার বিভিন্ন রূপ; তারপর দৈব ব্যতীত মানুষের মধ্যে পুনরায় জীবন লাভ করা অত্যন্ত দুষ্কর। এই সমস্ত-বিষয়ে আমার গুরুতর সংশয় জন্মিয়াছে; অতএব আপনি তাহা আমার নিকট বলুন' ॥২॥

ভীষ্ম বলিলেন—'ভরতনন্দন! আমরা শুনিতে পাই যে, পূর্ব্বকালে ভৃগু-বংশে সুমিত্র নামে এক বেদাধ্যায়ী ও মহাতপস্বী ঋষি ছিলেন ॥৩॥

যত্নাত্রিষবণস্নায়ী সন্ধ্যোপাসনতৎপরঃ।
অগ্নিহোত্ররতঃ ক্ষান্তো জপন্ জুহ্বচ্চ নিত্যদা ॥৫॥
পিতৃদেবাংশ্চ নিয়তমতিথীংশ্চ স পূজযন্।
প্রাণসংধারণার্থঞ্চ যৎকিঞ্চিদুপহারয়ন্ ॥৬॥
গিরিস্ত্রিশিখরো নাম যতঃ প্রভবতে নদী।
কুলজেতি পুরাণেষু বিশ্রুতা রুদ্রনির্ম্মিতা ॥৭॥
তস্যাস্তীরে সমে দেশে পুষ্পমালাসমাকুলে।
বন্যৌষধিদ্রুমোপেতে নানাপক্ষিমৃগাযুতে ॥৮॥
ব্যপেতদংশমশকে ধ্বাঙ্ক্ষগৃধ্রৈরসেবিতে।
কৃষ্ণদর্ভতৃণপ্রায়ে সুরম্যে জ্যোতিরশ্মিনি ॥৯॥
সর্বোন্নতৈঃ সমৈঃ শ্যামৈর্যাজ্ঞীয়ৈস্তরুভির্বৃতে।
তত্রাশ্রমপদং পুণ্যং ভৃগূণামভবৎ পুরা ॥১০॥ (বিশেষকম্)

ভাবতকৌমুদী

যত্নাদিতি। ত্রিষবণস্নায়ী ত্রিসন্ধ্যস্নানকারী। ক্ষান্তঃ ক্ষমাবান্, জপন্ জুহ্বৎ হোমং কুর্ব্বংশ্চাসীৎ ॥৫॥

পিত্রিতি। উপহারয়ন্ ভক্ষয়ন্নাসীৎ ॥৬॥

গিরিরিতি। প্রভবতে উৎপদ্যতে স্ম ॥৭॥

তস্যা ইতি। সমে সমতলে। কৃষ্ণানি দর্ভতৃণানি প্রায়া বহুলানি যত্র তস্মিন্, জ্যোতীনাং জ্যোতিষ্মতাং মণীনাং রশ্ময়ঃ অস্য সন্তীতি তস্মিন্। ব্রীহ্যাদিত্বাদিন্। যাজ্ঞীয়ৈর্যজ্ঞযোগ্যৈঃ ॥৮—১০॥

তিনি বানপ্রস্থাশ্রমে থাকিতেন, সর্বদা যজনাদি নিজ কার্য্যে ব্যাপৃত রহিতেন, বিনয় ও আচাবের তত্ত্ব জানিতেন এবং সমস্ত ধর্ম্ম ও অর্থের বিষয় বুঝিতেন ॥৪॥

যত্নপূর্ব্বক তিনবেলা স্নান কবিতেন, সন্ধ্যোপাসনায় নিবত থাকিতেন, অগ্নিহোত্র হোম কবিতেন এবং ক্ষমাশীল হইয়া সর্ব্বদা জপ ও যজ্ঞ কবিতেন ॥৫॥

তিনি পিতৃগণ, দেবগণ ও অতিথিগণেব পূজা কবিতেন এবং প্রাণবক্ষাব জন্য যৎকিঞ্চিৎ আহাব করিতেন ॥৬॥

'ত্রিশিখব' নামে একটী পর্বত আছে; যে পর্বত হইতে 'কুলজা' নামে পুরাণবিখ্যাত ও মহাদেবনির্ম্মিত একটী নদী উৎপন্ন হইযাছে ॥৭॥

সেই কুলজানদীর তীবে সমতলভূমিতে পূর্ব্বকালে ভৃগুবংশীয়গণেব পবিত্র

উবাস তত্র নিয়তঃ সুমিত্রো নাম ভার্গবঃ।
যথোদ্দিষ্টেন পূর্ব্বেষাং ভৃগূণাং সাধুবর্ত্মনা ॥১১॥
তস্মা আঙ্গিরসঃ কশ্চিদ্দদৌ গাং শর্করীং শুভাম্।
বর্ষাসু পশ্চিমে মাসি পৌর্ণমাস্যাং শুচিব্রতঃ ॥১২॥
স তাং লব্ধ্বা ধর্ম্মশীলশ্চিন্তয়ামাস তৎপরঃ।
সুমিত্রঃ পরয়া ভক্ত্যা জননীমিব মাতরম্ ॥১৩॥
তেন সন্ধুক্ষ্যমাণা সা রোহিণী কামরূপিণী।
প্রবৃদ্ধিমগমচ্ছ্রেষ্ঠা প্রাণতশ্চ সুদর্শনা ॥১৪॥
শিরাবিমুক্তপার্শ্বান্তা বিপুলাং কান্তিমুদ্বহৎ।
শ্যামপার্শ্বান্তপৃষ্ঠা সা সুরভির্মধুপিঙ্গলা ॥১৫॥

ভারতকৌমুদী

উবাসেতি। যথোদ্দিষ্টেন কৃতানুরূপেণ। সাধুবর্ত্মনা সৎপথেন ॥১১॥
তস্মা ইতি। শর্করীং নাম বর্ষাসু পশ্চিমে আশ্বিনে ॥১২॥
স ইতি। জননীং নিজগর্ভধারিণীম্ ॥১৩॥
তেনেতি। তেন সুমিত্রেণ, সন্ধুক্ষ্যমাণা পরিচর্য্যমাণা। প্রাণতো বলতশ্চ শ্রেষ্ঠা ॥১৪॥

আশ্রম ছিল। সেই আশ্রমে বহুবিধ পুষ্প, বন্য লতা ও বৃক্ষ বিদ্যমান ছিল এবং নানা পশুপক্ষী বিচরণ করিত; কিন্তু সেই আশ্রমে দংশ বা মশক ছিল না, কাক বা গৃধ্র আসিত না; সেই আশ্রমে তৃণের মধ্যে কৃষ্ণবর্ণ কুশই বহুতর ছিল এবং নানাবিধ মণির কিরণে সেই আশ্রমটী অতিশয় সুন্দর দেখাইত; আর সেই আশ্রমটী সর্ব্বাপেক্ষা উচ্চ, সমশীর্ষ ও শ্যামবর্ণ যজ্ঞীয় বৃক্ষে পরিবেষ্টিত ছিল ॥৮—১০॥

ভৃগুবংশীয় সুমিত্র, ভৃগুবংশীয় পূর্ব্বপুরুষগণের আচরিত সৎপথে থাকিয়া সেই আশ্রমে বাস করিতে লাগিলেন ॥১১॥

একদা অঙ্গিরার বংশজাত পবিত্র নিয়মশালী কোন ব্রাহ্মণ আশ্বিন মাসের পূর্ণিমাতিথিতে আসিয়া শর্করীনাম্নী শুভলক্ষণা একটী ধেনু সেই সুমিত্রকে দান করিয়া গেলেন ॥১২॥

ধার্ম্মিক সেই সুমিত্র সেই ধেনুটী লাভ করিয়া তাহার সেবাপরায়ণ হইয়া পরম ভক্তিসহকারে নিজের গর্ভধারিণী মাতার ন্যায় তাঁহাকে চিন্তা করিতে লাগিলেন ॥১৩॥

সুমিত্র পরিচর্য্যা করিতে থাকিলে রোহিণীজাতীয়া, কামরূপিণী, বলবতী ও সুদর্শনা সেই ধেনুটী ক্রমশঃ বৃদ্ধি পাইতে লাগিল ॥১৪॥

বৃহতী সূক্ষ্মরোমাস্তা রূপোদগ্রা তনুত্বচা।
কৃষ্ণপুচ্ছা শ্বেতবক্ত্রা সমবৃত্তপযোধরা ॥১৬॥
পৃষ্ঠোন্নতা পূর্ব্বনতা শঙ্কুকর্ণী সুলোচনা।
দীর্ঘজিহ্বা হ্রস্বশৃঙ্গী সম্পূর্ণদশনান্তরা ॥১৭॥
মাংসাধিকগলান্তা সা প্রসন্না শুভদর্শনা।
তৎ সমাপ্য যথোদ্দিষ্টং পূর্বকর্ম্মসমাহিতঃ।
দাতুং নির্বপণং সম্যগ্ যথাবদহমারভম্ ॥১৪॥
ততস্তং দর্ভবিন্যাসং ভিত্ত্বা সুরুচিরাঙ্গদঃ।
প্রলম্বাভরণো বাহুরুদতিষ্ঠদ্বিশাংপতে। ॥১৫॥
তমুত্থিতমহং দৃষ্ট্বা পরং বিস্ময়মাগমম্।
প্রতিগ্রহীতা সাক্ষান্মে পিতেতি ভরতর্ষভ। ॥১৬॥
ততো মে পুনরেবাসীৎ সংজ্ঞা সঞ্চিন্ত্য শাস্ত্রতঃ।
নায়ং বেদেষু বিহিতো বিধির্হস্ত ইতি প্রভো।।
পিণ্ডো দেয়ো নরেণেহ ততো মতিরভূন্মম ॥১৭॥
সাক্ষান্নেহ মনুষ্যস্য পিণ্ডং হি পিতরঃ ক্বচিৎ ;
গৃহ্ণন্তি বিহিতং চেত্থং পিণ্ডো দেয়ঃ কুশেষ্বিতি ॥১৮॥
ততোঽহং তদনাদৃত্য পিতুর্হস্তনিদর্শনম্।
শাস্ত্রপ্রামাণ্যসূক্ষ্মস্তু বিধিং পিণ্ডস্য সংস্মরন্ ॥১৯॥

ভারতকৌমুদী

তদিতি। নির্ব্বপণং তর্পণতোয়াদিকম্ ॥১৪॥

তত ইতি। দর্ভবিন্যাসং পিণ্ডাদিদানায় আস্তৃতকুশসমূহম্, সুরুচিরম্ অঙ্গদম্ অলঙ্কার-বিশেষো যস্মিন্ সঃ, প্রলম্বং লম্বিতঞ্চ আভরণং যস্য সঃ ॥১৫॥

তমিতি। তং বাহুম্, পরমত্যন্তম্ ॥১৬॥

তত ইতি। সংজ্ঞা জ্ঞানম্। ষট্পাদোঽয়ং শ্লোকঃ ॥১৭॥

সাক্ষাদিতি। বিহিতং শাস্ত্রেণ, দেয়ঃ স্থাপনীয়ঃ ॥১৮॥

ক্রমে আমি একাগ্রচিত্ত হইয়া শাস্ত্রোক্ত সেই পূর্বকর্ম্ম সমাপ্ত করিয়া, সমীচীনভাবে তর্পণের জলপ্রভৃতি দান করিতে আরম্ভ করিলাম ॥১৪॥

নরনাথ! তাহার পর অতি সুন্দরাঙ্গদযুক্ত ও লম্বিত ভূষণসমন্বিত একখানি বাহু সেই আস্তৃত দর্ভ ভেদ করিয়া উত্থিত হইল ॥১৫॥

ভরতশ্রেষ্ঠ! উত্থিত সেই হস্ত দেখিয়া 'আমার পিতা সাক্ষাৎ প্রতিগ্রহ করিতেছেন' ইহা ভাবিয়া আমি অত্যন্ত বিস্ময়াপন্ন হইলাম ॥১৬॥

রাজা! তাহার পর শাস্ত্রানুসারে ভাবিয়া আবার আমার এইরূপ বুদ্ধি হইল যে, 'মানুষ পিতার হস্তে পিণ্ড দান করিবে' এইরূপ বিধি বেদে বিহিত হয় নাই। তাহার পর আমার এইরূপ ধারণা হইল—॥১৭॥

পিতৃগণ কখনও মানুষের দত্তপিণ্ড সাক্ষাৎ গ্রহণ করেন না ; 'কুশের উপরেই পিণ্ডদান করিবে' এইরূপই বেদে বিহিত আছে ॥১৮॥

ততো দর্ভেষু তৎ সর্বমদদং ভরতর্ষভ ! ।
শাস্ত্রমার্গানুসারেণ তদ্বিদ্ধি মনুজর্ষভ ! ॥২০॥ (যুগ্মকম্)
ততঃ সোঽন্তর্হিতো বাহুঃ পিতুর্মম নরাধিপ ! ।
ততো মাং দর্শয়ামাসুঃ স্বপ্নান্তে পিতরস্তথা ॥২১॥
প্রীয়মাণাস্তু মামূচুঃ প্রীতাঃ স্ম ভরতর্ষভ ! ।
বিজ্ঞানেন তবানেন যন্ন মুহ্যসি ধর্ম্মতঃ ॥২২॥
ত্বয়া হি কুর্বতা শাস্ত্রং প্রমাণমিহ পার্থিব ! ।
আত্মা ধর্ম্মঃ শ্রুতং বেদাঃ পিতরশ্চর্ষিভিঃ সহ ॥২৩॥
সাক্ষাৎ পিতামহো ব্রহ্মা গুরবোঽথ প্রজাপতিঃ ।
প্রমাণমুপনীতা বৈ স্থিতাশ্চ ন বিচালিতাঃ ॥২৪॥ (যুগ্মকম্)
তদিদং সম্যগারব্ধং ত্বয়াদ্য ভরতর্ষভ ! ।
কিন্তু ভূমের্গবাং চার্থে সুবর্ণং দীয়তামিতি ॥২৫॥

ভারতকৌমুদী

তত ইতি। হস্তস্য নিদর্শনং প্রদর্শনম্। শাস্ত্রপ্রামাণ্যে সূক্ষ্মং দুর্বোধম্। তৎ সর্ব্বং পিণ্ডজলাদিকম্ ॥১৯—২০॥

তত ইতি। দর্শযামাসুরাত্মানমিতি শেষঃ ॥২১॥

প্রীযেতি। বিজ্ঞানেন বিশিষ্টজ্ঞানেন শাস্ত্রস্যৈব প্রাধান্যবোধেনেত্যর্থঃ ॥২২॥

ত্বযেতি। শ্রুতং শাস্ত্রজ্ঞানম্। প্রমাণং প্রামাণ্যম্, উপনীতাঃ প্রাপিতাঃ, স্থিতাশ্চ শিষ্টনিযমা ইতি শেষঃ ॥২৩—২৪॥

ভরতশ্রেষ্ঠ ! তদনন্তর আমি পিতার সেই হস্ত প্রদর্শনের আদর না করিয়া পিণ্ডদান সম্বন্ধে শাস্ত্রের সূক্ষ্ম বিধি স্মরণ করিতে থাকিয়া, পরে কুশের উপরেই সেই সমস্ত সমর্পণ করিলাম। নরশ্রেষ্ঠ ! ইহা তুমি অবগত হও যে, তাহা আমি শাস্ত্রানুসারেই করিয়াছিলাম ॥১৯—২০॥

নরনাথ ! তাহার পর সেই হস্ত অন্তর্হিত হইল। তদনন্তর পিতৃগণ স্বপ্ন মধ্যে আমাকে দর্শন দান করিলেন ॥২১॥

এবং তাঁহারা সন্তুষ্ট হইয়া আমাকে বলিলেন—'ভরতশ্রেষ্ঠ ! তোমার এই বিশিষ্ট জ্ঞানে এবং তুমি যে ধর্ম্মে বিভ্রান্ত হও নাই তাহাতে আমরা সন্তুষ্ট হইয়াছি ॥২২॥

ক্ষত্রিয়শ্রেষ্ঠ ! তুমি শাস্ত্রকে প্রমাণ করিয়া আজ আত্মা, ধর্ম্ম, শাস্ত্রজ্ঞান, বেদ, পিতৃগণ, ঋষিগণের সহিত সাক্ষাৎ পিতামহ ব্রহ্মা, গুরুগণ ও প্রজাপতিকে প্রামাণ্যে উপস্থিত করিয়াছ এবং শিষ্টনিয়মও লঙ্ঘন কর নাই ॥২৩-২৪॥

এবং বয়ঞ্চ ধর্ম্মজ্ঞ! সর্ব্বে চাস্মৎপিতামহাঃ।
পাবিতা বৈ ভবিষ্যন্তি পাবনং পরমং হি তৎ ॥২৬॥
দশপূর্বান্ দশৈবান্যাংস্তথা সন্তারয়ন্তি তে।
সুবর্ণং যে প্রয়চ্ছন্তি এবং মৎপিতরোঽব্রুবন্ ॥২৭॥
ততোঽহং বিস্মিতো রাজন্! প্রতিবুদ্ধো বিশাংপতে!।
সুবর্ণদানেঽকরবং মতিঞ্চ ভরতর্ষভ! ॥২৮॥
ইতিহাসমিমং চাপি শৃণু রাজন্! পুরাতনম্।
জামদগ্ন্যং প্রতি বিভো! ধন্যমায়ুষ্যমেব চ ॥২৯॥
জামদগ্ন্যেন রামেণ তীব্ররোষান্বিতেন বৈ।
ত্রিঃসপ্তকৃত্বঃ পৃথিবী কৃতা নিঃক্ষত্রিয়া পুরা ॥৩০॥

ভাবতকৌমুদী

তদিতি। আরব্ধমনুষ্ঠিতম্। অর্থে প্রতিনিধিত্ববিষয়ে ॥২৫॥

এবমিতি। এবং সুবর্ণদানে কৃতে সতি। তৎ সুবর্ণম্ ॥২৬॥

দশেতি। পূর্ব্বান্ পূর্ব্বপুরুষান্, অন্যান্ পরপুরুষান্ ॥২৭॥

তত ইতি। প্রতিবুদ্ধো লব্ধবুদ্ধিঃ। অকরবং কৃতবান্ ॥২৮॥

ইতীতি। ইতিহাসং বৃত্তান্তম্। এতচ্চ সযুক্তিকং বহুশ এব প্রাগুক্তম্। জামদগ্ন্যং রামং প্রতি তদ্বিষয়কমিত্যর্থঃ ॥২৯॥

জামদগ্ন্যেনেতি। ত্রিঃসপ্তকৃত্ব একবিংশতিবারং ॥৩০॥

ভবতশ্রেষ্ঠ! তুমি আজ সমীচীন কার্য্যেরই অনুষ্ঠান করিয়াছ, কিন্তু ভূমি ও ধেনুর নিমিত্ত স্বর্ণ দান কর ॥২৫॥

ধর্ম্মজ্ঞ! স্বর্ণ দান করিলে আমরা এবং আমাদের পিতৃগণ ইঁহারা সকলেই পবিত্রীকৃত হইবেন। কারণ, স্বর্ণ অত্যন্ত পবিত্রতাজনক ॥২৬॥

যাঁহারা স্বর্ণ দান করেন, তাঁহারা পূর্ব্ববর্ত্তী দশ পুরুষ এবং পরবর্ত্তী দশ পুরুষকে উদ্ধার করিয়া থাকেন, এইরূপ আমার পিতৃগণ বলিয়াছিলেন ॥২৭॥

ভরতশ্রেষ্ঠ নরনাথ রাজা! তাহার পর আমি বিস্মিত হইলাম, জ্ঞান লাভ করিলাম এবং স্বর্ণ দানে ইচ্ছা করিলাম ॥২৮॥

প্রভাবশালী রাজা! পুণ্যজনক ও আয়ুষ্কর পরশুরামের এই প্রাচীন বৃত্তান্ত শ্রবণ কর ॥২৯॥

পূর্ব্বকালে জমদগ্নিনন্দন রাম, অত্যন্ত ক্রুদ্ধ হইয়া পৃথিবীকে একবিংশতিবার নিঃক্ষত্রিয় করিয়াছিলেন ॥৩০॥

ততো জিত্বা মহীং কৃৎস্নাং রামো রাজীবলোচনঃ।
আজহার ক্রতুং বীরো ব্রহ্মক্ষত্রেণ পূজিতম্ ॥৩১॥
বাজিমেধং মহারাজ! সর্ব্বকামসমন্বিতম্।
পাবনং সর্বভূতানাং তেজোদ্যুতিবিবর্দ্ধনম্ ॥৩২॥ (যুগ্মকম্)
বিপাপ্মা চ স তেজস্বী তেন ক্রতুফলেন চ।
নৈবাত্মনোঽথ লঘুতাং জামদগ্ন্যোঽধ্যগচ্ছত ॥৩৩॥
স তু ক্রতুবরেণেষ্ট্বা মহাত্মা দক্ষিণাবতা।
পপ্রচ্ছাগমসম্পন্নানৃষীন্ দেবাংশ্চ ভার্গব ॥৩৪॥
পাবনং যৎ পরং নৃণামুগ্রে কর্ম্মণি বর্ত্ততাম্।
তদুচ্যতাং মহাভাগা ইতি জাতঘৃণোঽব্রবীৎ ॥৩৫॥
ইত্যুক্তা বেদশাস্ত্রজ্ঞাস্মূচুস্তে মহর্ষয়ঃ।
রাম! বিপ্রাঃ সৎক্রিয়ন্তাং বেদপ্রামাণ্যদর্শনাৎ ॥৩৬॥

ভাবতকৌমুদী

তত ইতি। রাজীবলোচনঃ পদ্মনয়নঃ। আজহার অনুষ্ঠিতবান্। তেজো দ্যুতিং কান্তিঞ্চ বিবর্দ্ধয়তীতি তম্ ॥৩১—৩২॥

বিপাপ্মেতি। লঘুতাং বহুক্ষত্রিয়বধেন পাপজনিতন্যূনত্বম্ ॥৩৩॥

স ইতি। ইষ্ট্বা যাগং কৃত্বা। আগমসম্পন্নান্ শাস্ত্রজ্ঞান্ ॥৩৪॥

পাবনমিতি। উগ্রে হিংসারূপে। জাতঘৃণ আত্মন্যুৎপন্নজুগুপ্সঃ ॥৩৫॥

ইতীতি। সৎক্রিয়ন্তাং দানমানাভ্যামাদ্রিয়ন্তাম্ ॥৩৬॥

মহারাজ! তাহার পর পদ্মনয়ন ও মহাবীর রাম সমগ্র পৃথিবী জয় করিয়া ব্রাহ্মণ ও ক্ষত্রিয়গণের আদরযুক্ত, সর্বাভীষ্টসমন্বিত, সকল প্রাণীর পবিত্রতাজনক এবং তেজ ও কান্তিবর্দ্ধক অশ্বমেধযজ্ঞের অনুষ্ঠান করিলেন ॥৩১—৩২॥

তেজস্বী জমদগ্নিনন্দন রাম, সেই যজ্ঞের ফলে নিষ্পাপ হইয়া পাপনিবন্ধন নিজের লঘুতা প্রাপ্ত হইলেন না ॥৩৩॥

ভৃগুবংশীয় মহাত্মা পরশুরাম, অশ্বমেধযজ্ঞ সমাপ্ত করিয়া তাহার দক্ষিণা বিষয়ে শাস্ত্রজ্ঞ ঋষিগণ ও দেবগণের নিকট জিজ্ঞাসা করিলেন—॥৩৪॥

'মহাভাগগণ! হিংসারূপ ভয়ঙ্কর কার্য্যে ব্যাপৃত মনুষ্যগণের পক্ষে যাহা পবিত্রতাজনক, সেই দ্রব্যের নাম আপনারা বলুন?' ইহা তিনি নিজের উপরে ঘৃণাযুক্ত হইয়াই বলিয়াছিলেন ॥৩৫॥

ভূয়শ্চ বিপ্রর্ষিগণাঃ প্রষ্টব্যাঃ পাবনং প্রতি।
তে যদ্‌ব্রূয়ুর্মহাপ্রাজ্ঞাস্তচ্চৈব সমুদাচর ॥৩৭॥
ততো বসিষ্ঠং দেবর্ষিমগস্ত্যমথ কাশ্যপম্।
তমেবার্থং মহাতেজাঃ পপ্রচ্ছ ভৃগুনন্দনঃ ॥৩৮॥
জাতা মতির্মে বিপ্রেন্দ্রাঃ! কথং পূয়েয়মিত্যুত।
কেন বা কর্ম্মযোগেন প্রদানেনেহ কেন বা ॥৩৯॥
যদি বোঽনুগ্রহকৃতা বুদ্ধির্মাং প্রতি সত্তমাঃ!।
প্রব্রূত পাবনং কিং মে ভবেদিতি তপোধনাঃ! ॥৪০॥
ঋষয় ঊচুঃ।
গাশ্চ ভূমিঞ্চ বিত্তঞ্চ দত্ত্বেহ ভৃগুনন্দন!।
পাপকৃৎ পূয়তে মর্ত্ত্য ইতি ভার্গব! শুশ্রুম ॥৪১॥

ভাবতকৌমুদী

ভূয় ইতি। পাবনং প্রতি পবিত্রতাবিষয়ে, সমুদাচর বিধেহি ॥৩৭॥
তত ইতি। তমেবার্থং পবিত্রতাজনকবিষয়ম্ ॥৩৮॥
জাতেতি। পূয়েয়ং পবিত্রো ভবেয়ম্ ॥৩৯॥
যদীতি। বো যুষ্মাকম্। হে সত্তমাঃ! সাধুশ্রেষ্ঠাঃ! ॥৪০॥
গা ইতি। বিত্তং ধনম্। পূয়তে পবিত্রো নিষ্পাপো ভবতি ॥৪১॥

বাম এইরূপ বলিলে সেই বেদশাস্ত্রজ্ঞ মহর্ষিবা বামকে বলিলেন—'রাম! তুমি বেদেব প্রামাণ্য দেখিয়া ব্রাহ্মণগণেব সৎকাব কব ॥৩৬॥

পবিত্রতা বিষয়ে পুনবায তুমি ব্রহ্মর্ষিগণেব নিকট জিজ্ঞাসা কর; সেই মহাপ্রাজ্ঞ ব্রহ্মর্ষিরা যাহা বলেন, তুমি তাহাই কব' ॥৩৭॥

তাহার পর মহাতেজা বাম দেবর্ষি বসিষ্ঠ, অগস্ত্য ও কাশ্যপের নিকট সেই বিষয়ই জিজ্ঞাসা করিলেন—॥৩৮॥

'ব্রাহ্মণশ্রেষ্ঠগণ! আমি কিপ্রকাবে অর্থাৎ কোন্ কর্ম্ম বা কোন্ দানদ্বারা পবিত্র হইব; এইরূপ বুদ্ধি আমার জন্মিয়াছে ॥৩৯॥

সাধুশ্রেষ্ঠ তপোধনগণ! যদি আমার উপবে আপনাদেব অনুগ্রহবুদ্ধি হয়, তাহা হইলে বলুন, আমাব পবিত্রতাজনক কি হইবে' ॥৪০॥

ঋষিবা বলিলেন—'ভৃগুনন্দন! আমরা শুনিযাছি যে, এই জগতে পাপকারী মানুষ গো, ভূমি ও ধন দান কবিযা নিষ্পাপ হয ॥৪১॥

অন্যদ্দানং তু বিপ্রর্ষে ! শ্রূয়তাং পাবনং মহৎ ।
দিব্যমত্যদ্ভুতাকারমপত্যং জাতবেদসঃ ॥৪২॥
দগ্ধ্বা লোকান্ পুরা বীর্য্যাৎ সম্ভূতমিহ শুশ্রুম ।
সুবর্ণমিতি বিখ্যাতং তদ্দদৎ সিদ্ধিমেষ্যসি ॥৪৩॥
ততোঽব্রবীদ্বসিষ্ঠস্তং ভগবান্ সংশিতব্রতঃ ।
শৃণু রাম ! যথোৎপন্নং সুবর্ণমনলপ্রভম্ ॥৪৪॥
ফলং দাস্যতি তে যত্তু দানে পরমিহোচ্যতে ।
সুবর্ণং যচ্চ যস্মাচ্চ যথা চ গুণবত্তরম্ ॥৪৫॥
তন্নিবোধ মহাবাহো ! সর্ব্বং নিগদতো মম ।
অগ্নীষোমাত্মকমিদং সুবর্ণং বিদ্ধি নিশ্চয়ম্ ॥৪৬॥ (যুগ্মকম্)
অজোঽগ্নির্বরুণো মেষঃ সূর্য্যোঽশ্ব ইতি দর্শনম্ ।
কুঞ্জরাশ্চ মৃগা নাগা মহিষাশ্চাসুরা ইতি ॥৪৭॥

ভাবতকৌমুদী

অন্যদিতি । দানং দেয়ং দ্রব্যম্ । অপত্যং জাতম্, জাতবেদসো বহ্নেঃ ॥৪২॥
দগ্ধ্বেতি । সম্ভূতমুৎপন্নম্ । দদৎ বিতরন্ ॥৪৩॥
তত ইতি । সংশিতব্রতো দৃঢ়শাস্ত্রোক্তনিয়মঃ ॥৪৪॥
ফলমিতি । পরমুৎকৃষ্টম্ । নিবোধ শৃণু । নিশ্চযং কৃত্বেতি শেষঃ ॥৪৫—৪৬॥
অজ ইতি । অগ্নিরগ্নিদৈবতঃ, অজশ্ছাগঃ । এবমন্যত্র । নাগা নাগদেবতাঃ ॥৪৭॥

ভারতভাবদীপঃ

উক্তমিতি ॥১॥ ন শুভা অশুভা ॥২॥ পূযন্তে শুধ্যন্তি ॥৩—৩২॥ লঘুতাং নিষ্পাপতাম্ ॥৩৩-৪৬॥

ব্রহ্মর্ষি । অলৌকিক, অদ্ভুতাকৃতি, অগ্নি হইতে উৎপন্ন এবং অত্যন্ত পবিত্রতাজনক অন্য একটী দেয় দ্রব্যের বিষয় আপনি শ্রবণ করুন ॥৪২॥

আমরা শুনিয়াছি যে, পূর্ব্বকালে সুবর্ণনামে বিখ্যাত দ্রব্য আপন শক্তির গুণে লোক দগ্ধ করিয়া উৎপন্ন হইয়াছিল ; আপনি তাহা দান করিয়া সিদ্ধি লাভ করিবেন ॥৪৩॥

তাহার পর দৃঢ়নিয়মশালী ভগবান্ বসিষ্ঠ রামকে বলিলেন—'রাম ! অগ্নির ন্যায় প্রভাবশালী সুবর্ণ যে ভাবে উৎপন্ন হইয়াছিল, তাহা তুমি শ্রবণ কর ॥৪৪॥

মহাবাহু রাম ! যে বস্তু দান করিলে তোমার গুরুতর ফল দান করিবে। সুবর্ণ যাহা যাহা হইতে উৎপন্ন হইয়াছে এবং যেরূপ গুণশালী, সে সমস্তই আমি বলিতেছি ; তুমি তাহা শ্রবণ কর। তুমি এই সুবর্ণকে নিশ্চিতভাবে অগ্নীষোম-স্বরূপ অবগত হও ॥৪৫—৪৬॥

কুক্কুটাশ্চ বরাহাশ্চ রাক্ষসা ভৃগুনন্দন !।
ইড়া গাবঃ পয়ঃ সোমো ভূমিরিত্যেব চ স্মৃতিঃ ॥৪৮॥
জগৎ সর্ব্বঞ্চ নির্ম্মথ্য তেজোরাশিঃ সমুত্থিতঃ।
সুবর্ণমেভ্যো বিপ্রর্ষে ! রত্নং পরমমুত্তমম্ ॥৪৯॥
এতস্মাৎ কারণাদ্দেবা গন্ধর্ব্বোরগরাক্ষসাঃ।
মনুষ্যাশ্চ পিশাচাশ্চ প্রযতা ধারয়ন্তি তৎ ॥৫০॥
মুকুটৈরঙ্গদযুতৈরলঙ্কারৈঃ পৃথগ্ বিধৈঃ।
সুবর্ণবিকৃতৈস্তত্র বিরাজন্তে ভৃগূত্তম ! ॥৫১॥

ভারতকৌমুদী

কুক্কুটা ইতি। ইড়া বাচঃ বাগ্দৈবতা গাবঃ, পয়ো দুগ্ধঞ্চ বাগ্দৈবতম্ ॥৪৮॥

জগদিতি। স তেজোরাশিরেব সুবর্ণম্। তচ্চ সুবর্ণম্ এভ্যঃ অজাদিভ্যঃ উত্তমং পরমং রত্নঞ্চ ॥৪৯॥

এতস্মাদিতি। প্রযতাঃ সংযতাঃ সন্তঃ, তৎ সুবর্ণং ধারয়ন্তি ॥৫০॥

মুকুটৈরিতি। সুবর্ণেন বিকৃতৈর্বিশেষেণ কৃতৈর্ঘটিতৈঃ ॥৫১॥

ভারতভাবদীপঃ

অজ ইতি। অজাদীনামগ্ন্যাদিরূপত্বাত্তদ্দানং তল্লোকপ্রদম্, অসুররাক্ষসগদাভ্যামপি তল্লোকঃ ॥৪৭॥ বরাহশ্চ নিঋতিঃ, অস্য দানমল্পফলম্। ইডাদয়ো ভূমিরূপা ইতি তদ্দানং মহাফলম্, ইডেতি। ইড়াবান্ যজ্ঞঃ ॥৪৮॥ জগদিতি সুবর্ণদানং ব্রহ্মাণ্ডদানতুল্যমিতি ভাবঃ ॥৪৯—৮২॥

ইতি শ্রীমহাভারতে অনুশাসনপর্ব্বণি দানধর্ম্মে নৈলকণ্ঠীয়ে ভারতভাবদীপে
ত্রিসপ্ততিতমোঽধ্যায়ঃ ॥৭৩॥

ছাগের দেবতা অগ্নি, মেষের দেবতা বরুণ, অশ্বের দেবতা সূর্য্য, হস্তী ও মৃগের দেবতা নাগ এবং মহিষের দেবতা অসুর, ইহা শাস্ত্রে দেখা যায় ॥৪৭॥

ভৃগুনন্দন ! কুক্কুট ও বরাহের দেবতা রাক্ষস, গো-দুগ্ধের দেবতা বাক্ এবং ভূমির দেবতা চন্দ্র—এইরূপই স্মৃতি রহিয়াছে ॥৪৮॥

ব্রহ্মর্ষি ! একদা একটা তেজরাশি সমগ্র জগৎ মন্থন করিয়া উত্থিত হইয়াছিল, তাহাই সুবর্ণ; সেই সুবর্ণ এই ছাগপ্রভৃতি হইতে উত্তম এবং পরম রত্ন ॥৪৯॥

এই কারণেই দেবতা, গন্ধর্ব্ব, নাগ, রাক্ষস, মনুষ্য ও পিশাচগণ সংযত হইয়া সেই সুবর্ণ ধারণ করেন ॥৫০॥

ভৃগুবংশশ্রেষ্ঠ ! সেই দেবতাপ্রভৃতি সকলেই সুবর্ণঘটিত মুকুট, অঙ্গদ এবং অন্য প্রকার নানাবিধ অলঙ্কার দ্বারা শোভা পাইয়া থাকেন ॥৫১॥

তস্মাৎ সর্ব্বপবিত্রেভ্যঃ পবিত্রং পরমং স্মৃতম্ ।
ভূমের্গোভ্যোঽথ রত্নেভ্যস্তদ্বিদ্ধি মনুজর্ষভ ! ॥৫২॥
পৃথিবীং গাশ্চ দত্ত্বেহ যচ্চান্যদপি কিঞ্চন ।
বিশিষ্যতে সুবর্ণস্য দানং পরমকং বিভো ! ॥৫৩॥
অক্ষয়ং পাবনঞ্চৈব সুবর্ণমমরদ্যুতে ! ।
প্রযচ্ছ দ্বিজমুখ্যেভ্যঃ পাবনং হ্যেতদুত্তমম্ ॥৫৪॥
সুবর্ণমেব সর্ব্বাসু দক্ষিণাসু বিধীয়তে ।
সুবর্ণং যে প্রযচ্ছন্তি সর্ব্বদাস্তে ভবন্ত্যুত ॥৫৫॥
দেবতাস্তে প্রযচ্ছন্তি যে সুবর্ণং দদত্যথ ।
অগ্নির্হি দেবতাঃ সর্বাঃ সুবর্ণঞ্চ তদাত্মকম্ ॥৫৬॥
তস্মাৎ সুবর্ণং দদতা দত্তাঃ সর্ব্বাঃ স্ম দেবতাঃ ।
ভবন্তি পুরুষব্যাঘ্র ! নহ্যতঃ পরমং বিদুঃ ॥৫৭॥

ভারতকৌমুদী

তস্মাদিতি। রত্নেভ্যো মুক্তাদিভ্যঃ, তৎ সুবর্ণম্ ॥৫২॥

পৃথিবীমিতি। বিশিষ্যতে উৎকর্ষেণ প্রশস্যতে ॥৫৩॥

অক্ষয়মিতি। এতৎ সুবর্ণদানম্, উত্তমং পাবনং পবিত্রতাজনকম্ ॥৫৪॥

সুবর্ণমিতি। সর্ব্বদাঃ সর্ব্ববস্তুদাতারঃ ॥৫৫॥

দেবতা ইতি। হি যস্মাৎ, অগ্নিঃ সর্ব্বা দেবতাঃ তাসাং মুখরূপত্বাৎ "অগ্নির্বৈ দেবানাং মুখ"মিতি শ্রুতেঃ ॥৫৬॥

তস্মাদিতি। অতঃ সুবর্ণদানাৎ পরমমুত্তমং ন হি বিদুর্মুনয়ঃ ॥৫৭॥

অতএব নরশ্রেষ্ঠ ! আপনি সেই সুবর্ণকে সর্ব্বপ্রকার পবিত্র দ্রব্য হইতে অধিক পবিত্র এবং ভূমি, গো ও অন্য বস্ত্র হইতে শ্রেষ্ঠ বলিয়া অবগত হউন ॥৫২॥

প্রভাবশালী রাম ! এই জগতে মানুষ ভূমি, গো এবং অন্য যে কিছু দ্রব্য তাহা দান করিয়াও সুবর্ণ দানকে শ্রেষ্ঠ বলিয়া প্রশংসা করে ॥৫৩॥

দেবকান্তি রাম ! আপনি অক্ষয় ফল ও পবিত্রতাজনক সেই সুবর্ণ ব্রাহ্মণগণকে দান করুন। কারণ, এই সুবর্ণ দান উত্তম পবিত্রতাজনক ॥৫৪॥

ঋষিরা সমস্ত দক্ষিণা বিষয়েই সুবর্ণ দিবার বিধি দিয়াছেন এবং যাঁহারা সুবর্ণ দান করেন, তাঁহারা সর্ব্ববস্তুদাতাই হইয়া থাকেন ॥৫৫॥

যাঁহারা সুবর্ণ দান করেন, তাঁহারা দেবতাদিগকেই দান করেন। কারণ, অগ্নি সকল দেবতাস্বরূপ, আবার সুবর্ণ সেই অগ্নিস্বরূপ ॥৫৬॥

ভূয় এব চ মাহাত্ম্যং স্বুবর্ণস্থ নিবোধ মে।
গদতো মম বিপ্রর্ষে! সর্বশাস্ত্রভৃতাংবর! ॥৫৮॥
ময়া শ্রুতমিদং পূর্বং পুরাণে ভৃগুনন্দন!।
প্রজাপতেঃ কথয়তো যথান্যায়ং তু তস্য বৈ ॥৫৯॥
শূলপাণের্ভগবতো রুদ্রস্য চ মহাত্মনঃ।
গিরৌ হিমবতি শ্রেষ্ঠে তদা ভৃগুকুলোদ্বহ!।
দেব্যা বিবাহে নির্বৃত্তে রুদ্রাণ্যা ভৃগুনন্দন! ॥৬০॥
সমাগমে ভগবতো দেব্যা সহ মহাত্মনঃ।
ততঃ সর্বে সমুদ্বিগ্না দেবা রুদ্রমুপাগমন্ ॥৬১॥ (যুগ্মকম্)
তে মহাদেবমাসীনং দেবীঞ্চ বরদামুমাম্।
প্রসাদ্য শিরসা সর্বে রুদ্রমূচুর্ভৃগূদ্বহ! ॥৬২॥
অয়ং সমাগমো দেব! দেব্যা সহ তবানঘ!।
তপস্বিনস্তপস্বিন্যা তেজস্বিন্যাতিতেজসঃ ॥৬৩॥

ভারতকৌমুদী

ভূয় ইতি। ভূয়ঃ পুনঃ। নিবোধ শৃণু ॥৫৮॥
ময়েতি। পুরাণে পূর্ব্বকালে। প্রজাপতের্ব্রহ্মণঃ ॥৫৯॥
শূলেতি। নির্বৃত্তে নিষ্পন্নে। ষট্পাদোঽয়ং শ্লোকঃ। সমাগমে সম্মেলনে ॥৬০—৬১॥
ত ইতি। আসীনমুপবিষ্টম্, প্রসাদ্য প্রণামেন প্রসন্নীকৃত্য ॥৬২॥

অতএব পুরুষশ্রেষ্ঠ! যিনি সুবর্ণ দান করেন, তাঁহার সকল দেবতাকেই দান করা হয়। কারণ, মুনিরা সুবর্ণ দান অপেক্ষা উত্তম দান আর জানেন না ॥৫৭॥

সর্ব্বশাস্ত্রজ্ঞশ্রেষ্ঠ ব্রহ্মর্ষি! আমি পুনরায় বলিতেছি, আপনিও পুনরায় সুবর্ণের মাহাত্ম্য শ্রবণ করুন ॥৫৮॥

ভৃগুনন্দন! পূর্ব্বকালে ব্রহ্মা যথানিয়মে বলিতেছিলেন, আমিও ইহা পূর্ব্বকালে শুনিয়াছিলাম ॥৫৯॥

ভৃগুবংশশ্রেষ্ঠ রাম! পর্ব্বতশ্রেষ্ঠ হিমালয়ে পার্বতী দেবীর সহিত শূলপাণি ও মহাত্মা ভগবান্ মহাদেবের বিবাহ নিষ্পন্ন হইলে, পার্বতী দেবীর সহিত ভগবান্ মহাত্মা মহাদেবের সম্মেলন হইতে থাকিলে সকল দেবতা উদ্বিগ্ন হইয়া মহাদেবের নিকট গমন করিলেন ॥৬০—৬১॥

ভৃগুবংশশ্রেষ্ঠ! সেই দেবতারা সকলে মস্তক নমনপূর্ব্বক প্রণাম দ্বারা উপবিষ্ট মহাদেব ও বরদায়িনী উমাদেবীকে প্রসন্ন করিয়া মহাদেবকে বলিলেন—॥৬২॥

অমোঘতেজাস্ত্বং দেব ! দেবী চেয়মুমা তথা ।
অপত্যং যুবয়োর্দেব ! বলবদ্ভবিতা বিভো ! ॥৬৪॥
তন্নূনং ত্রিষু লোকেষু ন কিঞ্চিচ্ছেষয়িষ্যসি ।
তদেভ্যঃ প্রণতেভ্যস্ত্বং দেবেভ্যঃ পৃথুলোচন ! ॥৬৫॥
বরং প্রযচ্ছ লোকেশ ! ত্রৈলোক্যহিতকাম্যয়া ।
অপত্যার্থং নিগৃহ্নীষ্ব তেজঃ পরমকং বিভো ! ॥৬৬॥ (যুগ্মকম্)
ত্রৈলোক্যসারৌ হি যুবাং লোকং সন্তাপয়িষ্যথঃ ।
তদপত্যং হি যুবয়োর্দেবানভিভবেৎ ধ্রুবম্ ॥৬৭॥
ন হি তে পৃথিবী দেবী ন চ দ্যৌর্ন দিবং বিভো !
নেদং ধারয়িতুং শক্তাঃ সমস্তা ইতি মে মতিঃ ॥৬৮॥
তেজঃপ্রভাবনির্দগ্ধং তস্মাৎ সর্বমিদং জগৎ ।
তস্মাৎ প্রসাদং ভগবন্ ! কর্ত্তুমর্হসি নঃ প্রভো ! ॥৬৯॥

ভাবতকৌমুদী

অয়মিতি। সমাগমো রতিসংসর্গো বর্ত্ততে ॥৬৩॥

অমোঘেতি। অমোঘতেজা অব্যর্থবীর্য্যঃ। বলবন্মহাবলম্ ॥৬৪॥

তদিতি। শেষয়িষ্যসি শেষং রক্ষিষ্যসি সর্ব্বমেব সংহরিষ্যসীত্যর্থঃ। হে পৃথুলোচন! বিশালনয়ন! তেজো বীর্য্যম্ ॥৬৫—৬৬॥

ত্রৈলোক্যেতি। ত্রৈলোক্যস্য সারৌ শ্রেষ্ঠৌ ॥৬৭॥

নহীতি। দ্যৌর্গগনম্, দিবং স্বর্গঃ, ইদং তব তেজঃ ॥৬৮॥

'নিষ্পাপ দেব! আপনি তপস্বী ও অতিতেজা এবং সেই দেবীও তপস্বিনী ও তেজস্বিনী ; এইরূপ দেবীর সহিত আপনার সঙ্গম চলিতেছে ॥৬৩॥

দেব ! আপনি অব্যর্থ বীর্য্য এবং এই উমাদেবীও সেইরূপই বটেন ; অতএব প্রভু ! দেব ! আপনাদের সন্তান বলবানই হইবে ॥৬৪॥

অতএব নিশ্চয়ই আপনি ত্রিভুবনে কাহাকেও অবশিষ্ট রাখিবেন না ; সুতরাং বিশালনয়ন জগদীশ্বর ! আপনি ত্রিভুবনের হিতকামনায় এই অবনত দেবগণকে বর দান করুন ; প্রভু ! আপনি আপনার সন্তানজনক উত্তম তেজ নিগৃহীত করুন ॥৬৫—৬৬॥

আপনারা ত্রিভুবনের সার এবং ত্রিভুবনকেই সন্তপ্ত করিতে পারেন ; সুতরাং আপনাদের সন্তানও নিশ্চয়ই দেবগণকে অভিভূত করিবে ॥৬৭॥

প্রভু ! পৃথিবী, আকাশ ও স্বর্গ আপনার তেজ ধারণ করিতে সমর্থ হইবে না ॥৬৮॥

ন দেব্যাং সম্ভবেৎ পুত্রো ভবতঃ সুরসত্তম ! ।
ধৈর্য্যাদেব নিগৃহ্ণীষ্ব তেজো জ্বলিতমুত্তমম্ ॥৭০॥
ইতি তেষাং কথয়তাং ভগবান্ বৃষভধ্বজঃ।
এবমস্ত্বিতি দেবাংস্তান্ বিপ্রর্ষে ! প্রত্যভাষত ॥৭১॥
ইত্যুক্ত্বা চোর্দ্ধমনয়দ্রেতো বৃষভবাহনঃ।
ঊর্দ্ধরেতাঃ সমভবত্ততঃ প্রভৃতি চাপি সঃ ॥৭২॥
রুদ্রাণীতি ততঃ ক্রুদ্ধা প্রজোচ্ছেদে তদা কৃতে।
দেবানথাব্রবীত্তত্র স্ত্রীভাবাৎ পরুষং বচঃ ॥৭৩॥
যস্মাদপত্যকামো বৈ ভর্ত্তা মে বিনিবর্ত্তিতঃ।
তস্মাৎ সর্বে সুরা যূয়মনপত্যা ভবিষ্যথ ॥৭৪॥
প্রজোচ্ছেদো মম কৃতো যস্মাদ্‌যুষ্মাভিরদ্য বৈ।
তস্মাৎ প্রজা বঃ খগমাঃ ! সর্বেষাং ন ভবিষ্যতি ॥৭৫॥

ভারতকৌমুদী

তেজ ইতি। তেজঃপ্রভাবেণ নির্দগ্ধং ভবতীতি শেষঃ ॥৬৯॥
নেতি। নিগৃহ্ণীষ্ব নিবারয়, তেজো বীর্য্যম্ ॥৭০॥
ইতীতি। বৃষভধ্বজো মহাদেবঃ ॥৭১॥
ইতীতি। রেতঃ শুক্রম্। ঊর্দ্ধে রেতো যস্য সঃ ॥৭২॥
রুদ্রাণীতি। প্রজোচ্ছেদে সন্তানলোপে, দেবৈঃ কৃতে ॥৭৩॥
যস্মাদিতি। বিনিবর্ত্তিতঃ অপত্যজননান্নিবারিতঃ ॥৭৪॥

অতএব এই সমগ্র জগৎ আপনার তেজের প্রভাবে দগ্ধ হইয়া যাইবে; সুতরাং ভগবন্ ! প্রভু ! আপনি আমাদের উপরে অনুগ্রহ করুন ॥৬৯॥

দেবশ্রেষ্ঠ ! এই দেবীর গর্ভে আপনার পুত্র না হয়; এই জন্য আপনি ধৈর্য্যের গুণেই জ্বলিত উত্তম আপনার তেজ নিবারণ করুন' ॥৭০॥

ব্রহ্মর্ষি ! সেই দেবতারা এইরূপ বলিতে লাগিলে, ভগবান্ মহাদেব সেই দেবতাদের কথার প্রত্যুত্তর করিলেন—'এইরূপই হউক' ॥৭১॥

এই কথা বলিয়া, মহাদেব নিজের বীর্য্য উপরের দিকে নিলেন, তাহাতেই তিনি তদবধি ঊর্দ্ধরেতা হইলেন ॥৭২॥

তখন দেবতারা সন্তান উৎপত্তির নিবৃত্তি করিলে উমাদেবী ক্রুদ্ধ হইয়া স্ত্রীস্বভাববশতঃ দেবগণকে নিষ্ঠুর কথা বলিলেন—॥৭৩॥

'দেবগণ ! আপনারা যখন সন্তানকামী আমার স্বামীকে নিবারণ করিলেন, তখন আপনারা সকলে সন্তানশূন্য হইবেন ॥৭৪॥

পাবকস্তু ন তত্রাসীচ্ছাপকালে ভৃগূদ্বহ ।।
দেবা দেব্যাস্তথা শাপাদনপত্যাস্ততোঽভবন্ ॥৭৬॥
রুদ্রস্তু তেজোঽপ্রতিমং ধারয়ামাস বৈ তদা ।
প্রস্কন্নং তু ততস্তস্মাৎ কিঞ্চিত্তত্রাপতদ্ভুবি ॥৭৭॥
উৎপপাত তদা বহ্নৌ ববৃধে চাদ্ভুতোপমম্ ।
তেজস্তেজসি সংযুক্তমাত্মযোনিত্বমাগতম্ ॥৭৮॥
এতস্মিন্নেব কালে তু দেবাঃ শক্রপুরোগমাঃ ।
অসুরস্তারকো নাম তেন সন্তাপিতা ভৃশম্ ॥৭৯॥
আদিত্যা বসবো রুদ্রা মরুতোঽথাশ্বিনাবপি ।
সাধ্যাশ্চ সর্বে সন্ত্রস্তা দৈতেয়স্য পরাক্রমাৎ ॥৮০॥

ভাবতকৌমুদী

প্রজেতি। হে খগমাঃ। আকাশচরা দেবাঃ।। বো যুষ্মাকম্ ॥৭৫॥

পাবক ইতি। পাবকো বহ্নিঃ, তত্র স্থানে। অতএব তত্রোপস্থিতানাং দেবানামেব শাপবিষয়তয়া বহ্নেস্তু তথাত্বাভাবান্নানপত্যত্বমিতি ভাবঃ ॥৭৬॥

রুদ্র ইতি। তেজো বীর্য্যম্। প্রস্কন্নং নির্গতম্ ॥৭৭॥

উদিতি। আত্মযোনিত্বং ব্যক্ত্যুৎপত্তৌ স্বয়ং কারণত্বম্ ॥৭৮॥

এতস্মিন্নিতি। শক্রপুরোগমা ইন্দ্রপ্রভৃতয়ঃ ॥৭৯॥

আদিত্যা ইতি। মরুতো বায়বঃ। দৈতেযস্য তারকাসুরস্য ॥৮০॥

দেবগণ! আপনাবা আজ যে হেতু আমার সন্তান নিবৃত্তি কবিলেন, সেই হেতু আপনাদেব সকলেব আব সন্তান হইবে না' ॥৭৫॥

ভৃগুবংশশ্রেষ্ঠ! সেই শাপেব সময়ে অগ্নিদেব সে স্থানে ছিলেন না; সুতবাং তদ্ভিন্ন দেবতাবাই উমাদেবীব সেই শাপে তদবধি নিঃসন্তান হইলেন ॥৭৬॥

মহাদেব নিজেব অতুলনীয় বীর্য্য তখন ধাবণ কবিলেন বটে; কিন্তু তাহার একটু অংশ নির্গত হইয়া ভূতলে পতিত হইল ॥৭৭॥

তখন সেই আশ্চর্য্য তেজ তেজোময় অগ্নিতে সংযুক্ত হইয়া উত্থিত হইল, বৃদ্ধি পাইল এবং নিজে নিজের (কোন পুরুষেব) কাবণ হইল ॥৭৮॥

এই সময়েই ইন্দ্রপ্রভৃতি দেবতারা তাবকনামক কোন অসুবের অত্যাচারে অত্যন্ত সন্তপ্ত হইতেছিলেন ॥৭৯॥

আদিত্যগণ, বসুগণ, রুদ্রগণ, বায়ুগণ, অশ্বিনীকুমাবদ্বয় ও সাধ্যেরা সকলে তারকাসুরের পরাক্রমে সন্ত্রস্ত হইয়াছিলেন ॥৮০॥

স্থানানি দেবতানাং হি বিমানানি পুরাণি চ।
ঋষীণাং চাশ্রমাশ্চৈব বভূবুরসুরৈর্হতাঃ ॥৮১॥
তে দীনমনসঃ সর্ব্বে দেবতা ঋষয়শ্চ যে।
প্রজগ্মুঃ শরণং দেবং ব্রহ্মাণমজরং বিভুম্ ॥৮২॥
ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈযাসিক্যামনুশাসন-
পর্ব্বণি দানধর্ম্মে স্বর্ণোৎপত্তৌ ত্রিসপ্ততিতমোঽধ্যাযঃ ॥০॥ *

—:*:—

চতুঃসপ্ততিতমোঽধ্যায়ঃ।

—:*:—

দেবা উচুঃ।
অসুরস্তারকো নাম ত্বয়া দত্তবরঃ প্রভো ১।
সুবানৃষীংশ্চ ক্লিশ্নাতি বধস্তস্য বিধীযতাম্ ॥১॥

ভারতকৌমুদী

স্থানানীতি। অসুরৈস্তারকানুচরৈঃ, হতা বিধ্বংসিতাঃ ॥৮১॥
ত ইতি। দীনমনসো বিষণ্ণচিত্তাঃ। অজরং পিতামহত্বেঽপি স্থিরযৌবনম্ ॥৮২॥
ইতি মহামহোপাধ্যায়-ভারতাচার্য্য-শ্রীহরিদাসসিদ্ধান্তবাগীশভট্টাচার্য্যবিরচিতায়াং
মহাভারতটীকায়াং ভারতকৌমুদীসমাখ্যায়ামনুশাসনপর্ব্বণি
দানধর্ম্মে ত্রিসপ্ততিতমোঽধ্যায়ঃ ॥০॥

—:*:—

অসুর ইতি। দত্তো বরো যস্মৈ সঃ ॥১॥

তাবকাসুরেব অনুচব অসুবেবা দেবগণেব স্থা‍ন, বিমান ও পুব এবং ঋষি-
গণেব আশ্রম সকল বিধ্বস্ত করিতেছিল ॥৮১॥
সেই দেবতারা ও ঋষিবা সকলে তখন বিষণ্ণ চিত্ত হইযা যাইয়া জরাশূন্য ও
প্রভাবশালী ব্রহ্মাব শবণাপন্ন হইলেন' ॥৮২॥

* ' চতুরশীতিতমোঽধ্যায়:'—বঙ্গ বর্দ্ধ, ' ত্রিংশদধিকশততমোঽধ্যায়:'—নি।

তস্মাত্তয়ং সমুৎপন্নমস্মাকং বৈ পিতামহ ! ।
পরিত্রায়স্ব নো দেব ! ন হ্যন্যা গতিরস্তি নঃ ॥২॥

ব্রহ্মোবাচ ।

সমোঽহং সর্ব্বভূতানামধর্ম্মং নেহ রোচয়ে ।
হন্যতাং তারকঃ ক্ষিপ্রং সুরর্ষিগণবাধিতা ॥৩॥
বেদা ধর্ম্মাশ্চ নোচ্ছেদং গচ্ছেয়ুঃ সুরসত্তমাঃ ! ।
বিহিতং পূর্ব্বমেবাত্র ময়া বৈ ব্যেতু বো জ্বরঃ ॥৪॥

দেবা উচুঃ ।

বরদানাদ্ভগবতো দৈতেয়ো বলগর্ব্বিতঃ ।
দেবৈর্ন শক্যতে হন্তুং স কথং প্রশমং ব্রজেৎ ॥৫॥
স হি নৈব স্ম দেবানাং নাসুরাণাং ন রক্ষসাম্ ।
বধ্যঃ স্যামিতি জগ্রাহ বরং ত্বত্তঃ পিতামহ ! ॥৬॥

ভারতকৌমুদী

তস্মাদিতি। নঃ অস্মান্, অন্যা ত্বত্তিন্না ॥২॥

সম ইতি। অহং সর্ব্বভূতানাং সমঃ সমানঃ স্রষ্টৃত্বসামান্যাৎ, তথাপি অধর্ম্মমিহ ন রোচয়ে। সুরর্ষিগণয়োর্বাধিতা পীডয়িতা। অতএবাধর্ম্মকারিত্বাৎ স হন্যতামিতি ভাবঃ ॥৩॥

বেদা ইতি। অত্র তারকাসুরবধবিষয়ে ময়া পূর্ব্বমেব উপায়চিন্তনং বিহিতম্। ততশ্চ বো যুষ্মাকম্, জ্বরঃ সন্তাপঃ, ব্যেতু অপগচ্ছতু ॥৪॥

বরেতি। ভগবতো ভবতঃ, দৈতেয়স্তারকঃ ॥৫॥

দেবগণ বলিলেন—'প্রভু! আপনি বর দিয়াছিলেন বলিয়া তারকাসুর দেবগণ ও ঋষিগণকে কষ্ট দিতেছে; অতএব আপনি তাহার বধের বিধান করুন ॥১॥

পিতামহ! তাহা হইতে আমাদের ভয় উৎপন্ন হইয়াছে; অতএব দেব! আপনি আমাদিগকে রক্ষা করুন; আপনি ভিন্ন আমাদের অন্য গতি নাই' ॥২॥

ব্রহ্মা বলিলেন—'আমি সর্বপ্রাণীর পক্ষেই সমান; কিন্তু আমার অধর্ম্ম অভিপ্রেত নহে; সুতরাং দেবগণ ও ঋষিগণের উৎপীড়ক বলিয়া অধার্ম্মিক সেই তারকাসুরকে বধ কর ॥৩॥

দেবশ্রেষ্ঠগণ! বেদ ও ধর্ম্ম উচ্ছেদ না পায় এই জন্যই আমি পূর্ব্বেই উহার বধের উপায় চিন্তা করিয়াছি, অতএব তোমাদের মনের সন্তাপ দূর হউক' ॥৪॥

দেবগণ বলিলেন—'ভগবন্! আপনার বরদানের প্রভাবেই বলগর্ব্বিত তারকাসুরকে দেবতারা বধ করিতে পারিতেছেন না; সুতরাং সে কি প্রকারে নিধন প্রাপ্ত হইবে? ॥৫॥

দেবাশ্চ শপ্তা রুদ্রাণ্যা প্রজোচ্ছেদে পুরাকৃতে।
ন ভবিষ্যতি বোঽপত্যমিতি সর্ব্বে জগৎপতে।॥৭॥

ব্রহ্মোবাচ।

হুতাশনো ন তত্রাসীচ্ছাপকালে সুরোত্তমাঃ।।
স উৎপাদয়িতাপত্যং বধায় ত্রিদশদ্বিষাম্ ॥৮॥
তদ্বৈ সর্ব্বানতিক্রম্য দেবদানবরাক্ষসান্।
মানুষ্যানথ গন্ধর্ব্বান্নাগানথ চ পক্ষিণঃ ॥৯॥
অস্ত্রেণামোঘপাতেন শক্ত্যা তৎ ঘাতয়িষ্যতি।
যতো বো ভয়মুৎপন্নং যে চান্যে সুরশত্রবঃ।১০॥ (যুগ্মকম্)
সনাতনো হি সঙ্কল্পঃ কাম ইত্যভিধীয়তে।
রুদ্রস্য তেজঃ প্রস্কন্নমগ্নৌ নিপতিতং চ যৎ ॥১১॥
তত্তেজোঽগ্নির্ম্মহদ্ভূতং দ্বিতীয়মিব পাবকম্।
বধার্থং দেবশত্রূণাং গঙ্গায়াং জনয়িষ্যতি ॥১২॥ (যুগ্মকম্)

ভাবতকৌমুদী

স ইতি। হিশব্দো হেত্বর্থে, স্মশব্দঃ পাদপূরণে ॥৬॥
দেবা ইতি। প্রজোচ্ছেদে অপত্যনিবৃত্তৌ, পুরাকৃতেঽস্মাভিঃ ॥৭॥
হুতেতি। উৎপাদয়িতা জনয়িষ্যতি, ত্রিদশদ্বিষামসুরাণাম্ ॥৮॥
তদিতি। তৎ হুতাশনস্যাপত্যম্, অমোঘপাতেন অব্যর্থাঘাতেন, শক্ত্যা শক্তিনামকেন ॥৯—১০॥

পিতামহ! সেই তারকাসুর আপনার নিকট হইতে এইরূপ বর গ্রহণ করিয়াছিল যে, আমি দেবগণ, অসুরগণ ও রাক্ষসগণের বধ্য হইব না' ॥৬॥

জগৎপতি। ওদিকে পূর্ব্বে আমরা সন্তান উৎপত্তির ব্যাঘাত করিলে, দেবী রুদ্রাণী সকল দেবতাকেই অভিসম্পাত করিয়াছিলেন যে, 'তোমাদের সন্তান হইবে না' ॥৭॥

ব্রহ্মা বলিলেন—'দেবশ্রেষ্ঠগণ। সেই শাপের সময়ে অগ্নি সেখানে ছিলেন না, সুতরাং তিনিই অসুরগণের বধের জন্য সন্তান উৎপাদন করিবেন ॥৮॥

সেই অগ্নির পুত্রই সমস্ত দেব, দানব, রাক্ষস, মানুষ, গন্ধর্ব্ব, নাগ ও পক্ষীকে অতিক্রম করিয়া শক্তিনামক অব্যর্থ অস্ত্রদ্বারা সেই তারকাসুরকে বধ করিবে; যে তারকাসুর হইতে তোমাদের ভয় উৎপন্ন হইয়াছে এবং অন্য যাঁহারা দেবগণের শত্রু আছে ॥৯—১০॥

স তু নাবাপ তং শাপং নষ্টঃ স হুতভুক্ তদা।
তস্মাদ্বো ভয়হৃদ্দেবাঃ! সমুৎপৎস্যতি পাবকিঃ ॥১৩॥
অন্বিষ্যতাং বৈ জ্বলনস্তথা চাস্য নিযুজ্যতাম্।
তারকস্য বধোপায়ঃ কথিতো বৈ ময়ানঘাঃ! ॥১৪॥
ন হি তেজস্বিনাং শাপাস্তেজঃসু প্রভবন্তি বৈ।
বলান্যতিবলং প্রাপ্য দুর্বলানি ভবন্তি বৈ ॥১৫॥

ভাবতকৌমুদী

সনেতি। সনাতনশ্চিরস্থায়ী। অতএব স খল্বগ্নিসন্তানস্তাদৃশেন কামেনৈব তমসুরং হনিষ্যতীতি ভাবঃ। প্রস্কন্নং নির্গতম্। তেজো বীর্য্যম্, পাবকমগ্নিম্, মহদ্ভূতং মহান্তং কঞ্চিৎ প্রাণিনম্ ॥১১—১২॥

স ইতি। সঃ অগ্নিঃ, নষ্টঃ স্থানান্তরস্থিতত্বাদদর্শনং গতঃ। ভয়হৃৎ ভীতিনাশকঃ, পাবকস্যাগ্নেরপত্যমিতি পাবকিঃ ॥১৩॥

অন্বিষ্যতামিতি। জ্বলনঃ অগ্নিঃ, তথা তারকাসুরবধায় ॥১৪॥

নন্থ বহ্নাবসন্নিহিতেঽপি দেবত্বসামান্যাৎ সোঽপি শাপবিষয় এবেত্যাহ নহীতি। শাপাস্তেজস্বিনাং তেজঃসু নহি প্রভবন্তি কিমপি কর্ত্তুং শক্নুবন্তি। অতএব স শাপঃ তেজস্বিনো বহ্নেঃ কিমপি কর্ত্তুং ন শক্নুয়াৎ। তথা বলবানপি স শাপঃ অতিবলমগ্নিং প্রাপ্য দুর্ব্বল এব ভবেদিতি ভাবঃ ॥১৫॥

ভারতভাবদীপঃ

অসুর ইতি ॥১—১২॥ নষ্টঃ অদর্শনং গতঃ ॥১৩—১৪॥ নন্থ সর্ব্বে সুরা ইত্যাদিষু দেব্যাঃ শাপাৎ কথং বহ্নৌ ন শাপঃ? স তত্র নাসীদিতি চেত্তেন কিমিত্যত আহ—ন হীতি। বহ্নে-

---

চিবস্থায়ী সঙ্কল্পকেই কাম বলা হয়; সুতবাং মহাদেবেব যে বীর্য্য নির্গত হইয়া অগ্নিতে পতিত হইয়াছিল; অগ্নিদেব দেবশত্রুগণেব বধেব জন্য সেই বীর্য্যকে গঙ্গাতে দ্বিতীয় অগ্নিব ন্যায় কোন মহাপ্রাণীকে উৎপাদন করিবেন ॥১১—১২॥

সেই অগ্নি সেই শাপের বিষয় হন নাই। কাবণ, তখন অগ্নি স্থানান্তবে ছিলেন। অতএব দেবগণ! তোমাদের ভয়নাশক অগ্নিদেবের এক পুত্র উৎপন্ন হইবে ॥১৩॥

অতএব দেবগণ! তোমবা এখন অগ্নিব অন্বেষণ কর এবং তাঁহাকে সেই কার্য্যে নিযুক্ত কব। নিষ্পাপ দেবগণ! এই আমি তোমাদেব নিকট তাবকাসুরের বধের উপায় বলিলাম ॥১৪॥

অথবা অভিশাপ সকল তেজস্বিগণের তেজেব বিষয়ে প্রভাব প্রকাশ করিতে পাবে না এবং বলবান্ বস্তুও অতি বলেব নিকটে দুর্বল হইয়া যায় ॥১৫॥

হন্যাদবধ্যান্ বরদানপি চৈব তপস্বিনঃ।
সঙ্কল্পাভিরুচিঃ কামঃ সনাতনতমোঽভবৎ ॥১৬॥
জগৎপতিরনির্দ্দেশ্যঃ সর্বগঃ সর্ব্বভাবনঃ।
হৃচ্ছয়ঃ সর্ব্বভূতানাং জ্যেষ্ঠো রুদ্রাদপি প্রভুঃ ॥১৭॥
অন্বিষ্যতাং স তু ক্ষিপ্রং তেজোরাশির্হুতাশনঃ।
স বো মনোগতং কামং দেবঃ সম্পাদয়িষ্যতি ॥১৮॥
এতদ্বাক্যমুপশ্রুত্য ততো দেবা মহাত্মনঃ।
জগ্মুঃ সংসিদ্ধসঙ্কল্পাঃ পর্য্যেষন্তো বিভাবসুম্ ॥১৯॥
ততস্ত্রৈলোক্যমৃষয়ো ব্যচিন্বন্ত সুরৈঃ সহ।
কাঙ্ক্ষন্তো দর্শনং বহ্নেঃ সর্ব্বে তদ্‌গতমানসাঃ ॥২০॥

ভাবতকৌমুদী

হন্যাদিতি। সঙ্কল্পশ্চাসৌ অভিরুচিশ্চেতি সঃ, তপস্বিনঃ কামঃ অভিলাষঃ সনাতনতমঃ অতীবচিরস্থায়ী অভবৎ। অতএব তপস্বিনো বহ্নেঃ স কামঃ, অবধ্যানপি বরদানপি চ হন্যাৎ কিমুত তারকাসুরমিতি ভাবঃ ॥১৬॥

জগদিতি। প্রভুঃ প্রভাবশালী বহ্নিঃ, জগৎপতিঃ অনির্দ্দেশ্যস্তেজসি অনির্ব্বচনীয়ঃ, সর্ব্বগঃ সর্বস্থানগামী, সর্ব্বং কার্য্যং ভাবয়তি করোতীতি সর্ব্বভাবনঃ, সর্ব্বভূতানাং হৃদি শেতে বর্ত্তত ইতি হৃচ্ছয়ঃ রুদ্রাদপি জ্যেষ্ঠশ্চ। অতস্তদপত্যং তারকাসুরং হন্যাদেবেতি ভাবঃ ॥১৭॥

অন্বিষ্যতামিতি। বো যুষ্মাকং কামং তারকাসুরবধবিষয়মভিলাষম্ ॥১৮॥

এতদিতি। মহাত্মনো ব্রহ্মণঃ। পর্য্যেষন্তঃ অন্বিষ্যন্তঃ, বিভাবসুমগ্নিম্ ॥১৯॥

তত ইতি। ব্যচিন্বন্ত অন্বিষ্টবন্তঃ ॥২০॥

ভাবতভাবদীপঃ

স্তেজস্বিত্বাৎ শাপো দৃশ্যতে ইতি ভাবঃ ॥১৫॥ কামঃ কাম্যমানো বহ্নিঃ, সঙ্কল্প অপত্যবিষয়স্তদর্থ-

---

সঙ্কল্প ও অভিরুচিনামক তপস্বীর অভিলাষ অতিচিরস্থায়ী হইয়াছিল; সুতরাং সেই তপস্বী অগ্নির অভিলাষ অবধ্য বরদাতাদিগকেও সংহার করিতে পারে ॥১৬॥

প্রভাবশালী অগ্নি জগতের নিয়ন্তা, অনির্ব্বচনীয়, সর্ব্বস্থানগামী, সর্বকার্য্য সাধন সমর্থ, সমস্ত প্রাণীর হৃদয়বর্ত্তী এবং মহাদেব হইতেও জ্যেষ্ঠ ॥১৭॥

দেবগণ! তোমরা সত্বর সেই তেজোরাশি অগ্নির অন্বেষণ কর, সেই অগ্নিদেব তোমাদের মনের অভিলাষ পূর্ণ করিবেন' ॥১৮॥

দেবতারা মহাত্মা ব্রহ্মার এই বাক্য শুনিয়া সিদ্ধসঙ্কল্প হইয়া অগ্নির অন্বেষণ করিবার জন্য সেস্থান হইতে চলিয়া গেলেন ॥১৯॥

পরেণ তপসা যুক্তাঃ শ্রীমন্তো লোকবিশ্রুতাঃ।
লোকানন্বচরন্ সিদ্ধাঃ সর্ব এব ভৃগূত্তম ! ॥২১॥
নষ্টমাত্মনি সংলীনং নাধিজগ্মুর্হুতাশনম্।
ততঃ সঞ্জাতসন্ত্রাসানগ্নিদর্শনলালসান্ ॥২২॥
জলেচরঃ ক্লান্তমনাস্তেজসাগ্নেঃ প্রদীপিতঃ।
উবাচ দেবান্ মণ্ডূকো রসাতলতলোত্থিতঃ ॥২৩॥ (যুগ্মকম্)
রসাতলতলে দেবাঃ বসত্যগ্নিরিতি প্রভো !।
সন্তাপাদিহ সম্প্রাপ্তঃ পাবকপ্রভবাদহম্ ॥২৪॥
স সংসুপ্তো জলে দেবা ভগবান্ হব্যবাহনঃ।
অপঃ সংসৃজ্য তেজোভিস্তেন সন্তাপিতা বয়ম্ ॥২৫॥

ভাবতকৌমুদী

পরেণেতি। অন্বচরন্ অগ্নিমন্বেষ্টুং পর্য্যটিতবন্তঃ ॥২১॥
নষ্টমিতি। নষ্টমদর্শনং গতম্। প্রদীপিতঃ সন্তাপিতঃ, মণ্ডূকো ভেকঃ ॥২২—২৩॥
রসেতি। প্রভো ইতি দেবেষু কস্যচিৎ সম্বোধনম্। পাবকপ্রভবাৎ অগ্নিসঞ্জাতাৎ ॥২৪॥
স ইতি। হব্যবাহনঃ অগ্নিঃ, সংসৃজ্য সংযুক্তীকৃত্য ॥২৫॥

ভাবতভাবদীপঃ

মভিরুচিঃ সর্ব্বতো রোচমানোঽভবদস্ত ॥১৬—২১॥ নষ্টমদর্শনং গতম্, আত্মনি জলে, জলস্থ

তাহার পব ঋষিবা সকলে দেবগণেব সহিত মিলিত হইয়া অগ্নিব দর্শন কামনা কবিয়া তদ্গতচিত্তে ত্রিভুবন অন্বেষণ কবিতে লাগিলেন ॥২০॥

ভৃগুবংশশ্রেষ্ঠ ! মহাতপা, কান্তিসমন্বিত ও জগদ্বিখ্যাত সিদ্ধপুরুষেবা সকলেই অগ্নিকে অন্বেষণ কবিতে থাকিয়া সমস্ত জগতে বিচবণ কবিতে লাগিলেন ॥২১॥

কিন্তু তাঁহাবা আত্মাতে সংলীন, সুতবাং দৃষ্টির অগোচব অগ্নিদেবকে অন্বেষণ কবিয়া পাইলেন না। তাহাব পব জলচাবী অগ্নিব তেজে সন্তপ্ত ও ক্লান্তচিত্ত এক ভেক পাতাল হইতে উত্থিত হইয়া উদ্বিগ্নচিত্ত ও অগ্নিদর্শনার্থী দেবগণকে বলিল—॥২২—২৩॥

'দেবগণ ! প্রভু ইন্দ্র। অগ্নি পাতালে বাস কবিতেছেন। আমি সেই অগ্নিদেবেবই সন্তাপে সন্তপ্ত হইয়া এখানে আসিয়াছি ॥২৪॥

দেবগণ ! ভগবান্ অগ্নিদেব নিজের তেজেব সহিত জলকে সংযুক্ত কবিয়া জলেই নিদ্রিত আছেন ; আমবা তাঁহাবই তেজে সন্তাপিত হইয়াছি ॥২৫॥

তস্য দর্শনমিষ্টং বো যদি দেবা বিভাবসোঃ।
তত্রৈনমধিগচ্ছধ্বং কার্য্যং বো যদি বহ্নিনা ॥২৬॥
গম্যতাং সাধয়িষ্যামো বয়ংহ্যগ্নিভয়াৎ সুরাঃ।
এতাবদুক্ত্বা মণ্ডূকস্ত্বরিতো জলমাবিশৎ ॥২৭॥
হুতাশনস্তু বুবুধে মণ্ডূকস্য চ পৈশুনম্।
শশাপ স তমাসাদ্য ন রসান্ বেৎস্যসীতি বৈ ॥২৮॥
তং বৈ সংযুজ্য শাপেন মণ্ডূকং ত্বরিতো যযৌ।
অন্যত্র বাসায় বিভুর্ন চাত্মানমদর্শয়ৎ ॥২৯॥
দেবাস্ত্বনুগ্রহং চক্রুর্মণ্ডূকানাং ভৃগূত্তম !।
যত্তচ্ছৃণু মহাবাহো ! গদতো মম সর্বশঃ ॥৩০॥

ভারতকৌমুদী

তস্যেতি। বিভাবসোরগ্নেঃ, তত্র পাতালে ॥২৬॥

গম্যতামিতি সাধয়িষ্যামো গমিষ্যামঃ "প্রায়েণ ণ্যন্তকঃ সাধির্গমে স্থানে প্রযুজ্যতে" ইতি সাহিত্যদর্পণোক্তেঃ ॥২৭॥

হুতেতি। পৈশুনং খলত্বং দেবানামনর্থকপাতালপ্রস্তাবনাভিপ্রায়াৎ ॥২৮॥

তমিতি। বিভুরগ্নিঃ, অদর্শয়দ্দেবান্ ॥২৯॥

দেবা ইতি। মণ্ডূকানাং সম্বন্ধে। যত্তদনুগ্রহণম্ ॥৩০॥

দেবগণ ! আপনাদের যদি অগ্নির দর্শন অভীষ্ট হয় এবং আপনাদের অগ্নিদ্বারা যদি কোন কার্য্য থাকে, তাহা হইলে আপনারা পাতালে উঁহার নিকট গমন করুন ॥২৬॥

দেবগণ ! আপনারা গমন করুন, আমিও অগ্নির ভয়ে অন্যত্র গমন করি' ; এই পর্য্যন্ত বলিয়া ভেক সত্বর জলে প্রবেশ করিল ॥২৭॥

কিন্তু অগ্নি ভেকের সেই খল ব্যবহার বুঝিতে পারিলেন ; সুরতাং তিনি ভেকের নিকট যাইয়া তাহাকে অভিসম্পাত করিলেন—'তুমি আর রসের অনুভব করিতে পারিবে না' ॥২৮॥

অগ্নিদেব ভেককে অভিসম্পাত করিয়া বাস করিবার জন্য সত্বর অন্যত্র গমন করিলেন , কিন্তু দেবগণকে আত্মদর্শন দিলেন না ॥২৯॥

ভৃগুবংশশ্রেষ্ঠ মহাবাহু ! দেবতারা কিন্তু ভেকগণের উপরে অনুগ্রহ করিলেন। তাঁহারা যে অনুগ্রহ করিয়াছিলেন, আমি সে সমস্ত বলিতেছি ; আপনি শ্রবণ করুন ॥৩০॥

দেবা উচুঃ।

অগ্নিশাপাদজিহ্বাপি রসজ্ঞানবহিষ্কৃতাঃ।
সরস্বতীং বহুবিধাং যূয়মুচ্চারয়িষ্যথ ॥৩১॥
বিলবাসং গতাংশ্চৈব নিরাহারানচেতসঃ।
গতাসূনপি সংশুষ্কান্ ভূমিঃ সন্ধারয়িষ্যতি।
তমোঘনায়ামপি বৈ নিশায়াং বিচরিষ্যথ ॥৩২॥
ইত্যুক্ত্বা তাং ততো দেবাঃ পুনরেব মহীমিমাম্।
পরীয়ুর্জ্বলনস্যার্থে ন চাবিন্দন্ হুতাশনম্ ॥৩৩॥
অথ তান্ দ্বিরদঃ কশ্চিৎ সুরেন্দ্রদ্বিরদোপমঃ।
অশ্বত্থস্থোঽগ্নিরিত্যেবমাহ দেবান্ ভৃগূদ্বহ ! ॥৩৪॥
শশাপ জ্বলনঃ সর্বান্ দ্বিরদান্ ক্রোধমূর্চ্ছিতঃ।
প্রতীপা ভবতাং জিহ্বা ভবিত্রীতি ভৃগূদ্বহ ! ॥৩৫॥

ভারতকৌমুদী

অগ্নীতি। অজিহ্বাপীতি বিসর্গলোপেঽপি সন্ধিরার্ষঃ। সরস্বতীং বাচম্ ॥৩১॥

বিলেতি। বিলবাসং গর্ত্তস্থিতিম্, অচেতসঃ প্রায়েণাচেতনান্, গতাসূন্ মৃতানপি যুষ্মান্। তমঃ অন্ধকারঃ, ঘনং নিবিড়ং যস্যাং তস্যাম্। ষট্‌পাদোঽয়ং শ্লোকঃ ॥৩২॥

ইতীতি। তান্ ভেকান্। পরীয়ুর্বিচেরুঃ, জ্বলনস্যার্থে অগ্নিনিমিত্তম্ ॥৩৩॥

অথেতি। দ্বিরদো হস্তী, সুরেন্দ্রদ্বিরদোপমঃ ঐরাবততুল্যঃ ॥৩৪॥

শশাপেতি। জ্বলনো বহ্নিঃ। প্রতীপা বিপর্য্যস্তা ॥৩৫॥

ভারতভাবদীপঃ

তেজোজন্যত্বাৎ ॥২২—২৭॥ ন রসানিতি রসনেন্দ্রিয়হীনো ভবিষ্যসীত্যর্থঃ ॥২৮—৩০॥ অজিহ্বা

দেবগণ বলিলেন—'ভেকগণ ! তোমরা অগ্নির শাপে জিহ্বাশূন্য ও রসজ্ঞান বৰ্জ্জিত হইয়াও নানাবিধ বাক্য উচ্চারণ করিতে পারিবে ॥৩১॥

তোমরা গর্ত্তমধ্যে থাকিয়া আহারশূন্য, অচেতনপ্রায়, মৃত এবং শুষ্ক হইলেও ভূমি তোমাদিগকে ধারণ করিবেন ; আর তোমরা নিবিড়ান্ধকারযুক্ত রাত্রিতেও বিচরণ করিতে পারিবে' ॥৩২॥

ভেকগণকে এইরূপ বলিয়া তাহার পর দেবতারা পুনরায় অগ্নির নিমিত্ত এই পৃথিবী বিচরণ করিতে লাগিলেন ; কিন্তু অগ্নিকে পাইলেন না ॥৩৩॥

ভৃগুবংশশ্রেষ্ঠ ! তাহার পর ঐরাবতহস্তীর তুল্য কোন হস্তী দেবগণকে বলিল—'অগ্নিদেব অশ্বত্থ বৃক্ষে রহিয়াছেন ॥৩৪॥

---

(৩২) ভূমিঃ সন্তারয়িষ্যতি···বঙ্গ বৰ্দ্ধ।

ইত্যুক্ত্বা নিঃসৃতোঽশ্বত্থাদগ্নির্বারণসূচিতঃ।
প্রবিবেশ শমীগর্ভমথ বহ্নিঃ সুষুপ্সয়া ॥৩৬॥
অনুগ্রহন্তু নাগানাং যং চক্রুঃ শৃণু তং প্রভো!।
দেবা ভৃগুকুলশ্রেষ্ঠ! প্রীত্যা সত্যপরাক্রমাঃ ॥৩৭॥

দেবা ঊচুঃ।

প্রতীপয়া জিহ্বযাপি সর্বাহারং করিষ্যথ।
বাচং চোচ্চারয়িষ্যধ্বমুচ্চৈরব্যঞ্জিতাক্ষরাম্ ॥৩৮॥
ইত্যুক্ত্বা পুনরেবাগ্নিমনুসস্রুর্দিবৌকসঃ।
অশ্বত্থান্নিঃসৃতশ্চাগ্নিঃ শমীগর্ভমুপাবিশৎ ॥৩৯॥
শুকেন খ্যাপিতো বিপ্র! তং দেবাঃ সমুপাদ্রবন্।
শশাপ শুকমগ্নিস্তু বাগ্‌বিহীনো ভবিষ্যসি ॥৪০॥

ভারতকৌমুদী

ইতীতি। ইত্যুক্ত্বা বারণেন হস্তিনা সূচিতো জ্ঞাপিতো বহ্নিঃ অশ্বত্থান্নিঃসৃতঃ সন্, সুষুপ্সয়া স্বপ্তুমিচ্ছয়া শম্যা লতায়া গর্ভমভ্যন্তরং প্রবিবেশ ॥৩৬॥

অন্বিতি। নাগানাং হস্তিনাং সম্বন্ধে ॥৩৭॥

প্রতীপযেতি। প্রতীপয়া বিপর্য্যস্তযা। অব্যঞ্জিতাক্ষরাম্ অস্পষ্টবর্ণাম্ ॥৩৮॥

ইতীতি। অনুসস্রুরনুজগ্মুঃ, দিবৌকসো দেবাঃ ॥৩৯॥

শুকেনেতি। শুকেন পক্ষিণা, খ্যাপিতঃ কথিতঃ ॥৪০॥

ভৃগুশ্রেষ্ঠ! অগ্নিদেব ক্রোধে অধীব হইয়া সমস্ত হস্তীকে অভিসম্পাত কবিলেন—'তোমাদেব জিহ্বা বিপর্য্যস্ত হইবে' ॥৩৫॥

এই কথা বলিয়া হস্তিকর্ত্তৃক বিজ্ঞাপিত অগ্নি অশ্বত্থবৃক্ষ হইতে নির্গত হইয়া, নিদ্রা যাইবাব ইচ্ছায় শমীলতাব ভিতবে প্রবেশ করিলেন ॥৩৬॥

প্রভাবশালী ভৃগুকুলশ্রেষ্ঠ! যথার্থপবাক্রমশালী দেবগণ সন্তোষবশতঃ হস্তিগণেব উপবে যে অনুগ্রহ করিযাছিলেন; তাহা আপনি শ্রবণ করুন ॥৩৭॥

দেবগণ বলিয়াছিলেন—'হস্তিগণ! তোমাদের জিহ্বা বিপর্য্যস্ত হইলেও তাহাদ্বাবাই তোমবা সমস্ত আহাব কবিতে পাবিবে এবং উচ্চস্বরে অস্পষ্ট-বর্ণ বাক্যও উচ্চাবণ কবিতে সমর্থ হইবে' ॥৩৮॥

এই কথা বলিযা দেবগণ পুনবায় অগ্নিব অনুসবণ করিতে লাগিলেন; অগ্নি কিন্তু সেই সমযে অশ্বত্থবৃক্ষ হইতে নির্গত হইয়া শমীলতার ভিতবে প্রবেশ করিয়াছিলেন ॥৩৯॥

জিহ্বামাবর্ত্তয়ামাস তস্যাপি হুতভুক্ তথা।
দৃষ্ট্বা তু জ্বলনং দেবাঃ শুকমূচুর্দয়ান্বিতাঃ ॥৪১॥
ভবিতা ন ত্বমত্যন্তং শুকত্বে নষ্টবাগিতি।
আবৃত্তজিহ্বস্য সতো বাক্যং কান্তং ভবিষ্যতি।
বালস্যেব প্রবৃদ্ধস্য কলমব্যক্তমদ্ভুতম্ ॥৪২॥
ইত্যুক্ত্বা তং শমীগর্ভে বহ্নিমালক্ষ্য দেবতাঃ।
তদেবায়তনং চক্রুঃ পুণ্যং সর্ব্বক্রিয়াস্বপি ॥৪৩॥
ততঃ প্রভৃতি চাপ্যগ্নিঃ শমীগর্ভেষু দৃশ্যতে।
উৎপাদনে তথোপায়মভিজগ্মুশ্চ মানবাঃ ॥৪৪॥
আপো রসাতলে যাস্তু সংস্পৃষ্টাশ্চিত্রভানুনা।
তাঃ পর্বতপ্রস্রবণৈরূষ্মাং মুঞ্চন্তি ভার্গব ! ॥৪৫॥

ভারতকৌমুদী

জিহ্বামিতি। আবর্ত্তয়ামাস বিপর্য্যস্তাং চকার তস্য শুকস্যাপি ॥৪১॥

ভবিতেতি। হে শুক! তব শুকত্বে সতি ত্বমত্যন্তং নষ্টবাক্ ন ভবিতা। আবৃত্তা বিপর্য্যস্তা জিহ্বা যস্য তস্য সতস্তব, বাক্যং কান্তং সুন্দরং বালস্যেব প্রবৃদ্ধস্যেব চ অব্যক্তমদ্ভুতঞ্চ কলং মধুরঞ্চ ভবিষ্যতি। ষট্‌পাদোঽয়ং শ্লোকঃ ॥৪২॥

ইতীতি। আলক্ষ্য দৃষ্ট্বা। তৎ শমীলতাধিষ্ঠিতম্, আয়তনং স্থানম্ ॥৪৩॥

তত ইতি। তথা মানবাঃ অগ্নেরুৎপাদনে শমীশাখামেব উপায়মভিজগ্মুববগতবন্তঃ ॥৪৪॥

ব্রাহ্মণ! তখন শুকপক্ষী অগ্নির কথা বলিয়া দিল; তৎক্ষণাৎ দেবগণ তাঁহাব দিকে চলিলেন। এই সময়ে অগ্নি শুকপক্ষীব প্রতি অভিসম্পাত করিলেন যে, 'তুই বাক্যশূন্য হইবি' ॥৪০॥

এই কথা বলিয়া অগ্নিদেব শুকপক্ষীবও জিহ্বা বিপর্য্যস্ত কবিয়া দিলেন। দেবতাবা তখন অগ্নিকে দেখিয়া দয়ান্বিত হইয়া শুকপক্ষীকে বলিলেন—॥৪১॥

'শুক! তোমাব শুকত্ব থাকিলেও তোমার বাক্য একেবাবে নষ্ট হইবে না এবং তোমাব জিহ্বা বিপর্য্যস্ত হইলেও বালক ও বৃদ্ধের ন্যায় তোমার বাক্য সুন্দব, মধুব, অব্যক্ত ও অদ্ভুত হইবে' ॥৪২॥

এই কথা বলিয়া দেবগণ শমীলতাব ভিতরে সেই অগ্নিকে দেখিয়া সমস্ত কার্য্যেই সেই স্থানটীকে পুণ্যজনক করিলেন ॥৪৩॥

এবং তদবধি অগ্নিকে শমীলতাব ভিতরে দেখা যায়; আব মানুষেবাও অগ্নি উৎপাদন পক্ষে শমীলতার শাখা-প্রশাখাকেই উপায় বলিয়া অবগত হইল ॥৪৪॥

পাবকেনাধিশয়তা সন্তপ্তাস্তস্য তেজসা।
তথাগ্নির্দ্দেবতা দৃষ্ট্বা বভূব ব্যথিতস্তদা ॥৪৬॥ (যুগ্মকম্)
কিমাগমনমিত্যেবং তানপৃচ্ছত পাবকঃ।
তমূচুর্ব্বিবুধাঃ সর্বে তে চৈব পরমর্ষয়ঃ ॥৪৭॥
ত্বাং নিযোক্ষ্যামহে কার্য্যে তদ্ভবান্ কর্ত্তুমর্হতি।
কৃতে চ তস্মিন্ ভবিতা তবাপি সুমহান্ গুণঃ ॥৪৮॥

অগ্নিরুবাচ।

ব্রূত যদ্ভবতাং কার্য্যং কর্ত্তাস্মি তদহং সুরাঃ!।
ভবতাং তু নিযোজ্যোঽস্মি মা বোঽত্রাস্তু বিচারণা ॥৪৯॥

দেবা ঊচুঃ।

অসুরস্তারকো নাম ব্রহ্মণো বরদর্পিতঃ।
অস্মান্ প্রবাধতে বীর্য্যাদ্বধস্তস্য বিধীয়তাম্ ॥৫০॥

ভাবতকৌমুদী

আপ ইতি। আপো জলম্। চিত্রভানুনা অগ্নিনা, পর্ব্বতাৎ প্রস্রবণৈঃ নিঃসৃতৈর্জ্জলৈঃ সহ সংযোগাদিতি শেষঃ, উষ্মামুক্ততাম্। পাবকেন বহ্নিনা অধিশযতা অধিতিষ্ঠতা তস্য স্বস্য তেজসা সন্তপ্তাঃ। ব্যথিতো নিদ্রাব্যাঘাতসম্ভাবনাৎ ॥৪৫—৪৬॥

কিমিতি। তান্ দেবান্, বিবুধা দেবাঃ ॥৪৭॥

ত্বামিতি। তস্মিন্ কার্য্যে। গুণ উৎকৃষ্টং ফলম্ ॥৪৮॥

ব্রূতেতি। নিযোজ্যঃ প্রেষ্যঃ, বো যুষ্মাকম্, অত্র নিযোগে ॥৪৯॥

ভাবতভাবদীপঃ

অপীতি ছেদঃ ॥৩১—৪৪॥ উষ্মাম্ উষ্মাণং ডাবুভাভ্যামিতি মন্নন্তাৎ ডাপ্। অধিশয়তা

ভৃগুনন্দন! পাতালে যে জল অগ্নি সংস্পৃষ্ট হইযাছিল এবং তত্রস্থিত অগ্নিব তেজে সন্তপ্ত হইয়াছিল; সেই জল পার্ব্বত্য প্রস্রবণেব সঙ্গে মিলিত হইযা উষ্ণতা ত্যাগ করিয়া থাকে। সে যাহা হউক, তখন অগ্নি দেবগণকে দেখিয়া ব্যথিত হইলেন ॥৪৫—৪৬॥

তখন অগ্নি দেবগণেব নিকট জিজ্ঞাসা কবিলেন—'আপনাবা আগমন করিয়াছেন কেন?' পবে দেবতাবা ও মহর্ষিবা সকলে অগ্নিকে বলিলেন—॥৪৭॥

'আমরা আপনাকে কোন কার্য্যে নিযুক্ত কবিব, আপনিও তাহা কবিতে সমর্থ হইবেন; সেই কার্য্য কবা হইলে আপনাবও গুরুতব ফল হইবে' ॥৪৮॥

অগ্নি বলিলেন—'দেবগণ! আপনাদেব যে কার্য্য, তাহা বলুন; আমি তাহা কবিব। আমি আপনাদেব নিযোজ্য, অতএব এবিষয়ে আপনাদের যেন কোন সংশয় হয় না' ॥৪৯॥

ইমান্ দেবগণাংস্তাত ! প্রজাপতিগণাংস্তথা ।
ঋষীংশ্চাপি মহাভাগ ! পরিত্রায়স্ব পাবক ! ॥৫১॥
অপত্যং তেজসা যুক্তং প্রবীরং জনয় প্রভো ! ।
যদ্ভয়ং নোঽসুরাত্তস্মান্নাশয়েদ্ধব্যবাহন ! ॥৫২॥
শপ্তানাং নো মহাদেব্যা নান্যদস্তি পরায়ণম্ ।
অন্যত্র ভবতো বীর্য্যং তস্মাত্ত্রায়স্ব নঃ প্রভো ! ॥৫৩॥
ইত্যুক্তঃ স তথেত্যুক্ত্বা ভগবান্ হব্যবাহনঃ ।
জগামাথ দুরাধর্ষো গঙ্গাং ভাগীরথীং প্রতি ॥৫৪॥
তয়া চাপ্যভবন্মিশ্রো গর্ভং চাস্যাদধে তদা ।
ববৃধে স তদা গর্ভঃ কক্ষে কৃষ্ণগতির্যথা ॥৫৫॥

ভারতকৌমুদী

অসুর ইতি। প্রবাধতে অতীব পীড়য়তি ॥৫০॥
ইমানিতি। প্রজাপতিগণান্ দক্ষাদীন্ ॥৫১॥
অপত্যমিতি। অপত্যং পুত্রম্। যদপত্যং কর্তৃ, নঃ অস্মাকম্ ॥৫২॥
শপ্তানামিতি। পরায়ণং পরমাশ্রয়ঃ। বীর্য্যমন্যত্র বিনা ॥৫৩॥
ইতীতি। দুরাধর্ষো মহাতেজস্কতয়া দুর্জ্জয়ঃ ॥৫৪॥
তয়েতি। মিশ্রঃ সঙ্গতঃ। কক্ষে শুষ্কতৃণরাশৌ, কৃষ্ণগতিরগ্নিঃ ॥৫৫॥

দেবগণ বলিলেন—'তারকাসুর ব্রহ্মার বরে দর্পিত হইয়া বলপূর্বক আমাদিগকে অত্যন্ত উৎপীড়ন করিতেছে; অতএব আপনি তাহাকে বধ করুন ॥৫০॥

গৌরবাস্পদ মহাভাগ অগ্নিদেব! আপনি এই দেবগণ, প্রজাপতিগণ ও ঋষিগণকে রক্ষা করুন ॥৫১॥

প্রভাবশালী হব্যবাহন! আপনি একটী তেজস্বী ও মহাবীর পুত্র উৎপাদন করুন; যে পুত্র সেই অসুর হইতে আমাদের ভয় নষ্ট করিবে ॥৫২॥

মহাদেবী রুদ্রাণী আমাদের প্রতি অভিসম্পাত করিয়াছেন; অতএব আপনার বীর্য্য ব্যতীত আমাদের অন্য কোন গতি নাই; সুতরাং প্রভু! আপনি আমাদিগকে পরিত্রাণ করুন' ॥৫৩॥

দেবগণ এই কথা বলিলে, ভগবান্ দুর্দ্ধর্ষ অগ্নিদেব 'তাহাই হইবে' এই কথা বলিয়া, ভাগীরথী গঙ্গার দিকে গমন করিলেন ॥৫৪॥

অগ্নিদেব যাইয়া গঙ্গার সহিত সঙ্গত হইলেন এবং তখনই তাঁহার গর্ভ উৎপাদন করিলেন। ক্রমে সেই গর্ভ শুষ্কতৃণরাশিতে অগ্নির ন্যায় বৃদ্ধি পাইতে লাগিল ॥৫৫॥

তেজসা তস্য দেবস্য গঙ্গা বিহ্বলচেতনা।
সন্তাপমগমত্তীব্রং সা সোঢ়ুং ন শশাক হ ॥৫৬॥
আহিতে জ্বলনেনাথ গর্ভে তেজঃসমন্বিতে।
গঙ্গায়ামসুরঃ কশ্চিদ্ভৈরবং নাদমানদৎ ॥৫৭॥
অবুদ্ধিপতিতেনাথ নাদেন বিপুলেন সা।
বিত্রস্তোদ্‌ভ্রান্তনয়না গঙ্গা বিস্রুতলোচনা ॥৫৮॥
বিসংজ্ঞা নাশকদ্‌গর্ভং বোঢ়ুমাত্মানমেব চ।
সা তু তেজঃপরীতাঙ্গী কম্পয়ন্তীব জাহ্নবী ॥৫৯॥
উবাচ জ্বলনং বিপ্র! তদা গর্ভবলোদ্ধৃতা।
তে ন শক্তাস্মি ভগবংস্তেজসোঽস্য বিধারণে ॥৬০॥ (বিশেষকম্)
বিমূঢ়াস্মি কৃতানেন ন মে স্বাস্থ্যং যথা পুরা।
বিহ্বলাশ্চাস্মি ভগবংশ্চেতো নষ্টঞ্চ মেঽনঘ! ॥৬১॥

ভাবতকৌমুদী

তেজসেতি। বিহ্বলচেতনা আকুলচিত্তা ॥৫৬॥

আহিত ইতি। আহিতে জনিতে, জ্বলনেন অগ্নিনা। আনদৎ অকরোৎ ॥৫৭॥

অবুদ্ধীতি। অবুদ্ধিপতিতেন অজ্ঞাতোপস্থিতেন, বিপুলেন বিশালেন। বিস্রুতলোচনা ভয়েনাশ্রুসিক্তনয়না, তেজসা পরীতাঙ্গী ব্যাপ্তগাত্রী। জ্বলনমগ্নিম্। গর্ভবলেনোদ্ধূতা কম্পিতা ॥৫৮—৬০॥

বিমূঢ়েতি। অনেন তেজসা। চেতঃ কর্ত্তব্যবোধঃ ॥৬১॥

অগ্নিদেবের তেজে আকুলচিত্তা গঙ্গা গুরুতর সন্তাপ অনুভব করিতে লাগিলেন, এমন কি সহ্য করিতেই থাকিলেন না ॥৫৬॥

অগ্নি তেজোযুক্ত গঙ্গার গর্ভ উৎপাদন করিলে, কোন অসুর গঙ্গার তীরে ভীষণ গর্জ্জন করিল ॥৫৭॥

অকস্মাৎ উৎপন্ন সেই ভীষণ শব্দে গঙ্গা ভীতা, চঞ্চলনয়না, অশ্রুপ্লুতনেত্রা ও অচেতনপ্রায়া হইয়া সেই গর্ভ ও নিজদেহ বহন করিতে আর সমর্থ হইলেন না। ব্রাহ্মণ! তখন অগ্নির তেজে ব্যাপ্তদেহা গঙ্গা, দেহ যেন কম্পিত করিতে থাকিয়া গর্ভের ভারে অস্থিরা হইয়া অগ্নিকে বলিলেন—'ভগবন্! আপনার এই তেজ ধারণ করিতে আমি সমর্থ হইতেছি না' ॥৫৮—৬০॥

নিষ্পাপ ভগবন্ অগ্নিদেব! আপনার এই তেজ আমাকে কর্ত্তব্যবিমূঢ়

---

(৬০) গর্ভবলোদ্ধূতা—বঙ্গ বর্দ্ধ।

ধারণে নাস্য শক্তাহং গর্ভস্য তপতাংবর ! ।
উৎস্রক্ষ্যেঽহমিদং দুঃখান্ন তু কামাৎ কথঞ্চন ॥৬২॥
ন তেজসাস্তি সংস্পর্শো মম দেব ! বিভাবসো ! ।
আপদর্থে হি সম্বন্ধঃ সুসূক্ষ্মোঽপি মহাদ্যুতে ! ॥৬৩॥
যদত্র গুণসম্পন্নমিতরদ্বা হুতাশন ! ।
ত্বয্যেব তদহং মন্যে ধর্ম্মাধর্ম্মৌ চ কেবলৌ ॥৬৪॥
তামুবাচ ততো বহ্নির্ধার্য্যতাং ধার্য্যতামিতি ।
গর্ভো মত্তেজসা যুক্তো মহাগুণফলোদয়ঃ ॥৬৫॥
শক্তা হ্যসি মহীং কৃৎস্নাং বোঢ়ুং ধারয়িতুং তথা ।
ন হি তে কিঞ্চিদপ্রাপ্যমন্যতো ধারণাদৃতে ॥৬৬॥

ভারতকৌমুদী

ধারণ ইতি। উৎস্রক্ষ্যে পরিত্যক্ষ্যামি, কামাদিচ্ছাতঃ ॥৬২॥

নেতি। তেজসা বীর্য্যেণ। আপদর্থে দেবানামাপন্নিবারণায়, সুসূক্ষ্মঃ অত্যল্পকালীনঃ, সম্বন্ধো রতিসংসর্গঃ ॥৬৩॥

যদিতি। অত্র রতিসম্বন্ধে, গুণসম্পন্নম্ উৎকর্ষযুক্তং যৎ ফলম্, ইতরদ্দোষসম্পন্নং বা ফলম্, তৎ সর্ব্বং কেবলৌ মুখ্যৌ ধর্ম্মাধর্ম্মৌ চ ত্বয্যেব বর্ত্তেতে ইত্যহং মন্যে, ত্বৎপ্ররোচনয়ৈব সৎপ্রবৃত্তেরিতি ভাবঃ ॥৬৪॥

তামিতি। মহান্ গুণফলয়োরুদয়ো যস্মাৎ সঃ ॥৬৫॥

করিয়াছে, পূর্ব্বের ন্যায় আর আমাব স্বাস্থ্য নাই, আমি আকুলা হইয়া পড়িয়াছি। আমাব চৈতন্যও যেন নষ্ট হইতেছে ॥৬১॥

তাপদানকাবিশ্রেষ্ঠ ! আমি এই গর্ভধাবণে আব সমর্থ হইতেছি না; অতএব আমি দুঃখবশতই এই গর্ভ পরিত্যাগ কবিব; কিন্তু কোন প্রকারেই ইচ্ছাবশতঃ নহে ॥৬২॥

দেব ! বিভাবসু ! মহাদ্যুতি ! তেজেব সহিত আমাব কোন সম্পর্ক নাই; তথাপি দেবগণের বিপদ দূর কবিবাব জন্যই আপনার সহিত আমাব এই অল্পকালেব সম্পর্ক হইয়াছিল ॥৬৩॥

হুতাশন ! এই ব্যাপাবে গুণযুক্ত যে ফল কিংবা দোষসমন্বিত যে ফল অথবা প্রধানতঃ যে ধর্ম্ম বা অধর্ম্ম, সে সমস্তই আপনাতে বর্ত্তিয়াছে; ইহা আমি মনে করি' ॥৬৪॥

তাহার পব অগ্নি গঙ্গাকে বলিলেন—'দেবি ! আপনি আমাব তেজোযুক্ত এই গর্ভ ধারণ করুন। কারণ, ইহা হইতে গুরুতর গুণ ও ফল হইবে ॥৬৫॥

সা বহ্নিনা বার্য্যমাণা দেবৈরপি সরিদ্বরা।
সমুৎসসর্জ্জ তং গর্ভং মেরৌ গিরিবরে তদা ॥৬৭॥
সমর্থা ধারণে চাপি রুদ্রতেজঃপ্রধর্ষিতা।
নাশকত্তং তদা গর্ভং সন্ধারয়িতুমোজসা ॥৬৮॥
সা সমুৎসৃজ্য তং দুঃখাদ্দীপ্তং বৈশ্বানরপ্রভম্।
দর্শয়ামাস চাগ্নিস্তং তদা গঙ্গাং ভৃগূদ্বহ ! ॥৬৯॥
পপ্রচ্ছ সরিতাং শ্রেষ্ঠাং কচ্চিদ্গর্ভঃ সুখোদয়ঃ।
কীদৃগ্‌বর্ণোঽপি বা দেবি ! কীদৃগ্‌রূপশ্চ দৃশ্যতে।
তেজসা কেন বা যুক্তঃ সর্ব্বমেতদ্‌ব্রবীহি মে ॥৭০॥

ভাবতকৌমুদী

শক্তেতি। বোঢ়ুং গ্রহীতুম্। গর্ভস্য ধারণাদৃতে বিনা, অন্ততঃ গর্ভধারণাদেবেত্যর্থঃ "দ্বৌ নঞৌ প্রকৃতার্থং গময়ত" ইতি ন্যায়াৎ ॥৬৬॥

সেতি। সমুৎসসর্জ্জ পরিতত্যাজ ॥৬৭॥

সমর্থেতি। রুদ্রস্য রুদ্রস্বরূপস্য অগ্নেস্তেজসা প্রধর্ষিতা অভিভূতা সতী তদা ওজসা নিজ-তেজসা তং গর্ভং সন্ধারয়িতুং নাশকৎ ॥৬৮॥

সেতি। সমুৎসৃজ্য তস্থাবিতি শেষঃ। দীপ্তমুজ্জ্বলম্, বৈশ্বানরপ্রভম্ অগ্নিতুল্যম্ ॥৬৯॥

পপ্রচ্ছেতি। সুখস্য উদয় উৎপত্তির্যস্মাৎ সঃ। ষট্‌পাদোঽয়ং শ্লোকঃ ॥৭০॥

ভাবতভাবদীপঃ

অধিশয়ানেন ॥৪৫—৫৭॥ অবুদ্ধিপতিতেন অকস্মাজ্জাতেন ॥৫৮—৬৭॥ রুদ্রস্য অগ্নেস্তেজস্তেন

দেবি ! আপনি সমগ্র পৃথিবীকে বহন ও ধারণ করিতে সমর্থ হইয়া থাকেন; সুতরাং এই গর্ভ ধারণ করিলে আপনার কিছুই অপ্রাপ্য থাকিবে না ॥৬৬॥

অগ্নি ও অন্যান্য দেবতারা বারণ করিলেও নদীশ্রেষ্ঠা গঙ্গা তখন পর্ব্বতশ্রেষ্ঠ সুমেরুর উপরে সেই গর্ভ পরিত্যাগ করিলেন ॥৬৭॥

গঙ্গা সেই গর্ভ ধারণে সমর্থা হইয়াও রুদ্ররূপী অগ্নির তেজে অভিভূতা হওয়ায়, নিজ শক্তিতে তখন সেই গর্ভ ধারণ করিতে পারিলেন না ॥৬৮॥

ভৃগুবংশশ্রেষ্ঠ ! গঙ্গা কষ্টবশতই অগ্নির ন্যায় উজ্জ্বল সেই গর্ভ পরিত্যাগ করিয়া সেই স্থানেই রহিলেন। তখন অগ্নিদেব সেই গর্ভটী গঙ্গাকে দেখাই-লেন ॥৬৯॥

এবং তিনি গঙ্গার নিকট জিজ্ঞাসা করিলেন—'দেবি ! এই গর্ভটী আপনার সুখজনক হইয়াছে ত ? আপনি এই গর্ভটীর কীদৃশ বর্ণ, কীদৃশ তেজ এবং কি প্রকার রূপ দেখিতেছেন; এই সমস্ত আমার নিকট বলুন' ॥৭০॥

গঙ্গোবাচ।

জাতরূপঃ স গর্ভো বৈ তেজসা ত্বমিবানঘ!।
সুবর্ণো বিমলো দীপ্তঃ পর্বতং চাবভাসয়ৎ ॥৭১॥
পদ্মোৎপলবিমিশ্রাণাং হ্রদানামিব শীতলঃ।
গন্ধোঽস্য স কদম্বানাং তুল্যো বৈ তপতাংবর!॥৭২॥
তেজসা তস্য গর্ভস্য ভাস্করস্যেব রশ্মিভিঃ।
যদ্দ্রব্যং পরিসংসৃষ্টং পৃথিব্যাং পর্ব্বতেষু চ।
তৎ সর্ব্বং কাঞ্চনীভূতং সমন্তাৎ প্রত্যদৃশ্যত ॥৭৩॥
পর্য্যধাবত শৈলাংশ্চ নদীঃ প্রস্রবণানি চ।
ব্যাদীপয়ংস্তেজসা চ ত্রৈলোক্যং সচরাচরম্ ॥৭৪॥
এবংরূপঃ স ভগবান্ পুত্রস্তে হব্যবাহন!।
সূর্য্যবৈশ্বানরসমঃ কান্ত্যা সোম ইবাপরঃ ॥৭৫॥

ভাবতকৌমুদী

জাতেতি। জাতং রূপং যস্য স জাতরূপঃ। শোভনো বর্ণো যস্য স সুবর্ণঃ। অবভাসয় দিত্যড়াগমাভাব আর্ষঃ ॥৭১॥

পদ্মেতি। কদম্বানাং পুষ্পাণাং তুল্যশ্চ অস্য গর্ভস্য গন্ধঃ ॥৭২॥

তেজসেতি। পরিসংসৃষ্টং সংযুক্তম্। কাঞ্চনীভূতং স্বর্ণবর্ণীভূতম্। ষট্পাদোঽয়ং শ্লোকঃ ॥৭৩॥

পরীতি। পর্য্যধাবত অস্য গর্ভস্য রশ্মিরিতি শেষঃ ॥৭৪॥

এবমিতি। ভগবান্ মাহাত্ম্যবান্। কান্ত্যা সৌন্দর্য্যেণ ॥৭৫॥

গঙ্গা বলিলেন—'নিষ্পাপ অগ্নিদেব! এই সেই গর্ভটী সুন্দর রূপ ও সুন্দর বর্ণ এবং নির্ম্মল, আর তেজে আপনার ন্যায় উজ্জ্বল বলিয়া পর্ব্বতটীকেই আলোকিত করিয়াছে ॥৭১॥

তাপসশ্রেষ্ঠ! পদ্ম ও উৎপলযুক্ত হ্রদের ন্যায় এবং কদম্বপুষ্পের তুল্য শীল ইহার গন্ধ ॥৭২॥

সূর্য্য কিরণের ন্যায় এই গর্ভের তেজ পৃথিবী ও পর্ব্বতের যে দ্রব্যের উপরে পতিত হইয়াছে, সেই সমস্ত দ্রব্যকেই সকল দিকে স্বর্ণ দেখা যাইতেছে ॥৭৩॥

ইহার তেজ পর্ব্বত, নদী ও প্রস্রবণের দিকে ধাবিত হইয়াছে এবং এই গর্ভ নিজের তেজে স্থাবরজঙ্গমযুক্ত ত্রিভুবনকে আলোকিত করিয়াছে ॥৭৪॥

হব্যবাহন! আপনার এই সেই পুত্র এইরূপ রূপশালী মাহাত্ম্যযুক্ত তেজে সূর্য্য ও অগ্নির সমান এবং সৌন্দর্য্যে দ্বিতীয় চন্দ্রের ন্যায় ॥৭৫॥

এবমুক্ত্বা তু সা দেবী তত্রৈবান্তরধীযত।
পাবকশ্চাপি তেজস্বী কৃত্বা কার্য্যং দিবৌকসাম্।
জগামেষ্টং ততো দেশং তদা ভার্গবনন্দন! ॥৭৬॥
এতৈঃ কর্ম্মগুণৈর্লোকে নামাগ্নেঃ পরিগীযতে।
হিরণ্যরেতা ইতি বৈ ঋষিভির্বিবুধৈস্তথা।
পৃথিবী চ তদা দেবী খ্যাতা বসুমতীতি বৈ ॥৭৭॥
স তু গর্ভো মহাতেজা গাঙ্গেযঃ পাবকোদ্ভবঃ।
দিব্যং শরবণং প্রাপ্য ববৃধেঽদ্ভুতদর্শনঃ ॥৭৮॥
দদৃশুঃ কৃত্তিকাস্তন্তু বালার্কসদৃশদ্যুতিম্।
পুত্ত্রং বৈ তাশ্চ তং বালং পুপুষুঃ স্তন্যবিস্রবৈঃ ॥৭৯॥
ততঃ স কার্ত্তিকেয়ত্বমবাপ পরমদ্যুতিঃ।
স্কন্নত্বাৎ স্কন্দতাং চাপি গুহাবাসাদ্গুহোঽভবৎ ॥৮০॥

ভারতকৌমুদী

এবমিতি। দেবী গঙ্গা, দিবৌকসাং দেবানাম্। ষট্পাদোঽয়ং শ্লোকঃ ॥৭৬॥

এতৈরিতি। হিরণ্যং সুবর্ণমেব রেতো যস্য সঃ। বসু প্রধানং ধনমস্যা অস্তীতি বসুমতী। অয়মপি ষট্পাদঃ শ্লোকঃ ॥৭৭॥

স ইতি। শরবণং শরাখ্যতৃণবিশেষসমূহম্ ॥৭৮॥

দদৃশুরিতি। কৃত্তিকাস্তদাখ্যা ষট্ তারাঃ। স্তন্যবিস্রবৈঃ স্তনজাতদুগ্ধৈঃ ॥৭৯॥

তত ইতি। ততঃ কৃত্তিকাভিঃ পুত্ত্ররূপেণ পোষণাৎ, কৃত্তিকানামপত্যমিতি কার্ত্তিকেয-

---

ভৃগুনন্দন! এইরূপ বলিয়া গঙ্গাদেবী সেইস্থানেই অন্তর্হিত হইলেন। তেজস্বী অগ্নিদেবও তখন দেবগণের কার্য্য করিয়া অভীষ্ট দেশে গমন করিলেন ॥৭৬॥

এই সকল কর্ম্ম ও গুণের জন্য দেবগণ ও ঋষিগণ জগতে অগ্নির 'হিরণ্য-রেতা' এইরূপ নাম কীর্ত্তন করিয়া থাকেন এবং পৃথিবীদেবীও তখন 'বসুমতী' এই নামে বিখ্যাত হইলেন ॥৭৭॥

অগ্নি হইতে উৎপন্ন ও গঙ্গার গর্ভজাত অদ্ভুতাকৃতি সেই গর্ভ স্বর্গীয় শরবণে যাইয়া বৃদ্ধি পাইতে লাগিল ॥৭৮॥

এই সময়ে আকাশচারী ছয়টী কৃত্তিকানক্ষত্র নবীন সূর্য্যের ন্যায় দীপ্তি-সম্পন্ন সেই বালকটীকে দেখিতে পাইলেন এবং তাঁহারা স্তন্যদুগ্ধদ্বারা সেই বালকটীকে পুত্ত্ররূপে পোষণ করিতে লাগিলেন ॥৭৯॥

এবং সুবর্ণমুৎপন্নমপত্যং জাতবেদসঃ।
তত্র জাম্বূনদং শ্রেষ্ঠং দেবানামপি ভূষণম্ ॥৮১॥
ততঃ প্রভৃতি চাপ্যেতজ্জাতরূপমুদাহৃতম্।
রত্নানামুত্তমং রত্নং ভূষণানাং তথোত্তমম্ ॥৮২॥
পবিত্রঞ্চ পবিত্রাণাং মঙ্গলানাঞ্চ মঙ্গলম্।
যৎ সুবর্ণং স ভগবানগ্নিরীশঃ প্রজাপতিঃ ॥৮৩॥

ভারতকৌমুদী

স্তত্বং তন্নামকত্বম্, স্কন্নত্বাৎ মহাদেবস্য রেতোরূপেণ স্খলিতত্বাৎ, স্কন্দতাং তন্নামকতাঞ্চাবাপ, মেরোর্গুহায়াং বাসাচ্চ গুহোঽভবৎ ॥৮০॥

এবমিতি। এবং শিবরেতসো বহ্নিরেতসশ্চ গঙ্গায়াং মেলনেন, সুবর্ণমুৎপন্নম্, তচ্চ জাতবেদসো বহ্নেরপত্যম্। তথা চ শিবস্যাপত্যং স্কন্দঃ, সুবর্ণঞ্চ বহ্নেরপ্যপত্যং স্কন্দঃ সুবর্ণঞ্চ উভয়রেতসোর্মেলনাৎ। অতএব স্কন্দঃ পার্ব্বতীনন্দনঃ অগ্নিভূশ্চোচ্যতে। এবঞ্চ "পার্ব্বতীনন্দনঃ স্কন্দঃ সেনানীরগ্নিভূর্গুহঃ" ইত্যমরোক্তিঃ, "অগ্নির্ব্বৈ সকলা দেবাঃ সুবর্ণঞ্চ তদাত্মকম্। তস্মাৎ সুবর্ণং দদতা দত্তাঃ স্যুঃ সর্ব্বদেবতাঃ ॥" ইতি স্মৃতিবপি সঙ্গচ্ছতে। সুবর্ণস্য অগ্ন্যাত্মকত্বঞ্চ তৎপুত্রত্বাদিতি সুধীভিরবধেয়ম্। তত্র সুবর্ণেষু মধ্যে জাম্বূনদং নাম সুবর্ণং শ্রেষ্ঠম্। অতএব তদ্দেবানামপি পোষণম্ ॥৮১॥

তত ইতি। ততো দেবৈরপি ভূষণীকরণাৎ, প্রভৃতি, এতৎ সুবর্ণং জাতরূপমুদাহৃতমুক্তং রূপস্য সৌন্দর্য্যস্য জাতত্বাৎ ॥৮২॥

পবিত্রমিতি। যদ্যস্মাৎ সুবর্ণম্, স ভগবানগ্নিঃ, অগ্নিপুত্রত্বাৎ "আত্মা বৈ জায়তে পুত্রঃ" ইতি স্মরণাৎ, ঈশো মহাদেবঃ তদ্রেতসোঽপি তত্র মেলনাৎ, প্রজাপতির্ব্রহ্মা চ জনকতয়া তস্য সর্ব্বাত্মকত্বাৎ ॥৮৩॥

সেই কারণেই সেই সুন্দরকান্তি বালকটী 'কার্ত্তিকেয়' নাম লাভ করিল এবং শিবের স্খলিত শুক্র হইতে উৎপন্ন বলিয়া 'স্কন্দ' নাম প্রাপ্ত হইল; আর সুমেরুপর্ব্বতের গুহায় বাস করিয়াছিল বলিয়া 'গুহ' নামা হইয়াছে ॥৮০॥

এইভাবে অগ্নির পুত্ররূপে সুবর্ণ উৎপন্ন হইয়াছে (টীকা দ্রষ্টব্য)। সেই সুবর্ণের মধ্যে 'জাম্বূনদ' নামক সুবর্ণ শ্রেষ্ঠ; সুতরাং তাহা দেবগণেরও ভূষণ হইয়াছে ॥৮১॥

তদবধি এই সুবর্ণকে 'জাতরূপ' বলা হইয়া থাকে। এই সুবর্ণ রত্নের মধ্যে উত্তম রত্ন এবং ভূষণের মধ্যে উত্তম ভূষণ ॥৮২॥

আর সুবর্ণ পবিত্রের মধ্যে পরম পবিত্র এবং মঙ্গল দ্রব্যমধ্যে উত্তম মঙ্গল দ্রব্য। যে হেতু সুবর্ণ সেই ভগবান্ অগ্নি, মহাদেব ও প্রজাপতিস্বরূপ ॥৮৩॥

পবিত্রাণাং পবিত্রং হি কনকং দ্বিজসত্তমাঃ!।
অগ্নীষোমাত্মকঞ্চৈব জাতরূপমুদাহৃতম্ ॥৮৪॥

বশিষ্ঠ উবাচ।

অপি চেদং পুরা রাম! শ্রুতং মে ব্রহ্মদর্শনম্।
পিতামহস্য যদ্‌বৃত্তং ব্রহ্মণঃ পরমাত্মনঃ ॥৮৫॥
দেবস্য মহতস্তাত! বারুণীং বিভ্রতস্তনুম্।
ঐশ্বর্য্যে বারুণে রাম! রুদ্রস্যেশস্য বৈ প্রভো! ॥৮৬॥
আজগ্মুর্ম্মুনয়ঃ সর্ব্বে দেবাশ্চাগ্নিপুরোগমাঃ।
যজ্ঞাঙ্গানি চ সর্বাণি বষট্‌কারশ্চ মূর্ত্তিমান্ ॥৮৭॥
মূর্ত্তিমন্তি চ সামানি যজূংষি চ সহস্রশঃ।
ঋগ্বেদশ্চাগমত্তত্র পদক্রমবিভূষিতঃ ॥৮৮॥
লক্ষণানি স্বরাঃ স্তোভা নিরুক্তং সুরপঙ্‌ক্তয়ঃ।
ওঁকারশ্চাবসন্নেত্রে নিগ্রহপ্রগ্রহৌ তথা ॥৮৯॥
বেদাশ্চ সোপনিষদো বিদ্যা সাবিত্র্যথাপি চ।
ভূতং ভব্যং ভবিষ্যঞ্চ দধার ভগবান্ শিবঃ ॥৯০॥ (কুলকম্)

ভারতকৌমুদী

পবিত্রাণামিতি। সোমাত্মকত্বঞ্চ সোমস্যেব সৌন্দর্য্যাৎ ॥৮৪॥

অপীতি। পিতামহস্য যদ্‌ব্রহ্মদর্শিনং বৃত্তং জাতম্, তন্মে ময়া শ্রুতম্ ॥৮৫॥

দেবস্যেতি। হে তাত। বৎস। প্রভো। প্রভাবশালিন্। রাম। বারুণীং বরুণরূপাং তনুং বিভ্রতো মহতো দেবস্য, বারুণে ঐশ্বর্য্যে প্লাবনরূপে তিষ্ঠত ইতি শেষঃ, ঈশস্য রুদ্রস্য সমীপে, যজ্ঞাঙ্গানি সঙ্কল্পাদীনি। পদৈঃ ক্রমৈশ্চ বেদভাগৈর্বিভূষিতঃ লক্ষণানি সামাদীনাম্, স্বরা উদাত্তাদয়ঃ, স্তোভা অনুবাকাদয়ঃ, নিরুক্তং বর্ণাগমাদিকম্, স্বরপঙ্‌ক্তয়ো রাগসমূহাঃ। নেত্রে নেত্রস্বরূপৌ, নিগ্রহপ্রগ্রহৌ অপোহ ঊহশ্চ সাবিত্রী গায়ত্রী চ আজগ্মুরিত্যনুবৃত্তিঃ। ভব্যং বর্ত্তমানং ভাবমিতি শেষঃ ॥৮৬—৯০॥

ভারতভাবদীপঃ

প্রধর্ষিতা "রুদ্রো বা এষ যদগ্নি"রিতি শ্রুতেঃ ॥৬৮—৭১॥ কদম্বানাং কদম্বপুষ্পাণাম্ ॥৭২—৮৭॥

ব্রাহ্মণশ্রেষ্ঠগণ! সুবর্ণ পবিত্রের মধ্যে পরম পবিত্র এবং সুবর্ণকে অগ্নি-স্বরূপ ও চন্দ্রস্বরূপ বলা হইয়াছে' ॥৮৪॥

বশিষ্ঠ বলিলেন—'রাম। পরমাত্মা পিতামহ ব্রহ্মার যে ব্রহ্মদর্শন হইয়াছিল, তাহাও আমি পূর্ব্বে শুনিয়াছি; তুমি শ্রবণ কর ॥৮৫॥

বৎস! প্রভাবশালী রাম! একদা বরুণমূর্ত্তিধারী এবং বরুণপ্রভুত্বে

সংজুহাবাত্মনাত্মানং স্বয়মেব তদা প্রভো ! ।
যজ্ঞঞ্চ শোভয়ামাস বহুরূপং পিনাকধৃক্ ॥৯১॥
দ্যৌর্নভঃ পৃথিবী খঞ্চ তথা চৈবেষ ভূপতিঃ ।
সর্ব্ববিদ্যেশ্বরঃ শ্রীমানেষ চাপি বিভাবসুঃ ॥৯২॥
এষ ব্রহ্মা শিবো রুদ্রো বরুণোঽগ্নিঃ প্রজাপতিঃ ।
কীর্ত্যতে ভগবান্ দেবঃ সর্বভূতপতিঃ শিবঃ ॥৯৩॥
তস্য যজ্ঞঃ পশুপতেস্তপঃ ক্রতব এব চ ।
দীক্ষা দীপ্তব্রতা দেবী দিশশ্চ সদিগীশ্বরাঃ ॥৯৪॥
দেবপত্ন্যশ্চ কন্যাশ্চ দেবানাং চৈব মাতরঃ ।
আজগ্মুঃ সহিতাস্তত্র তদা ভৃগুকুলোদ্বহ ! ॥৯৫॥ (যুগ্মকম্)

ভারতকৌমুদী

সমিতি । আত্মানং শরীরম্ । শোভয়ামাস আত্মনো হোমেন ॥৯১॥

দ্যৌরিতি । দ্যৌঃ স্বর্গঃ, নভো গগনম্, খং গুহাদি, বিভাবসুরগ্নিঃ ॥৯২॥

এষ ইতি । পুনরগ্নিপদং লৌকিকাগ্নিপরম্ ॥৯৩॥

তস্যেতি । যজ্ঞঃ প্রাবর্ত্ততেতি শেষঃ । দীপ্তব্রতা উজ্জলনিয়মা দেবানাং কন্যা মাতরশ্চেতি সম্বন্ধঃ ॥৯৪—৯৫॥

অবস্থিত, জগদীশ্বর ও রুদ্র মহাদেবের নিকট সমস্ত মুনি, অগ্নিপ্রভৃতি সকল দেবতা, মূর্ত্তিমান্ সমস্ত যজ্ঞাঙ্গ, বষট্কার, সামবেদ, যজুর্ব্বেদ এবং পদ ও ক্রম-নামক ভাগভূষিত ঋগ্ বেদ আগমন করিয়াছিলেন ; আর সামপ্রভৃতির লক্ষণ, উদাত্তাদি স্বর, অনুবাক্, নিরুক্ত, রাগশ্রেণী, ওঁকার এবং যজ্ঞের নেত্রস্বরূপ প্রগ্রহ ও নিগ্রহ সে স্থানে অবস্থিত ছিল ; বিশেষতঃ উপনিষদের সহিত অথর্ব্ব-বেদ, বিদ্যা ও গায়ত্রী দেবী সে স্থানে আসিয়াছিলেন। তখন ভগবান্ মহাদেবও ভূত, ভবিষ্যৎ ও বর্ত্তমানস্বরূপ কালের তিন অবস্থা ধারণ করিতে-ছিলেন ॥৮৬—৯০॥

প্রভাবশালী রাম ! তখন মহাদেব নিজেই নিজেকে অগ্নিতে আহুতি প্রদান করিলেন এবং বহুরূপে যজ্ঞের শোভা জন্মাইলেন ॥৯১॥

এই মহাদেবই স্বর্গ, আকাশ, পৃথিবী, সমস্ত শূন্যদেশ, রাজা, সর্ব্ববিদ্যার অধীশ্বর ও লক্ষ্মীসম্পন্ন এবং ইনিই অগ্নি ॥৯২॥

আর এই মহাদেবই ব্রহ্মা, শিব, রুদ্র, বরুণ, লৌকিকাগ্নি, প্রজাপতি এবং ভগবান্ সর্ব্বভূতপতি বলিয়া কথিত হইয়া থাকেন ॥৯৩॥

ভৃগুবংশশ্রেষ্ঠ ! সেই পশুপতির যজ্ঞ চলিতেছিল ; তখন সেই স্থানে তপস্যা,

যজ্ঞং পশুপতেঃ প্রীতা বরুণস্য মহাত্মনঃ।
স্বয়স্তুবস্তু তা দৃষ্ট্বা রেতঃ সমপতদ্ভুবি ॥৯৬॥
তস্য শুক্রস্য নিষ্যন্দান্ পাংশূন্ সংগৃহ্য ভূমিতঃ।
প্রাস্যৎ পূষা করাভ্যাং বৈ তস্মিন্নেব হুতাশনে ॥৯৭॥
ততস্তস্মিন্ সম্প্রবৃত্তে সত্রে জ্বলিতপাবকে।
ব্রহ্মণো জুহ্বতস্তত্র প্রাদুর্ভাবো বভূব হ ॥৯৮॥
স্কন্নমাত্রঞ্চ তচ্ছুক্রং স্রুবেণ পরিগৃহ্য সঃ।
আজ্যবন্মন্ত্রতশ্চাপি সোঽজুহোদ্‌ভৃগুনন্দন! ॥৯৯॥
ততস্তু জনয়ামাস ভূতগ্রামঞ্চ বীর্য্যবান্।
তস্য তত্তেজসস্তস্মাজ্জজ্ঞে লোকেষু তৈজসম্ ॥১০০॥

ভারতকৌমুদী

যজ্ঞমিতি। পশুপতেঃ পশুপতিস্বরূপস্য মহাত্মনো বরুণস্য যজ্ঞং প্রতি তা দেবপত্ন্যাদয়ঃ প্রীতা আসন্নিতি শেষঃ। তা দেবপত্নীপ্রভৃতীঃ, দৃষ্ট্বা স্বয়ম্ভুবো মহাদেবস্য রেতো ভুবি সমপতৎ ॥৯৬॥

তস্যেতি। নিষ্যন্দান্ সংসক্তান্, পাংশূন্ ধূলীঃ। প্রাস্যৎ চিক্ষিপৎ, পূষা দেববিশেষঃ ॥৯৭॥

তত ইতি। সত্রে যজ্ঞে জুহ্বতো হোমং কুর্ব্বতো বরুণস্য, তত্র সত্রে ॥৯৮॥

স্কন্নেতি। স্কন্নমাত্রং পতিতমাত্রম্। শুক্রং শুক্রস্য কিয়ন্তমংশম্। স প্রসিদ্ধঃ, স পূষা ॥৯৯॥

